55. My Government has been consistently striving to direct the potential energy of our talented young men and women to various creative fields of art, culture, games and sports and the sustained efforts made in this direction are yielding encouraging results. The sports persons from the State bagged 4 medals in the world's biggest long distance swimming competition held at Murshidabad and Katwa and a dozens of other medals at various national Meets. In order to provide better opportunities to our sportsmen and women, an up-to-date sports complex is being set up at Agartala at a cost of Rs- 9 crores. The Union Mini-ster of State for Sports and Youth Services, Smti. Mamata Banerjee laid the foundation stone of this complex on 31st January, 1992.

56. My Government attaches the highest priority to labour welfare and strict enforce-ment of the labour laws. Wages of different categories of labourers have been revised as per stipulations of the Government of India. The labour Department has been implementing a scheme of maternity benefit for landless female agricultural workers and jhumia women in order to provide them financial assistance to compensate for loss of wages during maternity/ confinement. An amount of Rs. 3.9 lakhs has been paid to 1184 number of workers so far during the current year under this State sector scheme.

57. To tap the considerable tourism potential of the State, my Government has launched a vigorous drive to develop tourism as an industry in the State. A good number of tourist lodgest and wayside amenities have been developed in different tourist spots of the State. Efforts are on to provide tourist facilities in places like Phuldungsai, Dumbur Lake, Gandacherra, etc. The Rajarshi Yatri Niwas at Agartala is now ready for commissioning. Joint package tour programmes have also been introduced in co-operation with the Govern-ment of West Bengal and some reputed travel agencies.

58. In the field of non-conventional energy sources, my Government has made significant strides. 18 remote and inaccessible villages lacking conventional power source have been provided with solar light and solar power plants. 10 solar pumps have been installed for providing irrigation facilities to marginal farmers. The Government has also taken steps for creating awareness among the people regarding the imperative need for protection and conservation of environment.

59. My Government is fully committed to provide better civic amenities for the people living within Agartala Municipality and 11 other notified areas. A scheme has been drawn up to cover Khowai notified area under IDSMT scheme. Housing and shelter upgradation schemes under the Nehru Rojger Yojana are being implemented with the assistance of HUDCO. A Directorate of Urban Development has been set up with effect from 26th July, 1991 to draw up a comprehensive urban development policy to cope with the problems thrown up by growing urbanisation. My Government has fulfilled a long standing demand by the employees of Agartala Municipality for pensionery benefit by extending the Central Civil Service (Pension) Rules, 1972 to them.

60. To extend legal aid to the poor, the Legal Aid Scheme has been broadened and 18 Legal Aid Counsels have been appointed during the current year to conduct cases of poor litigant and indigent persons at government expense.

61. My Government has always been sympathetic towards the legitimate demands and grievances of the Government employees. Despite severe financial constraints, my Government has released additional 4 percent Dearness Allowance during the current financial year.

62. Sincere efforts are being made to preserve and uphold the rich cultural heritage of our tribal people. A special committee which was set up by the Government for codification of tribal customary laws has since submitted its recommendation which are being examined at appropriate level.

63. My Government is continuing to extend its fullest support and assistance to the Autonomous District Council and the financial support to the Council is being enhanced every year to finance their increasing development activities. Besides settlement of 2961 jhumia families under transferred scheme of Tribal Welfare Department, the Council has also taken up 48 projects for rehabilitation of jhumia and landless tribal families through

Forestry, Agriculture, Horticulture, Animal Husbandry and Pisciculture schemes. Under these projects, a total amount of Rs. 7.82 crores has been spent so far for rehabilitation of 4251 jhumia and landless tribal families. During the coming years, all the on-going schemes will be continued with added thrust. All out efforts are being made to further broaden the activities of the Autonomous District Council to fulfil the hopes and aspirations of the tribal people. Plans are also being worked out to provide additional incentives to the entrepreneurs for industrial development of tribal areas.

64. Hon'ble Members, I have just outlined some of the major programmes and policies of my Government and have sought to give you a brief picture of achievements and targets in different sectors of development. You are all aware of the severe resource constraints facing this poor State. Absence of infrastructure like power and communication poses formidable challenge towards growth. However, while all efforts are being made to create a reasonable infrastucture to accelerate the pace of development, we must not fail to note that this small State has two positive factors, namely the bountiful natural resources and a reservoir of skilled and educated manpower. The natural gas that has been struck beneath the soil of Tripura, if properly utilised, can bring about a seachange in the socio-economic scenario of the State. Development and peace go hand in hand, which should be our common goal irrespective of our party affiliations and political beliefs. Hon'ble Members, in the interest of the development of 2.8 million people of Tripura, I am sure, you would never hesitate to direct your collective wisdom and endeavour in order to usher in an era of peace, progress and properity for all sections of the people of the State.

With these words, I now leave you to your deliberations.

JAI HIND.

At the conclusion of the Governor's Address the House dispursed and re-assembled at 11-50 A.M with the Hon'ble Speaker in the Chair.

The Chief Minister, the Deputy Speaker, ten Ministers and 16 Members are Present.

শ্রী সমীররঞ্জন বর্মণ (মুখ্যমন্ত্রী) :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় রাজ্যপাল হলেন সাংবিধানিক প্রধান। উনি কোন দলের সদস্য নন। কিন্তু আজকে রাজ্যপালের ভাষণের সময় বিরোধী দলের সদস্যরা যে অশালীন আচরণ এবং অভব্য ব্যবহার করেছেন আর জন্য আমি এই হাউসে নিন্দা প্রস্তাব আনছি। মাননীয় বিরোধী দলের সদস্যরা যে আচরন করেছেন তা শুধুমাত্র অ্যাকসপাঞ্জড করলেই যথেষ্ট হবে না। তাই আমি আশা করব, এই হাউস সর্ব্বসম্মতিক্রমে আমার এই নিন্দা প্রস্তাবের সমর্থন করবেন।

মিঃ স্পীকার :— মাননীয় সদস্যগণ, মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় এখানে যে নিন্দা প্রস্তাব এনেছেন হাউস যদি তা গ্রহণ করে তবে নিন্দা প্রস্তাব আনা যেতে পারে।

(সভা মুখ্যমন্ত্রীর প্রস্তাবে সহমত পোষন করেন)

LAYING OF GOVERNOR'S ADDRESS

মিঃ স্পীকার :— আমি এই সভাকে জানাচ্ছি যে আজ বেলা ১১ ঘটিকায় মাননীয় রাজ্যপাল মহোদয় এই সভায় যে ভাষণ দিয়েছেন ঐ ভাষণের একটি প্রতিলিপি সভার সামনে পেশ করতে আমি বিধানসভার সচিবকে অনুরোধ করছি।

সচিব :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় রাজ্যপাল আজ বেলা ১১ ঘটিকায় বিধানসভায় যে ভাষণ দিয়েছেন তার একটি প্রতিলিপি এই সভায় আমি পেশ করছি।

মিঃ স্পীকার :— মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে, মাননীয় রাজ্যপাল মহোদয় আজ এই সভায় যে ভাষণ দিয়েছেন ঐ ভাষণের প্রতিলিপি নোটিশ অফিস থেকে সংগ্রহ করে নেবার জন্য। বর্ত্তমান অধিবেশনের সভার কার্য্যবিবরণীর সময়সূচী অনুযায়ী মাননীয় রাজ্যপাল মহোদয়ের ভাষণের উপর, আলোচনা আগামী ২১শে ফেব্রুয়ারী, শুক্রবার, ১৯৯২ইং তারিখে আরম্ভ হবে এবং ঐ ভাষণের উপর যে কোন সদস্য অপর একজন সদস্য কর্ত্তৃক সমর্থিত ধন্যবাদ সূচক প্রস্তাব আনতে পারেন। ধন্যবাদ সূচক প্রস্তাবের উপর সংশোধনী প্রস্তাবও আনা যাবে। যদি কোন সদস্য রাজ্যপালের ভাষণের উপর সংশোধনী প্রস্তাব আনতে চান, তাহলে উক্ত সংশোধনী প্রস্তাব অদ্য ২০শে ফেব্রুয়ারী, বৃহস্পতিবার ১৯৯২ইং বিকাল ৫ ঘটিকার মধ্যে বিধানসভার সচিবালয়ে জমা দিয়ে যাবেন।

মিঃ স্পীকার :— আজকের কার্যাসূচীতে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় কর্তৃক উত্তর প্রদানের জন্য প্রশ্নগুলি সদস্যাগণের নামের পার্শ্বে উল্লেখ করা হয়েছে। আমি পর্যায়ক্রমে সদস্যদের নাম বললে তিনি তাঁর নামের পার্শ্বে উল্লিখিত যে কোন নাম্বার জানাবেন এবং সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহোদয় উত্তর দেবেন। শ্রীরতনলাল

শ্রীরতনলাল ঘোষ (খয়েরপুর) :— মিঃ স্পীকার, স্যার, অ্যাডমিটেড কোয়েশ্চান নং— ৩৭।

মিঃ স্পীকার :— অ্যাডমিটেড ষ্টার্ড কোয়েশ্চান নং— ৩৭।

শ্রীসমীররঞ্জন বর্মণ (মুখ্যমন্ত্রী) : — মিঃ স্পীকার স্যার, অ্যাডমিটেড ষ্টার্ড কোয়েশ্চান নং— ৩৭।

প্রশ্ন

এ) টি, এস, আর, 2nd Bn এর স্থায়ী দপ্তর কোথায় করা হয়েছে ;

বি) TSR 2nd Bn—এর ডিসেম্বর, ১৯৯১ পর্য্যন্ত মোট কত লোক নিয়োগ করা হয়েছে,

সি) TSR 2nd Bn এ ১৯৯০-৯১ বৎসরে মোট কত কনেষ্টবল নিয়োগ করা হবে (General, S.C ও S T—এর আলাদা হিসাব)

ডি) কবে পর্যান্ত 2nd Bn পূর্ণরূপ নেবে ?

উত্তর

এ) টি, এস, আর, ২য় ব্যাটেলিয়নের হেড কোয়ার্টার স্থাপনের জন্য জিরানীয়া ব্লকের লক্ষীপুর মৌজার রাধাকিশোর নগর ক্যাটেল ফার্মের নিকট স্থান নির্বাচন করা হয়েছে এবং নির্মাণ কার্য্য চলছে।

বি) ৩৫৬ জন।

সি) ৩৩২ জন।

এস টি,—১৫৪ জন
এস, সি,—৮০ জন
জেনারেল—২০৮ জন।

ডি) কবে পর্য্যন্ত পূর্ণরূপ পাবে তা এখনই বলা সম্ভব নয়।

শ্রীরতনলাল ঘোষ :— স্যার, টি,এস, আর সেকেণ্ড ব্যাটেলিয়নের হেড কোয়ার্টার রাধাকিশোর নগর ক্যাটল ফার্মের নিকট স্থান নির্ধারণ হয়েছে এবং নির্মাণ কার্য্যও আরম্ভ হয়েছে বলে মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় এখানে জানিয়েছেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাই, এ খবর মাননীয় মুখ্যমন্ত্রী

মহোদয়ের কাছে আছে কিনা যে, ঐ জায়গায় কিছু উপজাতি অংশের মানুষের জায়গা নেওয়া হয়েছে। কিন্তু তারা এখনও ঐ জায়গার জন্য গভর্ণমেন্টের কাছ থেকে কোন কমপেনসেসান পায় নি। যদি এ খবর সত্যি হয়ে থাকে তাহলে তারা যাতে কমপেনসেসান পেতে পারে সেজন্য সরকার থেকে ব্যবস্থা নেওয়া হবে কিনা ? আমার ২য় প্রশ্ন হচ্ছে, আমার জানা মতে টি,এস,আর,এ ৩৫৬ জন কনেষ্টবল আছে। হয়ত ১২০০ কনেষ্টবল থাকলে একটি ব্যাটেলিয়নের পূর্ণাঙ্গরূপ পায়। আমরা জানি, আমাদের সরকারের পুলিশের অভাবজনিত কারণের ফলে অনেক সময়ই অনেক জায়গায় আইন শৃঙ্খলা রক্ষা করতে পারছেন না। আমরা যদি এখানে থার্ড ব্যাটেলিয়ন টি, এস, আর, খুলতে পারি, তাহলে বাইরে থেকে পুলিশ এনে আমাদের রাজ্যের যে আইন শৃঙ্খলা অর্থাৎ ল অ্যাণ্ড অর্ডার রক্ষা করতে হয়, সেটা আমাদের রাজ্যের পুলিশের দ্বারাই রক্ষা করা সম্ভব হবে। কাজেই এই সব দিকগুলি বিবেচনা করে দেখা হবে কিনা তা মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় এখানে জানাবেন কি ?

শ্রী সমীররঞ্জন বর্মণ (মুখ্যমন্ত্রী) : – স্যার প্রথম সাপ্লিমেন্টারী প্রশ্নের উত্তরে মাননীয় সদস্য মহোদয়কে আমি এইটুকু আশ্বাস দিতে চাই কেউ কেউ যদি কমপেনসেশান না পেয়ে থাকেন তাহলে সরকার জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন যাতে করে যত শীঘ্র সম্ভব কমপেনসেশানের টাকা উপজাতি অংশের ভাইয়েরা পেতে পারেন। দ্বিতীয় সাপ্লিমেন্টারী প্রশ্নের উত্তরে আমি এইটুকু বলতে চাই মাননীয় সদস্য মহোদয় যে প্রশ্ন করেছেন ১৯৯০-৯১ ইং সালে কতজনকে নিয়োগ করা হয়েছে, তার উত্তর দেওয়া হয়েছে ৩৫৬ জন। এটা সঠিক যে ৩৫৬ জনকে দিয়ে ব্যাটেলিয়ন হতে পারে না। আর্থিক অসুবিধার জন্য এবং প্রয়োজনীয় আরমস্-এর অসুবিধার জন্য এবং অন্যান্য অসুবিধার জন্য এক সঙ্গে সমস্ত লোক নিয়োগ করা যায় নি। সেকেণ্ড ব্যাটেলিয়ন যাতে কমপ্লিট হয় তার জন্য সরকার চেষ্টা চালাচ্ছেন। যত শীঘ্র সম্ভব এই ব্যাটেলিয়ন যাতে কমপ্লিট হয়ে যায় তার জন্য সরকার ব্যবস্থা করবেন। ৩য় প্রশ্নের উত্তরে এইটুকু বলছি ৩য় ব্যাটেলিয়নের রিক্রুটমেন্ট আর্থিক অসুবিধা; আরমস্-এর অসুবিধা সহ অন্যান্য অসুবিধার জন্য অদূর ভবিষ্যতে সম্ভব হবে বলে আমি মনে করি না।

শ্রী দিবাচন্দ্র রাংখল (কুলাই) :— সাপ্লিমেন্টারী স্যার, যে জায়গাতে টি. এস. আর সেকেণ্ড ব্যাটেলিয়ন-এর হেড কোয়ার্টার স্থাপন করার কথা ছিল সে জায়গাটি বাইফোর্স নেওয়া হয়েছে। কমপেনসেশান ভাল হওয়ার জন্য আমরা যতটুকু জানি প্রস্তাবিত হেড কোয়ার্টার এর জয়গাটি জবরদস্তি করে দখল করা হয়েছে এই তথ্য মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়ের জানা আছে কিনা ? আমরা জানি টি, এস, আর রিক্রুমেন্টের ক্ষেত্রে বাইরে থেকে যখন লোক নেওয়া হয় তখন ত্রিপুরা সরকারকে তার আর্থিক ব্যয় বহন করতে হয়। সেই দিক থেকে আমি বলতে চাই ত্রিপুরা থেকে কেন রিক্রুটমেন্ট করা হবে না। ত্রিপুরাতে তো অনেক বেশী বেকার আছে। সেই দিক থেকে চিন্তা করে সরকার বিবেচনা করবেন কিনা ?

তৃতীয়তঃ কিছুদিন আগে টি, এস, আর-এর ইণ্টারভিউ কল করা হয়েছিল এবং সারা ত্রিপুরাতেই এই ইণ্টারভিউ কল করা হয়েছিল। অনেক ক্ষেত্রে যোগ্যতা থাকলেও এস, সি, এস, টি এবং জেনারেল ক্যানডিডেট্‌রা স্থান পাচ্ছেন না। মাননীয় মুখ্যমন্ত্রী এটা খতিয়ে দেখবেন কিনা জানাবেন কি ?

শ্রী সমীররঞ্জন বর্মণ (মুখ্যমন্ত্রী) :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যের সাপ্লিমেণ্টারী প্রশ্নের জবাবে এইটুকু বলা যায় যে কোথাও কোন জায়গা নেওয়া হয় নি। কারণ জায়গা যেগুলি নেওয়া হয়েছে বাজার দরে টাকা দেওয়া হয়েছে। যাদের টাকা বিভিন্ন কারণে এখনও পাননি তাদের টাকা ল্যাণ্ডরিকুইজেশান আইন অনুযায়ী সুদ সহ টাব দেওয়া হবে। কাজেই সেখানে জোর জবরদস্তি করার কোন প্রশ্নই উঠে না। মাননীয় সদস্যের দ্বিতীয় সাপ্লিমেণ্ট্রারী প্রশ্নের উত্তরে এইটুকু বলা যায় যে, সরকার যথেষ্ট সচেতন যাতে করে স্থানীয় বেকারদের মধ্য থেকে টি, এস, আরের লোক নেওয়া যায়। কিন্তু টেনিং-এর জন্য ইনষ্ট্রাকটার এবং কমানডেণ্ট তাদের বাহির থেকে আনতে হয়। তাছাড়া টি, এস, আরের রিক্রুটমেণ্ট রুল অনুযায়ী আমার যতটুকু জানা আছে একটা অংশের লোক সর্ব্ব ভারতীয় ভিত্তিতে হয়তো ২০ , ২৫ শতাংশ নেওয়া হয়। সরকারী রুল অনুযায়ী যারা সুস্বাস্থ্যের অধিকারী তাদের নেওয়া হয়ে থাকে। মাননীয় সদস্যের তৃতীয় প্রশ্নের উত্তরে এইটুকু বলা যায় যে কোন এস, টি বা এস, সি প্রার্থীকে যদি নেওয়া না হয়ে থাকে এবং সেটা সরকারের নজরে আনলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। এবং এই এস, টি এবং এস, সি যাদের ইণ্টারভিউ হয়েছে তাড়াতাড়ি যাতে তাদের রিক্রুটমেণ্ট করা যায় সে দিকে সরকার সচেতন থাকবেন।

শ্রী গৌরীশংকর রিয়াং (শান্তিরবাজার) :— সাপ্লিমেণ্টারী স্যার, প্রশ্নের উত্তরে বলা হয়েছে আর্থিক অসুবিধার জন্য টি, এস, আর রিক্রুটমেণ্ট করা যাচ্ছে না। কিন্তু দেখা যাচ্ছে বাইরে থেকেও ত্রিপুরা রাজ্যের জন্য ব্যাটেলিয়ান আনতে হচ্ছে যার ফলে তাদের বেতনের ছাড়াও আলাদা খরচ বহন করতে হয়। থার্ড বেটেলিয়ান খোলা হবে কিনা এটা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি। আমার দ্বিতীয় সাপ্লিমেণ্টারী হচ্ছে রাজ্যের বেকার ছেলেরা যাতে এই সুযোগ পায় ? আমার তৃতীয় সাপ্লিমেণ্টারী হচ্ছে— টি, এস, আর, এ নেবার জন্য বহু ইণ্টারভিউ নেওয়া হয়েছে এবং তাদের ফিটনেস সার্টিফিকেটও নেওয়া হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন, যাদের ফিটনেস নেওয়া হয়েছে তাদের নিয়োগ করা হবে কিনা।

শ্রী সমীররঞ্জন বর্মণ (মুখ্যমন্ত্রী) :— মাননীয় সদস্য যে সাপ্লিমেণ্টারী করেছেন তার উত্তরে আমি এইটুকু আশ্বাস দিতে পারি যে যারা ফিটনেস সার্টিফিকেট এবং অন্যান্য প্রয়োজনীয় সার্টিফিকেট জমা দিয়েছেন তারা যাতে চাকুরী পেতে পারে সেই জন্য প্রয়োজনীয় ব্যবস্থা তাড়াতাড়ি নেওয়া হবে। উনি

প্রথম সাপ্লিমেন্টারী করেছেন যে বাহির থেকে প্যারা মিলিটারী ফোর্স আসে তার রাজ্য সরকারের খরচ হয়। এটার অসুবিধা আছে। প্যারামিলিটারী ও টি, এস, আর বাহিনীতে রিক্রুট করে বেতন দিলে চলবে না। তার জন্য কেন্দ্রীয় সরকারের পার্মিশন্ এবং প্রয়োজনীয় অনুমোদন পেলেই কোন ব্যাটেলিয়ন খোলা যেতে পারে। কারণ সেটা রাজ্য সরকারের আওতাধীন নয়। ব্যাটেলিয়ন খোলার পর সীকসীট-কেটেড আর্মস দিতে হয়। গাদা বা দেশী বন্দুক দিয়ে চলবে না। এই কংগ্রেস এবং টি, ইউ, জে, এস সরকার ক্ষমতায় আসার পর কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে দ্বিতীয় ব্যাটেলিয়ন খোলার অনুমতি পাওয়া গেছে। সেকেণ্ড ব্যাটেলিয়ন খোলার পরই তৃতীয় ব্যাটেলিয় খোলা হবে।

মিঃ স্পীকার :— শ্রীগৌরীশঙ্কর রিয়াং।

শ্রীগৌরীশঙ্কর রিয়াং :— মাননীয় স্পীকার স্যার, অ্যাডমিটেড কোয়েশচন নং ৪১।

শ্রীসমীররঞ্জন বর্মণ (মুখ্যমন্ত্রী) :— মাননীয় স্পীকার স্যার, কোয়েশচন নং ৪১।

প্রশ্ন

১) ১৯৯১ সালের ৩০শে নভেম্বর পর্যান্ত কতজন নিরীহ মানুষ এ, টি, টি, এফের হাতে মারা গিয়েছে ?

২) এ পর্যান্ত এ, টি, টি, এফের কোন সদস্য কি ধরা পড়েছে এবং ধরা পড়ে থাকলে তার সংখ্যা এবং তাদের সবাইকে কি বিচারের জন্য কোর্টে প্রেরণ করা হয়েছে,

উত্তর

১) ৪১ জন মানুষ মারা গেছেন।

২) ৭৬ জন। তাদের সকলকেই সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে গ্রেপ্তার করা হয়।

প্রশ্ন

৩) বিচারে তাদের কিরূপ শাস্তির ব্যবস্থা করা হয়েছে ?

উত্তর

৩) যেহেতু তাদেরকে সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে গ্রেপ্তার করা হয় এবং অভিযোগগুলি যেহেতু

বর্তমানে তদন্তাধীন সেই হেতু এখন পর্য্যন্ত কাহারো বিরুদ্ধে কোন প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার প্রশ্ন উঠে না।

প্রশ্ন

৪) এ, টি, টি, এফ দমনে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

৪) এ, টি, টি এফ এর কার্য্যকলাপ দমনের জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রেরিত ৬ কোম্পানী সি, আর, পি, এফ রাজ্যে নিযুক্ত করা হয়। ত্রিপুরা পুলিশের সহযোগিতায় সি, আর, পি, এফ এ, টি; টি, এফের কার্য্যকলাপ দমনের জন্য বিশেষ অভিযান চালিয়ে যাচ্ছে। তা ছাড়া কেন্দ্রীয় সরকারের নিকট উগ্রপন্থী কার্য্যকলাপ দমনের জন্য আরও আধা সামরিক বাহিনী প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়েছে। তাছাড়া ইতিপূর্বে আসাম রাইফেলস্ বাহিনী দ্বারা স্পেশাল অপারেশন করানো হয়।

শ্রীগৌরীশঙ্কর রিয়াং :— সাপ্লিমেন্টারী স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে ৪১ জন মারা গেছে। কিন্তু আমাদের কাছে রিপোর্ট হল যে শুধু টি, ইউ, জে, এসেরই ৯৬ জন মারা গেছেন। সেটা তদন্ত করে দেখবেন কিনা ? স্যার, এই এ, টি, টি. এফ এর সন্ত্রাসবাদের জন্য যারা মারা গেছে নিয়ম অনুযায়ী তাদেরকে আর্থিক সাহায্য দেওয়ার কথা এবং পরিবার পিছু একজনকে চাকুরী দেওয়ার কথা। কিন্তু খুব সামান্য জায়গাতেই এক হাজার টাকা করে দেওয়া হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় বলবেন কি যে তাদের পরিবার পিছু একজন করে চাকুরী এবং পরিবার পিছু ৫ হাজার টাকা সাহায্যের ব্যবস্থা সরকার থেকে করা হবে কি না ?

শ্রীসমীররঞ্জন বর্মণ (মুখ্যমন্ত্রী) :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য দায়িত্ব নিয়েই বলেছেন যে ৯৯জন লোক এ, টি, টি.এফের হাতে মারা গেছেন এবং তারা টি, ইউ, জে, এসের সদস্য। হয়ত মাননীয় সদস্য যখন বলেছেন তখন নিশ্চয়ই সংখ্যা ঠিক আছে, কিন্তু সরকারের বিধানসভায় কোন বিবৃতি বা ষ্টেট-মেন্ট দিতে হলে বিনা তদন্তে সমস্ত তথ্য দেওয়া যায়না। এখানে বলা হয়েছে ৪১জন মারা গেছেন। তার অর্থ এই নয় মাননীয় সদস্য যেটা বলেছেন সেটা সঠিক নয়। যেহেতু এইটা এখনও তদন্তাধীন আছে, সরকারের কাছে সব রিপোর্ট এখনও আসেনি। তাই এখানে ৪১জন বলা হয়েছে। তদন্ত শেষ হলে যখন

আবার প্রশ্ন করা হবে তখন আমি নিশ্চয়ই বলব ৯৯জন কিংবা এর বেশী মারা গেছে। তবে আমি চাই ৯৯ এর মধ্যেই সীমাবদ্ধ থাকুক। দ্বিতীয় সাপ্লিমেণ্টারী প্রশ্নের উত্তরে আমি বলতে চাই আর্থিক সাহায্য যদি না পেয়ে থাকে যেটা সরকারের নীতি সেই নীতি অনুযায়ী যদি না পেয়ে থাকে সেটা অত্যন্ত লজ্জার এবং দুঃখের বিষয়। আমি আশ্বাস দিচ্ছি মাননীয় (মন্ত্রী) নগেন্দ্র জমাতিয়ার সঙ্গে বসে তাদের আর্থিক সাহায্য দেওয়ার ব্যবস্থা করব। আর সরকারী নীতি অনুযায়ী যারা চাকুরী পাননি তাদেরকে যথাশীঘ্র সম্ভব চাকুরী আমরা দিয়ে দেব এই আশ্বাস এই সরকারের তরফ থেকে দিচ্ছি।

শ্রীরতনলাল ঘোষ ঃ— সাপ্লিমেণ্টারী স্যার, ইহা কি সত্য মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি এই এ, টি, টি; এফের সন্ত্রাসের পেছনে উৎসাহ যোগাচ্ছে. মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির একটা অংশের লোকেরা এ, টি, টি. এফের হয়ে সরাসরি কাজ করছে। যার ফলশ্রুতিতে পর্বত্য অঞ্চলে সাধারণ মানুষ মারা যাচ্ছে, এমনকি বহু সরকারী সংস্থা বন্ধ হয়ে আছে এবং টিচাররা স্কুলে যেতে পারছেন না। তারপর পাবলিক ডিস্‌ট্রিবিউশান সিস্টেম যেটা আছে সেটার উপর আঘাত হানার চেষ্টা করছে। সমস্ত ডেভলাপমেণ্ট ওয়ার্কে ওরা বাধা দেওয়ার চেষ্টা করছে। তাতে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি'র লোকদের মদত আছে কিনা মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি ?

শ্রীসমীররঞ্জন বর্মণ (মুখ্যমন্ত্রী) ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যের সাপ্লিমেণ্টারী প্রশ্নের উত্তরে এইটুকু বলা যায়, এটা ঠিক কিছু কিছু উন্নয়নমূলক কাজ কিংবা কোন কোন জায়গায় স্কুল বন্ধ হয়ে আছে। এটাও ঠিক কিছু কিছু জায়গায় রেশন সময়মত পৌঁছানো যাচ্ছেনা। এটা আমি স্বীকার করছি। যেহেতু এ. টি. টি. এফ. সংক্রান্ত মোকদ্দমাগুলি এখনও তদন্তাধীন আছে আমি এই ব্যাপারে এর বেশী কিছু বলতে চাইনা। ত্রিপুরা রাজ্যের আপামর জনসাধারণ সবাই জানে এ, টি, টি, এফের মদতদাতা সি, পি. এমের কিছু কিছু লোক জড়িত আছে তার প্রমাণ সরকারের কাছে. তদন্তকারী অফিসারদের হাতে আছে। যেহেতু এটা তদন্তের পর কাগজপত্র বিচার বিভাগে যাবে সেজন্য আমি এর বেশী কিছু বলতে চাইনা। আমি আশা করব মাননীয় সদস্য এই সমস্ত মোকদ্দমার গুরুত্ব অনুধাবন করে এর বেশী আমাকে দিয়ে বলাতে চাইবেননা।

শ্রীগৌরীশঙ্কর রিয়াং ঃ— সাপ্লিমেণ্টারী স্যার, আমি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে স্পেসিফিক বায়োডাটা আমার কাছে ফটোষ্ট্যাট কপি আছে। অরিজিনেলগুলি আমরা জমা দিয়েছি মাননীয় মন্ত্রী রবীন্দ্র দেববর্মার মারফত আমি যখন নর্থে গিয়েছিলাম; বিধানসভায় আরও একবার বলেছিলাম এই

এ, টি,টি, এফ কমিটির প্রধান হলেন প্রাক্তন বিধায়ক সেনপ্রসাদ মালসই রিয়াং উত্তর ত্রিপুরা। আর সর্ব্বজয় রিয়াং, উনি এখনও বোধহয় এ, ডি, সির সদস্য আছেন। এই রকম সম্মেলিত ১৫ জনের একটা কমিটির কথা তাদের ডায়রী নোট করা ছিল এবং সার্কুলেশান ও সিল দেওয়া ছিল। এটা আমরা তুলে দিয়েছি এবং সেই এ টি টি এফ কিছু ধরাও পরেছে। তাদের থানাতেও রিপোর্ট দেওয়া হয়েছে. তার পরেও তাদের কেন এরেষ্ট করা হবে না মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ?

শ্রীসমীররঞ্জন বর্মণ (মুখ্যমন্ত্রী) :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যদের এই সাপ্লিমেন্টারীর প্রশ্নের উত্তরে আমি বলছি যে, আমাকে আরও একটু বলতে হচ্ছে যেটা সবাই জানেন, ত্রিপুরা রাজ্যের জনসাধারণ এ. টি, টি. এফ সৃষ্টি থেকে শুরু করে আজ পর্য্যন্ত বিরোধী দলের সদস্যদের পক্ষ থেকে বা তাদের দল থেকে এই এ, টি, টি, এফ-এর কার্য্যকলাপের বিরুদ্ধে কোন নিন্দাসূচক প্রস্তাব ওরা আনেন নি। এটাও ঠিক যে ত্রিপুরা রাজ্যের জনসাধারণ জানেন যে এ টি টি এফ-এর হাতে যারা নিহত হয়েছেন তাদের অধিকাংশই আমাদের সহযোগী টি, ইউ, জে এস দলের সদস্য বা সমর্থক, মাননীয় সদস্য যেটা বলেছেন যে একটা ডায়রির কথা, এটা আমি স্বীকার করছি এবং যেহেতু এইগুলির মোকরদ্দমার আলাদা হিসাবে ব্যবহৃত হবে, আমি সেই জন্য এর বেশী কিছু বলতে চাই না। কারণ আমি একটা কথা বলব, আর ডায়েরির লেখা থাকবে আর একটা, পরে আদালতে নিয়ে যখন আমার স্টেটমেন্ট আর ডায়রির দেখানো হবে. দেখা যাবে মিল নেই তখন মোকদ্দমা নষ্ট হয়ে যাবে এর জন্য আমি এর বেশী কিছু বলতে চাই না। তবে মাননীয় সদস্য কিছু কিছু আসামীর কথা যেটা বলেছেন, আমি কোন দলের সেটা বলছি না তাদের নাম ঠিকানা আমার কাছে দিলে আমি নিশ্চয়ই চেষ্টা করব সেটা আইন মোতাবেক তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া যায়।

শ্রীদিবাচন্দ্র রাংখল :— সাপ্লিমেন্টারী স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় এটা বলবেন কিনা যে, এ, টি, টি এফ দমনের জন্য এবং এ,টি,টি, এফ দমন করার জন্য সরকার কি কি পদক্ষেপ নিয়েছেন এবং নেবেন এবং অনতিবিলম্বে এই ব্যবস্থা নেবেন কি না ? দ্বিতীয়তঃ বর্ত্তমানে আমাদের ত্রিপুরা রাজ্যের পুলিশ ফোর্সের ইনফ্রাষ্ট্রাকচার ও টেলিফোন বিভিন্ন থানাতে নগন্য। যার জন্য এ. টি, টি, এফ মোকাবেলার কাজ পুলিশরা করতে পারছেন না। তার সঙ্গে সঙ্গে অনেকটা কম্যুনিকেশানের অসুবিধা হচ্ছে এই তথ্য মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়ের কাছে আছে কিনা এবং যদি জেনে থাকেন তাহলে এই সমস্ত অসুবিধাগুলি দূর করার জন্য কি কি পদক্ষেপ নিয়েছেন এবং নেবেন মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় বলবেন কি না ?

শ্রীসমীররঞ্জন বর্মণ (মুখ্যমন্ত্রী) :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যের এই সাপ্লিমেন্টারীর প্রশ্নের উত্তরে আমি এই টুকু আশ্বাস দিতে পারি যে, সরকার সম্পূর্ণ সচেতন এবং এর জন্য আমরা ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলেছি। গতকাল এবং পরশু মাননীয় মন্ত্রী নগেন্দ্রবাবু কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী জেকব সাহেবের সঙ্গে এই নিয়ে বিস্তারিত আলাপ আলোচনা করেছেন সেগুলি এই মুহূর্তে এখানে বলা খুব সঙ্গত হবে বলে আমি মনে করি না। এইটুকু বলতে পারি-আমরা আশা করছি খুব শীঘ্রই আমরা অ্যাডিশন্যাল ফোর্স পাব কম্বিং অপারেশনের জন্য। কিন্তু একটা কথা যতই কম্বিং অপারেশন করা হোক, এ, টি, টি, এফ ধরা হোক যদি রাজ্যের জনসাধারণ কংগ্রেস (আই), কমিউনিষ্ট বা বি. জে, পি, ইত্যাদি ভুলে সচেষ্ট না হন তাহলে এটার সমাধান দীর্ঘ সময়ের ব্যাপার হবে। সেই পরিপ্রেক্ষিতে কালকে আমাদের মন্ত্রিসভার যে বৈঠক হয়েছিল সেখানে মাননীয় নগেনবাবুর উদ্যোগে আমরা সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত নিয়েছি যে বিরোধী দলকে নিয়ে আমরা বসব। আমরা তাদের অনুরোধ জানাব যে বিরোধী দলের সদস্যরা অন্ততঃ এই ব্যাপারে ত্রিপুরা রাজ্যে শান্তি ও সম্প্রীতি রক্ষার জন্য, ঐক্যের জন্য পাহাড়ী বাঙ্গালীর মধ্যে ঐক্যের জন্য এগিয়ে আসবেন। তাঁরা তাঁদের সদস্যদের দিয়ে যে এ. টি. টি. এফ. করছেন সেগুলি বন্ধ করার জন্য সরকারের সঙ্গে সহযোগিতা করবেন। আমরা সিদ্ধান্ত নিয়েছি যে আগামী ২৬ তারিখ (ফেব্রুয়ারী) বিরোধী দলকে অনুরোধ জানাব যে, ওরা যেন এসে আমাদের সঙ্গে কথা বলেন এবং একটা কমন স্ট্যাটেজি করা যায় কি-না চেষ্টা করব। আর যদি তাঁদের সহযোগিতা না পাওয়া যায় তাহলে (সরকারের নিশ্চয়ই কর্তব্য রয়েছে) আমরা চেষ্টা করব সমস্ত পরিস্থিতি জনসাধারনের কাছে তুলে ধরতে-জনসাধারনকে জানাতে। এবং আমরা এ, টি, টি, এফ এর মাধ্যমে বিরোধী দল যেভাবে একটা সন্ত্রাস সৃষ্টি করছে সেটা জনসাধারনকে জানাব এবং তাঁদের সেই সন্ত্রাসমূলক কার্য্যকলাপ বন্ধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করব। সরকার এজন্য পিছিয়ে থাকবে না।

মিঃ ডেপুটি স্পীকার :— মাননীয় সদস্য শ্রীরবীন্দ্র দেববর্মা (অনুপস্থিত)
মাননীয় সদস্য শ্রী বাদল চৌধুরী (অনুপস্থিত)
মাননীয় সদস্য শ্রী অমল মল্লিক।

শ্রীঅমল মল্লিক (বিলোনীয়া) :— মাননীয় উপাধ্যক্ষ মহোদয় এড্‌মিটেড ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার ৭১।

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) :— মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এড্‌মিটেড ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার-৭২।

প্রশ্ন

১। দক্ষিণ ত্রিপুরার সবচেয়ে বড় বাজার লাউগাং বাজারে কোন শেড ও ইদারা আছে কি না ? এবং

২। না থাকিলে তার জন্য প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হচ্ছে কি না ?

১। দক্ষিণ ত্রিপুরার লাউগাং বাজারে কৃষি বিভাগ কর্ত্তৃক নির্ম্মিত কোন শেড বা ষ্টল নাই।

২। আগামী আর্থিক বছরে (১৯৯২-৯৩ ইং সালে) একটি শেড নির্মানের কাজ শুরু করার পরিকল্পনা আছে।

মিঃ ডেপুটি স্পীকার :— মাননীয় সদস্য শ্রীসমর চৌধুরী (অনুপস্থিত)
মাননীয় সদস্য শ্রীবাদল চৌধুরী (অনুপস্থিত)
মাননীয় সদস্য শ্রীমতিলাল সরকার (অনুপস্থিত)
মাননীয় সদস্য শ্রীবাদল চৌধুরী (অনুপস্থিত)
মাননীয় সদস্য শ্রীসমর চৌধুরী (অনুপস্থিত)
মাননীয় সদস্য শ্রীঅনিল সরকার (অনুপস্থিত)
মাননীয় সদস্য শ্রীমতিলাল সরকার (অনুপস্থিত)
মাননীয় সদস্য শ্রীসমর চৌধুরী (অনুপস্থিত)
মাননীয় সদস্য শ্রীমতিলাল সরকার (অনুপস্থিত)
মাননীয় সদস্য শ্রীনৃপেন চক্রবর্ত্তী (অনুপস্থিত)
মাননীয় সদস্য শ্রীমতিলাল সরকার (অনুপস্থিত)
মাননীয় সদস্য শ্রীনকুল দাস (অনুপস্থিত)
মাননীয় সদস্য শ্রীবুদ্ধ দেববর্মা।

মিঃ ডেপুটি স্পীকার :— মাননীয় সদস্য শ্রী বুদ্ধ দেববর্মা মহোদয়।

শ্রীবুদ্ধ দেববর্মা (গোলাঘাটি) :— মিঃ ডেপুটি স্পীকার স্যার, এডমিটেড স্টার্ড কোয়েশ্চান নাম্বার :— ১৪১।

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) :— মিঃ ডেপুটি স্পীকার স্যার, কোয়েশ্চান নাম্বার ১৪১।

প্রশ্ন

১। বিশালগড় ব্লকাধীন গোলাঘাটি গাঁওসভার অন্তর্গত গোলাঘাটি বাজারে উক্ত এলাকার বেকার ও

কৃষকদের স্বার্থে বেকারদের জন্য স্টল ও মার্কেট শেড তৈয়ারী করার কোন রকম পরিকল্পনা সরকারের আছে কি,

২। যদি থাকে তবে কবে নাগাদ হবে,

৩। আর যদি না থাকে তাহার কারণ ?

উত্তর

১। বেকারদের জন্য বেকার স্টল তৈরী করার পরিকল্পনা কৃষি দপ্তরের নেই। তবে কৃষকদের স্বার্থে গোলাঘাটি বাজারে ১টি মার্কেট শেড তৈরী করার পরিকল্পনা আছে।

২। আগামী আর্থিক বছরে (১৯৯২-৯৩) ১টি মার্কেট শেড তৈরী করার পরিকল্পনা আছে।

৩। প্রশ্ন উঠে না।

শ্রীবুদ্ধ দেববর্মা :— সাপ্লিমেন্টারী স্যার, আজকে সমগ্র ত্রিপুরা রাজ্যে হাহাকার চলছে। সবদিকেই কেবল চাকুরী -চাকুরী। কিন্তু শিক্ষিত এবং অর্ধশিক্ষিত বেকাররা এখনও উপার্জনের আসায় বসে রয়েছে। আমাদের চেষ্টা হচ্ছে তাদেরকে যতটুকু সম্ভব সাহায্য করা। জানি শুধুমাত্র চাকুরী দিয়েই ত্রিপুরা রাজ্যের বেকার সমস্যার সমাধান করা যাবে না। সেজন্য আমি জানতে চাইছিলাম যে, গোলাঘাটি বাজারে একটি ষ্টল বা মার্কেট শেড তৈরী করা হবে কিনা ? কারণ, এগুলি থাকলে অনেক বেকারই উপকৃত হত। এটা একটা মস্ত বড় সমস্যা। যেন একটা আটলান্টিক মহাসাগর।

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) :— স্যার বেকারদের জন্য কৃষি দপ্তর থেকে কোন ধরণের ষ্টল তৈরী করা হয় না। কৃষকদের জন্য তাদের উৎপাদিত ফসল বিক্রি করার জন্য এই শেড তৈরী করা হয়। কাজেই কৃষি দপ্তরের কাছে এই ধরণের কোন পরিকল্পনা নেই, বেকার ষ্টল তৈরী করার জন্য। আগামী বছরে একটি মার্কেট শেড তৈরী করার পরিকল্পনা রয়েছে কৃষি দপ্তরের।

শ্রী দিবাচন্দ্র রাংখল :— মিঃ ডেপুটি স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কিনা, উত্তর ত্রিপুরার কয়েকটি স্থানে মার্কেট শেড নেই। এগুলি করার কোন পরিকল্পনা আছে কিনা ?

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী :— মাননীয় সদস্য যে প্রশ্নটি করেছিলেন সেটা উনার নিজের নির্বাচনী এলাকা। উনার সঙ্গে এই ব্যাপারে আলোচনা করলেই ব্যাপারটা বুঝা যাবে।

মিঃ ডেপুটি স্পীকার :— মাননীয় সদস্য শ্রী রতনলাল ঘোষ।

শ্রীরতনলাল ঘোষ (খয়েরপুর) :— কোয়েশ্চন নাম্বার :— ১।

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) :— এডমিটেড স্টার্ড কোয়েশ্চন নাম্বার :— ১।

প্রশ্ন

১। ১৯৯০—৯১ইং সনের বর্তমান সময় পর্যন্ত ত্রিপুরা সরকার এগ্রিকালচার দপ্তরে সর্বমোট কতজন কর্মচারী নিয়োগ করেছেন,

২। তার মধ্যে কতজন ফিকস্ড পে, কতজন মাস্টাররোল, কতজন কনটিনজেন্ট কর্মচারী আছেন, এবং

৩। তাদের মধ্যে কতজন ক্লাশ থ্রি এবং ক্লাশ ফোর-এর কর্মচারী ?

উত্তর

১। ১৯৯০-৯১ইং সনের বর্তমান সময় পর্যন্ত কৃষি বিভাগে ত্রিপুরা সরকার সর্বমোট ৩১৩ জন কর্মচারী নিয়োগ করেছেন।

২। তাঁদের মধ্যে ৩ (তিন) জন সপ্তাহে ৬দিন হাজিরার ভিত্তিতে ডি, আর, ডাব্লিউ, এবং ৭৮ জন সপ্তাহে ৫দিন হাজিরা ভিত্তিতে Casual Worker কোন ফিকসড পে নিয়োগ করা হয়নি।

৩। সর্বমোট ৩১৩ জনের মধ্যে ১৩১ জন তৃতীয় শ্রেণীর, ১০১ জন চতুর্থ শ্রেণীর।

শ্রীগৌরীশংকর রিয়াং (শান্তির বাজার) :— সাপ্লিমেণ্টারী স্যার, এই ১৩১ জন এবং ১০১ জন এখানে এস, সি, এবং এস, টি কোটা মেনেই চাকুরীগুলি দেওয়া হয়েছে ?

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) :— মিঃ ডেপুটি স্পীকার স্যার, এইগুলি বেশীর ভাগই এস, সি, এবং এস, টি স্পেশালভাবে নিয়োগ করা হয়েছে। দীর্ঘদিন ধরে বিশেষ করে বামফ্রন্ট আমলে জেনারেলগুলি পূরণ করা হয়েছে। কিন্তু এস, সি, এবং এস, টি পূরণ করা হয় নি। তৃতীয় শ্রেণী এবং ৪র্থ শ্রেণী যেগুলি দীর্ঘদিন ধরে শূন্য ছিল সেগুলি আমরা স্পেশালভাবে এবার চাকুরী দিয়েছি।

মিঃ ডেপুটি স্পীকার :— মাননীয় সদস্য শ্রীগৌরীশঙ্কর রিয়াং।

শ্রীগৌরীশঙ্কর রিয়াং :— মিঃ ডেপুটি স্পীকার স্যার, এডমিটেড কোয়েশ্চান নাম্বার ৫১।

শ্রীসমীররঞ্জন বর্মণ (মুখ্যমন্ত্রী) : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এডমিটেড কোয়েশ্চান নাম্বার ৫।

প্রশ্ন

১। আত্মসমর্পণকারী ধনঞ্জয় রিয়াং ও তার কতিপয় সঙ্গী পুনরায় উগ্রপন্থী জীবনে ফিরে যাবার আগাম সংবাদ সরকারের জানা ছিল কি ;

২। যদি থাকে তবে সে ব্যাপারে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করেছিলেন কি ;

৩। এবং না করে থাকলে তার কারণ।

উত্তর

১। না মহাশয়।

২। প্রশ্ন উঠে না।

৩। প্রথম প্রশ্নে এর উত্তরের পরিপ্রেক্ষিতে এই কারণের প্রশ্ন উঠে না।

শ্রীগৌরীশংকর রিয়াং :— মাননীয় মুখ্যমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী যে কথা বলেছেন ধনঞ্জয় রিয়াং আত্মসমর্পণ করার পর কিছুদিন হয়ত ভাল ছিল। কিন্তু তারপর সে পুনরায় উগ্রপন্থী জীবনে ফিরে যাওয়ার যে রকম ভাবে প্রয়াস চালিয়েছিল এটা আমরা পরিপূর্ণভাবে সরকারের নিকট ওয়াকিবহাল করিয়াছি।

আমি মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে সমস্ত ব্যাপার উল্লেখ করে বলেছি এবং ধনঞ্জয় রিয়াং-এর যে পরিকল্পনা সেটা ইনটেলিজেন্স ব্রাঞ্চ আমার শান্তির বাজারে যিনি এই পোষ্টে আছেন উনার সঙ্গে আলোচনা করেছি, উনি বলেছেন যে সরকারের নিকট রিপোর্ট পাঠিয়ে দিয়েছে। সেই রিপোর্টের মোতাবেক আমি মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করেছি। উনি বলেছেন যে আমাদের কাছে রিপোর্ট আছে তারপরেও ধনঞ্জয় রিয়াং তারা জঙ্গলের জীবনে ফিরে গেছে। কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী এখানে যে বিবৃতি দিলেন সরকারের নিকট কোন আগাম সংবাদ ছিল না। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব আরো ভালোভাবে জেনে, এই খবর নিয়ে বিধানসভায় পেশ করবেন কিনা ? তারপর এখন ধনঞ্জয় রিয়াং এবং তার দল জঙ্গলে গিয়ে বিভিন্ন জায়গায় চিঠিপত্র দিচ্ছে টাকা দেওয়ার জন্য, চাঁদা দেওয়ার জন্য এবং যেখানে তারা সুযোগ পাচ্ছে সেখানে তারা জোর করে অস্ত্র দেখিয়ে রাতের অন্ধকারে টাকা কেড়ে নিয়ে যাচ্ছে। আমার মনুতে একজন মাষ্টার তার বাড়ী থেকে তিন হাজার টাকা নিয়ে গেছে এবং বিভিন্ন পঞ্চায়েত থেকে এবং বিভিন্ন বাড়ী থেকে যারা সামান্য অবস্থাপন্ন তাদের কাছ থেকে টাকা এই ভাবে নিয়ে যাওয়া হচ্ছে ছিনতাই করে। এখন মাননীয় মন্ত্রী মহোদয় সঠিকভাবে এই তথ্য সংগ্রহ করে এই বিধানসভায় পেশ করবেন কিনা ?

শ্রীসমীররঞ্জন বর্মণ (মুখ্যমন্ত্রী) :— মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য যে অভিযোগ করেছেন সেটা অত্যন্ত মারাত্মক তবে আমার ধারণা সরকারের নিকট কোন রিপোর্ট ছিল না। তথাপি মাননীয় সদস্য যখন বলেছেন যে, উনাকে ইনটেলিজেন্স দপ্তরের জনৈক অফিসার বা কর্মচারী আগাম সংবাদ সরকারের নিকট পাঠিয়েছেন বলে বলেছেন, আমি মাননীয় সদস্যকে আশ্বাস দিচ্ছি সরকারী পর্যায়ে তদন্ত করে মাননীয় সদস্য মহোদয়কে সেটা জানাব।

শ্রীদিবাচন্দ্র রাংখল :— ধনঞ্জয় রিয়াং পুনরায় উগ্রপন্থী জীবনে ফিরে গিয়ে এ. টি, টি, এফ এর সঙ্গে কোন আলাপ আলোচনা করেছেন এ তথ্য মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়ের কাছে আছে কি? আরো এভাবে পুনরাবৃত্তি হবে কিনা? এটাও মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় বলবেন কিনা?

শ্রীসমীররঞ্জন বর্মণ (মুখ্যমন্ত্রী) :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, সরকারের কাছে এইরকম কোন স্পেসিফিক ইনফরমেশন নেই যে ধনঞ্জয় রিয়াং এক জায়গায় বসবাস করেছেন বলে। তাকে ট্রেসআউট করার জন্য সরকার চেষ্টা করছে। উগ্রপন্থীদের একটা চরিত্র থাকে, ধনঞ্জয় রিয়াং এর মত যারা তাদেরকে আমি উগ্রপন্থী বলতে আমি রাজি নই, কারণ ওরা লুটেরা, ওরা ছিনতাইকারী। কাজেই ওকে ট্রেসআউট করার জন্য সরকার সার্বিক চেষ্টা করবে এবং ওরকম যারা উগ্রপন্থীর নাম দিয়ে গ্রামে পাহাড়ে গরীব ভাইদের নিঃস্ব করছে তাদের বিরুদ্ধে প্রসাশনিক ও সামাজিক পর্যায়ে চিরনি অভিযান চালাব বলে ঠিক করেছি এবং আমরা ওদের জন জীবন থেকে পরিপূর্ণভাবে বিচ্ছিন্ন করার জন্য সুনির্দিষ্ট পদক্ষেপ নিয়েছি।

শ্রীগৌরীশঙ্কর রিয়াং :— সাপ্লিমেন্টারী স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী কি অবগত আছেন যে, ধনঞ্জয় রিয়াং এবং তার দল উগ্রপন্থীর নাম দিয়ে, কিছু যুবকদের বলছে যে তোমরা আমার সঙ্গে আস, কিছু দিন জংগলে থেকে তারপর আত্মসমর্পণ করে ২৫ হাজার টাকা ও চাকুরী পাবে! কাজেই সরকার অনতিবিলম্বে এর বিরুদ্ধে ব্যবস্থা নেবেন কিনা এবং যদি কেউ আত্মসমর্পণ করে তা হলে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে কিনা?

শ্রীসমীররঞ্জন বর্মণ (মুখ্যমন্ত্রী) :— মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় সদস্যের সংগে এই ব্যাপারে একমত।

মিঃ ডেপুটি স্পীকার :— শ্রী অমল মল্লিক।

শ্রীঅমল মল্লিক (বিলোনীয়া) :— স্টার্ড কোয়েশ্চান নাম্বার ৫৫ স্যার,

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) :— কোয়েশ্চান নাম্বার ৫৫ স্যার,

প্রশ্ন

১। বিলোনীয়া মহকুমার বাইখোরা পঞ্চায়েত, সুবলনগর বিত্তামারা, এস. বি, সি, নগর এবং পশ্চিম কলাবাড়িয়া পঞ্চায়েতে আনারস চাষের উৎসাহ দেওয়ার জন্য সরকার কি কি পরিকল্পনা নিয়েছেন ;

২। এখনও না নিয়ে থাকিলে আনারস চাষের জন্য কোন পরিকল্পনা নেওয়া হবে কিনা ?

উত্তর

১। এই তিনটি গাঁওসভায় বর্তমানে আর্থিক বছরে কোন পরিকল্পনা নেওয়া হয় নাই।

২। অদূর ভবিষ্যতে পরিকল্পনা নেওয়ার ইচ্ছা আছে।

শ্রীঅমল মল্লিক :— সাপ্লিমেণ্টারি স্যার, মাননীয় মন্ত্রী মহোদয় বলেছেন যে, অদূর ভবিষ্যতে পরিকল্পনা নেওয়ার ইচ্ছা আছে। এই ৩টা পঞ্চায়েত যেখানে দরিদ্র অংশের মানুষের বাস এবং অনেকের এলটমেণ্ট পাওয়া টিলা জমি যেগুলি আনারস চাষের পক্ষে উপযোগী। কাজেই, ঐসব অংশের দরিদ্র মানুষের কথা চিন্তা করে সরকার আগামী আর্থিক বছরে পরিকল্পনা নেওয়ার জন্য সুব্যবস্থা নেবেন কিনা বা মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ?

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) :— মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমাদের এই রাজ্যে আনারস চাষের উৎপাদন যথেষ্ট, তা সত্ত্বেও আমরা আনারস চাষীদের উৎসাহ দিয়ে যাচ্ছি। তবে পঞ্চায়েতের ভিত্তিতে এধরণের উৎসাহ দেওয়ার কর্মসূচী আমাদের নেই। মাননীয় সদস্য যখন বলেছেন, তখন দেখা যেতে পারে ঐ পঞ্চায়েতে এই কর্মসূচী দেওয়া যায় কিনা। তবে আমাদের আর্থিক সঙ্গতির উপর নির্ভর করেই এবং চাহিদার উপর নির্ভর করেই আমাদের কর্মসূচী গ্রহণ করতে হবে।

শ্রীদিবাচন্দ্র রাংখল :— সাপ্লিম্যাণ্টারী স্যার, মন্ত্রী মহোদয় বলেছেন যে, আনারস যথেষ্ট সাহায্য দেওয়া হয়। তাহলে সরকারীভাবে চাষীদের আনারস চাষ করার জন্য যদি সহযোগিতা দেওয়া হয়ে থাকে এবং আর্থিক সাহায্য দেওয়া হইয়া থাকে তাহলে উত্তর ত্রিপুরার নেরাম্যাক ফেল হওয়ার কারণ কি ? মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কিনা, উত্তর ত্রিপুরা জেলায় যারা প্রকৃতপক্ষে আনারস চাষী তাদের আনারস বাগান বৃদ্ধি করার জন্য সরকারী আর্থিক সাহায্য অফিস হতে অত্যন্ত নগণ্য। যে জায়গাতে দেওয়া হয় সেটা নতুন বাগান এবং নতুন এলাকায়। কাজেই, প্রকৃত আনারস চাষীদের সরকার আর্থিক সাহায্য করবেন কিনা, সেটি মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ?

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) :— মিঃ স্পীকার স্যার, উত্তর ত্রিপুরা জেলার নেরাম্যাক কারখানাটি আমাদের ত্রিপুরা সরকারের এক্তিয়ারে নয়, সেটি কেন্দ্রীয় সরকারের। দ্বিতীয়তঃ এটা ফেল করেছে, বলা যায় না, গতবারও চালু ছিল, তবে সময় মত চালু হয়নি। একটু বিলম্ব হয়েছিল। আর আনারসের চাহিদায় কোন রকম ঘাটতি ছিল না। আমি যতটুকু জানি আমাদের আনারস চাষী সেখানে গিয়েও তাদের আনারস বিক্রী করতে পারেনি। এতএব মাননীয় সদস্য যে বলছেন আনারস চাষের উৎসাহ করা সত্ত্বেও কেন ফেল করল, এই তথ্যটি সত্য নয়। আমরা চেষ্টা করছি নেরাম্যাক যাহাতে নিরমিত চলতে পারে এবং আমরা সাজেসান দিয়েছি। শুধু আনারসের উপর নির্ভর করে এই নেরামেক সচল হবে না। তার সঙ্গে আর কি কি তৈরী করা যায়, কি কি জিনিষ প্রসেস্ করা যায় এই পরিকল্পনা গ্রহণ করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ জানিয়েছি।

মিঃ ডেপুটি স্পীকার :— মাননীয় সদস্য শ্রীবুদ্ধ দেববর্মা। এডমিটেড কোয়েশ্চান নং ১৪০।

শ্রীবুদ্ধ দেববর্মা (গোলাঘাটি) :— মাননীয় ডেপুটি স্পীকার স্যার,এডমিটেড কোয়েশান নম্বর-১

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) :— মাননীয় স্পীকার স্যার, এডমিটেড কোয়েশান নম্বার ১৪০।

১নং প্রশ্ন :— বিশালগড় ব্লকের অন্তর্গত যোগলকিশোরনগর গাঁওসভায় ভি, এল, ডব্লু, ষ্টোর খোলার পারিকল্পনা সরকারের আছে কিনা।

উত্তর :— আপাততঃ নাই।

২নং প্রশ্ন : — যদি থাকে কবে নাগাদ হইতে পারে,

উত্তর :— প্রশ্ন উঠে না।

৩নং প্রশ্ন :— যদি না থাকে, তার কারণ ?

উত্তর :— সরকারের প্রচলিত নিয়ম নীতি অনুসারে বর্তমানে প্রতি দুইটি গাঁওসভা নিয়ে একটি ভি, এল, ডব্লু, ষ্টোর খোলা হয়ে থাকে। কাঞ্চনমালা ও যোগলকিশোরনগর গাঁওসভার জন্য কাঞ্চনমালা একটি ভি, এল, ডব্লু, ষ্টোর আছে। সেইজন্য যুগলকিশোরনগর গাঁওসভায় আপাততঃ পৃথক কোন ভি, এল, ডব্লু, ষ্টোর খোলার পারিকল্পনা সরকারের নেই।

শ্রীবুদ্ধ দেববর্মা :— মাননীয় মন্ত্রী মহোদয় বিশালগড় ব্লকের অন্তর্গত এই যোগলকিশোর নগর গাঁও-সভাটি একটি বড় গাঁওসভা। এই গাঁওসভায় রয়েছে মিশ্র বসতি, এবং এই গাঁওসভার জমিগুলি ফার্টাইল; এই জমিতে নানা রকমের শাঁক সব্জি করা যায়। মাননীয় মন্ত্রীও শাঁক সব্জি উৎপাদনে বিশেষ উৎসাহী। তাই এই গাঁওসভা এলাকার মধ্যে যদি একটি ভি, এল, ডব্লিউ, স্টোর রাখা হয়, তাহলে এই গাঁওসভার কৃষকেরা উপকৃত হতে পারে এবং তারা সহজে এই ষ্টোর থেকে প্রয়োজনীয় সার ইত্যাদি নিয়ে অধিক পরিমাণে শাঁক সব্জি উৎপাদন করতে পারে। তাই আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করব যে এসব বিবেচনা করে সেখানে যাতে অতি সত্বর একটি ভি, এল, ডব্লিউ, ষ্টোর খোলার ব্যবস্থা করেন ?

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) :— স্যার, মাননীয় সদস্য যে কথা বলেছেন, আমি শাঁক সব্জি উৎপাদনে খুবই উৎসাহী, একথা ঠিক। কিন্তু আমাদের রাজ্য সরকারের নীতি হল প্রতি দুটো গাঁওসভা মিলে একটি ভি, এল, ডব্লিউ; ষ্টোর দেওয়ার, আমাদের এখন অনেক গাঁওসভা আছে সেখানে আমরা এখন পর্যান্ত ৪/৫ টা গাঁওসভা মিলেও একটি ষ্টোর দিতে পারিনি। আবার এমন অনেক ট্রাইবেল এলাকা আছে যেখানে ৮/১০ টা গাঁওসভা মিলেও একটা ষ্টোর দিতে পারিনি। আমরা চাইছি এই ব্যাপারে সব গাঁও-সভাগুলিকে সমান সুযোগ দেওয়ার। তবে, যদি আমাদের এমন সুযোগ আসে, তাহলে আমরা মাননীয় সদস্য যে অনুরোধ করেছেন, সেটা রক্ষা করার কথা বিবেচনা করে দেখব।

শ্রীগৌরীশঙ্কর রিয়াং :— মাননীয় মন্ত্রী বলেছেন যে, এই ব্যাপারে রাজ্য এবং কেন্দ্রীয় সরকারের যে নীতি আছে, সেটাও এখন পর্যান্ত কার্যকরী করা সম্ভব হয়নি। কিন্তু আমরা যে সকল পঞ্চয়েতগুলিকে এগ্রিকালচারেলী ডেভেলাপড বলে চিহ্নিত করেছি সেগুলিতে ষ্টোর না করা গেলেও যদি একটি রেন্টেড হাউসকে ষ্টোর হিসেবে ব্যবহার করা যায় তারজন্য বিভিন্ন ব্লক থেকে রিজিলিউশান নিয়ে এগ্রিঃ সুপারিন্টেনডেন্টের কাছে দিয়েছি। পঞ্চায়েতগুলি এখন পর্যান্ত ডিপ্রোভড, এমন অনেক এলাকা আছে যেখানে ৫/৮ কিলোমিটারের মধ্যে একটা ভি, এল, ডব্লিউ, ষ্টোর নেই যেখান থেকে কৃষকেরা তাদের প্রয়োজনীয় সার অথবা অন্যান্য ইন-পূট নিয়ে যেতে পারে, যার, ফলে কৃষকেরা শাঁক সব্জিই নয় এমন কি অন্যান্য ফসল উৎপাদনের ক্ষেত্রেও নানা অসুবিধার সম্মুখীন হচ্ছে। কাজেই, এই ব্যাপারে সরকার প্রয়োজনীয় ব্যবস্থা অবিলম্বে গ্রহন করবেন কিনা, এটা আমি জানতে চাইছি।

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) : – স্যার, মাননীয় সদস্য বলেছেন যে কোন এলাকায় এগ্রিকালচারেল এ্যাকটিভিটিজ বা ডেভেলাপমেন্ট বেশী এবং সেখানে আরও বেশী করে সুযোগ দিতে হবে, আমি

উনার এই মতামত মানতে পারি না। কারণ, আমাদের এই রাজ্যে কৃষিতে অনুন্নত এমন অনেক এলাকা রয়েগেছে, সেই এলাকাকেও আমাদের সমান সুযোগ দিতে হবে, অর্থাৎ কৃষিতে উন্নত এলাকার মতই অনুন্নত এলাকাকে সুযোগ দিতে হবে আর এটাই আমাদের সরকারের কর্তব্য হওয়া উচিত বলে আমি মনে করি।

মিঃ স্পীকার :— প্রশ্নোত্তর পর্ব শেষ। যে সমস্ত তারকা চিহ্নিত প্রশ্নের মৌখিক উত্তর দেওয়া সম্ভব হয়নি, সেগুলির লিখিত উর এবং তারকা চিহ্ন বিহীন প্রশ্নগুলির উত্তর পত্র সভার টেবিলে রাখার জন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয়দের অনুরোধ করছি।

(ANNEXURES—"A" & "B")

CALLING ATTENTION

মিঃ স্পীকার :— আজ আমি মাননীয় সদস্য শ্রীদিবাচন্দ্র রাংখল মহোদয়ের নিকট হতে একটি দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি। নোটিশটির বিষয় বস্তু হল " গত ৩১শে জানুয়ারী, ১৯৯২ইং তারিখ পর্য্যন্ত ত্রিপুরা পুলিশ ডিপার্টমেন্টের যাবতীয় দেনা টি. এ, ডি, এ, টেলিফোন বিল, গাড়ী ভাতা বাবদ দেনা অর্থ বহুদিন যাবৎ পেমেন্ট না করা এবং দেনা অর্থের পরিমাণ সম্পর্কে।"

আমি মাননীয় সদস্য কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবটি উত্থাপনের সম্মতি দিয়েছি এবং মাননীয় স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রী মহোদয়কে এই দৃষ্টি আকর্ষণী নোটিশটির উপর বিবৃতি দেওয়ার জন্য অনুরোধ করছি। তিনি যদি আজ বিবৃতি দিতে না পারেন, পরবর্তী কোন তারিখে বিবৃতি দিতে পারবেন দয়া করে আমাকে জানাবেন।

শ্রীসমীররঞ্জন বর্মণ (মুখ্যমন্ত্রী) :— স্যার, আমি আগামী ২৫শে ফেব্রুয়ারী, ১৯৯২ইং তারিখে এই বিষয়টির উপর আমরা বিবৃতি দেব।

REPORT OF BUSINESS ADVISORY COMMITTEE

মিঃ ডেপুটি স্পীকার :— মাননীয় সদস্য বৃন্দ সভার পরবর্তী আলোচ্য বিষয় হলো "বিজনেস অ্যাডভাইজারী কমিটির রিপোর্ট পেশ, বিবেচনা ও পাশ করা"। বর্তমান অধিবেশনের ২০শে ফেব্রুয়ারী বৃহস্পতিবার ১৯৯২ইং হইতে ২৫শে ফেব্রুয়ারী মংগলবার ১৯৯২ ইং তারিখ পর্য্যন্ত বিধানসভার বিভিন্ন আলোচ্য বিষয়গুলি বিবেচনার জন্য "বিজনেস অ্যাডভাইজারী কমিটি" যে সময় নির্ঘণ্ট সুপারিশ করেছেন সেই রিপোর্টটি পেশ করার জন্য আমি মাননীয় উপাধ্যক্ষ মহোদয়কে অনুরোধ করছি।

মিঃ ডেপুটি স্পীকার :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিধানসভার বর্তমান অধিবেশনের ২০শে ফেব্রুয়ারী বৃহস্পতিবার ১৯৯২ইং হইতে ২৫শে ফেব্রুয়ারী মঙ্গলবার ১৯৯২ইং পর্যান্ত বিভিন্ন কার্য্যসূচী আলোচনার জন্য বিজনেস আডভাইসারী কমিটি যে, সময় নির্ঘন্ট সুপারিশ করেছেন তার রিপোর্ট এই সভায় আমি পেশ করছি।

মিঃ স্পীকার :— এখন রিপোর্ট হাউসের বিবেচনার জন্য এবং অনুমোদনের জন্য প্রয়োজনীয় প্রস্তাব উত্থাপন করতে আমি মাননীয় উপাধ্যক্ষ মহোদয়কে অনুরোধ করছি।

মিঃ ডেপুটি স্পীকার :— মাননীয় অধ্যক্ষ মহোদয়. আমি প্রস্তাব করিতেছি যে. "বিজনেস আড-ভাইসারী কমিটি কতৃর্ক প্রস্তাবিত সময় নির্ঘণ্টের সহিত এই সভা একমত।"

মিঃ. স্পীকার :— মাননীয় উপাধ্যক্ষ মহোদয় কতৃর্ক উত্থাপিত মোশনটি আমি এখন ভোটে দিচ্ছি। মোশনটি হলো—বিজনেস আডভাইসারী কমিটি কতৃর্ক প্রস্তাবিত সময় নির্ঘণ্টের সহিত এই সভা একমত।"

(মোশনটি ধ্বনি ভোটে দিলে রিপোর্টটি সভা কতৃর্ক গৃহীত হয়)

MOTION OF THE THANKS ON THE GOVERNOR'S ADDRESS

মিঃ স্পীকার :— সভার পরবর্তী কার্য্যসূচী হলো, মাননীয় রাজ্যপাল মহোদয়ের ভাষণের উপর ধন্যবাদ সূচক প্রস্তাব উত্থাপন। এখন আমি মাননীয় সদস্য শ্রীদীপক মহোদয়কে অনুরোধ করছি তার প্রস্তাব উত্থাপন করার জন্য।

(শ্রীদীপক নাগ মহোদয় প্রস্তাব উত্থাপন করেন এবং মাননীয় সদস্য শ্রীগৌরী শংকর রিয়াং এবং শ্রীরতন-লাল ঘোষ সমর্থন করেন)।

শ্রীদীপক নাগ (মজলিশপুর) :— মাননীয় স্পীকার স্যার, "নিম্নলিখিত মর্মে ত্রিপুরার মাননীয় রাজ্যপালের নিকট এই সভার কৃতজ্ঞতা ব্যক্ত করা হউক যে, ২৪শে ফেব্রুয়ারী, ১৯৯২ইং তারিখে মাননীয় রাজ্যপাল এই সভায় যে, ভাষণ প্রদান করিয়াছেন তার জন্য ত্রিপুরার বিধানসভার সদস্যবৃন্দ গভীর ভাবে কৃতজ্ঞ।"

মিঃ স্পীকার :— এই ধন্যবাদসূচক প্রস্তাবের উপর যদি কোন সদস্য সংশোধনী প্রস্তাব আনিতে চান

তা হলে তিনি অদ্য বৃহস্পতিবার ১৯৯২ইং বিকেল ৫ ঘটিকার মধ্যে তা বিধানসভা সচিবালয়ে জমা দিতে পারবেন।

এই সভা আগামী ২১শে ফেব্রুয়ারী ১৯৯২ইং বেলা ১১ ঘটিকা পর্য্যন্ত মুলতুবি রইল।

ANNEXURE—"A"

Admitted Starred Question No :— 14

Name of M. L. A. Shri Makhanlal Chakraborty.

Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to State.

প্রশ্ন

১। ইহা কি সত্য যে, গত ৫ই নভেম্বর রাত্রে খোয়াই মহকুমা শাসকের সরকারী কোয়ার্টারে শক্তিশালী বোমা নিক্ষিপ্ত হয়েছে এবং কোয়ার্টারের ব্যাপক ক্ষতি সাধন হয়েছে ?

২। সত্য হইলে, সরকার এই ব্যাপারে কি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করেছেন তার বিবরণ ?

উত্তর

১। ইহা সত্য হয় গত ৫ই নভেম্বর ১৯৯৪ইং তারিখে কতিপয় অজ্ঞাতনামা দুষ্কৃতিকারী খোয়াই মহকুমা শাসকের সরকারী বাসভবনে বাহির থেকে এক হাতে বোমা নিক্ষেপ করে। ফলে মহকুমা শাসকের বাসভবনের জানালা ও অন্যান্য জিনিষ পত্রে সামান্য ক্ষতি সাধন হয়। যার আনুমানিক মূল্য ৩০০ টাকা।

২। ঘটনাটির পরিপ্রেক্ষিতে খোয়াই থানায় ভারতীয় দণ্ডবিধির ৪২৭ | ৩০৭ ধারায় ও বিস্ফোরক আইনের ৩/৫ ধারায় খোয়াই থানায় ৭(১১) ৯১নং মামলা নথিভুক্ত করা হয় এবং তদন্তকালে পুলিশ ঘটনায় জড়িত সন্দেহ দুই জনকে গ্রেপ্তার করে আদালতে প্রেরণ করে। ঘটনাটি স্থানীয় দুষ্কৃতিকারীদের দ্বারা সংঘটিত হইয়াছে বলিয়া ধারণা করা হইতেছে। বর্তমানে উক্ত এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হইয়াছে। ঘটনাটি তদন্তাধীন আছে।

Admitted Starred Question No. 25

Name of the Member :— Shir Subodh Das, M. L. A.

Will the Hon'ble Minister In-charge of the Fisheries Department be pleased to state.

প্রশ্ন নং ১ :— রাজ্যের মৎস্যজীবিদের জন্য দুর্ঘটনাজনিত মৃত্যু অথবা বিকলাঙ্গ হওয়ার জন্য কোনরূপ বীমা বা Insurence রাজ্যে চালু হয়েছে কি ?

উত্তর :— হ্যাঁ, হয়েছে।

প্রশ্ন নং ২ :— চালু হয়ে থাকলে এর দ্বারা রাজ্যে কোন বিভাগে কতজন মৎস্যজীবি এই বীমার দ্বারা ১৯৯১ ইং সনের ১লা এপ্রিল থেকে ২৮শে নভেম্বর পর্য্যন্ত উপকৃত হয়েছেন।

উত্তর :— এ পর্য্যন্ত বীমাকারী মৎস্যজীবিদের মধ্যে খোয়াই মহকুমার ১ জন মৃত্যুজনিত কারণে এবং অন্য আরেকজন পক্ষাঘাতজনিত কারণে ক্ষতিপূরণ বাবত প্রত্যেকে ১৫,০০০/- টাকা পাইয়াছেন।

Admitted Starred Question No. 36

Name of the M.L.A. : শ্রীরতনলাল ঘোষ

Will the Hon'ble Minister In-charge of the Animal Husbandary Deptt. be pleased t state.

QUESTION

ক) আর, কে, নগর কেটেল ফার্মে বর্তমানে গবাদী পশুর সংখ্যা কত.

খ) বর্ত্তমানে ফার্মে কত দুগ্ধ উৎপাদন হয়,

গ) ১৯৮৭ ইং সনের দুগ্ধ উৎপাদনের পরিমাণ কত ছিল,

ঘ) নতুন দুগ্ধবতী গাভী ক্রয় করার পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

ঙ) থাকলে কবে নাগাদ ক্রয় করা হবে এবং মোট কতটি,

ANSWER :— Minister of state Shri Billal Miha

১। ক) বর্ত্তমানে আর, কে, নগর কেটেল ফার্মে গবাদি পশুর সংখ্যা ২০৯টি।

খ) ১৯৯১ ইং জানুয়ারী হইতে ডিসেম্বর অবধি উক্ত ফার্মে মোট ৮৩,৩৩৭ কেজি দুগ্ধ উৎপাদিত হয়েছে।

গ) ১৯৮৭ ইং সনে উক্ত আর, কে, নগর কেটেল ফার্মে দুগ্ধ উৎপাদনের পরিমাণ ছিল ১,৪৮.২৫৬ কেজি।

ঘ) উক্ত পরিকল্পনা সরকারের বিবেচনাধীন রয়েছে।

ঙ) এখনই কিছু বলা সম্ভব নহে।

Admitted Starred Question No. 43

Name of the Member : Shri Rabindra Deb Barma

Will be the Hon'ble Minister-In-Charge of the the Information, Cultural Affairs & Tourism Department be pleased to state.

প্রশ্ন

১। ১৯৯১ জার্মানে ভারত উৎসব উপলক্ষে রিয়াং নৃত্য দল প্রেরণ না করার কারণ কি?

২। আর কোন নৃত্য দল কি উক্ত উৎসব উপলক্ষে প্রেরণ করা হয়েছিল?

উত্তর

১। অনিবার্য কারণ বশতঃ ১৯৯১ ইং জার্মানে ভারত উৎসব উপলক্ষে রিয়াং নৃত্য দল প্রেরণ করা সম্ভব হয় নাই।

২। না।

Admitted Starred Question No. 48

Name of the Member : Shri Badal Chowdhury, M.L.A.

Will the Hon'ble Minister-In-Charge of the Home Department be pleased to state.

১। স্ব-শাসিত জেলা পরিষদ এলাকায় অ-উপজাতি ও বাংলাদেশী বিদেশী অনুপ্রবেশ বন্ধ করার জন্য ইনার লাইন পারমিট চালু করার ব্যাপারে রাজ্য সরকার কি কি উদ্যোগ গ্রহণ করেছেন;

২। স্ব-শাসিত জেলা পরিষদ এলাকায় ইনার লাইন পারমিট চালু করার ব্যাপারে সরকার কোন সিদ্ধান্ত গ্রহণ করেছেন কি ;

৩। রাজ্য সরকার কোন সিদ্ধান্ত বা উদ্যোগ গ্রহণ না করে থাকলে কি কি কারণে তা বিলম্বিত হচ্ছে ?

ANSWER

Name of the Minister :— Sri Samir Ranjan Barman
Chief Minister, Tripura.

১ নং, ২ নং ও ৩ নং প্রশ্নের উত্তর : স্ব-শাসিত জেলা পরিষদ এলাকায় ইনার লাইন পারমিট চালু করার ব্যাপারে সরকার কোন প্রকার উদ্যোগ বা সিদ্ধান্ত গ্রহণ করেন নাই। তবে বিদেশী অনুপ্রবেশ রোধে রাজ্য সরকার ত্রিপুরা রাজ্যে বসবাসকারী সমস্ত নাগরিকদের পরিচয় পত্র (Identity card) দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থাদি নেওয়া হয়েছে।

Adimitted Starred Question No. 69
Name of Member :— Shri Amal Mallik

Will the Hon'ble Minister-In-Charge of the Agriculture Department be pleased to state.

১। ইহা কি সত্য যে, রাজনগর ব্লকাধীন উত্তর সোনাইছড়ি সহ বিভিন্ন অঞ্চলে গতবৎসর ধানগাছ মরে যাওয়ার পরিপ্রেক্ষিতে ধানের ফলন ঠিকমত হচ্ছেনা, এবং

২। সত্য হয়ে থাকলে যে সম্পর্কে কি ব্যবস্থা নেওয়া হয়েছে ?

ANSWER

Will the Hon'ble Minister-In-Charge of the Agriculture Deptt. be pleased to State.

১। আংশিক সত্য।

২। বিভিন্ন সময়ে আলোচনা চক্রে এবং প্রশিক্ষণ শিবিরের মাধ্যমে কৃষকদের অনুমদিত উচ্চ ফলনশীল শংশিত (certified) বীজ ব্যবহার করার জন্য পরামর্শ দেওয়া হয়েছে। বীজ শোধন ও মাটি পরীক্ষার কথাও কৃষকদের বলা হয়েছে।

PAPERS LAID ON THE TABLE.

(QUESTIONS AND ANSWERS)

Admitted Starred Question No. 85

Name of the Member :— Shri Samar Choudhury.

Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to State :—

১। ইহা কি সত্য-যে আর-কে-পুর থানাধীন চন্দ্রপুর ২নং কলোনীর শ্রীমতি লক্ষি বৈষ্ণব স্বামী নারায়ণ বৈষ্ণব (রিক্সা শ্রমিক) গত ৮ই নভেম্বর থানা পুলিশের কাছে ৫ জন সমাজবিরোধী কর্তৃক ৫ই নভেম্বর গৃহে ঢুকে ধর্ষণের জন্য আক্রমণ এর অভিযোগ দায়ের করেছিল ;

২। ইহা কি সত্য যে ১২ই জানুয়ারী এই দূর্বৃত্তরা লক্ষী বৈষ্ণবের দুটি ঘরই পুড়িয়ে দেবার জন্য আগুণ লাগায় ;

৩। সত্য হইলে দূর্বৃত্তদের বিরুদ্ধে পুলিশ কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

ANSWER

Name of the Minister :— Shri Samir Rn. Barman.
Chief Minister Tripura.

১। ইহা সত্য নহে।

২। ইহা সত্য নহে।

৩। প্রশ্ন উঠেনা।

Admitted Starred Question No. 90

Name of Member :— Shri Badal Chaudhury.

Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to State :—

1. How many goods carrying trucks have been attacked and looted on their way from Dharmanagar to Agartala during the period 1st January, 1994 to 31st January, 1992.
2. How many persons have arrested punished in connection with these cases.
3. What stops have been taken by the Govt. to stop such kind of attacks on the goods carrying vehicles on the Assm Agartala Road.

ANSWER

Name of the Member :— Shri Samir Rn. Barman.
Chief Minister, Tripura.

1. Fifteen goods carrying trucks in seven cases,
2. Total 26 persons were arrested in the registered cases and forwarded to Court.
3. Existing camps of pra-Military Force have been alerted. Also new camps of the Para-Military Force have been established in the area along this road. These camps have been organised intensive mobile partolling for safe movement of the vehicles and to provent any occurrence.

Admitted Starred Question No. 91
Name of Member :— Shri Badal Choudhury.
Will the Hon'ble Minister-in-charge of the Home Deptt. be pleased to State.

১। ইহা কি সত্য রাজ্যে TADA (টাডা) আইন চালু করা হয়েছে ;

২। সত্যি হলে কবে নাগাদ এই আইন রাজ্যে চালু করা হয়েছে এবং রাজ্য মন্ত্রীসভার কোন তারিখের সভায় এটা অনুমোদন দিয়েছেন ।

৩। এই টাডা (TADA) আইনে ১৯৯২ইং ২৬শে জানুয়ারী পর্যান্ত কতজনকে গ্রেপ্তার করা হয়েছে ?

ANSWER

Name of the Minister :— Shri Samir Rn. Barman.
Chief Minister,

১। হাঁ।

২। উক্ত আইন ২০শে ডিসেম্বর ১৯৯১ইং হইতে বলবত করা হইয়াছে। ইহাতে মন্ত্রীসভার কোন অনুমোদন নেওয়া হয় নাই ।

৩। এখন পর্য্যন্ত কাহাকেও উক্ত আইনে গ্রেপ্তার করা হয় নাই।

Admitted Starred Question No. 95

Name of the Minister :— Shri Anil Sarkar,

Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to State.

১। ইহা কি সত্য যে মাননীয় গৌহাটী হাইকোর্ট গত ২৭শে নভেম্বর ১৯৯১ইং ত্রিপুরা রাজ্যের গণ্ডাছড়া মহকুমার রতননগর নিবাসী দীননাথ ত্রিপুরা, সাবুজয় ত্রিপুরা, হরবিষ্ণু ত্রিপুরাকে তাদের আত্মীয় স্বজণের হাতে ফিরিয়ে দেওয়ার জন্য রাজ্য সরকারকে নির্দ্দেশ দেন ;

২। যদি সত্য হয় তবে এব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

ANSWER

Name of the Minister :— Shri Samir Ranjan Barman
Chief Minister, Tripura.

১। এইরূপ নির্দ্দেশ সম্পর্কে সরকার অবগত নহেন।

২। প্রশ্ন উঠেনা।

Admitted Starred Question No :— 96

Name of Member :— 1) Shri Matilal Sarkar. 2) Shri Samar Choudhury.

Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to State.

১। ইহা কি সত্য যে, গত ২১শে জানুয়ারী থেকে ৩১শে জানুয়ারী আসাম আগরতলা জাতীয়সড়কে যান চলাচলের উপর এ. টি, টি. এফ নামক উগ্রপন্থী দলের নিশেধাজ্ঞা জারী হয়েছিল !

২। এই অবরোধের ফলে রাজ্যে ক্ষতির পরিমান কত

৩। এই অবরোধের বিরুদ্ধে রাজ্য সরকার কি প্রতিরোধ ব্যবস্থা গ্রহণ করেছিলেন।

৪। ঐ সময়ে যান বাহন ও যাত্রীদের নিরাপত্তার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছিলেন ?

ANSWER

Name of the Minister :— Shri Samir Ranjan Barman.

Chief Minster.

১নং ২নং ৩নং—এ, টি, টি, এফ নামক একটি উগ্রপন্থী সংস্থার স্বঘোষিত সেক্রেটারী জেনারেল জনৈক ভোলানাথ দেববর্মা লিখিত একটি চিঠি দৈনিক সংবাদ পত্রিকায় এই মর্মে প্রকাশ করে যে, গত ২০-১-৯২ইং তারিখ থেকে ৩১-১-৯২ইং তারিখ পর্যান্ত যদি কেহ আসাম আগরতলা রোডে গাড়ী চালায় তবে তাহাদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা গ্রহণ করা হবে।

দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত এই সংবাদের পরিপ্রেক্ষিতে সরকার আসাম-আগরতলা রোডে গাড়ী চলাচলের জন্য নিরাপত্তা মূলক ব্যবস্থাদি হিসাবে টহলদারী ব্যবস্থা জোরদার করে এবং স্থানে স্থানে পুলিশ চৌকি স্থাপন করে। তাহা ছাড়া উক্ত রাস্তায় চলাচল-কারী গাড়ীর মধ্যে এসকর্ট প্রদান করা হয় ফলে কোন প্রকার অপ্রিতিকর ঘটনা ঘটে নাই।

৪। ঐ সময় আসাম আগরতলা রাস্তায় যানবাহন চলাচল করে। কাজেই কোন ক্ষতির প্রশ্ন আসে না।

Admitted Starred Question No. 97

Name of the Member :— Shri Matilal Sarkar.

Will the Hon'ble Minister-in-charge of the Home Deptt. be pleased to State.

১। ইহা কি সত্য যে গত ২৩শে অক্টোবর ১৯৯১ইং ছামনু থানার অন্তর্গত হরিয়ামনি পাড়ার বি, এস, এফ এর হাতে ৮৮জন উগ্রপন্থী ৫১টি আগ্নেয়াস্ত্র সহ গ্রেপ্তার হয়েছিল।

২। যদি গ্রেপ্তার হয়ে থাকে তবে তাদের ছেড়ে দেওয়ার কারণ কি ;

৩। তাদের কাছ থেকে কি কি অস্ত্র উদ্ধার করা হয়েছিল ?

ANSWER

Name of the Minister :— Samir Rn. Barman.

Chief Minister, Tripura.

১। না মহাশয়,

২। প্রশ্ন উঠেনা।

৩। প্রশ্ন উঠেনা।

(QUESTIONS AND ANSWERS)

Admitted Starred Question No. 105

Name of the Member :— Shri Samar Choudhury.

Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to State.

১। ইহা কি সত্য যে ১৯৯১ সালের ২৭শে অক্টোবর ছামনু থানার গোবিন্দবাড়ীতে বি-এস-এফ কর্তৃক ৬১ খানা আগ্নেয়াস্ত্র সহ ধৃত টি-আর-আর-এফ সন্ত্রাসবাদীদের গ্রেপ্তার করে থানায় উপস্থিত করার পর থানার পুলিশ তাদের কোন মামলায় অভিযুক্ত না করে বেকসুর মুক্তি দিয়েছে।

২। আইণতঃ অপরাধীদের কোর্টে সোপর্দ না করার অপরাধে পুলিশ অফিসারদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

ANSWER

Name of the Minister :— Shri Samir Rn. Barman.
Chief Minister, Tripura.

১। ইহা সত্য নহে।

২। প্রশ্ন উঠেনা।

Admitted Starred Question No. 109

Name of the M. L. A. :— Shri Nripen Chakraborty,

Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to State.

১। গত ২২শে ডিসেম্বর ১৯৮৯ইং তারিখে বিলোনীয়া থানায় নগর গ্রামে দুস্কৃতকারীদের হাতে নিহত সুশীল মহাজনের মৃতদেহ আত্মীয়স্বজনের হাতে ফেরত দেবার জন্য গৌহাটী হাইকোর্ট রাজ্যসরকারকে কোন নির্দেশ দিয়েছেন কি না,

২। যদি নির্দেশ দিয়ে থাকেন, তবে রাজ্যসরকার মৃতদেহ ফেরত দিয়েছেন কিনা ?

৩। যদি ফেরত না দিয়ে থাকেন তবে তার কারণ কি ?

ANSWAR

Name of the Minister :— Shri Samir Rn. Barman.
Chief Minister, Tripura

১। না মহাশয়।

২নং ও ৩নং প্রশ্ন উঠেনা।

Adimitted Starred Question No. 110
Name of Member :— Shri Anil Sarkar

Will the Hon'ble Minister-In-Charge of the Home Department be pleased to state.

১। গত ৮ই জুলাই ১৯৯০ইং ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ নির্বাচনে সদর মহকুমার ঈশানপুর হাইস্কুল ভোট কেন্দ্রে সি-পি-আই (এম) এর পুলিং এজেন্ট শ্রীঅরুণ দেব ভোট কেন্দ্রের মধ্যে খুন হওয়ার পর তার মৃতদেহ আত্মীয়স্বজনদের হাতে ফিরিয়ে দেওয়ার দাবীতে রাজ্য সরকারের বিরুদ্ধে গৌহাটি হাইকোর্টে কোন মামলা দায়ের করা হয়েছে কি না ;

২। যদি দায়ের করে থাকেন, তবে ঐ মামলার ফলাফল কি ;

৩। রাজ্য সরকার ঐ মৃতদেহ ফেরত দেবার জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছিলেন ?

ANSWER

Shri Samir Ranjan Barman, Chief Minister,

১। ঈশানপুর নিবাসী অরুন দেবের মা সুকুমারী দেব ভারতের প্রধানমন্ত্রীর নিকট দরখাস্তমূলে অভিযোগ করেন যে তার ছেলে অরুন দেব ৮-৭-৯০ ইং তারিখ এ ডি-সি ইলেকশনের সময় খুন হয় এবং রাজ্য পুলিশ এই ঘটনার সুষ্ঠু তদন্ত করছে না। তিনি এই অভিযোগপত্রের প্রতিলিপি মাননীয় গৌহাটী-হাইকোর্টের চিফ জাষ্টিসের নিকটও প্রেরণ করেন। মাননীয় গৌহাটী হাইকোর্ট এই দরখাস্ত ২০৬ নং সিভিল রুল হিসাবে গ্রহণ করেন।

২। রাজ্য সরকার গৌহাটী হাইকোর্ট থেকে এসম্পর্কে কোন প্রকার আদেশ পান নি।

৩। প্রশ্ন উঠে না।

Admitted Starred Quetion No. 126

Name of the Member :— Shri Matilal Sarkar
Shri Makul Das,

Will the Hon'ble Minister-In-Charge of the Home Deptt. be pleased to state :—

১। গত ১৩ই নভেম্বর, ১৯৯১ ইং ৬ নং আগরতলা বিধানসভা কেন্দ্রের অন্যতম প্রার্থী শ্যামহরী শর্মাকে খুন করার অভিযোগে ১৯৯২ ইং সনের ৩১শে জানুয়ারী পর্যন্ত কয়জন আসামী গ্রেপ্তার হয়েছে; এবং তাদের পরিচয় কি,

২। খুনের কাজে ব্যবহৃত কোন গাড়ী আটক করা হয়েছে কিনা ?

৩। যদি হয়ে থাকে, তবে গাড়ীর মালিক, ড্রাইভার এবং হ্যাণ্ডিম্যানের নাম কি ;

৪। ধৃত ব্যক্তিদের কেউ যদি ছাড়া পেয়ে থাকেন তাদের নাম কি কি ;

৫। এটা কি সত্য যে, সি-বি-আই অফিসারদের সাথে রাজ্য পুলিশ সহযোগিতা করছেনা ?

ANSWER

Name of the Minister :— Shri Samir Ranjan Barman, Chief Minister Tripura.

১। শ্যামহরী শর্মার খুনের অভিযোগে গত ৩১শে জানুয়ারী, ১৯৯২ ইং পর্যন্ত নিম্নোক্ত ৪ (চার) ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে।

ক) শ্রীনারায়ণ দাস পিতা ধনঞ্জয় চন্দ্র দাস, রাধাকিশোরনগর, পূর্ব আগরতলা থানা।

খ) শ্রীমন্টু দাস ওরফে আলিম, পিতা নরেন্দ্রকুমার দাস ওরফে কয়ান মোহম্মদ, সাং কদমতলা, জিলা হাওড়া পশ্চিম বাঙ্গলা।

গ) শ্রীদিলীপ সাহা, পিতা ননীগোপাল সাহা, ধলেশ্বর, পূর্ব আগরতলা থানা।

ঘ) শ্রীশৈলেন বর্মণ, পিতা সূর্যকান্ত বর্মণ, ধলেশ্বর, পূর্ব আগরতলা থানা।

২। খুনের ঘটনায় জড়িত সন্দেহে একটি মারুতী গাড়ী আটক করা হয়েছে।

৩। গাড়ীর মালিকের নাম :— শ্রীদিলীপ দেবনাথ
পিতা উষা রঞ্জন দেবনাথ
শিবনগর, আগরতলা।

ড্রাইভারের নাম :— শ্রীশৈলেন বর্মণ
পিতা সূর্য্যকান্ত বর্মণ
গাড়ীর কোন হ্যাণ্ডিম্যান ছিল না।

৪। গাড়ীর মালিক শ্রীদিলীপ দেবনাথকে মাননীয় গৌহাটী হাইকোর্টের আদেশ মূলে জামিনে মুক্তি দেওয়া হয়।

৫। ইহা সত্য নহে।

Admitted Starred Question No. 127

Name of the Member : Shri Nakul Das

Will the Hon'ble Minister-In-Charge of the Home Department be pleased to state.

১। ইহা কি সত্য যে গত ২৩শে অক্টোবর ১৯৯১ ইং রাতে পূর্ব আগরতলা থানাধীন পশ্চিম প্রতাপগড় ঋষি কলোনীর শ্রী হরিমোহন ঋষিদাস পরিচিত সমাজ-দ্রোহীদের হাতে খুন হন ;

২। যদি সত্য হয়, তবে দুস্কৃতকারীদের গ্রেপ্তার করা হয়েছিল কিনা ;

৩। নিহতের পরিবারকে কোনরূপ আর্থিক সাহায্য কিংবা চাকুরী দেওয়া হয়েছে কি ?

ANSWER

Name of the Minister :— Sri Samir Ranjan Barman
Chief Minister, Tripura.

১। হ্যাঁ মহাশয়।

২। ঘটনার জড়িত সন্দেহে একজনকে গ্রেপ্তার করা হইয়াছে।

৩। যেহেতু নিহতের পরিবারের কেহই সরকারী চাকুরী বা আর্থিক সাহায্যের জন্য কোন প্রকার আবেদন করেন নাই সেহেতু কোন প্রকার আর্থিক সাহায্য বা চাকুরী প্রদান করা হয় নাই। তবে আবেদনের ভিত্তিতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

Assembly Admitted Starred Question No. 130

Name of the Member : Shri Nakul Das

Will be the Hon'ble Minister-In-Charge of the Fisheries Department be pleased to state.

প্রশ্ন নং ১ :— রাজ্যের মৎস্যজীবিদের নৌকা, জাল, জালের সূতা সরবরাহের কোন উদ্যোগ নেওয়া হয়েছিল কিনা,

উত্তর নং ১ :— হ্যাঁ মৎস্যজীবিদের মধ্যে জাল, নৌকা ইত্যাদি সরবরাহের উদ্যোগ নেওয়া হয়েছিল।

প্রশ্ন নং ২ :— যদি নেওয়া হয়ে থাকে তবে কবে নেওয়া হয়েছে এবং তার জন্য লক্ষ্যমাত্রা কি ছিল এবং কতটা সফল হয়েছে।

উত্তর নং ২:— ১৯৬০ইং সাল হইতে এ পর্য্যন্ত প্রতি

ক) বৎসরই মাছ ধরার নৌকা ও জাল মৎস্যজীবি সমবায় সমিতির সদস্যদের মধ্যে পরিকল্পনা অনুযায়ী বিনামূল্যে সরবরাহ করা হইতেছে।

খ) ১৯৭৮-৭৯ইং সাল হইতে ১৯৮৭-৮৮ইং পর্য্যন্ত গরীব মৎস্যজীবিদের মধ্যে বিনামূল্যে জালের সুতা বিতরণ করা হইয়াছে। ইহার পর এই পরিকল্পা বাতিল হয়ে গেছে।

গ) বিগত ৪ বৎসরের লক্ষ্যমাত্রা এবং সাফল্যের খতিয়ান নিম্নে বর্ণিত হইল :—

	১৯৮৮-৮৯		১৯৮৯-৯০		১৯৯০-৯১		১৯৯১-৯২	
	লক্ষ্য মাত্রা	সাফল্য	লক্ষ্য মাত্রা	সাফল্য	লক্ষ্য মাত্রা	সাফল্য	লক্ষ্য মাত্রা	সাফল্য
ছিটাজাল	১৫০০	১৩৪৮	১৫০০	১২০৬	৫০০	৭৫২	১৭৮৫	লক্ষ্যমাত্রা
টানাজাল	—	—	১৮০	৬০	৩০	৩০	৩৮	পুরাপুরী
ফাঁসজাল	—	—	—	—	৩৩৪	৩৩৪	৪০০	অর্জনকরা
নৌকা	—	—	—	--	৪০	৪০	৩৩	হইবে।

প্রশ্ন নং, ৩ :— ঐ রূপ কোন পরিকল্পনা না থাকলে তার কারণ কি, এবং ভবিষ্যতে এরূপ প্রকল্প গ্রহণ করারবিষয়ে সরকার বিবেচনা করবেন কিনা ?

নং, ৩ :— প্রশ্ন উঠেনা।

Admitted Starred Question No. 146

Name of the Member :— Shir Dinesh Debbarma.

Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state.

১। ১৯৮৮ থেকে ১৯৯১ এই চার বছরে সারা রাজ্যে মোট কতটি গ্রামীণ বাজারে বাজার শেড নির্মাণ করা হয়েছে ?

২। ১৯৮৪ থেকে ১৯৮৭ এই চার বছরে সারা রাজ্যে মোট কতটি বাজারে শেড নির্মাণ করা হইয়াছিল ?

ANSWER

MINISTER-IN-CHARGE OF AGRICULTURE

১। ১৯৮৭-৮৮ থেকে ১৯৯০-৯১ আর্থিক বছরে সারা রাজ্যে মোট ৭৯ (উনআশী) টি গ্রামীণ বাজারে বাজার শেড নির্মাণ করা হয়েছে।

২। ১৯৮৩-৮৪ থেকে ১৯৮৬-৮৭ ইং আর্থিক চার বছরে সারা রাজ্যে মোট ১১৩ (একশত তেরটি) বাজারে বাজার শেড নির্মান করা হয়েছিল।

Admitted Starred Question No. 147

Name of Member :— Shri Dinesh Debbarma.

Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state.

১। কেন্দ্রীয় সরকার কৃষকদের সারে ভর্তুকী ছাঁটাইয়ের যে সিদ্ধান্ত নিয়েছেন তার পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে তা পুনর্বিবেচনা করার অনুরোধ করেছেন কিনা,

২। কৃষিকাজে ব্যবহৃত সার ও ঔষধে ১৯৮৭ সালে ভর্তুকীর হার কত ছিল এবং ১৯৯১ ইংরেজীতে কৃষিকাজে ব্যবহৃত সার ও ঔষধে সরকারী ভর্তুকীর হার কত ছিল ?

ANSWER

MINISTER-IN-CHARGE OF AGRICULTURE

১। না

২। ১৯৮৭ইং সনে সরকারী ভর্তুকীর হার —

ক) সারে ক্রয়মূল্যের উপর ২৫ শতাংশ ভর্তুকী এবং পরিবহনের খরচের উপর ১০০ শতাংশ ভর্তুকী দেওয়া হয়।

খ) ঔষধের মূল্যের উপর ৩৩ শতাংশ ভর্তুকী দেওয়া হয়। ১৯৯১ইং সনেও ভর্তুকীর হার ১৯৮৭ সালের মতই বলবৎ ছিল।

Admitted Starred Question No. 148

Name of the M.L.A. :— শ্রীদীনেশ দেববর্মা

Will the Hon'ble Minister-In-Charge of the Animal Husbandry Deptt. be pleased to State.

QUESTION

১। রাজ্য সরকারের পশু পালন দপ্তরের অধিনে ডেয়ারীতে বর্তমানে উৎপাদিত দুধের পরিমান কত,

২। ডেয়ারীর দুধের প্রতি লিটারের দাম কত,

৩। ১৯৮৭ সালে সরকারী ডেয়ারীর দুধের প্রতি লিটারের দাম কত ছিল,

৪। বর্তমানে কতটি দুগ্ধ সমবায় সমিতি আছে এবং তার মধ্যে গত ডিসেম্বর জানুয়ারী মাসে মিল্ক ইউনিয়ন ডেয়ারীকে কি পরিমান দুধ সরবরাহ করেছে ?

ANSWER :— Minister of state Shri Billal Miha

১। বর্তমানে দৈনিক ৬,০০০ লিটার দুগ্ধ উৎপাদিত হয়

২। ডেয়ারীর দুধের প্রতি লিটারের দাম

১। ডবল টোনড্ মিল্ক—টাঃ ৬'৫০

২। স্কিম মিল্ক— টাঃ ৬'০০

৩। বিগত ১৯৮৭ইং সালে দুধের দাম ছিল নিম্নরূপ

১। ডাবল টোনড্ মিল্ক—টাঃ ৩'৪০

২। স্কিম মিল্ক—টাঃ ৩'০০

৪। বর্তমানে ৭৩টি দুগ্ধ সমবায় সমিতি আছে। বিগত ডিসেম্বর ও জানুয়ারী মাসে যথাক্রমে ৬৬,৮১০ কেঃ জিঃ ও ৭৮,৫৭০ কেঃ জিঃ দুধ সমিতি গুলি সরবরাহ করিয়াছে।

ANNEXURE—"B"

Admitted Starred Question No. 3

Name of the Member :— Shri Makhan Lal Chakraborty

Will the Hon'ble Minister-in-charge of the Home Deptt. be pleased to state.

১। গত ১৫ই আগষ্ট থেকে (১৯৯১ইং) এখন পর্য্যন্ত রাজ্যে কতটি খুন, নারী ধর্ষণ, বোমাবাজী, হামলা, সংঘবদ্ধ আক্রমন, ডাকাতি এবং লোটতরাজ ঘটনা ঘটেছে (থানা ভিত্তিক হিসাব) ?

ANSWER

Name of the Minister :— Shri Samir Rn. Barman, Chief Minister, Tripura.

১। ১৯৯১ইং সনে ১৫ই আগষ্ট থেকে গত ৩০-১১-৯১ইং পর্য্যন্ত রাজ্যে সংঘটির খুন, নারী ধর্ষণ, বোমাবাজী, হামলা, সংঘবদ্ধ আক্রমন, ডাকাতি ও লোটতরাজের থানা ভিত্তিক হিসাব নিম্নে দেওয়া গেল।

থানার নাম	খুন	নারী ধর্ষণ	বোমাবাজী	হামলা ও সংঘবদ্ধ আক্রমণ	ডাকাতি	লুঠতরাজ
১	২	৩	৪	৫	৬	৭
টাকারজলা	১	১	—	—	—	—
তেলিয়ামুড়া	৪	—	—	—	১	—
কলমছড়া	—	—	—	—	—	—
খোয়াই	৫	১	১	—	১	—
মেলাঘর	২	—	—	—	—	১
এয়ারপোর্ট	২	—	—	—	১	—
পশ্চিম আগরতলা	৪	—	২	—	—	১
আমতলী	২	—	—	৩	—	২
বাত্রাপুর	১	—	—	—	—	—
কল্যাণপুর	৪	—	—	—	—	—
পূর্ব আগরতলা	৭	১	১	৮	—	১৮
সোনামুড়া	—	—	—	৩	১	—
বিশালগড়	৩	১	২	—	২	৭
সিধাই	৫	—	—	—	৪	—
জিরানীয়	১	১	—	১	১	৩
রাধাকিশোরপুর	৪	২	—	৫	৩	—

		৩			৬	
কিল্লা	—	—	—	—	১	—
বিলোনীয়া	২	১	—	—	—	—
পি, আর, বাড়ী	—	১	—	—	১	—
শান্তির বাজার	—	—	—	—	—	—
বাইখোরা	২	১	—	—	—	—
সাক্রুম	১	২	—	—	—	—
মনুবাজার	—	—	—	—	—	—
অমরপুর	১	—	—	৫	১	—
নুতনবাজার	১	—	—	—	১	—
অম্পি	—	—	—	—	২	—
তইদু	১	—	—	—	১	—
গণ্ডাছড়া	—	—	—	১	১	—
রৈশ্যাবাড়ী	—	—	—	—	৩	—
গঙ্গানগর	১	—	—	—	৩	—
কৈলাশহর	৩	২	—	১	৩	১
ফটিকরায়	৩	২	—	—	—	[illegible]
মনু	১	—	—	—	১	—
ছামনু	২	—	—	২	—	—
কমলপুর	১	—	—	—	২	—
ছালেমা	২	—	—	—	—	১
পানিসাগর	১	২	২	—	—	২
কাঞ্চনপুর	২	—	—	১	১	—
ভাংমুন	১	—	—	—	—	—
আমবাসা	১	১	—	—	১	২
ধর্মনগর	—	১	—	—	২	৪
চোরাইবাড়ী	—	—	—	—	১	১
পেচারথল	—	—	—	—	১	২
	৭২	২০	৬	৩২	৪০	৩১

Admitted Un-Starred Question No. 5

Name of the M. L. A. :— শ্রী মাখনলাল চক্রবর্তী

Will the Hon'ble Minister-in-charge of the A. H. Deptt. be pleased to State.

QUESTION

১। বর্তমানে রাজ্যে ক্যাটেল ফার্মের সংখ্যা কত ;

২। জোট সরকার ক্ষমতায় আসার পর নতুন কোন ক্যাটেল ফার্ম খোলা হয়েছে কিনা ;

৩। যদি খোলা হয়ে থাকে তবে কোথায় খোলা হয়েছে ;

৪। রাধাকিশোরনগর ফার্মটিতে এখন কত হাঁস, কত মোরগ এবং কতটি দুধের গাভী আছে, এবং উক্ত ফার্মটিতে দৈনিক কত হাঁস ও মোরগের ছানা উৎপাদিত হয় ;

৫। চলতি আর্থিক বৎসরে রাজ্যের বাহিরে হাঁস ও মোরগের ছানা বিক্রির জন্য পাঠানো হয়েছে কিনা এবং

৬। যদি পাঠানো হয়ে থাকে তবে এ থেকে রাজ্যের আর্থিক আয়ের পরিমান কত ?

ANSWER

Minister of State :— Shri Billal Miah

১। বর্তমানে রাজ্যে ক্যাটেল ফার্ম একটি।

২। না।

৩। প্রশ্ন উঠে না।

৪। রাধাকিশোরনগর ফার্মটিতে এখন ৬১৮৩টি হাঁস, ৩২৫৪টি মোরগ এবং ৯২টি দুধের গাভী আছে। দৈনিক কোথাও হাঁস বা মোরগের ছানা উৎপাদন করা হয় না, বিগত ১৯৯১ইং এপ্রিল মাস হইতে ১৯৯১ইং এর ডিসেম্বর মাস পর্য্যন্ত এই ফার্মে ১৮,৪৬২টি হাঁসের ছানা উৎপাদিত হয়েছে এবং এই ফার্মে মুরগীর ছানা উৎপাদন করা হয় না।

৫। হ্যাঁ হয়েছে। আন্দামানে হাঁসের ছানা পাঠানো হয়েছে।

৬। এ থেকে রাজ্য সরকারের আর্থিক আয় হয়েছে মং ২০,৮০০ টাকা।

Admitted Un-Starred Question No. 6

Name of the Member :— Shri Makhan Lal Chakrborty.

Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Deptt. be pleased to State

১। এই বৎসর প্রাকৃতিক দুর্যোগে রাজ্যের কত শস্য হানি ঘটেছে, (কৃষক ও জুমিয়া কৃষকের আলাদা আলাদা বিভাগ ভিত্তিক হিসাব)

২। ইহা কি সত্য যে সম্প্রতি আমন ফসলে ব্যপকভাবে পোকার আক্রমণে ব্যপক ফসলের ক্ষতি সাধন হয়েছে ,

৩। ইহাও কি সত্য যে প্রয়োজনীয় কীট নাশক ঔষধসহ প্রয়োজনীয় প্রতিষেধক ঔষধপত্র না থাকার ফলেই এই অবস্থা হয়েছে এবং

৪। সত্য হইলে কৃষকের ক্ষতিপুরণদানে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

ANSWER

Minister-In-Charge of Agriculture Department

১। এই বৎসর (১৯৯১ইং সনে) প্রাকৃতিক দুর্যোগের দরুণ রাজ্যে যে পরিমান শষ্য হানী হয়েছে তার মোট কৃষি মহকুমা ভিত্তিক আনুমানিক হিসাব এই রূপ :—

কৃষি মহকুমার নাম	কৃষিকের উৎপাদিত শষ্যের ক্ষতির পরিমাণ (মে. টন)	জুমিয়া কৃষকের উৎপাদিত শষ্যের ক্ষতির পরিমাণ (মে, টন)	সর্বমোট ক্ষতির পরিমাণ (মে, টন)
১। পানিসাগর	১,৮৬৭	৬৭	১,৯৩৪
২। কাঞ্চনপুর	৮৫০	৮২৪	১;৬৭৪
৩। কুমারঘাট	২,৬৭৪	২৬২	২,৯৩৬
৪। ছামনু	১,০৪৩	৯৫৬	১,৯৯৯
৫। সালেমা	২,৭৯৮	২১৭	৩,০১৫
উত্তর ত্রিপুরা :—	৯,২৩২	২,৩২৬	১১,৫৫৮

৬। খোয়াই	১,০০৮	৮৫	১,০৯৩
৭। তেলিয়ামুড়া	১,৮১৬	২৭০	২,০৮৬
৮। জিরানিয়া	১,০৬০	১১৫	১,১৭৫
৯। মোহনপুর	২,৪৫৭	১৫	১,৪৭২
১০। বিশালগড়	২,১১০	৮৮	২,১৯৮
১১। মেলাঘর	২,০৪৯	৮১	২,১৩০
পশ্চিম ত্রিপুরা :—	১০,৫০০	৬৫৪	১১,১৫৪
১২। উদয়পুর	২,৯১২	৪৮৬	৩,৩৯৯
১৩। অমরপুর	২৫	৩২৩	৩৪৮
১৪। গণ্ডাছড়া	৯৪৩	২৮৬	১,২২৯
১৫। বগাফা	৫৪৯	১৯৭	৭৪৬
১৬। রাজনগর	৭১৯	৩২	৭৫১
১৭। সাতচাঁদ	৩,৯৬২	৭৩	৪,০৩৫
দক্ষিণ ত্রিপুরা :—	৯,১১১	১,৩৯৭	১০,৫০৮
ত্রিপুরা	২৮,৮৪৩	৪,৩৭৭	৩৩,২২০

২। সত্য নয়।

৩। ইহা ও সত্য নয়।

৪ প্রশ্ন উঠেনা।

Admitted Un-Starred Question No. 7

Name of Member :— Shri Makhan lal Chakraborty.

Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to State.

১। রাজ্যে এখন পর্য্যন্ত কত পরিবার কৃষককে শষ্য বিমার আওতায় আনা হয়েছে এবং কত পরিমান ক্ষতিপূরণ দেওয়া হয়েছে। বিভাগ ভিত্তিক হিসাব),

২। এই শষ্য বীমার সম্প্রসারন ঘটিয়ে রাজ্যের প্রতিটি কৃষককে শষ্য বীমার আওতায় আনার উদ্যোগ সরকার গ্রহণ করিবেন কি ?

ANSWER

Minister-In-Charge of Agriculture epartment :— Shri Nagendra Jamatia

১। ১৯৮৫-৮৬ সাল থেকে ১৯৯১-৯২ইং সনের খারিফ খন্দ পর্য্যন্ত রাজ্যে ৩০,১২১ (ত্রিশ হাজার এক শত একুশ) কৃষক পরিবারকে শষ্য বীমার আওতায় আনা হইয়াছে এবং ৬,০৮,২৭৭ (ছয় লক্ষ আট হাজার দুইশত সাতাত্তর) টাকা ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে। কৃষি মহকুমা ভিত্তিক হিসাব

কৃষি মহকুমার নাম	শষ্যবীমার আওতাভুক্ত পরিবারের সংখ্যা	ক্ষতিপূরণের পরিমাণ (টাকা)
১। পানিসাগর	১২৩৭	৪৪
২। কাঞ্চনপুর	৪৪৩	১,৪৩২
৩। কুমারঘাট	৮৭৭৮	৯৯,৫৪৭
৪। ছামনু	৪২৩	১,২৩,৪৯০
৫। সালেমা	৯০৪	৮৪৩
৬। খোয়াই	৪৫৪	১৬,৪৮৬
৭। তেলিয়ামুড়া	৫১৫৭	৮২,৬৯১
৮। জিরানীয়া	২৯৮৬	৩০,৬২৭
৯। মোহনপুর	৬৪৪	৩১,৮৮৪
১০। বিশালগড়	২০১৩	১৫,৯৭৪
১১। মেলাঘড়	১৮৮৪	৪৬,৮০১
১২। মাতারবাড়ী	২৬৯৮	৯৯,৮৮৫
১৩। অমরপুর	৩৯৫	৭,০৬৫
১৪। গণ্ডাছড়া	৫৯	২২৫
১৫। রগাফা	৬১১	৫৪৯
১৬। রাজনগর	৯১১	২,৭০৯
১৭। সাতচাঁন্দ	৫১৪	৪৫,১৭১
	৩০,১২১	৬,০৮,২৭৭

২। শস্য বীমা প্রকল্পটি কেন্দ্রীয় সরকারের প্রকল্প। এই প্রকল্প অনুযায়ী যাহারা আর্থিক প্রতিষ্ঠান হইতে ধান চাষের জন্য ঋণ নিবেন শুধু তাহারাই শষ্য বীমার আওতাভুক্ত হবেন।

Admitted Un-Starred Question No. 8

Name of the M. L. A. :— শ্রী মাখনলাল চক্রবর্তী

Will the Hon'ble Minister-in-charge of the Animal Husbandry Department be pleased to State

QUESTION

১। বর্ত্তমানে দুগ্ধ উৎপাদক সমবায় সমিতির সংখ্যা কত,

২। ঐ সমবায়গুলি হইতে প্রতিদিন কত লিটার দুধ সংগৃহীত হয় এবং এর বন্টন ব্যবস্থা কিভাবে হয়,

৩। এই সমবায় দপ্তরে বর্ত্তমানে কতজন কর্মচারী নিযুক্ত আছেন (নিয়মিত অনিয়মিত ভিত্তিক হিসাব)

৪। তাতে প্রতিমাসে রাজ্য সরকারের খরচ কত ?

৫। উক্ত দুগ্ধ সমবায়গুলি হইতে প্রতিমাসে রাজ্য সরকারের কত আয় হয় (গত ১৯৯০-৯১ ইং আর্থিক বৎসরে প্রতি মাসের আয় ব্যয়ের হিসাব) ?

ANSWER

Minister of State :— Shri Billal Miah.

১। বর্ত্তমানে ত্রিপুরা রাজ্যে মোট ৭৩টি দুগ্ধ উৎপাদক সমবায় সমিতি আছে।

২। ঐ সমবায় সমিতিগুলি হইতে প্রতিদিন ২৩৭৫ কেজি দুধ সংগৃহিত হয় এবং সংগৃহিত দুধের সব যে গুড়ো দুধ মিশিয়ে ডাবল টোনড মিল্ক হিসাবে শহরের ভোক্তাদের নিকট বিভিন্ন বিক্রয় কেন্দ্রের মাধ্যমে বিক্রয় করা হয়। ইহা হাসপাতাল, সোসাল ওয়েল ফেয়ার ইত্যাদি সংস্থাতেও দৈনিক দুগ্ধ সরবরাহের ব্যবস্থা আছে।

৩। উক্ত সমবায় দপ্তরে বর্ত্তমানে ৩৯ জন নিয়মিত এবং ৩১ জন অনিয়মিত কর্মচারী কাজ করেন।

৪। তাতে রাজ্য সরকারের কোন খরচ নেই।

৫। প্রশ্ন উঠে না।

Admitted Un-Starred Question No. 9

Name of the Member :— Shir Subudh Ch. Das

Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state.

১ নং প্রশ্ন :— উত্তর ত্রিপুরার জম্পুই হিলের কোন village (গ্রামে) কতজন এবং গোটা জম্পুই হিলে মোট কতটি কমলালেবু চাষী পরিবার রয়েছে।

২ নং প্রশ্ন :— কমলালেবু চাষ সম্প্রসারণ করার কোন পরিকল্পনা আছে কি এবং

৩ নং প্রশ্ন :— জম্পুই হিলের উপর ফল (কমলালেবু) সংরক্ষণ কেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা আছে কি ?

ANSWER

১ নং উত্তর :— উত্তর ত্রিপুরার জেলার জম্পুই পাহাড়ে কমলাচাষী পরিবারের গ্রাম ভিত্তিক হিসাব নিম্নরূপ :—

১। ভাইসাম—৩০ পরিবার
২। সনচুয়াং—৯৫ ”
৩। সনপুই—১০২ ”
৪। ব্লাকসি—৫৫ ”
৫। ভাংমুন—২১০ ”
৬। ভেলিয়ানা চিপ্—৯০ ”
৭। কাংলা—৩৫ ”
৮। ক্ল্যাংসাঙ—৭৫ ”
৯। সাবুয়াল—৮৫ ”
১০। ফুলদংসাই—৭০ ”

গোটা জম্পুই হিলে বর্তমানে মোট ৭৬৭টি পরিবার কমলাচাষী রয়েছেন।

২ নং উত্তর :— বর্তমানে আর্থিক বছরে পুরাতন কমলালেবু বাগানগুলির সংস্কার ও নূতন প্রদর্শনী ক্ষেত্রের পরিকল্পনা আছে।

৩ নং উত্তর :— বর্তমানে কোন পরিকল্পনা নেই।

Admitted Un-Starred Question No. 16

Name of the Member :— Shri Badal Chowdhury
Shri Rabindra DebBarma

Will the Hon'ble Minister-In-Charge of the Home Deptt. be pleased to state.

১। ১৯৮৮ ইং ২রা ফেব্রুয়ারী থেকে ১৯৯১ ইং ১৫ ডিসেম্বর পর্যন্ত রাজ্যে সংগঠিত খুনের সংখ্যা কতটি ?

২। এ সমস্ত খুনের ঘটনায় কোন থানা এলাকার কতজন খুন হয়েছেন ? (থানা ভিত্তিক তারিখ সহ নিহতের নামের তালিকা) ?

৩। এর মধ্যে কতটি রাজনৈতিক খুন এবং তাতে কতজন খুন হয়েছেন (থানা ভিত্তিক তারিখ সহ নামের তালিকা) ?

৪। রাজনৈতিক খুনের মধ্যে কতটি পরিবারের একজনকে সরকারী চাকুরি দেওয়া হয়েছে (থানাভিত্তিক নামের তালিকা ?

ANSWER

Name of the Member :— Shri Samir Rn. Barman.
Chief Minister, Tripura.

১ নং, ২ নং, ৩ নং ও ৪ নং প্রশ্নের তথ্য সংগ্রহাধীন আছে।

Admitted Un-Starred Question No. 18

Name of the Member :— Shri Badal Chowdhury

Will the Hon'ble Minister-in-charge of the Information, Cultural Affairs and Tourism Department be pleased to State.

প্রশ্ন	উত্তর
১। রাজ্য থেকে প্রকাশিত দৈনিক সংবাদ পত্র সমূহের ১৯৯১ইং ৩০শে নভেম্বর পর্যন্ত দৈনিক প্রকাশিত প্রচার সংখ্যা কত ? (পত্রিকা ভিত্তিক)	১। রাজ্য থেকে প্রকাশিত দৈনিক সংবাদ পত্র সমূহের ১৯৯১ইং ৩০শে নভেম্বর পর্যন্ত দৈনিক প্রকাশিত পত্রিকা সমুহের প্রচার সংখ্যার ৩০/১১/৯১ তারিখ পর্যান্ত তথ্যাদি আর, এন, আই, (রেজিষ্ট্রার অফ নিউজপেপার অফ ইণ্ডিয়া) থেকে পাওয়া যায় নি। সুতরাং সংশ্লিষ্ট তথ্য দেওয়া সম্ভব নয়।
২। কি কি কারণে রাজ্যে প্রকাশিত দৈনিক সংবাদ পত্রগুলির মধ্যে প্রথম শ্রেণী ভূক্ত হওয়া স্বত্বেও 'ডেইলী দেশের কথা' পত্রিকাকে সরকারী বিজ্ঞাপণ দেওয়া হয় না।	২। মাননীয় উচ্চ আদালতে বিষয়টি বিচারাধীন আছে।
৩। ইহা কি সত্যি চিনিকক'পত্রিকাকে সরকারী বিজ্ঞাপণ দেওয়া হয়	'চিনিকক' পত্রিকাকে সরকারী নিয়ম নীতি অনুযারী বিজ্ঞাপণ দেওয়া হয়ে থাকে।

Adimitted Un-Starred Question No. 21

Name of Member :— Shri Badal Choudhury.

Will the Hon'ble Minister-In-Charge of the Home Department be pleased to state.

1. Numbe of rape cases reported to the police in the State from 5th February, 1988 to 31st January, 1992 (Sub-Division wise break-up)
2. How many of these victims are students (Sub-Division wise break up with names and addresses of the victims)
3. And names and addresses of the women these who have been killed after raping during the period noted in the above question No. 1. (Sub-Division wise break-up) ?

ANSWER

Name of the Minister :— Shri Samir Rn. Barman.
Chief Minister Tripura.

Reply to the question No 1

Name of the Sub-Division.		Name of Rape casee.
1. Sadar Sub-Division	—	56 Nos.
2. Khowai Sub-Division	—	14 ,,
3. Sonamura Sub-Division	—	12 ,,
4. Udaipur Sub-Division	—	17 ,,
5. Belonia Sub-Division	—	23 ,,
6. Sabroom Sub-Division	—	5 ,,
7, Amarpur Sub-Divison	—	7 ,,
8. Gandacherra Sub-Division	—	3 ,,
9. Kailashahar Sub-Division	—	33 ,,
10. Dharmanagar Sub-Division	—	28 ,,
11. Kamalpur Sub-Division	—	22 ,,
12. Kanchanpur Sub-Division	—	12 ,,

Reply to the questoin No. 2

Name of the Sub-Division.		Number Name and addressed of the victim students.
1. Sadar Sub-Division	—	1. Smti Anime Shil of Gopinagar P. S.— Bishalgarh.
		2. Smti Anima Choudhury of Champamura.
		3. Smti Jharna Debnath of 2 No. N.C.A. Colony, Madhupur.
		4. Smti Aparna Chakraborty of Jogendranagar.
2. Sabroom Sub-Division	—	1. Smti Mina Nath of Jalafa.
		2. Smti Gita Rani Acharjee of Harina.
3. Gandacherra Sub-Division	—	1. Smti Snaha Lata Das of Harina
4. Kailashahar Sub-Division	—	1. Smti Bani Roy of Chandipur. P. S.— Fatikroy,
		2. Smti Durshe Rani Sen of Asrampalli, P.S.—Fatikroy.
5. Kamalpur Sub-Division	—	1. Smti Kalpana Das of Bhatkswri, P. S.— Salema.
6. Kancanpur Sub-Division	—	1. Smti Sabita Sabdakar of Machmara, P. S.— Kanchanpur.
		2. Smti Aajana Namasudra of Satnala, P. S.— Kanchanpur.
		3. Smti Rajumala Chakma of Bagaicherra, P. S.— Pechartha.

Reply to the question No. 3

Name of Sub-Division		Name address of the victim these who have killed afther dabing.
1. Sadar Sub-Division	—	1. Dipali Bardhan, P. S.— Bishalgarh,
		2. Sabita Debnath of Radhanagar, of Jirania P. S.
		3. Renu Bala Das. P. S.— Kalyanpur,
2. Udaipur Sub-Division	—	1. Dhanjaya Debnath of Tulamura, R. K. Pur P. S.
		2. Archana Das of Laxmipati, R. K. Pur P. S.

Admitted Un-Starred Question No. 72

Name of the Member :— Shri Samar Choudhury.

Will the Hon'ble Minister-in-charge of the Home Deptt. be pleased to state.

১। ১৯৯১ সালের ২১শে মে রাজীব গান্ধীর নৃশংস হত্যার ঘটনার পর রাজ্যে সন্ত্রাস, লুটপাট, গৃহে অগ্নিসংযোগ, বে-আইনী বলপ্রয়োগ সম্পত্তি দখল, জমির ধান কেটে নেওয়া ইত্যাদির দ্বারা কত সংখ্যক লোক ক্ষতিগ্রস্ত হয়েছে এবং ক্ষতিগ্রস্তদের সরকারী তদন্ত দ্বারা ক্ষতির পরিমাণ নির্ধারণ করা হয়েছে কি না ;

২। হয়ে থাকলে সরকার ক্ষতিপূরণের কি ব্যবস্থা গ্রহণ করেছেন।

ANSWAR

Name of the Minister :— Shri Samir Rn. Barman.
Chief Minister, Tripura

১নং ২নং :— তথ্য সংগ্রহাধীণ আছে।

PAPERS LAID ON THE TABLE
(QUESTIONS AND ANSWERS)

Admitted Un-Starred Question No. 48

Name of Member :— Shri Samar Choudhury.

Will the Hon'ble Minister-in-charge of the Law Department be pleased to State.

১। ১৯৮৭ ডিসেম্বর শেষে রাজ্যের কোন স্তরের বিচারালয়ে কত সংখ্যক পুলিশ গ্রাহ্য মামলা বিচারাধীন ছিল, ইহাদের মধ্যে খুন, নারী ধর্ষণ, গৃহে অগ্নিসংযোগ এবং খুনের জন্য আক্রমণের অপরাধে মামলার সংখ্যা কত।

২। ১৯৯২ জানুয়ারীতে কোন স্তরের বিচারালয়ে কত সংখ্যক পুলিশ গ্রাহ্য মামলা বিচারাধীন রয়েছে এবং মোট অভিযুক্তের সংখ্যা কত।

৩। কত সংখ্যক খুন, নারী ধর্ষণ, গৃহে অগ্নি সংযোগের অপরাধ সংক্রান্ত মামলা ১৯৮৮ ফেব্রুয়ারী থেকে ১৯৯২ জানুয়ারী পর্য্যন্ত সময়ে পাবলিক প্রসিকিউটর কর্তৃক প্রত্যাহার করে নিয়ে অভিযুক্তদের মুক্তি দেওয়া হয়েছে।

উত্তর

১, ২, ৩, তথ্য সংগ্রহাধীন

Admitted Un-Starred Question No. 49

Name of the Member :— Shri Samar Choudhury.

Will the Hon'ble Minister-In-Charge of the Home Department be-pleased to state.

১। ইহা কি সত্য যে মেলাঘর থানা জুমের ঢেপা গ্রামের অতুল ভৌমিককে গত ১১ জুন ১৯৮৫ খুনের অভিযোগে সেসন কোর্টে মামলায় সেই গ্রামের খোকন দেবনাথের যাবজ্জীবন কারাদণ্ড হয়েছে এবং গৌহাটী হাইকোর্টে আপীল করার দৌলতে ১৯৮৮ থেকে সে জামীণে মুক্ত রয়েছে ; এবং

২। ইহা কি সত্য যে জামীণে মুক্ত থাকা অবস্থায় এই গ্রামেরই রণ্টু দত্তকে গত ১লা মে ১৯৮৯ খুন করার অভিযোগে পুণরায় খোকন দেবনাথ অভিযুক্ত হয়েছে।

৩। ইহা কি সত্য যে জামীনে মুক্ত থাকা অবস্থায় এই সমাজ বিরোধী জুমেরঢেপা এবং লক্ষণঢেপা গ্রামে নারী ধর্ষণ, গৃহে অগ্নিসংযোগ ইত্যাদি ১২টির বেশী পুলিশ গ্রাহ্য অপরাধে অভিযুক্ত হয়েছে ;

৪। যদি সত্য হয় তবে তার বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

ANSWER

Name of the Minister :— Shri Samir Ranjan Barman,
Chief Minister Tripura.

১। হঁ্যা ইহা সত্য যে জুমেরঢেপা গ্রামের হরেন্দ্র দেবনাথের ছেলে শ্রীখোকন দেবনাথ সোনামুড়া থানায় দায়েরকৃত ভারতীয় দণ্ডবিধির ১৪৮/১৪১/৪৪৭/৩০২ ধারায় মোকাদ্দমা নং ৫৭/৮২ পরিপ্রেক্ষিতে গত ১-৬-৮৭ইং তারিখ মাননীয় এডিশনাল সেসন জাজ কোর্ট থেকে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত হয়। কিন্তু বর্তমানে সে মাননীয় গৌহাটী হাইকোর্টের আদেশমূলে জামিনে মুক্ত আছে।

২। ইহা সত্য নহে। তবে জনৈক রন্টু দত্তের খুনের অভিযোগে সোনামুড়া থানায় দায়েরকৃত ভারতীয় দণ্ডবিধির ২৯৬/৩১৭ ধারায় মোকদ্দমা নং ২(৫)৮৯ পরিপ্রেক্ষিতে শ্রীখোকন দেবনাথকে গত ২২-৫ ৮৯ইং তারিখ গ্রেপ্তার করা হয়। এই মোকদ্দমার পরিপ্রেক্ষিতে শ্রীবিমল দেবনাথ, প্রহ্লাদ দেবনাথ এবং রানা বিশ্বাস এর বিরুদ্ধে চার্জশীট দাখিলের মাধ্যমে মোকদ্দমাটির নিষ্পত্তি ঘটে। কিন্তু উক্ত মোকদ্দমায় শ্রীখোকন দেবনাথের জড়িত থাকার কোন প্রমাণ পাওয়া যায় নাই।

৩নং ও ৪নং :— হঁ্যা ইহা সত্য যে জামীনে মুক্ত থাকা অবস্থায় শ্রীখোকন দেবনাথ সোনামুড়া ও মেলাঘর থানায় দায়েরকৃত নিম্নলিখিত ১২টি অভিযোগে জড়িত ছিল :—

১ সোনামুড়া থানায় দায়েরকৃত মোকাদ্দমানং ১(৪)৮৮ ভারতীয় দণ্ডবিধির ১৪৮/১৪৯ ৪৪৮/৩২৩/৪৩৬ ধারা।

২। " " " " নং ২৩(১)৮৮, ভারতীয় দণ্ডবিধির ১৪৩/৪৪৮/৩৮০ ধারা

৩। " " " " নং ১৬(২)৮৯, ভারতীয় দণ্ডবিধির ১৪৮/১৪১/৩২৫ ধারা

৪। " " " " নং ১৫(৩)৮৯, ভারতীয় দণ্ডবিধির ৪৫৪/৩৮০ ধারা

৫। " " " " নং ৬(১০)১০, ভারতীয় দণ্ডবিধির ৪৫৭/৩৫৬/৫১১/৫০৬ ধারা

৬। " " " " নং ২১(৬)৮৮, ভারতীয় দণ্ডবিধির ৩০১/৩২৩/৫০৬/৪২৭

...contd

৭। সোনামুড়া থানায় দায়েরকৃত মোকদ্দমা নং নং ১(৫)৮৮, ভারতীয় দণ্ডবিধির ১৪৮/১৪৯/৪০৮/৩২৩/৪৩৬ ধারা

৮। ” ” ” ” নং ৪(৯)৮৮, ভারতীয় দণ্ডবিধির ১৪৮/১৪৯/৩২৩/৩৪১/৩৪৭/৩৯০/৩৯৭ ধারা

৯। ” ” ” ” নং ২৩(১০)৮৮, ভারতীয় দণ্ডবিধির ১৪৩/৪৪৮, ৩৮০ ধারা

১০। ” ” ” ” নং ৫(৫)১০, ভারতীয় দণ্ডবিধির ৩১৭/৪৭৭ ধারা

১১। মেলাঘর থানায় দায়েরকৃত মোকদ্দমা নং ২(৭)৯০, ভারতীয় দণ্ডবিধির ১৪৮, ১৪৯ ৩২৩ এবং বিস্ফোরক আইনের ৩ ধারা ও অস্ত্র আইনের ২৭ ধারা

১নং হইতে ১০নং মোকদ্দমা ফাইন্যাল রিপোর্ট দাখিলের পরিপ্রেক্ষিতে নিস্পত্তি ঘটে। মেলাঘর থানায় দায়েরকৃত মোকদ্দমার পরিপ্রেক্ষিতে শ্রীখোকন দেবনাথ ও অন্যান্য ৯জনের বিরুদ্ধে চার্জশীট দাখিলের মাধ্যমে মোকদ্দমাটির নিস্পত্তি ঘটে।

Admitted Un-Starred Question No. 50

Name of Membear :— Shri Samar Chowdhury

Will the Hon'ble Minister-in-charge of the Low Deptt. be pleased to state.

১। ১৯৮৮ ফেব্রুয়ারী থেকে ১৯৯২ জানুয়ারী পর্যন্ত সময়ে পুলিশ গ্রাহ্য অপরাধের ঘটনায় কত সংখ্যক মামলা থানা থেকে প্রেরিত হয়ে বিচারের জন্য কোর্টে নথিভুক্ত হয়েছে অপরাধের শ্রেণী ভিত্তিক মামলার সংখ্যা।

২। পুলিশ ইনভেষ্টিগেশনের পর কোর্ট কত সংখ্যক চার্জশীট এবং কত সংখ্যক ফাইন্যাল রিপোর্ট পেয়েছে।

৩। অপরাধের শ্রেণী ভিত্তিক অভিযুক্ত ব্যক্তির সংখ্যা।

৪। চার্জশীটের মামলা সমূহের কত সংখ্যক বিচার সম্পন্ন হয়েছে এবং কত ব্যক্তির শাস্তি হয়েছে ?

উত্তর

১, ২, ৩, ৪ :— তথ্য সংগ্রহাধীন

Admitted Un-Starred Question No. 54

Name of the Member : – Shir Samar Chowdhury

প্রশ্ন

১। ১৯৮৮-৮৯ সালে রাজ্যের Per Capita State Income কত ছিল ?

২। গত চার বছরে এই Income কিরূপে বেড়েছে · (বৎসর ভিত্তিক হিসাব)

৩। ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২ বছরে Per Capita Income এর মধ্যে কৃষি এবং শিল্প ক্ষেত্রের অংশ কত ছিল ?

উত্তর

১। ১৯৮৮-৮৯ সালে ত্রিপুরা রাজ্যে Per Capita State Income নিম্নে দেওয়া হল।

ক) চলতি মূল্যানুসারে (At current Price) ১৯৮৮-৮৯ ২৭২২ (টাকা)

খ) ১৯৮০-৮১ মূল্যানুসারে (At constant price) ১৫৩২

২। গত চার বছরের মধ্যে ১৯৮৮-৯০ সালে ত্রিপুরা রাজ্যে Per capita state Income কিরূপ বেড়েছে তার বৎসর ভিত্তিক হিসাব নিম্নে দেওয়া হল। ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২ সালগুলির রাজ্য ভিত্তিক প্রয়োজনীয় সমস্ত ও বিভিন্ন দপ্তর হইতে সংগৃহীত হইতেছে।

ক) চলতি মূল্যানুসারে (At Current Prices)	১৯৮৮-৮৯ (টাকা ২৭২২	১৯৮৯-৯০ (টাকা) ২৮৬৬ (আনুমানিক)
খ) ১৯৮০-৮১ মূল্যানুসারে (At Constant Prices)	১৫৩২	১৬১১

৩। যেহেতু ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২ সালের রাজ্য ভিত্তিক প্রয়োজনীয় সমস্ত তথ্য বিভিন্ন দপ্তর হইতে এখনও সংগৃহীত হইতেছে, তাই কৃষি ও শিল্প ক্ষেত্রের অংশ নির্ণয় করার কাজ এখনও সম্পন্ন হয় নাই।

Admitted Un-Starred Question No. 60

Name of the Member :— Shri Makhanlal Chakraborty

Will the Hon'ble Minister-in-charge of the Information, Cultural Affairs and Tourism Department be pleased to State :

প্রশ্ন	উত্তর
১। রাজ্যে তথ্য কেন্দ্রের সংখ্যা কত ? (বিভাগ ভিত্তিক আলাদা হিসাব ও স্থানের নাম)	৩৯টি। বিভাগ ভিত্তিক হিসাব ও স্থানের তালিকা সঙ্গে দেওয়া হলো।
কল্যাণপুর তথ্য কেন্দ্রটির অচলাবস্থা দূর করিতে সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন কি ?	২। কল্যাণপুর তথ্য কেন্দ্রের অচলাবস্থার সংবাদ জানা নেই।
৩। রাজ্যের যে সমস্ত উপতথ্য কেন্দ্রগুলি ছিল তার বিলীন হয়ে যাওয়ার কারণ কি ?	৩। রাজ্যে বর্তমানে ৪২২টি উপতথ্য কেন্দ্র আছে। বিলীন হওয়ার প্রশ্ন উঠে না।
৪। সুস্থ সংস্কৃতির পরিবেশ গড়ে তুলতে সরকার এই তথ্য উপতথ্য কেন্দ্রগুলিকে আরও সম্প্রসারিত করার পরিকল্পনা গ্রহণ করিবেন কি ?	৪। উপতথ্য কেন্দ্র সংস্কৃতি বিকাশের মাধ্যম নয়।

LIST OF INFORMATION CENTRES

WEST TRIPURA DISTRICT

1. Information Centre, Agartala West Tripura.
2. Information Centre, T.R.T.C. Agartala. West Tripura.
3. Information Centre, Assam-Agartala Road, Dhaleswar, West Tripura.
4. Information, Bardowali, Agartala, West Tripura.
5. Information Centre, Jute Mill, PO. O.N.G.C. Agartala, West Tripura.
6. Information Centre, Bishalgarh, West Tripura.
7. Information Centre, Golaghati, West Tripura.
8. Information Centre, Melaghar, P.O. Melaghar, West Tripura.
9. Information Centre, Sonamura P.O. Sonamura, West Tripura.
10. Information Centre, Mohanpur, P.O. Mohanpur, West Tripura.
11. Information Centre, Jirania, P.O. Jirania, West Tripura.
12. Information Centre, Champaknagar, P.O. Champaknagar, West Tripura.
13. Information Centre, Jampuijala, P.O. Jampuijala, West Tripura.
14. Information Centre, Teliamura, P.O. Teliamura, West Tripura.
15. Information Centre, Kalyanpur, P.O. Kalyanpur, West Tripura.
16. Information Centre, Khowai, P.O. Khowai, West Tripura.

SOUTH TRIPURA DISTRICT

17. Information Centre, Udaipur, South Tripura.
18. Information Centre, Kakraban, PO. Kakraban, South Tripura.
19. Information Centre, Shantirbazar, PO. Shantirbazar, South Tripura.
20. Information Centre, Belonia, PO. Belonia, South Tripura.
21. Information Centre, Barpathari, PO. Barpathari, South Tripura.
22. Information Centre, Jolaibari, PO. Jolaibari, South Tripura.
23. Information Centre, Manubazar, PO. Manubazar, South Tripura.
24. Information Centre, Sabroom, PO. Sabroom, South Tripura.
25. Information Centre, Amarpur, PO. Amarpur, South Tripura.
26. Information Centre, Nutanbazar, PO. Nutanbazar, South Tripura.
27. Information Centre, Gandacherra, PO. Gandacherra, South Tripura.
28. Information Centre, Ompinagar, PO. Ompinagar, South Tripura,

NORTH TRIPURA DISTRICT

29. Information Centre, Kamalpur, PO. Kamalpur, North Tripura.

30. Information Centre, Salema, PO. Salema, North Tripura.

31. Information Centre, Ambassa, PO. Ambassa, North Tripura.

32. Information Centre, Kumarghat, PO. Kumarghat, North Tripura,

33. Information Centre, Kadamtala, PO. Kadamtala, North Tripura.

34. Information Centre, Dharmanagar, PO. Dharmanagar, North Tripura.

35. Information Centre, Kailashahar PO. Kailashahar, North Tripura.

36. Information Centre, Panisagar, PO. Panisagar, North Tripura.

37. Information Centre, Kanchanpur, PO. Kanchanpur, North Tripura.

38. Information Centre, Chamanu, PO. Chamanu, North Tripura,

39. Information Centre, Chailengta, PO. Chailengta, North Tripura.

Admitted Un-Starred Question No. 69

Name of the Member :— 1. Shri Nakul Das.
2, Shri Tarani DebBarma

Will the Hon'ble Minister-In-Charge of the Home Deptt. be pleased to state.

১। রাজ্যে বর্তমানে মন্ত্রী বিধায়ক ও অন্যান্য ভি-আই, পি, দের নিরাপত্তা খাতে মাসিক খরচের পরিমান কত ;

২। মন্ত্রী বাদে কোন কোন বিধায়কের বাড়ীতে বর্তমানে হাউস গার্ড আছে ;

৩। কোন কোন বিধায়ক গাড়ীতে চলার সময় পুলিশ এসকর্ট ব্যবহার করেন ?

ANSWER

Name of the Minister :— Shri Samir Rn. Barman. Chief Minister, Tripura.

১নং ২নং ৩নং :— তথ্য সংগ্রহাধীণ আছে

Admitted Un-Starred Question No. 70

Name of the Member :— Shri Brajamohan Jamatia.

Will the Hon'ble Minister-in-charge of the FisheriesDepartment be pleased to state.

১নং প্রশ্ন: – বর্ত্তমানে রাজ্যে উৎপাদিক মাছের পরিমাণ কত।

উঃ — বর্ত্তমানে অর্থাৎ ১৯৯১ সালের জানুয়ারী হইতে ১৯৯১ইং সালের ডিসেম্বর পর্য্যন্ত রাজ্যে মাছের উৎপাদন ২২,৫০০ মে,টন।

২নং প্রশ্ন :— এই পরিমান ১৯৮৭ সালে উৎপাদিক মাছের পরিমানের চেয়ে কত বেশী বা কম।

উঃ —এই পরিমান ১৯৮৭ সনের জানুয়ারী হইতে ১৯৮৭ সনের ডিসেম্বর পর্য্যন্ত উৎপাদিত মাছের চেয়ে ৮৫৮৮ মে,টন বেশী।

৩নং প্রশ্ন :— ১৯৮৮-৮৯; ৮৯-৯০, ৯০-৯১ এই তিন অর্থ বছরে রাজ্য সরকারের তরফ থেকে মৎস্য-জীবিদের মাছচাষে কি কি ধরনের সাহায্য দেওয়া হয়েছে (সাহায্য প্রাপ্তদের নাম, ঠিকানা ও প্রাপ্ত সাহায্যের পরিমাণ সহ হিসাব);

উঃ—উক্ত তিন বৎসরে গরীব মৎস্যচাষীদের মাছ উৎপাদন করার জন্য ভর্তুকী হিসাবে পুকুর খনন, মিনি ব্যারেজ, মাছের পোনা, সার, চুন, জাল, নৌকা ইত্যাদি বিতরণ করা হইয়াছে (প্রাপকদের নামের তালিকা ও প্রাপ্ত সাহায্যের বিবরণ সংগৃহিত অবস্থায় আছে।

৪নং প্রশ্ন :— বর্ত্তমানে রাজধানী শহরে নির্দ্ধারিত দামে সরকারী ব্যবস্থাপনায় নাগরিকদের মাছ যোগা-নোর ব্যাবস্থা চালু আছে কি ?

উঃ না, তবে সরকারের তরফ হইতে মাছ সংগ্রহ করিয়া ত্রিপুরা শীর্ষ (Apex) মৎস্য সমবায় সমিতির মাধ্যমে রাজধানী শহরে সরকারী নির্দ্ধারিত মূল্যে নাগরিকদের মাছ যোগানোর ব্যাবস্থা চালু আছে।

QUESTION

Admitted Un-Starred Question No. 71

Name of the M.L.A. — Shri Brajamohan Jamatia

Will the Hon'ble Minister-In-Charge of the Animal Husbandry Deptt. be pleased to State.

১। রাজ্যের সরকারী হাঁসমুরগী পালন কেন্দ্রগুলিতে মাসে কি পরিমাণ ডিম উৎপন্ন হয়,

২। আর, কে, নগর পশুপালন খামারে বর্তমানে কত সংখ্যক দুগ্ধবতী গাভী, ষাঁড়, মহিষ, হাঁস ও মুরগী রয়েছে (আলাদা হিসাব)।

৩। এই খামারের জন্য ১৯৯১-৯২ সালে দপ্তরের বরাদ্দকৃত অর্থের পরিমান কত ছিল এবং

৪। বরাদ্দকৃত অর্থের মধ্যে কি পরিমাণ অর্থ খামারের উন্নয়নের কাজে ব্যয় করা হয়েছে ?

ANSWER

Minister of State :— Shri Billal Miah.

১। রাজ্যে সরকারী হাঁস ও মুরগী পালন কেন্দ্রগুলিতে গড়ে মাসে যথাক্রমে ৯,৩৫৫ ও ৪৪,৯৯৫টি ডিম উৎপাদিত হয় ,

২। আর, কে, নগর পশুপালন খামারে বর্তমানে দুগ্ধবতী ৪১ টি, ষাঁড়-২০টি, হাঁস-৪,৪৬১টি ও মুরগী-২, ২৬৯টি রয়েছে। এই খামারে কোন মহিষ পালন করা হয় না।

৩। এই খামারের জন্য ১৯৯১-৯২ সালে দপ্তরের বরাদ্দকৃত অর্থের পরিমাণ ছিল মং ৩৭,৭৭ লক্ষ টাকা

৪। বরাদ্দকৃত অর্থের মধ্যে খামারের উন্নয়নের জন্য মং ২০,৪৪ লক্ষ টাকা জানুয়ারী ১৯৯২ইং পর্যন্ত ব্যয় করা হয়েছে।

Admitted Un-Starred Question No. 76

Name of Member :— Shri Samar Choudhury.

Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state.

১। ধান চাষে উন্নতমানের বীজ রাজ্যে বর্তমানে কত উৎপাদিত হয় এবং ১৯৯১ বৎসরে এই বীজের চাহিদা কত ছিল,

২। ১৯৮৮ থেকে ১৯৯২ কোন আর্থিক বৎসরে এই বীজ উৎপাদনের জন্য কত খরচ করা হয়েছে এবং রাজ্যের বাইরে থেকে আমদানি করায় কত খরচ করা হয়েছে,

৩। কত সংখ্যক কৃষক উন্নতমানের বীজ চাষের কাজে ব্যবহার করেন।

ANSWER

Minister-In-Charge of Agriculture Department.

১। ধান চাষে উন্নতমানের বীজ (H.Y.V.) রাজ্যে বর্তমানে ১৮৬,৪ মে, টন উৎপাদিত হয়।

১৯৯১ইং বৎসরে এই বীজের চাহিদা ছিল ১৬০০ মে, টন।

২। ১৯৮৮ইং থেকে ১৯৯২ইং বছরে এই বীজ উৎপাদনের জন্য যে টাকা খরচ করা হয়েছে এবং রাজ্যের বাইরে আমদানী করায় যে খরচ হয়েছে তার বছর ভিত্তিক হিসাবের রূপ—

সাল	রাজ্যে উৎপাদিত বীজের জন্য খরচ	বাইরে থেকে আমদানী করার খরচ
১৯৮৮-৮৯	৬,৮৪,০০০ টাকা	৫৮,৬৬,০০০ টাকা

১	২	৩
১৯৮৯-৯০	৯,৭৭,০০০ টাকা	৩৮,৪৪ ০০০ টাকা
১৯৯০-৯১	৭.৭৪,০০০ টাকা	৬৭,৮৪,০০০ টাকা
১৯৯১-৯২	১৯৯২ মার্চ মাসে	৪৭,৫৯,০০০ টাকা

৩। দুই লক্ষ ছয় হাজার নয় শত পঞ্চান্ন হেক্টর ধান চাষের জমিতে উন্নতমানের (H.Y.V.) বীজ ব্যবহার হয়। মোট ধান চাষের জমির প্রায় শতকরা ৭৫ ভাগ জমিতে উন্নতমানের বীজ ব্যবহার হয়।

Adimitted Un-Starred Question No. 77

Name of Member :— Shri Samar Choudhury.

Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Deptt. be pleased to State.

১। রাজ্যে মার্জিনাল ও স্মল ফার্মারের সংখ্যা ১৯৮১ বৎসরে কত ছিল এবং ১৯৯১ বৎসরে এই সংখ্যা কত কমেছে অথবা বেরেছে।

ANSWER

Minister-In-Charge of Agriculture Department

১। রাজ্যে মার্জিনাল ও স্মল ফার্মারের সংখ্যা ১৯৮০-৮১ সনে যথাক্রমে ২, ১০, ৯৮৪ ও ৬১, ৪৮৬ ছিল।

১৯৯০-৯১ সনের তথ্য সংগ্রহাধীন আছে।

Admitted Un-Starred Question No. 79

Name of Member :— Shri Samar Choudhury.

Will the Hon'ble Minister-in-charge of the Law Department be pleased to State.

১। কোন কোন সংস্থার চেয়ারম্যান পদে এম, এল, এদের বিশেষ নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে ;

২। মোবাইল এককৃট সিকিউরিটি সহ অন্যান্য কি কি নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে এবং ১৯৮৮ ফেব্রুয়ারী থেকে ১৯৯২ জানুয়ারী এই নিরাপত্তার জন্য কত টাকা খরচ হয়েছে।

ANSWER

Name of the Minister :— Shri Samir Rn. Barman. Chief Minister Tripura.

১, ২, তথ্য সংগ্রহাদিন আছে।

Admitted Un-Starred Question No. 84

Name of the Member :— Shri Samar Choudhury.

Will the Hon'ble Minister-In-Charge of the Home Department be pleased to state.

প্রশ্ন

১। ত্রিপুরায় ১৯৮৭ইং সনে Net Cropped area কত ছিল এবং তারমধ্যে কত জমিতে double Crop ও Tripple করা হয়েছিল ;

২। ১৯৯১ইং সনে সকল Crope area কত বেড়েছে অথবা কমেছে ?

উত্তর

১। ত্রিপুরায় ১৯৮৭ ৮৮ইং সনে Net Cropped area ছিল ২,৬৫,৪৪০ হেক্টর তারমধ্যে একাধিক ফসলের আওতাভুক্ত জমির পরিমাণ ছিল ১,৬১,৪৬৩ হেক্টর,

২। ১৯৯১-৯২ইং সনের Cropped area চুড়ান্ত হবে ৯২ সনের মার্চ মাসের শেষে তবে এই বছরের জন্য Net Crooed area-এর লক্ষ্যমাত্রা ২,৯০,০০০ হেক্টর এবং একাধিক ফসলের লক্ষ্যমাত্রা ২,০০,৪০০ হেক্টর এবং লক্ষ্যমাত্রা পূরণ হবে বলে আশা করা যায়।

Admitted Un-Starrd Question No. 86

Name of Member :— Shri Dinesh Debbarma.

Will the Hon'ble Minister-in-charge of the Election Department be pleased to State.

১। ইহা কি সত্য যে রাজ্যে বে-আইনিভাবে অনুপ্রবেশকারী বাংলাদেশী নাগরিক যাদের নাম ভোটার লিষ্টে অন্তর্ভুক্ত হয়েছে তাদের নাম ভোটার লিষ্ট থেকে বাতিল করার জন্য ১৯৮৯-৯০ এবং ১৯৯০-৯১ বছরে সি, পি, আই (এম) এর পক্ষ থেকে ত্রিপুরায় চিফ ইলেকটোরেল অফিসারের নিকট নামের তালিকা উপস্থিত করা হয়েছিল ?

২। যদি সত্য হয়ে থাকে তবে ঐ নামের তালিকা বাতিল করার জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে ?

উত্তর

১। হ্যাঁ

২। ইলেকটোরেল রেজিষ্ট্রেশন অফিসারগণ (মহকুমা শাসকগণ) অযোগ্য ভোটারের নাম ভোটার লিষ্ট হইতে বিধিমত অপসৃত করেছেন।

STATEMENT SHOWING THE ACTION TAKEN BY THE RESPECTIVE ELECTORAL REGISTRATION OFFICERS ON THE COMPLAINT MADE BY SHRI NRIPEN CHAKRABORTY AND ON THE M.L.A. REPORT REGARDING INCLUSION BANGLADESH NATIONALS IN THE ELECTORAL ROLLS.

Name of Sub-Division	No. of Banladesh National entered in theElectoral Rolls as per complaint made by Shri Nripen Chakraborty.	No. of Banladesh Nationals entered in the Electoral Rolls as per report of M. T. F.	Whether the alleged persons are ADC area on Non-ADC area.	No. of names Deleted from the Electoral Rolls by the Elector Kegistration officer Sub-Divisinal officer.
1	2	3	4	5
1) Sonamura	290	228	Residing in Non-ADC Area.	221
2) Belonia	54	68	—do—	32
3) Sabroom	118	94	—do—	68
4) Kamalpur	48	48	—do—	28
5) Kailasahar	125	87	—do—	52
6) Dharmanagar	35	32	—do—	9

Admitted Starred Question No. 91

Name of the Member :— Shri Rabindra Debbarma.

Will the Hon'ble Minister-In-Charge of the Home Department be pleased to state.

১। রাজ্যের পুলিশ দপ্তরে কর্মচারীর সংখ্যা কত ;

২। তার মধ্যে এস. টি, ও এস, সি সংখ্যা কত ;

৩। এস, টি এবং এস, সি অফিস কর্মচারীদের প্রমোশনের ক্ষেত্রের কি কি যোগ্যতা দরকার ;

৪। ইহা কি সত্য পুলিশ দপ্তরে বহু কর্মী পরীক্ষা দেওয়া সত্বেও এখনও প্রমোশন হয় নাই ?

ANSWER

Name of the Minister :— Shri Samir Ranjan Barman,
Chief Minister Tripura.

১, ২, ৩, ৪ — তথ্য সংগ্রহাধীন আছে

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE CONSTITUTION OF INDIA.

The Assembly met in the Assembly House, Agartala, on Friday, the 21st February, 1992 at 11-00 A. M.

PRESENT

Shri Jyotirmoy Nath, Speaker, in the Chair. The Chief Minister, ten Ministers and 39 Members.

QUESTIONS & ANSWERS

Mr. Speaker :— আজকের কার্য্যসূচীতে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় কর্তৃক উত্তর প্রদানের জন্য প্রশ্নগুলি সদস্যগণের নামের পার্শ্বে উল্লেখ করা হয়েছে। আমি পর্য্যায়ক্রমে সদস্যদের নাম বললে তিনি তাঁর নামের পার্শ্বে উল্লেখিত যে-কোন নাম্বার জানাবেন এবং সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহোদয় উত্তর দেবেন। শ্রীরতনলাল ঘোষ।

শ্রীরতনলাল ঘোষ (খয়েরপুর) :— অ্যাডমিটেড স্টার্ড কোয়েশ্চান নং—২।

শ্রীসমর চৌধুরী (ধনপুর) :— স্যার, আমরা এখানে কোন মিনিস্টার দেখতে পাচ্ছি না। কে উত্তর দেবেন? আমরা কোন বুলেটিন পাই নি।

(গণ্ডগোল)

মিঃ স্পীকার :— আপনারা আমার কাছে প্রশ্ন করেছেন। চুপ না করলে আমার উত্তর কি করে শুনবেন?

Mr. Speaker :—He is empowered, because the Chief Minister informed me that in absence of the Chief Minister or Leader of the House he would act as the Chief Minister or Leader of the House.

Mr. Samar Chaudhury :— Who ?

Mr. Speaker :— Shri Nagendra Jamatia.

শ্রীসমর চৌধুরী :— ঠিক আছে। নগেন্দ্রবাবু যদি সব প্রশ্নের উত্তর দেন তা ভাল। আপনি আমাদের কাছে সেই বুলেটিন ইস্যু করুন। এটা প্রসিডিউর। মাননীয় স্পীকার যদি পেয়ে থাকেন অল রাইট। কিন্তু ইট স্যুড বী ইস্যুড্।

মিঃ স্পীকার :— আমি যেখানে চেয়ারে আছি এবং বলছি, এটাই বুলেটিন।

(গণ্ডগোল)

শ্রীসমর চৌধুরী :— স্যার, এখানে আমরা দেখতে পাচ্ছি, বেশ কিছু ডিপার্টমেন্টের প্রশ্ন আছে। সবগুলি প্রশ্নের উত্তরই কি নগেন্দ্রবাবু দেবেন ?

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) :—আমাকে যখন আজ এই সময়ে চীফ মিনিস্টারের দায়িত্ব দেওয়া হয়েছে তাই আমি বলছি। মিনিস্টার দ্রাউকুমার রিয়াং ফরেষ্ট এবং ওয়েলফেয়ারের যে-সব প্রশ্ন আছে তার উত্তর দেবেন।

(গণ্ডগোল)

শ্রীরতনলাল ঘোষ :— অ্যাডমিটেড স্টার্ড কোয়েশ্চান নং—২।

(গণ্ডগোল)

মিঃ স্পীকার :— অ্যাডমিটেড স্টার্ড কোয়েশ্চান নং—২।

(গণ্ডগোল)

শ্রীদ্রাউ কুমার রিয়াং (মন্ত্রী) :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, অ্যাডমিটেড স্টার্ড কোয়েশ্চান নং-২।

প্রশ্ন

১। বর্তমান রাজ্য সরকার বন দপ্তরে ১৯৯০-৯১ ইং সনের মধ্যে কত জনকে চাকুরী দিয়েছেন,

২। তার মধ্যে কতজন রেগুলার, কতজন মাষ্টার রোল এবং কতজন ফিক্সড্ পে'তে চাকুরী দেওয়া হয়েছে,

প্রশ্ন

৩। বর্তমান আর্থিক বছরে ঐ সমস্ত কর্মচারীদের রেগুলার করার প্রস্তাব রাজ্য সরকারের আছে কি ?

(গণ্ডগোল)

উত্তর

১। বর্তমান রাজ্য সরকার বন দপ্তরের ১৯৯০-৯১ ইং সনে মোট! ১৩৭ (একশত সাঁইত্রিশ) জনকে বিভিন্ন পদে চাকুরী দিয়েছেন।

২। প্রথম প্রশ্নের উত্তরে বর্নিত সব কর্মচারীগণই নিয়মিত বেতন ক্রমে নিয়োগ হয়েছেন।

৩। ১ম ও ২য় প্রশ্নের উত্তরানুসারে কোন প্রশ্নই উঠে না।

(গণ্ডগোল)

শ্রীরতনলাল ঘোষ :— সাপ্লিমেন্টারী স্যার, বন দপ্তরে যে-সমস্ত কনটিনজেন্ট এবং ডি, আর, ডাবলিউ, কর্মী আছেন, তারা খুবই অসুবিধাজনক পরিস্থিতির মধ্যে আছেন। এই আর্থিক বছরে তাদেরকে রেগুলার করার জন্য মাননীয় মন্ত্রী মহোদয় ব্যবস্থা নেবেন কিনা জানাবেন কি ?

শ্রীদ্রাউকুমার রিয়াং (মন্ত্রী) :— স্যার, বন দপ্তরে যে-সমস্ত ডি, আর, ডাবলিউ কর্মী, আছেন তাদেরকে রেগুলার করার জন্য সরকার সচেষ্ট।

(ইন্টারাপশান)

মিঃ স্পীকার :— আপনারা সীটে গিয়ে বসুন। আপনাদেরকে আমি বলছি কনস্টিটিউশানের বাইরে কিছু করা হবে না, পার্লামেন্টারী প্রসিডিউরের বাইরে কিছু করা হবে না। আপনারা আমাকে প্রশ্ন করতে পারেন, আমি আপনাদেরকে উত্তর দেব।

(ইন্টারাপশান)

মিঃ স্পীকারঃ— আপনারা বসুন। আপনারা যে প্রশ্ন তুলেছেন, আপনারা আমার কাছে রুলিং চাইছেন as because he is acting now as the Chief Minister, so if the Chief

Minister is present here the Chief Minister always empowerd to authorise any Minister to do something or to act something officially. It is house.

শ্রীসমর চৌধুরী :— হ্যাঁ, স্যার আমরা বসছি। স্যার, আপনি আইন, নিয়ম লঙ্ঘন করতে পারেন না।

মিঃ স্পীকার :— নিশ্চয়ই লঙ্ঘন করা হচ্ছে না।

শ্রীসমর চৌধুরী :— বিধানসভার একটা গণতান্ত্রিক অধিকার আছে। এখানে স্বৈরাচারী শাসন চলছে। এসেম্বলী প্রসিডিউর আছে। একটা রুটিন অনুযায়ী সমস্ত কিছু চলে। এই ভাবে চলতে পারে না।

শ্রী রবীন্দ্র দেববর্মা (মন্ত্রী) :— স্যার, চীফ মিনিষ্টার যদি হাউসে থাকেন, তিনি যে-কোন মন্ত্রীকে দায়িত্ব দিতে পারেন এবং সেই মন্ত্রী প্রশ্নের উত্তর দিতে পারেন।

শ্রীসমর চৌধুরী :— এটা লিখিতভাবে চীফ মিনিষ্টারকে জানাতে হবে। কারণ এখনও মন্ত্রীদের মধ্যে দায়িত্ব বন্টন হয় নি।

(ইন্টারাপশান)

শ্রীসমর চৌধুরী :— স্যার, আমার আবেদন শুনুন। আপনি প্রথমে ঘোষণা করেছেন, আমাদেরকে ক্ল্যারিফাই করেছেন যে, চীফ মিনিষ্টার তাঁর অনুপস্থিতিতে মাননীয় মন্ত্রী নগেন্দ্র জমাতিয়া মহোদয়কে অথরাইজ করেছেন। চীফ মিনিষ্টারের সমস্ত দায়িত্ব উনি বহন করছেন বিধানসভার ভিতরে। যদিও এ ব্যাপারে আপনি বুলেটিন ইস্যু করেন নি। যেহেতু আপনি চেয়ারে বসে বলছেন আমরা ধরে নেব যে নগেন্দ্রবাবু অথরিটি। নগেন্দ্রবাবু সমস্ত প্রশ্নের উত্তর দেবেন। আর কোনও মাননীয় মন্ত্রীর প্রশ্নের উত্তর দেবার অধিকার নেই। Only Nagendra Babu can give answer.

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) :— মিঃ স্পীকার স্যার, এসেম্বলীর প্রেসিডিউরে যা আছে তাই হবে। মাননীয় মুখ্যমন্ত্রী আমাকে চার্জ দিয়েছেন। সে-হেতু আমি মুখ্যমন্ত্রীর সমস্ত ক্ষমতা প্রয়োগ করে যে-কোন দপ্তরের প্রশ্নের উত্তর যে-কোন মন্ত্রীকে দিতে পারি কিনা, এটা আইনে যা আছে তাই হবে।

(গণ্ডগোল)

(ভয়েসেস্ ফ্রম দি ট্রেজারী ব্যাঞ্চ—গতকালও এই ভাবে হয়েছে)
(ভয়েসেস্ ফ্রম দি অপজিশ্যান ব্যাঞ্চ— গতকাল যা হয়েছে সম্পূর্ণ বে-আইনী ভাবে হয়েছে।)

শ্রীসমর চৌধুরী :— মিঃ স্পীকার স্যার, আপনাকে অনুরোধ করছি প্রত্যেকটি প্রশ্নকে ভিত্তি করে আপনার অনুমতি নিতে হবে মাননীয় মুখ্যমন্ত্রীকে।

(গণ্ডগোল)

মিঃ স্পীকার :— মাননীয় বিরোধী সদস্যগণ, আপনারা শান্ত হয়ে বসুন। আমাকে হাউস চালাতে সাহায্য করুন।

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) :— মিঃ স্পীকার স্যার, মাননীয় বিরোধী সদস্যদের আমি জিজ্ঞাসা করতে চাই তাঁরা এসেম্বলীর প্রসিডিউর মানবেন কিনা ?

মিঃ স্পীকার :— আপনাদের প্রশ্ন হচ্ছে, আপনারা প্রশ্ন চাইছেন জনসাধারণের স্বার্থে এবং ওনারা উত্তর দেবেন ওনারা কি করছেন। এটা শুধু আপনাদের দায়িত্ব নয়, উনাদেরও দায়িত্ব আছে।

(গণ্ডগোল)

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) :— মিঃ স্পীকার স্যার, আমি এসেম্বলীর প্রসিডিউরে যা আছে সে ভাবেই করব।

মিঃ স্পীকার :— মাননীয় মুখ্যমন্ত্রী (ভারপ্রাপ্ত), আপনি অনুমতি চাইবেন, আমি অনুমতি দিলে তারপর মাননীয় মন্ত্রী প্রশ্নের উত্তর প্রদান করিবেন। মাননীয় সদস্য শ্রীমাখনলাল চক্রবর্তী।

শ্রীমাখনলাল চক্রবর্তী (কল্যাণপুর) :— মাননীয় স্পীকার স্যার, এডমিটেড ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার-১৭।

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) :— মাননীয় স্পীকার স্যার, আপনার অনুমতি ক্রমে মাননীয় মন্ত্রী রবীন্দ্র দেববর্মা মহোদয়কে এই প্রশ্নের উত্তর দেওয়ার জন্য অনুরোধ করছি।

শ্রীরবীন্দ্র দেববর্মা (মন্ত্রী) :— মাননীয় স্পীকার স্যার, অ্যাডমিটেড কোয়েশ্চান নং—১৭

প্রশ্ন

১। বর্তমানে রাজ্যে কয়টি নবোদয় বিদ্যালয় চালু হয়েছে এবং আরো কয়টি নবোদয় বিদ্যালয় কোথায় কোথায় চালু করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ;

২। ইহা কি সত্য যে, খোয়াই বিভাগের রামচন্দ্রঘাটে অবস্থিত নবোদয় বিদ্যালয়টিতে প্রয়োজনীয় শিক্ষক, আসবাবপত্র এবং ছাত্রাবাসের ঘর-সহ আসবাবপত্র না থাকায় ছাত্রছাত্রীদের অসুবিধার সৃষ্টি হয়েছে ;

৩। সত্য হইলে রাজ্য সরকার এই ব্যাপারে কি কি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন ?

উত্তর

১। রাজ্যে বর্তমানে দুইটি নবোদয় বিদ্যালয় স্থাপিত হয়েছে। প্রথমটি পশ্চিম ত্রিপুরা জেলার রামচন্দ্রঘাটে এবং দ্বিতীয়টি দক্ষিণ ত্রিপুরা জেলার মহারাণীতে। উত্তর ত্রিপুরা জেলায় নবোদয় বিদ্যালয় স্থাপনের ব্যাপারে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকার ও নবোদয় বিদ্যালয় সমিতির সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষা করিতেছেন।

২। সার্বিক আর্থিক প্রতিকূল অবস্থাহেতু নবোদয় সমিতি যথাসময়ে প্রয়োজনে কনস্ট্রাকশানের কাজ হাতে নিতে না পারায় ছাত্রাবাসের ঘরের সংকুলান হইতেছে না এবং আসবাবপত্রেরও কিছু ঘাটতি থাকায় সংশ্লিষ্ট ছাত্রছাত্রী ও শিক্ষক কর্মচারীরা অসুবিধার সম্মুখীন হইতেছেন।

৩। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরে আনিয়া আশু ব্যবস্থা গ্রহণের জন্য রাজ্য সরকারের তরফে যোগাযোগ করা হইয়াছে।

শ্রীমাখনলাল চক্রবর্ত্তী :— সাপ্লিমেণ্টারী স্যার, মাননীয় মন্ত্রী যে রামচন্দ্রঘাটের নবোদয় বিদ্যালয়টির কথা বললেন সেটা অতি দুঃখজনক যে, এই বিদ্যালয়টি বামফ্রন্ট সরকারের আমলে তেলিয়ামুড়ার আসাম-আগরতলা রোডে একটা জায়গা নিয়ে স্থাপন করার সিদ্ধান্ত নিয়েছিলেন। কিন্তু পরবর্তী সময়ে শিক্ষামন্ত্রী হঠাৎ করে সেই অভিমন্যু পাড়াতে নবোদয় বিদ্যালয়টি স্থাপন করলেন। আবার সেখানে একটা হাই স্কুলের জন্য বিল্ডিং করা হচ্ছিল, তখন বলা হয়েছিল

আপাততঃ অভিমন্যু পাড়াতে করা হচ্ছে, পরে স্থান পরিবর্তন করা হবে। কিন্তু সেই স্থানেই পড়ে আছে। ছেলেমেয়েদের একটা বনবাসে ফেলে দেওয়া হয়েছে। সেখানে সোনামুড়া, খোয়াই, সদরের ছাত্রছাত্রীরাও আছে। তাদের মা বাবারা এখন কাঁদে। সেখানে কোন ডাক্তার, চিকিৎসার কোন সুযোগ সুবিধা নেই, দেখার মত কেউ নেই। এই অবস্থায় অতি সত্বর নির্দ্দিষ্ট যে জায়গাতে হওয়ার কথা ছিল সেখানে নবোদয় বিদ্যালয়টি স্থানান্তরিত করা হবে কিনা মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই।

শ্রীরবীন্দ্র দেববর্মা (মন্ত্রী) :— স্যার, রামচন্দ্রঘাটে যে নবোদয় বিদ্যালয়টি স্থাপন করা হয়েছে, তারপরে অনেকবার মিটিং হয়েছে কিন্তু কোন সময় এই কথা উনারা বলেন নি। জায়গার কথা নতুন করে বলা হয়েছে। সুতরাং এই বিদ্যালয়টি ঐখানেই থাকবে, স্থানান্তরিত করার সরকারের কোন পরিকল্পনা নেই। আমি আমার প্রশ্নের উত্তরে বলেছি আসবাবপত্রের অভাব আছে, সেটা নবোদয় সমিতির দায়িত্ব। আমরা নবোদয় সমিতিকে জানিয়েছি এই সমস্যার সমাধান যাতে অবিলম্বে করা যায়, তার জন্য যাতে আশু ব্যবস্থা নেওয়া যায় তার জন্য আমরা ব্যবস্থা নেব।

শ্রীঅনিল সরকার (প্রতাপগড়) :— স্যার, মাননীয় মন্ত্রী মহোদয় ওনার জবাবে বলেছেন যে টাকার অভাবে কাজ শুরু করতে দেরী হয়েছে। সেখানে স্কুল নেই, ঘর নেই থাকার ব্যবস্থা নেই। বিশেষ করে নবোদয় বিদ্যালয়ের যে স্কীম তাতে ছাত্র-ছাত্রীদের রেসিডেনশিয়েল, এখানে ছাত্র-ছাত্রী আছে। কিন্তু ছাত্রীদের প্রশ্নটা বেশী সেনসেটিভ, আবার বলছেন ঘরবাড়ী নেই, এরা কিভাবে আছে? তাছাড়া মাষ্টার আছে কিনা আমি জানি না এবং এইটার সবটাই ইংলিশ মিডিয়াম অর্থাৎ নবোদয় বিদ্যালয়ের জন্য যে স্কীম সেটা মূলতঃ হল শিক্ষা সংকোচন করা, এডমিনিষ্ট্রেশানের প্রয়োজনে কিছু স্টক হেড তৈরী করার জন্য, এইটার আমরা সব সময় বিরোধিতা করেছি এবং ত্রিপুরায় এই ধরনের ইঞ্জিনীয়ার, ডাক্তার, আই, এ, এস, ইত্যাদি তৈরী করার জন্য এইটা মাথাভারী কথা বলে এইটা শুরু করা হয়েছে। কিন্তু আজকে যেখানে ঘর নেই বাড়ী নেই এবং নিশ্চয়ই নবম শ্রেণী পর্য্যন্ত ছাত্রছাত্রী উঠেছে এবং মোটামুটি ত্রিপুরার টেলেন্টগুলি সেখানে, আমরা বলা চলে যে টেলেন্ট বিল্ডিং সেন্টার হিসেবে সেটাকে করা হয়েছে। আমি যতটুকু জানি হয়তো তিন বছর চলছে, এখন তারা এইটে, নাইনে উঠেছে। যেটা তাদের পরিবারকে পারিবারিক ব্যাপার এবং আফটার অল ডিজায়ার দ্যা কালেকটেড টেলেন্ট অফ্ দ্যা স্টেট এবং তাদেরকে ভাঙ্গা ঘরে এই রকম অব্যবস্থায় রাখা হয়েছে। হয়তো ডাল পাতলা করে রান্নাটি করে, কোন একটা ঘেটের ব্যবস্থা করা হয়, এই ধরনের ব্যবস্থা চলছে। যাদের বড় বড় কথা বলার মুখ আছে, কিন্তু আসলে

কোন যোগ্যতা নেই। এর পরেও কি আপনি মনে করেন এই নবোদয় বিদ্যালয় এখানে সম্ভব? যেখানে আপনাদের আর্থিক যোগ্যতা বলে কিছু নেই, অথচ মানসিক ব্যাপার নিয়ে স্টক ডিলিং করছেন। এই অবস্থায় আপনি কি মনে করেন নবোদয় বিদ্যালয়ের আরও প্রয়োজন আছে? এবং এইটা কি উদ্দেশ্যে করছেন এইটা আমি জানতে চাই।

শ্রীরবীন্দ্র দেববর্মা (মন্ত্রী) :— স্যার, এই নবোদয় বিদ্যালয়গুলি সম্পূর্ণ সেন্ট্রালী স্কীম, এই স্কীমটা কেন্দ্রীয় সরকারের সমিতি দ্বারা পরিচালিত এবং রাজ্য সরকারের সহযোগিতায় করে থাকেন। মাননীয় সদস্য যেটা বলেছেন, এইটা ঠিক যে, এইটা একটা আবাসিক, ছাত্র এবং ছাত্রী বাস প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া অত্যন্ত প্রয়োজন। কিন্তু এইটা ঠিক নয়, যেটা তিনি বলেছেন যে, এখানে সম্পূর্ণ অব্যবস্থার মধ্যে এটাকে করা হয়েছে, এইটাকে অব্যবস্থার মধ্যে করা হয়নি। তবে এটা যতটুকু হওয়ার দরকার ততটুকু এখনো গড়ে উঠেনি। তাড়াহুড়ো করে এটাকে গড়ে তোলার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এই কথা আমি উত্তরে বলেছি।

শ্রীসুকুমার বর্মন (নলছড়) :— স্যার, মাননীয় মন্ত্রী মহোদয় যে উত্তর দিয়েছেন যে অর্থের অভাবে এখনো কিছু ঘাটতি আছে, এখানে ছাত্র আছে, ছাত্রী আছে। বিশেষ করে ছাত্রদের প্রশ্নে তাদের যে রক্ষনাবেক্ষণের প্রয়োজন সেই সমস্ত দিক থেকে আজকে আমরা দেখছি প্রায় চার বছর চলছে এই বিদ্যালয় স্থাপন হয়েছে। এবং বিশেষ করে মেয়েদের ব্যাপারে তাদের যে বাউণ্ডারী ওয়াল বা অন্যান্য কিছু সেই দিক থেকে সম্পূর্ণভাবে ঘাটতি রয়েছে এবং খাওয়া দাওয়ার প্রশ্নে একটা ইরেগুলারিটি চলছে। তা ছাড়া শিক্ষারও অব্যবস্থা সেখানে আছে, প্রয়োজনীয় শিক্ষক নেই। মাননীয় মন্ত্রী মহোদয় সেটা জানেন কি না যে খাওয়া দাওয়া এবং মেয়েদের রক্ষনাবেক্ষণের প্রশ্নে অনেক গার্জিয়ান তাদের মেয়েদের আবার বাড়ীতে ফিরিয়ে নিয়ে আসছেন, এইটা মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কি না? এইটার জন্য কি প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন, যারা সেখানে ছাত্রীদের পাঠিয়েছিলেন অনেক আশা নিয়ে? আজকে তারা সেখানে নিজেদের বাড়ীতে নিয়ে আসছেন, এই অব্যবস্থা কতদিন চলবে এইটা মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি?

শ্রীরবীন্দ্র দেববর্মা (মন্ত্রী) : স্যার, এই নবোদয় বিদ্যালয় থেকে মেয়েদের অব্যবস্থার কারণে বাড়ীতে ফিরিয়ে নিয়ে যাচ্ছেন এই রকম তথ্য সরকারের কাছে নেই। ওনার কাছে স্পেসিফিক যদি এই রকম থাকে তাহলে উনি দিতে পারেন আমরা খতিয়ে দেখব। আর একটা উনি যেটা বলেছেন খাওয়ার ব্যাপারে সেখানে খুব খারাপ হচ্ছে এই রকম কোন তথ্য সরকারের জানা নেই, ওখানে সব কিছুই ঠিক মত চলছে।

শ্রীসুকুমার বর্মন ঃ—স্যার, আমার কাছে স্পেসিফিক তথ্য রয়েছে নলছড়ের একজন এবং চন্দ্রপুরের একজন ভর্তি হয়েছিল। কিন্তু ভর্তি হয়ে পরে আবার তারা চলে এসেছে। আরো স্পেসিফিক তথ্য রয়েছে স্যার।

মিঃ স্পীকার ঃ— মাননীয় সদস্য শ্রীমাখনলাল চক্রবর্তী এবং শ্রীনকুল দাস।

শ্রীনকুল দাস (রাজনগর) ঃ— মিঃ স্পীকার স্যার, এডমিটেড স্টার্ড কোয়েশ্চান নাম্বার—১৮।

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) ঃ— মিঃ স্পীকার স্যার, এই প্রশ্নের জবাব মাননীয় মন্ত্রী শ্রীদ্রাউকুমার রিয়াং মহাশয় দেবেন।

শ্রীদ্রাউকুমার রিয়াং (মন্ত্রী) ঃ— মিঃ স্পীকার স্যার, এড্‌মিটেড স্টার্ড কোয়েশ্চান নাম্বার-১৮।

প্রশ্ন

১। রাজ্যে এ, ডি, সি, এলাকার ভিলেজ কাউন্সিল গঠন করার প্রস্তাব কবে নাগাদ কার্যকরী করা হবে ;

২। ইনার লাইন পারমিট সহ বাংলাদেশী নাগরিকদের অনুপ্রবেশরোধে সরকার কি কি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন ?

উত্তর

১। এ, ডি, সি, এলাকায় ভিলেজ কাউন্সিল গঠন করার জন্য ত্রিপুরা পঞ্চায়েত আইন সংশোধন করার প্রয়োজন দেখা দেওয়ায় আগামী অধিবেশনে উক্ত আইন সংশোধন করার জন্য একটি বিল উত্থাপনের প্রস্তাব মন্ত্রী পরিষদ অনুমোদন করেছেন। উক্ত বিল বিধানসভায় পাশ হইলেই ভিলেজ কাউন্সিল গঠন করা হবে।

২। ইনার লাইন পার্মিট চালু করার জন্য সরকার এখনো কোন ব্যবস্থা গ্রহণ করেননি।

শ্রীনকুল দাস ঃ— সাপ্লিমেন্টারী স্যার, আমাদের এই হাউসে কিছুদিন আগে সর্ব্বসম্মতিক্রমে একটা প্রস্তাব গৃহীত হয় যে এই রাজ্যে বাংলাদেশী অনুপ্রবেশ বন্ধ করে রাজ্যের এ, ডি, সি, এলাকায় উপজাতি জনগণের সংখ্যাগরিষ্ঠতা যাতে রক্ষা করা যায় সেজন্য এ, ডি, সি, এলাকায় ইনার লাইন পারমিট চালু করা প্রয়োজন।

এই প্রস্তাবটি এই হাউসে গৃহীত হবার পর থেকে এখন পর্যন্ত সরকার কি কি পদক্ষেপ নিয়েছেন এই ইনার লাইন পারমিট চালু করার জন্য—তা মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ?

শ্রীদ্রাউকুমার রিয়াং (মন্ত্রী) :— মিঃ স্পীকার স্যার, বাংলাদেশী অনুপ্রবেশ রোধে সীমান্তে কঠোর নজরদারীর ব্যবস্থা নেওয়া হয়েছে। তাছাড়া সীমান্ত এলাকায় বসবাসকারী ভারতীয় নাগরিকদের পরিচয় পত্র প্রদানের কথা সরকার বিবেচনা করছেন এবং অনুপ্রবেশকারীদের সনাক্ত করে বাংলাদেশে ফেরত পাঠানোর ব্যবস্থা করা হয়েছে।

শ্রীনকুল দাস :— সাপ্লিমেন্টারী স্যার, উপজাতিদের স্বার্থ রক্ষার জন্য এবং উপজাতিদের সংখ্যাগরিষ্ঠতা রক্ষা করার জন্য এ, ডি, সি, এলাকায় অউপজাতিরা যাতে প্রবেশ করতে না পারেন তার জন্য ইনার লাইন পারমিট চালু করা হবে কি না তা মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি না ?

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) :— মিঃ স্পীকার স্যার, আমি আপনার অনুমতি নিয়ে এই প্রশ্নের জবাব দিচ্ছি এটা ঠিক যে, এই ত্রিপুরা রাজ্যে যেভাবে বাংলাদেশ থেকে হিন্দু মুসলিম এবং কিছু সংখ্যক ট্রাইবেল অনুপ্রবেশ করছে তাতে এই রাজ্যে জনসংখ্যার ভারসাম্য নষ্ট হয়ে গেছে, আর্থিক ভারসাম্য নষ্ট হয়ে গেছে। ফলে আজকে আমাদের এক বিরাট অর্থ-নৈতিক সংকটের সম্মুখীন হতে হয়েছে এখন আমাদের সামনে রয়েছে বিশাল জনসংখ্যার সমস্যা, বেকার সমস্যা, খাদ্য সমস্যা। আমরা এখনো এমন কিছু তৈরী করতে পারিনি যে-এই বিশাল বেকার সমস্যার সমাধান করতে পারব, বিশাল খাদ্য সমস্যার সমাধান করতে পারব, যারা ভূমিহীন হয়ে পড়েছে তাদের ভূমি বণ্টনের ব্যবস্থা করতে পারব, তাদের বিকল্প কাজের ব্যবস্থা করতে পারব। এই সমস্ত সমস্যাগুলির সমাধান করার মত কোন ব্যবস্থা আমরা করতে পারিনি। কাজেই এই ধরনের অনুপ্রবেশ বাড়তে থাকলে বেকার সমস্যা বাড়বে না কমবে, খাদ্য সমস্যা বাড়বে না কমবে, ভূমিহীনদের সমস্যা বাড়বে না কমবে ? এই প্রশ্নগুলি সামনে রেখে আমার মনে হয় রাজ্যের সকলস্তরের মানুষের একটা ডিসিসন নেওয়া দরকার। আমি যদি জিগ্যেস করি যে এই সমস্ত সমস্যা কি ? আজকে আমাদের সময়েই শুধু হয়েছে কংগ্রেস (ই)-টি, ইউ, জে, এস, জোট সরকারের আমলে শুরু হয়েছে ? না এইটা এখন শুরু হয় নি—এটা ব্যমফ্রন্টের আমলেও ছিল। কিন্তু সমস্যাটার সমাধান করেছে আমি জিগ্যেস করতে চাই। আমি জিগ্যেস করছি এই সমস্যার সমাধান কে করেছে ?

শ্রীনকুল দাস :— স্যার, মাননীয় মন্ত্রী মহোদয় আমার প্রশ্নের সঠিক জবাব না দিয়ে প্রসঙ্গে চলে গেছেন।

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) ঃ— এখন সমাধানের প্রশ্নে, হ্যাঁ, আমি এ, ডি, সির প্রশ্নে যাচ্ছি।

(গণ্ডগোল)

হ্যাঁ, আমি এ, ডি, সির প্রশ্নে যাচ্ছি।

মিঃ স্পীকার স্যার, এটা আমরা যুব সমিতির পক্ষ থেকে দাবী জানিয়েছিলাম। কিন্তু বরাবরই এটাকে সাম্প্রদায়িক উস্কানি বলে চিহ্নিত করা হয়েছে। এই জিনিসটাকে সাম্প্রদায়িক হিসাবে দেখা হয়েছিল। যুব সমিতিকেও সাম্প্রদায়িক দল বলা হয়েছিল। বিকজ, আমরা অনুপ্রবেশের বিরোধিতা করেছিলাম।

মিঃ স্পীকার স্যার, গতবার বিধানসভায় ইনার লাইন পারমিট চালু করার বিষয়ে সরকারী বক্তব্য রাখা হয়েছিল। কিন্তু আপনারা হৈচৈ করুন না কেন সমস্যা সমাধানের প্রশ্নে এগিয়ে আসছেন না। একা সরকারের পক্ষে তাদেরকে অনুপ্রবেশকারী হিসেবে চিহ্নিত করে পুনরায় বাংলাদেশে ফেরৎ পাঠানো সম্ভব নয়। সরকারী এজেন্সিগুলিকে আমরা এই ব্যাপারে সজাগ দৃষ্টি রাখতে বলেছি। কিন্তু তবুও কেউ যদি খবর না দেয় সরকারের পক্ষে একা অনুপ্রবেশ-কারীদের ফেরৎ পাঠানো সম্ভব নয়। রাজ্যে অনুপ্রবেশ হচ্ছে বলে যারা বিধানসভায় হৈচৈ করছেন তাদের ভূমিকা কি সেখানে ? অনুপ্রবেশকে উৎসাহ দিচ্ছেন। সমস্যা সৃষ্টি করছেন। সীমিত সম্পদ, অথচ কি পরিমানের বেকার সমস্যা। সমস্যা বাড়তেই থাকবে। তাই আমি অনুরোধ করবঅনুপ্রবেশ রুখার জন্য সকলকে ঐক্যবদ্ধ হয়ে এগিয়ে আসতে হবে এবং রাজ্যের মঙ্গলার্থে এটার আশু প্রয়োজন। রাজ্যের সংখ্যাগরিষ্ঠ উপজাতিরা একটা সময় ২৯ শতাংশ ছিল। সেটা এখন অনেক নেমে গিয়েছে। তাহলে উপজাতিরা যাবে কোথায় ? কি করবে তারা ? ভবিষ্যতে কি হবে জানি না।

শ্রীনকুল দাস :— স্যার, এখানে আমার আসল প্রশ্নের উত্তর কোথায় ?

(গণ্ডগোল)

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) :—স্যার, আমি জানি যে, আমার এই বক্তব্য উনাদের ভাল লাগছে না। আমি বলছি যে এখানে …………

(গণ্ডগোল)

মিঃ স্পীকার :— আপনারা এমন একটা প্রশ্ন করেছেন যে, এককথায় সেটার উত্তর দেওয়া যায় না। সেজন্য উনি একটু বুঝিয়ে বলছেন।

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) :— কেন্দ্রীয় সরকার বলেছেন যে, যারা অনুপ্রবেশকারী তাদের চিহ্নিত করা, যারা এখানকার নাগরিক তাদের পরিচয় পত্র চালু করা। প্রথমে করা হয়েছিল এ, ডি, সি, এলাকায় তারপরে বলা হয়েছিল বর্ডার এলাকায় এরপরে সিদ্ধান্ত হয়েছে সারা রাজ্যে চালু করা হবে। মিঃ স্পীকার স্যার, এই ক্ষেত্রে আমি বলছি, আমরা খুবই উদ্বিগ্ন। আমি একজন ট্রাইবেল হিসেবে বলছি আমরা খুবই উদ্বিগ্ন যদি এ, ডি, সি, এলাকায় ট্রাইবেলরা সংখ্যালঘু হয়ে যায় তাহলে এখানে আমরা থাকতে পারবো কিনা ? কাজেই সকলের দায়িত্ব থাকবে এই এ, ডি, সি, এলাকায় যাতে অনুপ্রবেশ না ঘটে। এটার জন্য সরকার দায়িত্ব নিচ্ছেন কিন্তু তার সঙ্গে যদি সামাজিকভাবে তাদের প্রশ্রয় দেওয়া হয়, এ, ডি, সি, এলাকায় যারা বাঙ্গালী আছেন তারা যদি সেখানে বলেন যে না সে এখন কারোর লোক নয় যদি সেখানে বলেন যে, সে তেলিয়ামুড়ায় ৫-১০ বছর ধরে ছিল এই ধরনের যাতে না হয়। সেই রকম কিন্তু আপনাদের লোকেরা করেছেন বহু নজীর আছে। মিঃ স্পীকার স্যার, এখানে ৮০ লক্ষ টাকার মত কেন্দ্রীয় সরকার দিয়েছেন রাজ্য সরকারকে এই পরিচয় পত্র চালু করার জন্য। তবে এটাই একমাত্র রাস্তা আমি বলছি না। আমাদের যে কমিটি আছে তাঁরা দেখবে এবং আরও কি কি ব্যবস্থা নেওয়া যায়। তবে আমাদের মূল লক্ষ্য থাকবে যে, এ, ডি, সি, এলাকায় যাতে ট্রাইবেলরা সংখ্যা লঘু না হয়ে যায়। এটা শুধু অনুপ্রবেশকারীর কথা নয় অন্যান্যভাবে যাতে ট্রাইবেলরা প্রফেশানে তারা সংখ্যাগরিষ্ঠতা না হারায় সেটা দেখা হবে এবং এরজন্য সকলের সহযোগিতা কামনা করি।

শ্রীসমর চৌধুরী :— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, গত ফেব্রুয়ারীর অধিবেশনে সর্বসম্মত ভাবে সিদ্ধান্ত নেয়া হয়েছিল, রাজ্য সরকারের উপর দায়িত্ব, রাজ্য সরকার থেকে ঘোষনা করা হয়েছিল খতিয়ে দেখা হচ্ছে, ইনার লাইন পারমিট, কিন্তু এক বছরের মধ্যে খতিয়ে দেখার কাজ কি হয়েছে, মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ?

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) :— মিঃ স্পীকার স্যার, এই কমিটি একবার বসেছে চীফ্ মিনিষ্টার হলেন চেয়ারম্যান। একবার কি দুইবার আলোচনা হয়েছিল তাতে এই সমস্ত সিদ্ধান্ত

নেওয়া হয়েছে যে, ইনার লাইন পারমিট চালু করা এখনো সঠিক সিদ্ধান্ত বা ফাইনাল সিদ্ধান্ত নেওয়া হয় নি। তবে প্রাথমিকভাবে আমরা পঞ্চায়েত স্তর থেকে প্রতিনিধি এনে আলোচনা করে আরো তাদের মতামত নেওয়ার জন্য একটা সিদ্ধান্ত ছিল কিন্তু সেটা এখনও কার্য্যকর হয় নি। এরমধ্যে কেন্দ্রীয় সরকার থেকে ৮০ লক্ষ টাকার মত দেওয়া হয়েছে পরিচয় পত্র দেওয়ার জন্য কিন্তু পঞ্চায়েতের স্তরে প্রতিনিধি নিয়ে যে আলোচনা হবার কথা এবং সেখানে আমরা প্রথমেই জনমত সংগ্রহ করব। এই সিদ্ধান্ত আছে।

মিঃ স্পীকার :— আধ ঘন্টা ধরে একটি প্রশ্ন আলোচনা হচ্ছে, আগে বললেন বেশী বলেছেন, এখন বললেন কম হচ্ছে।

শ্রীসমর চৌধুরী :— মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কিনা, যে এ, ডি, সির, অধিবেশনে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল অবিলম্বে এ, ডি, সি, এলাকায় ইনার লাইন পারমিট চালু করা হবে, সুনির্দিষ্টভাবে প্রস্তাব নেওয়া হয়েছে।

এবং বাংলাদেশ বর্ডার সীল করে দেওয়া এবং যারা অনুপ্রবেশকারী তাদেরে একটি ক্যাম্পে রেখে সেখান থেকে তাদের ফেরত পাঠানোর ব্যবস্থা করা, সমস্ত সিদ্ধান্তগুলি খতিয়ে দেখার জন্য কিন্তু এক বছর পার হয়ে গেছে এখনো পর্যন্ত কার্যকর করা হচ্ছে না। এই সরকারের ইচ্ছে নেই ইনার লাইন পারমিট চালু করা এবং তার জন্য তালবাহানা করেছেন। তিনি উপজাতি যুব সমিতির নেতা তিনি মন্ত্রী. তিনি এখানে উত্তর দিয়েছেন কিছু হয় নি, বিবেচনা করা হবে। উদ্দেশ্য হচ্ছে ইনার লাইন পারমিট চালু না করা, এটা হচ্ছে কাজ।

মিঃ স্পীকার : দিস ইজ নট এ সাপ্লিমেন্টারী এটঅল। মাননীয় সদস্য শ্রীবাদল চৌধুরী।

শ্রীবাদল চৌধুরী (ঋষ্যমুখ) :— মিঃ স্পীকার স্যার, এডমিটেড কোয়েশ্চান নাম্বার—৪০

শ্রীসমীররঞ্জন বর্মন (মুখ্যমন্ত্রী) :— মাননীয় অধ্যক্ষ মহোদয় ট্রাইবেল ওয়েল-ফেয়ার সংক্রান্ত প্রশ্নগুলির উত্তর মাননীয় মন্ত্রী শ্রীদ্রাউকুমার রিয়াং মহোদয় উত্তর দিবেন।

শ্রীদ্রাউকুমার রিয়াং (মন্ত্রী) :— এডমিটেড কোয়েশ্চান নাম্বার ৪৭ স্যার,

প্রশ্ন

১। উত্তর ত্রিপুরা জম্পুই পাহাড়ে 'মিজো হিল কাউন্সিল' নামে আলাদা কোন রিজিওন্যাল কাউন্সিল গঠন করার কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি?

এবং

২। যদি থাকে, তা হলে সরকার এ ব্যাপারে কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

উত্তর

১। উত্তর ত্রিপুরা জম্পুই পাহাড়ে 'মিজোহিল কাউন্সিল' নামে কোন রিজিওন্যাল গঠন করার কোন প্রস্তাব সরকারের নেই।

২। প্রথম প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে দ্বিতীয় প্রশ্নের উত্তরের কোন প্রশ্ন উঠে না।

(গণ্ডগোল)

মিঃ স্পীকার :— আপনারা বসুন, প্লিজ আপনারা বসুন।

(গণ্ডগোল)

মিঃ স্পীকার :— মাননীয় সদস্য শ্রীগৌরী শংকর রিয়াং মহোদয়।

শ্রীগৌরীশংকর রিয়াং (শান্তির বাজার) **:**—মাননীয় স্পীকার স্যার, এডমিটেড কোয়েশ্চান নাম্বার—৫০।

শ্রীদ্রাউকুমার রিয়াং (মন্ত্রী) **:**— মাননীয় স্পীকার স্যার, এডমিটেড কোয়েশ্চান নাম্বার—৫০।

প্রশ্ন

১। ইহা কি সত্য রাজ্য সরকারের কোন্ কোন্ দপ্তরে নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্রে এস, টি, এবং এস, সি, রোষ্টার মেন্টেন করা হয় না, (দপ্তরগুলির নাম)

প্রশ্ন

২। সত্য হলে তার কারণ,

৩। উক্ত এস, টি, এবং এস, সি, রোষ্টার মেনে নেওয়ার ব্যাপারে রাজ্য সরকার কি কি উদ্যোগ নিয়েছেন,

৪। যদি কোনরূপ উদ্যোগ না নিয়ে থাকেন তবে তার কারণ ?

উত্তর

১। ইহা সত্য নহে।

২। প্রশ্ন উঠে না।

৩। যদি কোন দপ্তরে রোষ্টার মানার ক্ষেত্রে কোন অনিয়ম রয়েছে বলে ধরা পড়ে তাহলে উপজাতি কল্যাণ ও তপঃ জাতি কল্যাণ দপ্তর থেকে নির্বাচিত প্রতিনিধি দ্বারা সংশোধন করার ব্যবস্থা আছে।

৪। প্রশ্ন উঠে না।

শ্রীগৌরী শংকর রিয়াং (শান্তির বাজার) :— সাপ্লিমেন্টারী স্যার, তফশিলী জাতি ও তফশিলী উপজাতিদের জন্য কর্ম নিয়োগ ক্ষেত্রে বিশেষ সংরক্ষণ নীতি থাকা সত্বেও বিগত বামফ্রণ্ট সরকারের আমলে কোন কার্যকরী হয় নাই। এস, সি, এস, টি, ব্যাকলক বিশেষ কমিটি গঠন করে বিভিন্ন ডিপার্টম্যাণ্টে খালি পদ পূরণ করার জন্য প্রাক্তন প্রধান মন্ত্রী রাজীব গান্ধী যে কর্মসূচী গ্রহণ করেছিলেন তাহা কতটুকু কার্যকরী হয়েছে মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ? যদি না হয় তার কারণ ?

শ্রীদ্রাউকুমার রিয়াং (মন্ত্রী) :— মিঃ স্পীকার স্যার, এস, টি, এস, সি'র বিশেষ কমিটি গঠন করা হয়েছে। এবং এই কমিটির মাধ্যমে বিভিন্ন ডিপার্টম্যাণ্টে এস, সি, এস, টি'দের খালি পদগুলি পূরণ করা হয়েছে। বাকী শূন্যপদ পূরণ করার জন্য ইতিমধ্যেই ব্যবস্থা নেওয়া হবে।

স্যার, আমরা ১০০ পয়েন্ট রোষ্টার মেন্টেইন করছি এবং ভবিষ্যতেও করব। কিন্তু বামফ্রণ্টের আমলে কোটা পূরণ না করার ফলে যে ব্যাকলগের সৃষ্টি হয়েছিল, সেটারও অধিকাংশই পূরণ করা হয়ে গেছে, আর যেটা বাকী রয়েছে, সেটা পূরণ করার জন্য একটা ক্যাবিনেট সাব-কমিটি করা হয়েছে।

শ্রীবিদ্যাচন্দ্র দেববর্মা (আশারাম বাড়ী) :— মাননীয় মন্ত্রী মহোদয় এই ১০০ পয়েন্ট রোস্টার মেন্টেইন করতে গিয়ে বামফ্রন্টের আমলে কতটুকু করা গিয়েছে এবং এই জোট সরকার এখন পর্য্যন্ত কতটুকু করতে পেরেছেন, জানাবেন কি ?

শ্রীদ্রাউকুমার রিয়াং (মন্ত্রী) :— স্যার, আলাদা করে প্রশ্ন করলে, এটার জবাব দেওয়া হবে।

শ্রীঅনিল সরকার (প্রতাপ গড়) :— স্যার, যেহেতু এটা সরকারী দপ্তরের নিয়ম নীতির ব্যাপার সেহেতু জোট সরকারের আমলে ফিক্সড্ পেতে যে সমস্ত ৪র্থ ও ৩য় শ্রেণীতে কর্মী নিয়োগ করা হয়েছে, এই নিয়োগের ক্ষেত্রে রোস্টার মেন্টেইন করা হয়েছে কিনা ? এবং সুধীর বাবুর জোট সরকারের আমলেই সেইসব রক্ষী আর্মিদের নিয়োগ করা হয়েছে এবং তাদের নাকি আগামী এপ্রিল থেকেই রেগুলার করা হবে। কাজেই তাদের যে রেগুলার করা হবে, সেই ক্ষেত্রে রোস্টার মেন্টইন করা হবে কিনা, আমি এটা জানতে চাইছি।

শ্রীসমীররঞ্জন বর্মন (মুখ্যমন্ত্রী) :— স্যার, যখন ফিক্সড পেতে এ সব কর্মচারীদের নিয়োগ করা হয়েছিল, তখনই ১০০ পয়েন্ট রোস্টার মেন্টেইন করা হয়েছিল। কাজেই এই প্রশ্ন এখন আসছে না। নিয়োগ নীতির ক্ষেত্রে সরকারের যে নিয়ম নীতি আছে, ভবিষ্যতেও তা মেন্টেইন করা হবে।

শ্রীঅনিল সরকার :— মাননীয় মন্ত্রী মহোদয়, যদি ফিক্সড পেতে নিয়োজিত কর্মচারীদের রেগুলার করতে গিয়ে অনুমোদিত পদের সংখ্যায় না কুলায়, তাহলে তাদেরকে কি ভাবে রেগুলার করা হবে, জানাবেন কি ?

শ্রীসমীররঞ্জন বর্মণ (মুখ্যমন্ত্রী) :— স্যার, তখন ভ্যাক্যানসির দিকে লক্ষ্য রেখে এবং ১০০ পয়েন্ট রোস্টারের দিকে লক্ষ্য রেখেই সেটা করা হবে ভবিষ্যতে কাউকে রেগুলার করার ক্ষেত্রেও।

মিঃ স্পীকার :— মাননীয় সদস্য, শ্রীঅমল মল্লিক।

শ্রীঅমল মল্লিক (বিলোনীয়া) :— স্যার, স্টার্ড কোয়েশ্চান নাম্বার—৬৩।

শ্রীকাশীরাম রিয়াং (মন্ত্রী) :— স্যার, স্টার্ড কোয়েশ্চান নাম্বার-৬৩।

প্রশ্ন

১। ইহা কি সত্য যে শেডো কমিটির মারফত যে সকল এস, সি, বেকারের নাম বিভিন্ন দপ্তরে পাঠানো হয়েছিল, তাদের মধ্যে অনেকেই এখনো চাকুরী পায় নি ?

২। যদি না পাইয়া থাকে, তবে তার কারণ ? এবং

৩। ঐ সকল বেকারদের সহসায় চাকুরী পাওয়ার সম্ভাবনা আছে কি ?

উত্তর

১। ক্যাবিনেট সাব-কমিটি হতে ৯৪৮ জন এস, সি, বেকারের নাম বিভিন্ন দপ্তরে চাকুরীর জন্য সুপারিশ করা হয়েছিল এবং তার মধ্যে ডিসেম্বর ১৯৯১ ইং পর্যন্ত ৬৮৫ জনকে নিয়োগ পত্র দেওয়া হয়েছে।

২। ক্যাবিনেট সাব-কমিটির ১৬/১২/৯১ ইং তারিখের সভায় পর্য্যালোচনায় দেখা যায় যে, অর্থ দপ্তরের অনুমোদনের অপেক্ষায় সুপারিশকৃত বাকী শূন্য পদগুলির জন্য এখনো নিয়োগ-পত্র দেওয়া যায় নি।

৩। ক্যাবিনেট সাব-কমিটি তার ১৬/১২/৯১ ইং তারিখের সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করছেন যে যেসব দপ্তরে তফশিল উপজাতিদের জন্য সংরক্ষিত পদ এখনো খালি পড়ে রয়েছে এবং অর্থ দপ্তরের অনুমোদন ব্যাতিরেকে তা পূরণ করতে পারছে না। সেই দপ্তরের প্রধানগণ সংশ্লিষ্ট দপ্তরের সংরক্ষিত শূন্য পদগুলির তালিকা অর্থ দপ্তরে প্রেরণ করবেন। তদ-অনুযায়ী অর্থ দপ্তর ঐ সব সংরক্ষিত শূন্য পদে ক্যাবিনেট সাব-কমিটির সুপারিশকৃত প্রার্থীদের দ্বারা পূরণ করার জন্য যথোপযুক্ত নির্দেশনামা জারি করবেন।

শ্রীনকুল দাস :— মাননীয় মন্ত্রী মহোদয়, এখানে শেডো কমিটির কথা বলা হয়েছে, এই শেডো কমিটিটা কি? এবং এটা কাদের নিয়ে করা হয়েছে ? আর, এই যে শেডো কমিটি করা হল, তার রিকমেনডেশান করার মত কোন সাংবিধানিক অধিকার আছে কি ?

শ্রীকাশীরাম রিয়াং (মন্ত্রী) :— স্যার, এই ক্যাবিনেট সাব-কমিটিতে ক্যাবিনেট মিনিস্টার ছাড়াও এস, সি/এস, টি প্রতিনিধিরাও রয়েছেন। তার সুপারিশক্রমে বিভিন্ন দপ্তরে এস, সি অথবা এস, টির সংরক্ষিত পদ যেগুলি খালি পড়ে আছে, তা এস, সি, অথবা এস, টি প্রার্থীদের দ্বারা পূরণ করা হয়।

শ্রীনকুল দাস :— সাপলিমেন্টারী স্যার, কবে ইন্টারভিউ নেওয়া হয়েছে, কিসের ভিত্তিতে তাদেরকে নিয়োগ করা হয়েছে ? এস, সি, এবং এস, টি যারা তারা চাকুরী পায় নি। হাজার হাজার টাকার বিনিময়ে চাকুরী বিক্রী করা হয়েছে। এটা মাননীয় মন্ত্রী মহোদয় তদন্ত করে দেখবেন কি না ?

শ্রীকাশীরাম রিয়াং (মন্ত্রী) :— স্যার, সরকার সমস্ত নিয়োগ নীতি মেনেই চাকুরী দিয়েছে। এস, সি, এবং এস, টির সমস্ত পোস্টগুলি পূরণের ব্যাপারে সরকারের যে নিয়ম নীতি আছে সেগুলি মেনেই চাকুরী দেওয়া হয়েছে। এটা তদন্তের কোন প্রশ্নই উঠে না।

মিঃ স্পীকার :— কোয়েশ্চান আওয়ার ইজ অভার। যে সমস্ত তারকা চিহ্নিত প্রশ্নের মৌখিক উত্তর দেওয়া সম্ভব হয় নি সেইগুলির লিখিত উত্তর এবং তারকা চিহ্নিত বিহীন প্রশ্নগুলির উত্তরপত্র সভার টেবিলে রাখার জন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয়দেরকে অনুরোধ করছি।

(ANNEXURES— A & B)

মিঃ স্পীকার :— সভার পরবর্তী কর্মসূচী হলো—

শ্রীবাদল চৌধুরী :— মাননীয় স্পীকার স্যার, আমার একটা অ্যামেণ্ডমেন্ট মোশন ছিল।

মিঃ স্পীকার :— সেটা রিজেকট হয়েছে।

(গণ্ডগোল)

মিঃ স্পীকার :— এই সভা ১৫ মিনিটের জন্য মূলতবি ঘোষণা করা হল।

CALLING ATTENTION

The House re-assembled on 12—15 p.m. with the Speaker in the chair.

মিঃ স্পীকার :— আমি আজ মাননীয় সদস্য শ্রীব্রজমোহন জমাতিয়া মহোদয়ের কাছ থেকে একটি দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি। মাননীয় সদস্যের দৃষ্টি আকর্ষণী নোটিশটির বিষয় বস্তু হলো :— "গত ১৮ই জানুয়ারী ১৯৯২ ইং বাইখোড়া থানাধীন মুহুরীপুর আর, এফ, পঞ্চায়েতের শংকরপুর গ্রামে সি, পি, আই, (এম) কর্মী কমঃ মতিলাল দেবনাথকে কতিপয় দুস্কৃতকারী দ্বারা নৃশংসভাবে খুন হওয়ার ঘটনা সম্পর্কে।"

আমি মাননীয় সদস্য কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী নোটিশটি উত্থাপনে সম্মতি দিয়েছি আমি এখন মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে এই দৃষ্টি আকর্ষণী নোটিশটির উপর বিবৃতি দেওয়ার জন্য অনুরোধ করছি। তিনি যদি আজ তাঁর বিবৃতি দিতে অপারগ হন, তবে তিনি কবে এই বিষয়ে বিবৃতি দিতে পারবেন অনুগ্রহ করে আমাকে জানাবেন।

শ্রীসমীররঞ্জন বর্মন (মুখ্যমন্ত্রী) ঃ— স্যার, মাননীয় সদস্য শ্রীব্রজমোহন জমাতিয়া মহোদয় কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী নোটিশটির উপর আমি আগামী ২৫-২-৯২ ইং বিবৃতি দেব।

মিঃ স্পীকার :— মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় আগামী ২৫-২-৯২ ইং বিবৃতি দেবেন।

আমি আজ মাননীয় সদস্য শ্রীকেশব মজুমদার মহোদয়ের কাছ থেকে আর একটি দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি। মাননীয় সদস্য মহোদয়ের দৃষ্টি আকর্ষণী নোটিশটির বিষয় বস্তু হলো :— "গত ১২-১২-৯১ ইং বেলা প্রায় ১১-৩০ মিঃ এর সময় এন, এল, এফ. টি, উগ্রপন্থীদের দ্বারা উদয়পুর মহকুমার তৈনানী আউট পোষ্ট লুট হওয়া ও একজন কনেষ্টবল খুন হওয়া সম্পর্কে।"

আমি মাননীয় সদস্য কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী নোটিশটি উত্থাপনে সম্মতি দিয়েছি। আমি এখন মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে এই দৃষ্টি আকর্ষণী নোটিশটির উপর বিবৃতি দেওয়ার জন্য অনুরোধ করছি। তিনি যদি আজ তাঁর বিবৃতি দিতে অপারগ হন, তবে তিনি কবে এই বিষয়ে বিবৃতি দিতে পারবেন অনুগ্রহ করে আমাকে জানাবেন।

শ্রীসমীররঞ্জন বর্মণ (মুখ্যমন্ত্রী) :— স্যার, মাননীয় সদস্য শ্রীকেশব মজুমদার মহোদয় কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী নোটিশটির উপর আগামী ২৫-২-৯২ ইং আমি বিবৃতি দিতে পারব।

মিঃ স্পীকার :— মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় আগামী ২৫-২-৯২ ইং এই বিষয়ে বিবৃতি দেবেন।

আমি মাননীয় সদস্য শ্রীদিবাচন্দ্র রাংখল মহোদয়ের কাছ থেকে আজ আর একটি দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি। তাঁর দৃষ্টি আকর্ষণী নোটিশের বিষয় বস্তু হলো—"ত্রিপুরা সরকার No. F. 17 (140) / For DEV 90-91 / 4703-529 Dt. 20th Dec. '91. Forest Participation and Reganeration, Maintenance, Protection of degrated forest on the basis of Sharing Scheme এর মধ্যে Central Sponsords Scheme সহ অন্তর্ভুক্ত না করাব বিষয় সম্পর্কে।"

আমি মাননীয় সদস্য মহোদয় কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী নোটিশটি উত্থাপনে সম্মতি দিয়েছি। আমি এখন মাননীয় ভারপ্রাপ্ত বনমন্ত্রী মহোদয়কে এই দৃষ্টি আকর্ষণী নোটিশটির উপর বিবৃতি দেওয়ার জন্য অনুরোধ করছি। তিনি যদি আজ তাঁর বিবৃতি দিতে অপারগ হন, তবে তিনি কবে এই বিষয়ে বিবৃতি দিতে পারবেন অনুগ্রহ করে আমাকে জানাবেন।

শ্রীসমীররঞ্জন বর্মন (মুখ্যমন্ত্রী) :— মাননীয় স্পীকার স্যার, মাননীয় শ্রীদ্রাউকুমার রিয়াং মহোদয় এই নোটিশটির উত্তর কবে দিতে পারবেন তিনি তা আপনাকে জানাবেন।

শ্রীদ্রাউকুমার রিয়াং (মন্ত্রী) :— স্যার, মাননীয় সদস্য শ্রীদিবাচন্দ্র রাংখল মহোদয়ের এই দৃষ্টি আকর্ষণী নোটিশটির উপর আগামী ২৫-২-৯২ ইং আমি বিবৃতি দেব।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী শ্রীদ্রাউকুমার রিয়াং মহোদয় আগামী ২৫-২-৯২ ইং বিবৃতি দেবেন।

MOTION OF THANKS ON THE GOVERNOR'S ADDRESS

মিঃ স্পীকার :— সভার পরবর্তী কার্য্যসূচী হলো, মাননীয় রাজ্যপাল মহোদয়ের ভাষণের উপর আলোচনা এবং ঐ ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব গত ২০শে ফেব্রুয়ারী, বৃহস্পতিবার, ১৯৯২ ইং তারিখে এসেছে তার উপর আলোচনা। প্রস্তাবটি দিয়েছেন মাননীয় সদস্য শ্রীদীপক নাগ মহোদয় এবং সমর্থন করেছেন মাননীয় সদস্যদ্বয় শ্রীগৌরীশঙ্কর রিয়াং এবং শ্রীরতনলাল ঘোষ। প্রস্তাবটি হলো,— নিম্নলিখিত মর্মে ত্রিপুরার মাননীয় রাজ্যপালের নিকট সভার কৃতজ্ঞতা ব্যক্ত করা হউক যে "২০শে ফেব্রুয়ারী, ১৯৯২ ইং তারিখে মাননীয় রাজ্যপাল এই সভায় যে ভাষণ প্রদান করিয়াছেন তার জন্য ত্রিপুরা বিধানসভার সদস্যবৃন্দ গভীরভাবে কৃতজ্ঞ।" মাননীয় সদস্যগণের অবগতির জন্য জানাচ্ছি যে, ধন্যবাদসূচক প্রস্তাবের উপর আমি বেশ কিছু সংখ্যক সংশোধনী প্রস্তাবের নোটিশ পেয়েছি। সংশোধনী নোটিশগুলির তালিকা মাননীয় সদস্যদের নিকট বিতরণ করা হয়েছে। উক্ত তালিকাভুক্ত সমস্ত সংশোধনী প্রস্তাবগুলো সভায় উত্থাপিত হয়েছে বলে গণ্য করা হলো। এখন ধন্যবাদসূচক প্রস্তাব এবং সংশোধনী প্রস্তাবগুলোর উপর আলোচনা শুরু হবে। আলোচনা শুরু হওয়ার পূর্বে প্রত্যেক দলের চীফ হুইপদের আমি অনুরোধ করব এই আলোচনায় তাঁদের দলের যে সকল সদস্য অংশ গ্রহণ করবেন তাঁদের নামের একটি তালিকা আমায় দেবার জন্য। মূল ধন্যবাদসূচক প্রস্তাব ও সংশোধনী প্রস্তাবগুলি একই সাথে আলোচনা হবে।

এখন আমি মাননীয় সদস্য শ্রীদীপক নাগ মহোদয়কে অনুরোধ করছি ধন্যবাদসূচক প্রস্তাবের উপর আলোচনা আরম্ভ করতে। মাননীয় সদস্য শ্রীদীপক নাগ মহোদয়ের তা আলোচনা শেষ হওয়ার পর প্রস্তাবের সমর্থনকারীগণ মাননীয় সদস্যদ্বয় শ্রীগৌরীশঙ্কর রিয়াং এবং শ্রীরতনলাল ঘোষ মহোদয় পর্যায়ক্রমে আলোচনা আরম্ভ করবেন।

শ্রীসমর চৌধুরী :— স্যার, সময়টা ঠিক করে দিন।

মিঃ স্পীকার :— প্রাইভেট মেম্বারস রিজলিউশানের জন্য বরাদ্দ আড়াই ঘণ্টা এবং বাকী এক ঘণ্টা রাজ্যপালের ভাষণের উপর আলোচনার জন্য বরাদ্দ।

শ্রীসমর চৌধুরী :— স্যার, কোন দল কত সময় পাবেন সেটা বলে দিলে ভাল হয়।

মিঃ স্পীকার :— আপনারা আলোচনা আরম্ভ করুন, কোন দল কত সময় পাবেন সেটা আমি পরে বলে দেব।

শ্রীদীপক নাগ (মজলিশপুর) **:—** মিঃ স্পীকার স্যার, গত ২০শে ফেব্রুয়ারী মাননীয় রাজ্যপাল মহোদয় এই হাউসে যে অভিভাষণ দিয়েছিলেন আমি সে ভাষণকে সম্পূর্ণভাবে সমর্থন করি এবং উনার প্রতি কৃতজ্ঞতা জানিয়ে আমি আমার বক্তব্য শুরু করছি। বিগত চার বছরে জোট সরকার ত্রিপুরা রাজ্যের উন্নয়নে কৃষিক্ষেত্রে, উপজাতি উন্নয়নে, বিদ্যুৎ, সুসংহত গ্রামীন পরিকল্পনা অর্থ-নৈতিক ক্ষেত্রে বিশেষ করে গ্রামাঞ্চলে গরীব মানুষের জন্য, উপজাতি অধ্যুষিত অঞ্চলে যে অভাব অনটন তাকে দূর করার জন্য যে পরিকল্পনা নিয়েছিলেন, ত্রিপুরা রাজ্যের অগনিত বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থানের জন্য বিভিন্ন প্রকল্পের ব্যবস্থা নিয়েছেন ত্রিপুরা রাজ্যের পরিবহন ব্যবস্থার জন্য জোট সরকার যে পরিকল্পনা নিয়েছেন বিশেষ করে আগরতলা পর্যান্ত রেললাইন আগরতলা পর্য্যন্ত সম্প্রসারিত করার যে কেন্দ্রীয় অনুমোদন যেটা প্রাক্তন ভি, পি, সিং সরকারের আমলে বন্ধ হয়ে গিয়েছিল এই জোট সরকার ঐকান্তিক প্রচেষ্টায় এবং আমাদের ত্রিপুরা রাজ্যের সাংসদ তথা কেন্দ্রীয় মন্ত্রী শ্রীসন্তোষ দেবের প্রচেষ্টায় নূতন ভাবে সে রেল-লাইন আগরতলা পর্য্যন্ত সম্প্রসারিত করার প্রয়োজনীয় পদক্ষেপ কেন্দ্রীয় সরকার নিয়েছেন। মাননীয় রাজ্যপালের ভাষণে এটা স্পষ্ট উল্লেখ আছে। আমি মাননীয় রাজ্যপাল মহোদয়ের ভাষণের সমস্ত দিকে না গিয়ে একটা জিনিস এখন বলতে চাই ত্রিপুরা রাজ্যে বিশেষ করে গ্রামাঞ্চলে গরীব মানুষ আর্থিক দিক দিয়ে যারা দুর্বল তাদেরকে আই, আর, ডি, পি, প্রকল্পের মাধ্যমে যেটা বিগত ১০

বৎসরে বামফ্রন্ট সরকারের আমলে বন্ধ হয়ে গিয়েছিল এই জোট সরকার ক্ষমতায় আসার পর গ্রামাঞ্চলে হাজার হাজার গরীব মানুষকে এই আই, আর, ডি, পি, প্রকল্পে আওতায় নিয়ে এসে আর্থিক দিক থেকে স্বয়ং সম্পূর্ণ করেছেন। মাননীয় রাজ্যপাল তাঁর অভিভাষণের ৮নং প্যারাতে বলেছেন দারিদ্র রেখার নীচে যে সমস্ত পরিবার অবর্ননীয় দুঃখ কষ্টের জীবন যাপন করেছেন তাদের অধিকতর মাত্রায় উপরে তুলে আনার জন্যে সুসংহত গ্রামীণ বিকাশ প্রকল্প রূপায়ণের উপর অধিকতর গুরুত্ব দেওয়া হয়েছে। ১৯৯১-৯২ সালে এই প্রকল্পের আওতায় নিয়ে আসার জন্যে কেন্দ্রীয় সরকার রাজ্যের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা স্থির করেছিলেন ৪৬৩৫ টি পরিবারকে সেই ক্ষেত্রে রাজ্য সরকার লক্ষ্যমাত্রা ধরেছেন ১৮,০০০টি পরিবারকে। এইভাবে মাননীয় রাজ্যপাল প্রতিটি পয়েন্ট জোট সরকার ত্রিপুরার রাজ্যের গরীব জনসাধারণের জন্য যে সমস্ত প্রকল্প নিয়েছেন তার উল্লেখ করেছেন। পাশাপাশি মাননীয় রাজ্যপাল মহোদয় আরেকটা জিনিষের উপর উল্লেখ করেছেন, টি, এন, ভি, চুক্তি করে জোট সরকার এবং কেন্দ্রীয় সরকার ত্রিপুরা রাজ্যে শান্তির বাতাবরণ ফিরিয়ে আনেন, বিশেষ করে পাহাড়ী অঞ্চলে উপজাতি অধ্যুষিত এলাকায় যে সমস্ত কাজ বন্ধ হয়ে গিয়েছিল, বিভিন্ন অর্থ-নৈতিক কর্মসূচী, বিভিন্ন সরকারী প্রকল্প বন্ধ হয়ে গিয়েছিল টি, এন, ভি, চুক্তি করে রাজ্যসরকার এবং কেন্দ্রীয় সরকার সেগুলি পুনরায় চালু করেছেন।

শ্রীদীপক নাগ :— মাননীয় রাজ্যপাল উনার ভাষণে বলেছেন ত্রিপুরা রাজ্যে কংগ্রেস, টি, ইউ, জে, এস, জোট সরকার ত্রিপুরা রাজ্যে যে শান্তির পরিবেশ ফিরিয়ে এনেছিল তাকে নষ্ট করার লক্ষ্যে বর্তমানে কমিউনিষ্ট পার্টির নেতৃত্বে ত্রিপুরা রাজ্যে এ টি, টি, এফ, তৈরী করা হয়েছে। এটা তৈরী করে গ্রামাঞ্চলে এবং পাহাড়ী অঞ্চলে আজকে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করা হয়েছে। এটা কারা করছেন ? আমি বেশী দূরে যেতে চাই না, আমাদের জিরানীয়া এলাকার কথা বলছি।

শ্রীমাখনলাল চক্রবর্ত্তী (কল্যাণপুর) :— পয়েন্ট অব্ অর্ডার স্যার, মাননীয় সদস্য কমিউনিষ্ট পার্টির নেতৃত্বে এটা করা হয়েছে বলছেন। এটা প্রসিডিংস্ থেকে বাদ দেওয়া হোক। এই রকম কোন নজীর উনি দেখাতে পারবেন কিনা ? এটা প্রসিডিংস্ থেকে বাদ নেওয়া হোক।

মিঃ স্পীকার :— আপনাদের বক্তব্যের সময় আপনারা বলবেন। এই ভাবে বার বার পয়েন্ট অব্ অর্ডার করলে সময় অনেক বেশী লাগবে।

শ্রীদীপক নাগ :— মাননীয় রাজ্যপাল উনার ভষণে বলেছেন বিশেষ একটা রাজনৈতিক দল

এই করছেন। ত্রিপুরা রাজ্যের সবাই জানেন এই বিশেষ রাজনৈতিক দল কারা। স্যার, উনারা সবাই বসে আছেন। মাননীয় স্পীকার স্যার, কিছুক্ষণ আগে মাননীয় বিরোধী সদস্যরা বলে আমার বাড়ীতে নাকি সি, আর, পি, রেইট করেছে অথচ আমি বাড়ীতে থেকে কিছুই জানলাম না উনারা কি ভাবে এই সব কথা বলছেন ? সি, পি, এমের মধ্যে বিভেদ চলছে সেটাকে চাপা করার জন্য এটা নাকি করা হয়েছে। এ, টি, টি, এফের মদত দিচ্ছে কারা ? রসিরামবাবুর বিরোদ্ধেও অনেক রিপোর্ট আছে। যারফলে আজকে বিশ্রামবাড়ীর স্কুল বন্ধ হয়ে যাচ্ছে। সেই স্কুলের একজন শিক্ষক বলেছেন উনাদের স্কুলে নাকি এ, টি, টি, এফের একটা চিঠি এসেছে চাঁদা দেবার জন্য। তখন সেই গ্রামের সবাইকে ডাকা হলো একটু জিজ্ঞাসা করা হলো কারা এই কাজ করছেন ? তখন ২ (দু) জনের নাম বলা হলো যারা সি, পি, এমের কর্মী এবং তাদের কাছে এ, টি, টি, এফের সীলও ছিল এবং প্রত্যেক শিক্ষককে পাঁচ হাজার টাকা করে চাঁদা দিতে বাধ্য হয়েছে। বিশ্রামবাড়ী সেখানে রসিরামবাবুর বাড়ীর কাছে স্কুল উনি তো আমাদের এম, এল, এ। স্কুল থেকে থানায় আই, এসকে রিপোর্ট দেওয়া হয়েছে প্রণব বিদ্যা-ভবনে আমরা যাব না। এই হচ্ছে অবস্থা।

প্রথম যখন কংগ্রেস এবং টি, ইউ, জে, এস, সরকার ক্ষমতায় আসলেন তখন সি, পি, এম থেকে বলা হয়েছিল এই সরকার মাত্র একমাস ক্ষমতায় থাকবেন। তারপর আবার সি, পি, এম, তরফ থেকে বলা হয়েছিল আর মাত্র ৬ মাস ক্ষমতায় থাকবেন। তারপর ভি, পি, সরকারের কাছে গিয়ে বললেন এই জোট সরকারকে ভেঙ্গে দিতে। ভি, পি, সিংহ ওদের কথায় কিছু তৈরী হয়েছিলেন। যখন আমরা ত্রিপুরা রাজ্যের লক্ষ লক্ষ মানুষ প্রয়াত নেতা রাজীব গান্ধীকে নিয়ে এই রাজ্যে মিটিং করেছিলেন সেই মিটিং-এ রাজীব গান্ধী হুঁশিয়ারী দিয়ে বলেছিলেন "যদি ত্রিপুরা রাজ্যের গণতান্ত্রিক সরকারকে ভেঙ্গে দেওয়া হয় তাহলে আন্দোলন শুরু হবে। সেই ভয়ে ভীত হয়ে ভি, পি, সিং এই সরকারকে ভাঙ্গতে পারেননি। তারপর ভি, পি, সিং যখন চলে গেলেন তখন আবার নতুন করে জাতি-উপজাতির মধ্যে দাঙ্গা লাগিয়ে দিয়ে, পাহাড়ী বাঙ্গালীর মধ্যে বিভেদ সৃষ্টি করে এই সরকারকে ভাঙ্গার চেষ্টা করছেন। কোথাও এ, টি, টি, এফ, কোথাও গণমুক্তি পরিষদ "বিভিন্ন নামে বিভিন্ন জায়গায় তারা এইগুলি করছেন। ১৯৫২ সাল থেকে আমরা সি, পি, এমের ইতিহাস জানি। আজকে কিছুক্ষণ আগে আমাদের মন্ত্রী নগেন্দ্রবাবু বলেছেন "উপজাতিরা এ, ডি, সির মধ্যে আজকে সংখ্যাগরিষ্ঠ থাকবে কিনা সেটা নিয়ে প্রশ্ন এসেছে।" আমরা জানি ঐ নকুলবাবু উনি উনার আত্মীয় স্বজনকে বাংলাদেশ থেকে এনে এখানে জায়গা দিয়েছেন। ঐ বাদলবাবু উনার আত্মীয় স্বজনকে এনে উনার কেন্দ্রে ঢুকিয়ে দিয়েছেন, যাতে

করে ভোটের সময় উনাকে কোন সময় হারতে না হয়। আবার উনারাই বলছেন বাংলাদেশী অনুপ্রবেশ ঘটছে। আপনারাই ভোটের জন্য বাংলাদেশীদের অনুপ্রবেশ ঘটাচ্ছেন। সেই বাংলাদেশীদের ভুয়া রেশন কার্ড দিয়েছেন। আমি রাজ্য সরকারকে অনুরোধ করব, রেশন কার্ড বিশেষ করে সি, পি, এমের যারা বিধায়ক আছেন উপজাতি নয় বাঙ্গালী বিধায়ক যারা তারা কাদের রেশন কার্ড দিচ্ছেন সেটা পরীক্ষা করুন। সেখানে দেখতে পারবেন বাংলাদেশের লোক, বাংলাদেশে বসবাস করছে তাদের রেশন কার্ড আছে। তাদের সময়ে এইভাবে বাংলাদেশীদের এনে ভোট দেওয়া হয়েছে। কারণ, তারা ২ নম্বরী রাস্তা ছাড়া ক্ষমতায় আসতে পারবেন না, ত্রিপুরা রাজ্যের পাবলিক তাদেরকে চায় না। আজকে পত্রিকায় দেখলাম মতিবাবু, নকুলবাবু নাকি সি, পি, এম, ছেড়ে দিচ্ছেন। নকুলবাবুর স্ত্রী নাকি অলরেডী ছেড়ে দিয়েছেন। আমি মনে করব আপনাদের শুভবুদ্ধি উদয় হয়েছে, আপনারা খুন-খারাপির পার্টি ছেড়ে দিয়ে অন্য রাজনীতি করুন। গণতান্ত্রিক পদ্ধতিতে আপনারা রাজনীতি করুন। যারা এই পার্টি ছেড়ে দিয়েছেন তাদেরকে ধন্যবাদ। কমিউনিষ্ট পার্টি যেখানে সারা বিশ্বে অচল হয় গেছে, যেখানে কমিউনিষ্ট পার্টির পীঠস্থান সেই রাশিয়া সেখানে কমিউনিষ্ট পার্টি ভেঙ্গে খান খান হয়ে গেছে, লেনিনের মুর্ত্তি ভেঙ্গে দেওয়া হয়েছে সেখানে ত্রিপুরা রাজ্যের কি কমিউনিষ্ট পার্টির বাতি টিম টিম করে জ্বলছে, সেটাও নিভে যাবে। সুতরাং, আপনারা এই দল ছেড়ে দিয়ে নতুন দল করুন, গণতান্ত্রিক দল করুন এইটা আমি অনুরোধ করব। তারপর এখানে বিদ্যুতের কথা বলা হয়েছে। ১০ বছরে আপনারা ১ ইউনিটও বিদ্যুৎ তৈরী করতে পারেননি। যা হয়েছিল শচীনবাবু, সুখময়বাবুর আমলে, সেটাও আপনারা ধুয়ে খেয়েছেন। আমরা এই ৪ বছরে ক্ষমতায় থেকে বিদ্যুতের ব্যপারে অনেকটা এগিয়ে নিয়েছি। কিন্তু লজ্জার ব্যাপার এই যে, আমাদের বিরোধী দলনেতা যাকে ত্রিপুরা রাজ্যের "মুক্তি-সূর্য" বলা হয়, উনি পরিবেশ দপ্তরকে জানিয়েছেন ত্রিপুরা রাজ্যের বিদ্যুৎ প্রকল্পের ছাড়পত্র আপনারা দেবেন না। এখানে ৭৫ মেগাওয়াট বিদ্যুৎ হবে, ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ হবে কিন্তু এর জন্য আপনাদের এত মাথা ব্যথা কেন? আপনারা এতে বাধা দিচ্ছেন কেন? এর ফলে ত্রিপুরা রাজ্যে শিল্প হবে বেকারদের কর্মসংস্থান হবে, আগামী দিনে ত্রিপুরার জনগণের জন্য এটা একটা আশার আলো নিয়ে আসবে, এটার জন্য আগামী দিনে আপনাদের অসুবিধা হবে জনগণের সামনে যেতে তার জন্যই নৃপেনবাবু কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রকের কাছে পত্র দিয়েছেন, এখানে এইগুলি দেবেন না বলে। যেখানে আমাদের সরকার এত পরিশ্রম করে রাজ্যে বিদ্যুৎ উৎপাদন সৃষ্টি করার চেষ্টা করেছেন সেখানে উনি চিঠি লিখছেন দেবেন না বলে, যে বিদ্যুৎ বাহিরে থেকে আমাদের বেশী দাম দিয়ে আনতে হয়। আজকে আমাদের

রাজ্যে যদি বিদ্যুৎ উৎপাদন হয় তাহলে আমরা বাহিরেও কিছু বিদ্যুৎ বিক্রী করতে পারব এবং বিক্রী করে সেই টাকা দিয়ে রাজ্যের উন্নয়নমূলক কাজ করতে পারব। আপনারা কি জানেন না যে, বিদ্যুৎ উৎপাদন হলে রাজ্যে শিল্প গড়ে উঠতে সুবিধা হবে ? আর এই শিল্প গড়ে উঠলেই বেকারদের কর্মসংস্থান হবে। আজকে একটা জিনিষ আপনাদের ভুললে চলবে না যে ত্রিপুরার জনগণ কাউকেই ভুলবে না। যাই হোক, গত চার বছরে ত্রিপুরা রাজ্যে এগ্রিক্যালচারের মাধ্যমে বহু কাজ হয়েছে, বিভিন্ন জায়গায় বিভিন্ন ধরনের কৃষি উন্নয়নমূলক কাজ হয়েছে। যে উপজাতিদের জন্য আপনারা সব সময় চোখের জল ফেলেন সেই উপজাতি ভাইদেরকে আজকে আমাদের এগ্রিক্যালচার মন্ত্রী হাতে ধরে বিভিন্ন ধরনের কৃষির সুযোগ করে দিয়েছেন, বিভিন্ন জায়গায় কৃষি দপ্তরের মাধ্যমে বিভিন্ন ধরনের প্রকল্প নিয়েছেন, উপজাতি অংশের মানুষকে কিভাবে কৃষিতে উন্নত করা যায় তার জন্য প্রচেষ্টা নিয়েছেন এবং আজকে সেখানে আমাদের সরকারের কিছুটা সাফল্যের আলো দেখা দিয়েছে। ভাল কৃষি করতে হলে কিভাবে জলসেচ করতে হবে কিভাবে সার ব্যবহার করতে হবে এইগুলি সব পাহাড় পর্ব্বতের উপজাতিদের শিখিয়ে দেওয়া হয়েছে এবং তার ফল স্বরুপ আজকে পাহাড় অঞ্চলে কৃষি উন্নতি হয়েছে, বেগুন হয়েছে আলু হয়েছে, আরও বিভিন্ন ধরনের ফসল হয়েছে। আমরা বৈজ্ঞানিক প্রথায় যে আলুর ফলন করছি সেটাকে বাহিরে নিয়ে যাওয়ার জন্য আজকে প্রস্তাব এসেছে রাজ্যপালের কাছে। এবছর ঝড় ও অতিবৃষ্টির হওয়ার ফলে কিছু ফসল নষ্ট হয়েছে, তবুও দেখা গেছে ত্রিপুরা রাজ্যে আজকে কৃষির ক্ষেত্রে একটা গতি এসেছে, যার জন্য আমরা আশা করছি ত্রিপুরা রাজ্য খাদ্যের দিক দিয়ে স্বয়ং সম্পূর্ণ হবে। এই খাদ্যকে আমাদের বাহিরে থেকে আনতে হয় এবং খাদ্য ক্রয় করার ফলে আমাদের প্রচুর টাকা বাহিরে চলে যাচ্ছে। এই বাহিরে যাওয়া টাকাটা রাজ্যের মধ্যে থাকলে রাজ্যের কৃষিকে আরও উন্নত করা যাবে এবং এই কৃষির উৎপাদিত ফসলকে বাহিরে পাঠিয়ে কিছু সাশ্রয়ও করা যাবে। কাজেই আপনারা এখানে যে এমেণ্ডমেণ্ট এনেছেন এইটার কোন মূল্য নেই, রাজ্যপালের ভাষনটা ভাল করে পড়ে দেখুন সেখানে সবই আছে, আমি পড়েছি। মাননীয় রাজ্যপাল উনার ভাষনে উপজাতি জুমিয়াদের উন্নয়ের কথা উল্লেখ করেছেন। এই উপজাতি জুমিয়াদের উন্নয়ন আপনাদের আমলে (বামফ্রণ্টের আমলে) আপনারা কি করেছিলেন সেটা আমরা দেখেছি। কিন্তু আমাদের জোট সরকার তাঁর নির্বাচনী প্রতিশ্রুতি পালন করেছেন। এই রাজ্যের জুমিয়ারা যাতে সেটল হতে পারে তারজন্য বিভিন্ন পরিকল্পনা সরকার নিয়েছেন এবং জুমিয়াদের সুষ্ঠু পুনরবাসন যাতে দেওয়া যায় সেজন্য আপনাদের আমলে এই জুমিয়া পুনরবাসন বাবদ যে ৮০০০ টাকার প্রকল্প ছিল সেটাকে বাড়িয়ে ২৫,০০০ টাকা করা হয়েছে। আজকে উপজাতিদের কথা হলেই আপনারা তাদের জন্য মায়াকান্না কাঁদেন-এবং বলেন আমাদের

উপজাতি ভাই যে অনাহারে আছে। উপজাতিদের প্রতি আপনাদের এই দরদ থাকা ভাল কিন্তু সেটাকে মুখে না বলে কাজে দেখানো উচিত। আজকে যারা অনাহারে আছে তাদের জন্য সরকার কাজের ব্যবস্থা করেছেন। এই ত্রিপুরা রাজ্যে কতগুলি ডিস্‌ট্রেস্‌ড্‌ পোকেট আছে। সেগুলি যে শুধু আমাদের সময়ে হয়েছে তা নয় আপনাদের সময়েও ছিল-সেই সুখময় সেনগুপ্তের আমলেও ছিল। সেই ডিট্রেসড পোকেটগুলির লোকেদের জন্য সরকার বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছেন এবং তাদের কাজের পথ সৃষ্টি করেছেন। সেখানে যাতে খাদ্যের অভাব না হয়, চিকিৎসার অভাব না হয়, তারজন্য জরুরী ভিত্তিতে ব্যবস্থা নেওয়া হয়ে থাকে। আমরা দেখেছি নারায়ণপুর খামতিবাড়ী এই সব এলাকায় ম্যালেরিয়া রোগের প্রকোপ, আন্ত্রিক রোগ দেখা দিয়েছিল। আমরা জরুরী ভিত্তিতে সেখানে চিকিৎসকদল নিয়ে গিয়ে তাদের চিকিৎসার ব্যবস্থা করেছি এবং আক্রান্ত রোগীদের গাড়ী দিয়ে হাসপাতালে পাঠিয়ে দিয়েছি তাদের চিকিৎসার জন্য। কাজেই মাননীয় রাজ্যপাল ত্রিপুরার উন্নয়নের স্বার্থে ত্রিপুরার জনসাধারণের স্বার্থে যে ভাষণ দিয়েছেন তাকে আমি সম্পুর্ণরূপে সমর্থন জানাচ্ছি এবং মাননীয় রাজ্যপালের নিকট কৃতজ্ঞতা জানাচ্ছি এবং সঙ্গে সঙ্গে আমাদের বিরোধী দলের সদস্যরা যে-সব সংশোধনী প্রস্তাব এনেছেন সেগুলির বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

মিঃ স্পীকার : - মাননীয় সদস্য শ্রীগৌরীশংকর রিয়াং।

শ্রীগৌরীশংকর রিয়াং (শান্তির বাজার) :—মিঃ স্পীকার স্যার, এই বিধানসভায় গত বৃহস্পতিবার ২০শে ফেব্রুয়ারী, ১৯৯২ ইং তারিখে মাননীয় ত্রিপুরা রাজ্যের মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সেটা অত্যন্ত সময়োপযোগী হয়েছে এবং এই কংগ্রেস (ই)— টি, ইউ, জে, এস, জোট সরকার বিগত চার বছরে এই রাজ্যের ২৭ লক্ষ মানুষের উন্নয়নে যে ব্যবস্থা নিয়েছেন সেগুলি অত্যন্ত আয়নার মত স্পষ্ট করে বলেছেন। যদিও আমার বিরোধী বন্ধুরা এর উপর কিছু কিছু এমেণ্ডমেন্ট এনেছেন। এইটা অত্যন্ত দুঃখজনক—"যে সুজনে সুযশ গায় কুযশ ঢাকিয়া"—আমাদের মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন উনারা সেটা সহ্য করতে পারছেন না। আমি মাননীয় রাজ্যপালের ভাষণকে সম্পূর্ণরূপে সমর্থন করে এবং আমার বিরোধী দলের বন্ধুরা যে-সমস্ত এমেণ্ডমেন্ট এনেছেন সেগুলির বিরোধীতা করে আমার বক্তব্য শুরু করছি। এটা অত্যন্ত দুঃখজনক যে এই জোট সরকার ত্রিপুরা রাজ্যের ২৭ লক্ষ মানুষের উন্নয়নের যে-সমস্ত কর্মকান্ড বিগত বছরে রূপায়িত করেছেন তা মাননীয় রাজ্যপাল রাজ্যবাসীর স্বার্থেই তাঁর ভাষণে উল্লেখ করেছেন। আর সেই ভাষণের বিরোধীতা করে মাননীয় বিরোধী দলের সদস্যরা কার্য্যতঃ ত্রিপুরার ২৭ লক্ষ মানুষের বিরোধীতা করছেন। এই রাজ্যে এই জোট সরকার ক্ষমতায় আসার সঙ্গে সঙ্গে যে টি,এন,ভি ত্রিপুরায়

২৫ লক্ষ মানুষের সুখের নিদ্রা কেড়ে নিয়েছিল ভবিষ্যতের আশা ধুলিস্যাৎ করে দিয়ে। সেই টি, এন, ভি, আবার স্বাভাবিক জীবনে ফিরে এসেছে এবং তারা এখন স্বাভাবিক জীবন যাপন করছেন। কিন্তু এটাই দুঃখজনক যে আমাদের বন্ধুরা সেটা মানতে চান না—"চোরা না শুনে ধর্মের কাহিনী।" তাঁদের এই স্বভাবের পরিবর্তন করা গেল না। এবং উনাদের ফুসলানিতেই ধনঞ্জয় রিয়াং আবার জঙ্গলে ফিরে গেছে। শুধু তাই নয় এই টি, এন, ভি, স্বাভাবিক জীবনে ফিরে আসায় ত্রিপুরার মানুষের চোখে এখন সুখের নিদ্রা এসেছে, এখন মানুষ প্রাণ খোলে হাসতে পারছে। কিন্তু আমাদের বন্ধুদের চোখের নিদ্রা চলে গেছে। সেইজন্য তারা টি, এন, এল, এফ, নাম দিয়ে শান্তি বাহিনীকে জংগলে পাঠিয়ে দিয়েছেন। সেই টি, এন, এল, এফ এই দক্ষ সরকারের কাছে আত্মসমর্পন করে বাধ্য হয়। এখন আবার উনারা এ, টি. টি, এফের, সৃষ্টি করছেন। মিঃ স্পীকার স্যার, আমি গতকাল এই বিধানসভায় তথ্য দিয়েছি যে প্রাক্তন মাননীয় বিধায়ক লেন প্রসাদ বাবু এবং সর্বোজয় রিয়াং হচ্ছে এ, টি, টি, এফের সভাপতি এবং সম্পাদক। তাদের পরামর্শ দাতা হিসাবে আছেন এখানে উপস্থিত মাননীয় সদস্য অনিল বাবু। অনিল বাবুর চুল দাঁড়ি দেখলেই বুঝতে পারবেন যে, উনি জংগল থেকে এসেছেন। জংগলে চুল দাঁড়ি কামানোর সুযোগ পান নাই বলে এগুলি রয়ে গিয়েছে। মাত্র গতকালই উনি ফিরে এসেছেন। মিঃ স্পীকার স্যার, অত্যন্ত দুঃখের বিষয়, যেখানে রাজ্য সরকার চাইছেন যে, রাজ্যের মধ্যে সুখ-শান্তি সম্প্রীতি বজায় থাকুক। রাজ্যের জনগণের অগ্রগতির কথা চিন্তা করা হচ্ছে সেখানে উনারা এই পরিস্থিতিতে কোন অবস্থাতেই মানতে চান না। সেইজন্য ময়ানমার জংগলে গিয়ে থাকতে হচ্ছে এ, টি, টি, এফের তত্বাবধান করার জন্য। যাচ্ছেন অমরপুরের ডাণ্ডারীমা অঞ্চলে। সেইজন্যই স্যার, উনারা রাজ্যপালের ভাষণকেও মানতে পারছেন না। এখানে টি, এন, ভির কথা বলা হয়েছে। অর্থনৈতিক পুর্ণবিন্যাস। উপজাতিদের উন্নয়নের জন্য এই সরকার। কিন্তু উন্নয়নে বাধা দিচ্ছেন উনারা। টি, এন, ভি; টি, এন, এল, এফ এবং তার পর উনারা করলেন এ, টি, টি, এফ। এই ধনঞ্জয় রিয়াংকে আবার উস্কিয়ে দিয়ে এবং ফুঁসলিয়ে দিয়ে উনারাই জংগলে পাঠিয়ে দিয়েছেন। আপনারা প্রমাণ চান? আমার কাছে সমস্ত নথি আছে। নারায়ণ কর, যিনি রাজ্যসভার সদস্য, তিনি ধনঞ্জয় রিয়াংকে নিয়ে গ্রামে গ্রামে গিয়ে মিটিং করেছেন। এখানে উপস্থিত মাননীয় সদস্য ব্রজমোহন জমাতিয়ার বাড়িতে গিয়ে মিটিং করেছেন। সেখানেও বলা হয়েছে ধনঞ্জয় রিয়াং স্বাভাবিক জীবনে থাকবে না। পাঠাতে হবে জংগলে। কেন? স্বাভাবিক জীবনে থাকলে আমাদের বন্ধুদের অসুবিধা হবে। কারণ উৎপাত করলে পার্বত্য অঞ্চলে সরকারের বিরুদ্ধে বিক্ষোভ দেখা দিতে পারে। এবং সুযোগ বুঝে ঘোলা জলে টোপ ফেলবার চেষ্টা করেত পারবেন। কিছুদিন আগে নিশ্চয়ই আপনারা লক্ষ্য করেছেন যে, উনারা

ঘোলা জলে আবার মাছ ধরার চেষ্টা করেছিলেন। কিন্তু ভাগ্যের কি পরিহাস। উনাদের চেষ্টা আবারও বিফল হল। মাননীয় সদস্য ব্রজমোহন জমাতিয়ার ছেলে জয়ন্ত জমাতিয়া এ, টি, টি, এফের বন্দুক কাধে নিয়ে ঘুরে। আপনি বেঁচে গিয়েছেন। শিকারের নাম করে এক বাড়িতে গিয়ে হামলা করেছিল বন্দুক নিয়ে। ফলে পুলিশ তাকে গ্রেপ্তার করল। মাননীয় সদস্যর সন্তান বলে তাকে ছেড়ে দেওয়া হয়েছে। আমি বিরোধী বন্ধুদের কাছে অনুরোধ করছি এই সরকারের সঙ্গে আপনারা পরিপূর্ণ সমর্থন করে যান। যেটা রাজ্যের উন্নয়নের জন্য সবচেয়ে বেশী প্রয়োজন। আমরা আপনাদের বার বার অনুরোধ করছি আপনারা সহায়তা করুন। উন্নয়নের কাজে হাত লাগান। রাজনীতি করার জন্য রাজনীতি করবেন না। বাধা দেওয়ার জন্য বাধা দিবেন না। সরকারকে একটা অশান্তির মধ্যে ফেলে দেবেন না। তাহলে পরে আপনারাও পার পাবেন না। হয়ত সেই কারণেই আপনারা বিরোধী দলের আসনে বসতে বাধ্য হয়েছেন। স্যার, আমাদের সরকার সমাজের পিছিয়ে পড়া অংশের মানুষ এখানে ৫১ নাম্বার পয়েন্টে মাননীয় রাজ্যপাল মহোদয় উল্লেখ করেছেন এবং আমাদের সরকার তারই উদ্দেশ্যে একটি কমিটি গঠন করে দিয়েছে। ও, বি, সিদের কিভাবে সরকারের সুযোগ সুবিধা চাকুরী এবং অন্যান্য সুযোগের ক্ষেত্রে সরকারী সুযোগ সম্প্রসারণ করা যায় তার লক্ষ্যেই একটি কমিটি গঠন করা হয়েছে। এই কমিটি রিপোর্ট পেশ করেছেন এবং আমরা আশা করছি শীঘ্রই সরকার সেই রিপোর্ট গ্রহণ করে ও, বি, সিদের সুযোগ সুবিধা সম্প্রসারণের ব্যবস্থা গ্রহণ করবেন। কিন্তু বিগত দিনে এই বন্ধুরা যখন সরকারে ছিল, সেই দশ বছরে আমার দলের চার বিধায়ক ছিলেন, সেই চার বিধায়ক ও, বি, সিদের জন্য প্রশ্ন তুলেছেন তখন ওনারা বলেছেন যে, সেটা সাম্প্রদায়িক। তাহলে কারোর সুযোগের জন্য কোন দুর্বল শ্রেণী মানুষের সুযোগের জন্য, দুর্বল শ্রেণীর মানুষের হয়ে যদি কথা বলে তাহলে কি সাম্প্রদায়িক হয়? কিন্তু আজকে এই সরকার ক্ষমতায় আসার সঙ্গে সঙ্গে দুর্বল শ্রেণীর মানুষের সুযোগ সম্প্রসারণের জন্য, তাদের উন্নয়নের জন্য সরকারের চিন্তাধারাকে বাস্তবে পরিণত করতে যাচ্ছেন। এখন আপনারা বলুন। মাননীয় স্পীকার স্যার, দরিদ্র ব্যক্তিদের আইনগত সহায়তা সম্প্রসারিত করার লক্ষ্যে যে আইন আছে, এখানে ৬০ নাম্বার পয়েন্টে আছে, এটা আগেও ছিল কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় সেই বামফ্রন্ট আমলে বিনা কারণে সামান্য অজুহাতে এবং আমার দরিদ্র অংশের বিশেষ করে ট্রাইবেলদের যেখানে রাজনৈতিক উদ্দেশ্যে জেলে ঢুকাতেন এবং বিনা বিচারে আটক করে রাখতেন। এই আইনগত সুবিধা থাকা সত্ত্বেও তখন তারা আইনের সুযোগ পান নি। কিন্তু বন্ধুদের জানা আছে কিনা জানিনা। এখন প্রত্যেক মহকুমা জেলায় রাজ্যের সর্বোচ্চ আদালতের হাইকোর্ট আছে। আমাদের দুর্বল অংশের বা পিছিয়ে পাড়া অংশের

মানুষ তাদের সেই সুযোগ পাচ্ছেন এবং আর্থিক সহায়তা পাচ্ছেন। কিন্তু তখন কেউ পায় নি স্যার, উল্টো যারা আর্থিক সাহায্যের জন্য যেত তাদের জেলে ঢুকিয়ে রাখা হত। কারণ, তারা বামফ্রন্টকে বিরোধীতা করত। এইজন্য আমি আশা করব যে, আমার বন্ধুরা এই সরকারের সমস্ত কাজের এবং উন্নয়নমূলক কাজের সমর্থন করে এই প্রকল্পগুলির দিকে লক্ষ্য রেখেই রাজ্য-পালের ভাষণকে পরিপূর্ণ ভাবে সমর্থন করে, তাদের সেই যে ছাঁটাই প্রস্তাব সেগুলিকে প্রত্যাহার করে নেবেন এবং আমাদের সরকারের সঙ্গে সহযোগিতার হাত বাড়িয়ে সরকারকে সহযোগিতা করে রাজ্যের উন্নয়ন শান্তি শৃংখলা বজায় রাখার লক্ষ্যেই আপনারা আমাদের সঙ্গে সহযোগিতা করুণ। শুধু চিৎকার করে বিরোধিতা করে এবং বিভিন্ন রকমভাবে ফসলিয়ে ষড়যন্ত্র করে কোন স্বার্থ উদ্ধার করা যায় না। রাজ্যের মানুষ যদি আপনাদের পাশে না থাকে আপনারা যদি অর্থের প্রলোভন দেখান যতই ক্ষমতার প্রলোভন দেখান না কেন আপাদের পাশে কাউকে পাবেন না। আপনাদের কাজের মাধ্যমে, আপনাদের ব্যবহারের মাধ্যমে, জোর মাধ্যমে সেটা প্রমাণ করতে চেষ্টা করুণ যাতে রাজ্যের মানুষ আপনাদের পেছনে দাঁড়ায়। আপনাদের নিশ্চয়ই এখানে পৌছতে সুযোগ দেব যদি রাজ্যের মানুষ আপনাদের সমর্থন করে। কিন্তু লোভ দেখিয়ে যদি আপনারা এই আসনে ফিরে আসতে চান তাহলে এটা অত্যন্ত দুঃখজনক। তাই ভবিষ্যতের জন্য আপনারা সাবধান হন এবং এই রাজ্যের মানুষের মঙ্গলের জন্য আপনারা আমাদের সহযোগিতা করবেন এই আবেদন রেখেই আমি আমার বক্তব্য শেষ করছি।

ধন্যবাদ।

মিঃ স্পীকার :— আজ বেলা ২ ঘটিকা পর্যন্ত ঐ সভা মুলতবী রইল।

AFTER RECESS AT—2 P. M.

মিঃ স্পীকার :— মাননীয় সদস্য সমর চৌধুরী, আপনি তো সংশোধনী এনেছেন, আপনি কিছু বলবেন ?

শ্রীসমর চৌধুরী :— আমার এমিডমেণ্ড আছে, আমি পরে বলব, স্যার।

মিঃ স্পীকার :— মাননীয় সদস্য বৈদ্যনাথ মজুমদার।

শ্রীবৈদ্যনাথ মজুমদার (চণ্ডীপুর) :— স্পীকার স্যার, মাননীয় রাজ্যপাল গতকাল বিধানসভায়

যে ভাষন রেখেছেন তারজন্য মাননীয় সদস্য দীপকনাগ যে ধন্যবাদ সূচক প্রস্তাব এনেছেন এটা সঠিক হয়নি বলে আমি মনে করি এবং বিরোধী পক্ষের সদস্যরা যে সমস্ত এমেণ্ডমেন্ট দিয়েছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। আজকে যারা সরকারে আছেন তারা ত্রিপুরা রাজ্যের মানুষের কাছে আসামির কাঠগড়ায় তাদের বেইল্ড আউট করার জন্য মাননীয় রাজ্যপাল এই ভাষন রেখেছেন এবং প্রকৃত পক্ষে অবস্থা ঠিক বিপরীত। আজকে আমরা মনে করতে পারি, যখন আমরা মাদ্রাজে ছিলাম জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে তখন আমরা দেখলাম বাইরের কাগজে খবর বেরিয়েছে যে, মাননীয় রাজ্যপাল এই সরকারের অবস্থা সম্পর্কে একটা রিপোর্ট পেশ করেছেন। সেই রিপোর্টে এই সরকারকে আসামির কাঠগড়ায় দাঁড় করানো হয়েছিল। এবং সেখানে বলা হয়েছিল যে রাজ্যে আইন শৃঙ্খলা বলতে কিছু নেই। অনাহার আনন্ত্রিকে মৃত্যু হচ্ছে এবং কিছু সমাজ বিরোধীদের হাতেও কিছু সংখ্যক ক্লাবের দ্বারা সরকার পরিচালিত হচ্ছে। এটা শুধু ঐ পত্রিকাতেই নয় আনন্দ বাজারেও নয়, অন্যান্য কাগজেও উঠেছিল। ত্রিপুরা সরকার এর প্রতিবাদ করেনি। কালকে মাননীয় রাজ্যপাল যে ভাষন এখানে রেখেছেন এটা সম্পূর্ণ বিপরীত। স্যার, রাজ্যের অবস্থাকে কি সমর্থন করতে পারছিনা, ত্রিপুরা রাজ্যে কি কোন আইন শৃঙ্খলা আছে? ১৬ই আগষ্ট ৯১ সালে এই বিধানসভায় আমাদের প্রশ্ন ছিল "রাজ্যে যে সমস্ত অপরাধ সংঘটিত হচ্ছে তার তালিকা প্রকাশ করার জন্য। তাতে যে হিসেব দেওয়া হয়েছে সেখানে বলা হয়েছিল মাত্র ৯০ ইং সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত, তখন ৬৮২টি খুন, ৩৭০টি ধর্ষণের মামলা এবং ৪০,০০০ হাজার অন্যান্য অপরাধের ঘটনা বিধানসভায় দিয়েছেন। শুধু কালকে তারা অন্য তথ্য সরবরাহ করেছেন, তাতে বলেছেন ধর্ষণের ঘটনা মাত্র ২৩২টি। তারা এক এক সময় এক এক রকম কথা বলে থাকেন। তাতে কিছু করার নেই। আজকে যিনি মুখ্যমন্ত্রী তার সময়েওতো বীরচন্দ্র মনুতে খুন হয়েছিল ১৩ জন এবং ২ জন দেহরক্ষী। একটি আসামীও কি একদিনের জন্য হাজত ভোগ করেছিল? করেনি।

১৯৬৮ সনে সারা ত্রিপুরা রাজ্য যখন দুর্ভিক্ষ হয়েছিল, বিশালগড়ে ভুভুক্ষু জনতার উপর আক্রমণ সংঘটিত করেছিলেন সেটা ইঙ্গিতে? ত্রিপুরার মানুষ কখনো ভুলেনি। খুন থেকে আরম্ভ করে নারী ধর্ষনের কোন আসামী ধরা পড়েছে? আজকে মন্ত্রীসভা হয়েছে। এই মন্ত্রিসভাতে যারা আছেন, নতুন বোতলে পুরানো মদ বিক্রি করার সামিল। কয়েকজন এই বেঞ্চে আছেন, আরো আসা করতে পারেন আগামীতে মন্ত্রিসভাতে অন্তর্ভুক্ত হইবার জন্য। এবং এই সরকারের আমলে বেশী কথাগুলি লেখা হয়েছে ভারতীয় সংবিধান কি এখানে কার্যকারী হয়? না এখানে কার্যকরী হয় না। যে দিন থেকে এই সরকার ক্ষমতায় এল

কটিকরায় নির্বাচন থেকে আরম্ভ করে, স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদের নির্বাচনে পর্যন্ত রিগিং হয়। মানুষের ভোটের অধিকার নেই এখানে। ১৯০ বছর লড়াই করে দেশ স্বাধীন হল, আজকে ৪৫ বছর হল স্বাধীন হয়েছে। এখানে বামফ্রন্ট সরকার দশ বছর থাকা-কালীন কেউ বলতে পারেনি ভোট দিতে পারেনি। এই সরকারের আমলে মানুষের ভোটের অধিকার নেই। ক্যাম্পাস্ প্যাক্স্ এর নির্বাচনে আমাদের কর্মীদের লাইন থেকে বের করে দেওয়া হইয়েছে। উজান ময়দানের ঘটনা প্রাক্তন প্রধান বিচারপতি কি রায় দিয়েছেন? বলেছেন কম পক্ষে ছয়জন ধর্ষিতা হয়েছে। এবং এই সরকারকে অসামীর কাঠগড়ার দাঁড় করিয়েছেন। সরকারের কিছু অফিসার পুলিশের কিছু অফিসারস্ এবং আসাম রাইফেলস্ এর কিছু অফিসার এই ঘটনাটিকে মিসলিড করে আড়াল করতে চেয়েছিলেন। অনেকবার অভিযুক্ত হওয়ার পরেও এই সরকার ক্ষমতায় থাকতে পারে? জানি না সুপ্রিম কোর্ট কি করবে? তবে ত্রিপুরা লক্ষ লক্ষ মানুষের রায় আছে। জয়েন্ট এন্ট্রান্স গুয়াহাটি হাই কোর্টের ডিভিষণ বেঞ্চের এই সরকারের কোথায় দাঁড় করাইয়াছেন? দুর্নীতি আইন হবেন এর দ্বারা যারা বহিস্কৃত হইয়াছেন, রেপে যাদের নাম আছে তাদের প্রত্যেককে বিশ হাজার টাকা ক্ষতিপূরণ দিতে হবে। আমার জানা নেই কোন রাজ্যে এই রকম ঘটনা ঘটেছে কিনা। তারপরেও এই সরকারকে কেউ সার্টিফিকেট দিতে পারে? কেউ সার্টিফিকেট দিতে পারে না। এগুলি তো চিন্তার বাইরে এবং এই ভাষণের মধ্যে ট্রাইবেলদের চার দফা দাবীর কথা কি কিছু আছে? নেই এক জায়গায় আছে শুধু পরিচয় পত্রের কথা। স্যার, ১৯৫১ সালে যে সেন্সাস হয়েছিল, তখন এই রাজ্যের লোক সংখ্যার যে চিত্র পাওয়া গিয়েছিল, তাতে দেখা যায় এই রাজ্যে ট্রাইবেলদের সংখ্যা মোট জনসংখ্যার শতকরা ৫২ জন। তারপর, অবশ্য দেশ বিভাগের ফলশ্রুতিতে সাবেক পূর্ব পাকিস্তান থেকে অনেক লোক এই রাজ্যে এসেছে। কিন্তু এখানেই কি শেষ? না, ১৯৮১ সালে যে সেন্সাস হল, তাতে আমরা দেখছি যে, এই রাজ্যে ১৯৫১ সালে যে ট্রাইবেল ছিল ৫২ শতাংশ, তারা ১৯৮১ সালে নেমে গিয়ে হল ২৯ শতাংশে। আর ১৯৯১ সালে যে সেন্সাস হয়েছে, তার ফাইন্যাল রিপোর্ট বের হলে দেখা যাবে যে এই রাজ্যের ট্রাইবেলদের সংখ্যা কমে গিয়ে দাঁড়িয়েছে ২১ শতাংশে এখানেও প্রতিদিন শত শত বাংলাদেশ থেকে লোক আসছে, এক দিনের জন্যও বন্ধ নেই। অবশ্য সরকার এই কমিশন, সেই কমিশনের অনেক কথা বলবেন। আজকে এই রাজ্যের ট্রাইবেলরা, তাদের নিজের রাজ্যেই নিজেরা সংখ্যালঘু হয়ে পড়েছেন, এটা সবাইকে স্বীকার করতে হবে। এই সম্পর্কে তো রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই। আমরা নাম ধাম দিয়ে নতুন করে যারা

আসছে, তাদের একটা লিষ্ট সরকারকে দিয়েছি। কিন্তু সরকার কি তার কোন প্রতিকার করলেন? হয়তো সরকার আমাদের দেওয়া লিষ্টটাকে কলা পাতা বলে ডাষ্টবিনে ছুঁড়ে ফেলেছেন। আজকে রাজ্যপালের ভাষণে তো এই রকম কোন কথা নেই যে, ভিন্ন দেশী নাগরিকদের এই দেশে আসার জন্য বর্ডার সীল করে দিতে হবে এবং আরও অন্যান্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। আমাদের তো মনে হয় এই রাজ্যে বর্তমানে এ, ডি, সি, আছে সেটা তুলে দেওয়ার মত অবস্থায় এসে পৌছিছে এবং আগামী ১০ বছর পরে হলেও এটাকে উঠিয়ে দিতে হবে। আমি জানি না, টি, ইউ, জে, এসের, লোক তো সরকারে আছেন, তারা এই সম্পর্কে কি চিন্তা করছেন, তারা এই রাজ্যে উপজাতিদের স্বার্থ কি ভাবে রক্ষা করবেন? তবে, আমরা এটা বুঝি যে ত্রিপুরা রাজ্যে জাতি উপজাতিদের সংহতি রক্ষা করতে হবে, এবং তা যদি করতে হয়, তাহলে মেজরিটি যারা আছেন, তাদেরও এটা বুঝতে হবে যে এই রাজ্যের উপজাতিদের স্বার্থ তাদেরই রক্ষা করতে হবে এবং এই স্বার্থ রক্ষার জন্য অ-উপজাতি যারা সংখ্যাগরিষ্ঠ, তাদের যেমন দায়িত্ব আছে, তেমনি রাজ্য সরকারেরও দায়িত্ব আছে। কিন্তু এটা বড়ই দুঃখের যে এই সম্পর্কে রাজ্যপালের ভাষণে একটি কথাও উল্লেখ নেই। স্যার, আমরা লক্ষ্য করেছি যে গত দুই মাস আড়াই মাস ধরে এই রাজ্যের মন্ত্রীরা দিল্লীতে দৌড়ঝাপ দিয়েছিলেন। এই সরকার থাকবে কি থাকবে না, এই নিয়ে এবং তাতে সরকারের তথা সাধারণ মানুষের লক্ষ লক্ষ টাকা খরচ হয়ে গিয়েছে। তাঁদের দৌড়ঝাপ দেখে তো এই রাজ্যের মানুষের ঘুম হয়নি। আর ঠিক এই সময়ে এই রাজ্যের বিভিন্ন পাহাড়ী এলাকায় অনাহার, অর্ধাহার এবং রোগাক্রান্ত হয়ে অনেক উপজাতি মারা গিয়েছেন। এমন কি তাদের অনেকই বাধ্য-হয়ে এই রাজ্য ছেড়ে অন্য রাজ্যে চলে গিয়েছেন বেঁচে থাকার জন্য। এটা কি তারা স্বীকার করেন না? এই রাজ্যের বিভিন্ন পত্র-পত্রিকাতে এসব খবর অনেক উঠেছে। শ্যামাচরণবাবু তো স্বীকার করেছেন, এবং এজন্য দুই একটা প্রেস কনফারেন্সও করেছেন, কত লোক অনাহারে মারা গিয়েছিল, কত লোক বাধ্য হয়ে এই রাজ্য ছেড়ে গিয়েছেন, তারও সংখ্যা দিয়েছেন। তদসত্বেও এইসবের কোন উল্লেখ নেই, এই ভাষণের কোন এক জায়গাতে বলা হয়েছে যে প্রাকৃতিক দুর্যোগে এই রাজ্যের উপজাতিদের জুম চাষ বিপর্যস্ত হয়েছে। তারপরে বলা হয়েছে এই বিপর্যস্ত অবস্থা কেটে উঠার জন্য তাদের ত্রাণ সাহায্য দেওয়া হয়েছে। কিন্তু কোন জায়গায় দেওয়া হয়েছে, এই রাজ্যে তো চীফ মিনিস্টারের ডিসক্রিয়েশন ফাণ্ড আছে, এর থেকে তো একটি পয়সাও এই বিপর্য্যস্ত লোকদের জন্য যায়নি। বরং বলতে পারি, আমরা তাদের জন্য কিছু সাহায্য বিভিন্ন পাহাড়ী এলাকায় পাঠিয়েছি। এই রাজ্যের ব্যবসায়ীরাও কিছু চাল ওদের জন্য পাঠিয়েছে,

মাননীয় মন্ত্রী রতন চক্রবর্তী কিছু পুরানো কাপড় চোপড় তাদের জন্য পাঠিয়েছিলেন। কিন্তু সরকারী টাকা তাদের জন্য কোথায় খরচ করা হল? এটা তো কারো জানা নেই, বরং বলা যায় যারা অনাহার ক্লিষ্ট হয়ে ক্ষুধার যন্ত্রণায় অতিষ্ট হয়ে সরকারী চাউলের গুদামে চাউল আনতে গিয়েছিল, তাদের গুলি করে খুন করা হয়েছিল। কৈ এই ভাষণে কি সেই কথা আছে? সেই সব কথা নেই। কারণ, এই জোট সরকারের মন্ত্রীরা যে নিজেদের ভোগ বিলাস নিয়েই ব্যস্ত, ঐ লোকগুলির কথা চিন্তা করার সময় ওদের নেই। স্যার, শিক্ষা সম্পর্কে এখানে বলা হয়েছে। শিক্ষার পাঠ্য পুস্তক নিয়ে এখানে কালোবাজারী চলে এবং তার প্রতিবাদ করতে গিয়ে ছাত্রদের ধর্মঘট করতে হয়, ছাত্র খুন হয় এবং সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে নৈরাজ্য চলছে। ত্রিপুরার কোন স্কুলে মিড-ডে-মিল নেই এই সরকার সারা দেশের কাছে অপরাধী। সারা রাজ্যের কাছে অপরাধী। আইন-শৃঙ্খলা সম্পর্কে রাজ্যপালের ভাষণে বলা হয়েছে চার নং প্যারাগ্রাপে যে আমার সরকার মহিলাদের সম্মানও মর্য্যাদা অক্ষুন্ন রাখতে এবং আইনের শাসন বজায় রাখতে বদ্ধপরিকর। এই ভাষণের সংগে ত্রিপুরার লক্ষ লক্ষ মানুষের যে অভিজ্ঞতা তার সঙ্গে কোন মিল আছে। দুর্নীতিতে নিমজ্জিত এই শাসক দল। এক দুই টাকা নয়, কোটি কোটি টাকা ওরা শেষ করেছে। মহিলাদের সম্মান, আইনের শাসন? হরিমণি রোয়াজা পাড়ায় ২২শে অক্টোবর, ১৯৯১ ইং সালে বি, এস, এফ, ৮২ জন উগ্রপন্থীকে ধরেছিল। তাদের সংগে ছিল ৫৫টি বন্দুক ৫ টা গ্রেনেট। পরের দিন ২৩শে অক্টোবর, তাদেরকে থানায় লকআপে নিয়ে যাওয়া হয়। কিন্তু দুই ঘন্টা পরেই ছেড়ে দিতে হয়। পরের দিন আমি গেলাম। আমাকে বলা হল যে, রাইফেলগুলি এক জায়গায় পাওয়া গেছে এবং লোকগুলি আরেক জায়গায় পাওয়া গেছে। বাচ্চা ছেলেকে যেন বুঝাল। এখানে গতকল্য বলা হয়েছে যে, ঘটনা সত্য নয়। তৈনানী, তিন ঘন্টা আগে সুখদয়াল জমাতিয়া মুখ্যমন্ত্রীকে জানালো যে, ওরা টি, ইউ, জে, এসের সদস্য। ধনঞ্জয় রিয়াং, এই সরকার জানেন না যে বিল্লাতে লালছড়াতে আরও অনেক জায়গাতে ওরা ট্রেনিং দিচ্ছে। কারা উগ্রপন্থী সৃষ্টি করেছে স্যার, নিরাপত্তার সম্পর্কে বলা হয়েছে যে এখানে নিরাপত্তা আছে। আগরতলা ৬ নং কেন্দ্রের প্রার্থী বি, জে, পি, প্রার্থীকে কে খুন করেছে। সি, বি, আই, রুলিং পার্টির এক বিধায়কের বাড়ীতে চার্জ করেছে। এই পরিপ্রেক্ষিতে প্রাক্তন মুখ্যমন্ত্রী দিল্লী যান। গতকাল কাগজে দেখলাম প্রাক্তন মুখ্যমন্ত্রীর প্রাইভেট আর্মি অমিত ঘোষ তার বাড়ীতে ৭ টা তাজা বোমা ও গেনেট পাওয়া গেছে। যারা রাজ্য ছাড়া হচ্ছে, যারা অনাহারে মারা যাচ্ছে, যারা আন্ত্রিকে মারা যাচ্ছে তাদের কোন উল্লেখ এখানে নেই। একমাত্র কৈলাসহর সাব-ডিভিশনেই আমাদের কথা না হয় বাদই দিলাম শ্যামাচরণের চিনিকক পত্রিকায় লিখেছে, একমাত্র ছামনু ব্লকে ২১২ জন। একমুঠো চাল দিয়েছেন? একটি ঔষধ দিয়েছেন?

কিছুই করতে পারছেন না। আর এখানে এই সার্টিফিকেট ? সার্টিফিকেট কারা দিচ্ছে ? স্যার, শ্যামহরি শর্মা হত্যা হল। কিন্তু তাঁরা বলছেন, কেন খুন হল, তাঁরা জানেন না। একি সত্যি কথা ? কি রাজনৈতিক কারণে এই রকম একটা ভাষণ এখানে উপস্থিত করা হয়েছে তার জন্য ধন্যবাদ জানাতে হবে ? স্যার, সব কিছুরই বিচার হবে। এমনি যাবে না। ওরা জানেন, ওরা কি অপরাধ সংঘটিত করছেন। ত্রিপুরা রাজ্যের মানুষ এ ব্যাপারে খুবই ওয়াকিবহাল। এই ২৮ লক্ষ মানুষ তাঁদের এই সমস্ত কাজের বিরুদ্ধে অচিরেই গর্জে উঠবে। স্যার, আমি খুবই দুঃখিত। মাননীয় রাজ্যপাল মহোদয় অনেক বুঝেন, তিনি বিরাট রাজনৈতিজ্ঞ হয়েও এই রকম একটি প্ল্যানচেট্, এই রকম একটি ভাষ্য এটা আন-ফরচুনেট। অত্যন্ত দুঃখজনক। স্যার, এখানে বিরোধী সদস্যরা যেসব সংশোধনী এনেছেন সেগুলিকে সমর্থন করে, এই ভাষণের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

PRIVATF MEMBERS RESOLUTIONS

মিঃ স্পীকার :— সভার পরবর্তী কার্য্যসূচী হলো "প্রাইভেট মেম্বারস্ রিজিউলিউশান্"। আজকের কার্য্যসূচীতে তিনটি প্রাইভেট মেম্বারস্ রিজিউলিউশান্ আছে। উক্ত রিজিউলিউশান্ গুলির প্রথমটি উত্থাপন করবেন মাননীয় সদস্য শ্রীঅমল মল্লিক মহোদয়, দ্বিতীয়টি উত্থাপন করবেন মাননীয় সদস্য শ্রীনকুল দাস মহোদয় এবং তৃতীয়টি উত্থাপন করবেন মাননীয় সদস্য শ্রীকেশব মজুমদার মহোদয়। এখন আমি মাননীয় সদস্য শ্রীঅমল মল্লিক মহোদয়কে অনুরোধ করছি উনার রিজিউলিউশানটি সভায় উত্থাপন করার জন্য।

শ্রীঅমল মল্লি (বিলোনীয়া :— মিঃ স্পীকার স্যার, আমার প্রাইভেট মেম্বাস রিজিউলিউশানটি হচ্ছে, "ত্রিপুরা বিধানসভা প্রস্তাব করছে যে, কুমারঘাট থেকে আগরতলা হয়ে সাব্রুম পর্যন্ত রেললাইন সম্প্রসারণ করার জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক অতিসত্বর প্রয়োজনীয় ব্যবস্থা করা হউক।

মিঃ স্পীকার :— মাননীয় সদস্য শ্রীঅমল মল্লিক মহোদয় কর্তৃক উত্থাপিত রিজিউলিউশানটির উপরে মাননীয় সদস্য শ্রীসমর চৌধুরী মহোদয় একটি সংশোধনী প্রস্তাবের নোটিশ দিয়েছেন এবং সেই সংশোধনী নোটিশের কপি মাননীয় সদস্য মহোদয়গণ পেয়েছেন। এখন আমি মাননীয় সদস্য শ্রীসমর চৌধুরী মহোদয়কে অনুরোধ করছি উনার সংশোধনী প্রস্তাবটি সভায় উত্থাপন করার জন্য।

শ্রীসমর চৌধুরী :— স্যার, আমার সংশোধনী প্রস্তাব হচ্ছে, নতুন করে যুক্ত হবে, "১৯৯২-৯৩ আর্থিক বাজেট নির্মাণ কাজের জন্য প্রয়োজনীয় বরাদ্দ মঞ্জুর করুন" কেন্দ্রীয় সরকারের পরে এটা যুক্ত হবে। আর বাদ যাবে কর্তৃক অতিসত্বর প্রয়োজনীয় ব্যবস্থা করা হউক। নতুন সংশোধনী আকারে প্রস্তাবটি হবে "ত্রিপুরা বিধানসভা প্রস্তাব করছে যে, কুমারঘাট থেকে আগরতলা হয়ে সাব্রুম পর্য্যন্ত রেললাইন সম্প্রসারণ করার জন্য কেন্দ্রীয় সরকার ১৯৯২-৯৩ আর্থিক বাজেট নির্মাণ কাজের জন্য প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করুন।"

স্যার, সব মিলিয়ে আমার সংশোধনী প্রস্তাবটা হচ্ছে, "ত্রিপুরা বিধানসভা প্রস্তাব করছে যে কুমারঘাট থেকে আগরতলা হয়ে সাব্রুম পর্য্যন্ত রেল লাইন সম্প্রসারণ করার জন্য কেন্দ্রীয় সরকার ১৯৯২-৯৩ আর্থিক বাজেট নির্মান কাজের জন্য প্রয়োজনীয় বরাদ্দ মনজুর করুন"।

মিঃ স্পীকার :— এখন আমি মাননীয় সদস্য শ্রীঅমল মল্লিক মহোদয়কে উনার উত্থাপিত রিজলিউশনটির উপর বক্তব্য রাখার জন্য অনুরোধ করছি।

শ্রীঅমল মল্লিক :— মিঃ স্পীকার স্যার, আমি আমার প্রস্তাবের সমর্থনে বক্তব্য রাখছি। আমার প্রস্তাবের উপর মাননীয় সদস্য শ্রীসমর চৌধুরী মহোদয় একটা সংশোধনী এনেছেন। আমি মনে করি উনারা চিরাচরিত প্রথায় সব ব্যাপারে উদ্দেশ্যে করে থাকেন এখানেও সেই উদ্দেশ্যেই এই সংশোধনী প্রস্তাব এনেছেন। আমি যেখানে বলেছি, "অতি সত্বর প্রয়োজনীয় ব্যবস্থা করা হউক" সেখানে উনি বাজেটের নাম করে বিলম্বিত করার লক্ষ্যেই সংশোধনী প্রস্তাব এনেছেন। বিগত দিন বামফ্রন্ট শাসনে ১০ বছর কালে আমরা দেখেছি রেল চাই বলে দিল্লীতে গিয়েছিলেন, বিভিন্ন জায়গায় গিয়েছিলেন বা সারা ত্রিপুরার মাঠে ঘাটে রেল চাই রেল চাই বলে আন্দোলন করেছিলেন। কিন্তু একটা জিনিষ লক্ষ্য করলাম এই জোট সরকারের চার বছর কাল রাজত্বে একটা দিনও উনারা রেল চাই বলে আওয়াজ তোলেননি। তাদের ১০ বছর কাল শাসনে কেন উনারা রেল চাই বলে আন্দোলন করেছিলেন সেটা ত্রিপুরাবাসী জানে এবং সে কারনেই উনাদেরকে আজকে বিরোধী আসনে বসতে হয়েছে। স্যার, কুমারঘাট থেকে আগরতলা হয়ে সাব্রুম পর্যন্ত সম্প্রসারণ হোক এটা ত্রিপুরাবাসীর অনেক দিনের দাবী। এই দাবী নিয়ে বামফ্রন্ট নামান কায়দায় ত্রিপুরা রাজ্যে রাজনীতি করেছেন। আমরা জানি প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধী ত্রিপুরার উন্নয়নে, ত্রিপুরায় যাতে শিল্পায়ন ঘটতে পারে, ত্রিপুরার বেকারদের কর্ম সংস্থান হতে পারে তার জন্য রেল লাইন আগরতলা পর্যন্ত সম্প্রসারণ করার জন্য প্রয়োজনীয়

পদক্ষেপ নিয়েছিলেন। আমরা লক্ষ্য করেছি পেচারথল থেকে কুমারঘাট পর্য্যন্ত রেল লাইন অতি অল্প সময়ের মধ্যেই সম্প্রসারণ করা হয়েছিল। এবং ইঞ্জিনীয়ারিং সেলও এনে দেওয়া হয়েছিল কুমারঘাট থেকে আগরতলা পর্যান্ত সার্ভে করার জন্য। কিন্তু আমরা দেখেছি যখন উনাদের বন্ধু ভি, পি, সিং কেন্দ্রে ক্ষমতাসীন হলেন এক রহস্যজনক কারনে আগরতলা পর্য্যন্ত রেল লাইন সার্ভের কাজ বন্ধ করে দেওয়া হল এবং ইঞ্জিনীয়ারিং সেলও উঠিয়ে নিয়ে যাওয়া হলো। তখন তাঁরা একবারও দাবী তোলেন নি ভি, পি, সিং এর বিরুদ্ধে যে, ত্রিপুরাতে রেল লাইন চাই। রাজনীতি উনারা সমস্ত জায়গাতেই করেন। ত্রিপুরা রাজ্যের ২৮ লক্ষ মানুষের দাবী এই রাজ্যের বেকার সমস্যা সমাধানে, শিল্পায়নে, এই রাজ্যের সার্বিক উন্নয়ন-কল্পে রেল লাইন স্থাপনের কাজ যাতে ত্বরান্বিত করা হয় তারজন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হোক। এই প্রস্তাব আমি বিধানসভা থেকে উত্থাপন করছি। আমি আশা করব সমস্ত সদস্য মহোদয়রা একযোগে আমার এই প্রস্তাবকে সমর্থন করবেন। এই বলে আমার উত্থাপিত প্রস্তাবকে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার :— আমি এখন মাননীয় সদস্য শ্রীসমর চৌধুরী মহোদয়কে উনার উত্থাপিত সংশোধনী প্রস্তাবটির উপর বক্তব্য রাখার জন্য অনুরোধ করছি।

শ্রীসমর চৌধুরী (ধনপুর) **:—** মিঃ স্পীকার স্যার, আমি যে সংশোধনী এনেছি যে সংশোধনীটি আনার প্রধান কারণ হলো এই ভাবে রেল লাইনের জন্য দীর্ঘদিন ধরে যে দাবী।

মিঃ স্পীকার :— মাননীয় সদস্য আপনাদের সময় ২০ মিনিট। সংক্ষিপ্ত আকারে বলবেন।

শ্রীসমর চৌধুরী :— আমি ২/১টি বিষয় এখানে উল্লেখ করব স্যার। এই সম্পর্কে বিশেষ ত্রিপুরা রাজ্যের জনসাধারণের যে দাবী আজকের নয় দীর্ঘ ২০/২৫ বছর যাবৎ। সেই আন্দোলনে মাকর্সবাদী কমিউনিষ্ট পার্টি, বিভিন্ন গণতান্ত্রিক সংস্থা সকলেই অংশ গ্রহণ করেছেন শেষের দিকে কংগ্রেস (আই) দলের একটা অংশও অংশ গ্রহণ করেছিলেন তাতে ত্রিপুরা রাজ্যের আরোও জোরদার হয়েছিল। বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় ছিলেন সেই সরকার থাকা অবস্থায় সব রকমের সার্ভে শেষ হয়েছিল কিন্তু এখন আবার নূতন করে সার্ভে করার কথা বলা হচ্ছে। স্যার, আমরা লক্ষ্য করেছি পরিকল্পনা কমিশন পরিকল্পনাকালে যে সমস্ত কথাবার্ত্তা এবং নর্থ ইষ্টার্ণ কাউন্সিলের যে সমস্ত কথাবার্ত্তা সমস্ত জিনিসটাকে আবার ঘুরিয়ে দেবার চেষ্টা হয়েছে যে আবার নতুন করে সার্ভে করতে হবে। আমি সুনির্দ্দিষ্ট ভাবে বলতে পারি বামফ্রন্ট

সরকার থাকা অবস্থায় কুমারঘাট থেকে সার্ভে হয়েছিল। সার্ভের রিপোর্টও তৈরী হয়েছিল কমলপুর থেকে খোয়াই হয়ে সমতল ভূমি টাচ করে যে-সমস্ত এলাকায় গ্রামবাসীরা আছেন জনসাধারণ আছেন সেখানে দিয়ে আসাম আগরতলার যে রাস্তা সেই রাস্তার পাশাপাশি হয়ে আগরতলা পর্য্যন্ত। পরে একটা প্রশ্ন উঠেছিল বামফ্রন্ট সরকার থাকা অবস্থায় এটা কষ্ট কর হবে কারণ, এটার টাকা সংগ্রহ করতে সমস্যা হয়ে যাবে। কাজেই যে পরিমাণ টাকা আমাদের প্রয়োজন আগরতলা অবধি রেল লাইন পৌছানোর জন্য এবং গ্রামাঅঞ্চলের ভিতর দিয়ে আসলে লোক অনেক উপকৃত হবেন। ফরেষ্ট রিজার্ভের মধ্য দিয়ে নয়, পপোলেটেড এরিয়ার ভিতর দিয়ে এই রেল লাইন আমরা চালু করতে পারি। কিন্তু স্যার, গত চার বছরে আমরা কি দেখেছি? কুমারঘাট পর্য্যন্ত রেল লাইন এসেছে কেন্দ্রে কংগ্রেস সরকার থাকা অবস্থাতেই। বামফ্রন্ট সরকার ক্ষমতায় থাকা অবস্থাতেই সব রকম সহযোগিতা দিয়েছেন। ফরেষ্টের ভিতর দিয়ে রেল লাইনের জন্য জায়গা দেওয়া হয়েছে, জমি চাই জমির ব্যবস্থা করা হয়েছে, সমতল এলাকার মধ্য দিয়ে যাওয়ার জন্য ক্ষতিপূরনের ব্যবস্থার জন্য দ্রুত ল্যাণ্ড এ্যাকুইজেশ্যান ডিপার্টমেন্ট থেকে জমি উদ্ধার করা হয়েছে এবং কেন্দ্রীয় সরকারের যে কনট্রাকটার সেই কনট্রাকটার দিয়ে রেল লাইন চালু করতে পারেন। কিন্তু বর্ত্তমানে দেখা যাচ্ছে কুমারঘাট পর্যন্ত রেল লাইন এসে থেমে গেছে, কবে হবে? এখন আই, এম, এফ, থেকে টাকা আনা হচ্ছে, সব কিছু বন্ধ করা হচ্ছে, সাবসিডি কাট হচ্ছে, সব দিক বন্ধ করা হচ্ছে, চাকুরী বন্ধ করা হচ্ছে। ঘোষনা করা হচ্ছে টাকার সংকোচন করতে, আমরা বেশী টাকা খরচ করতে পারব না। যত পরিকল্পনা আছে সমস্ত পরিকল্পনায় নির্দেশ এসেছে পরিকল্পনা কমিশন থেকে যে নতুন কোন পরিকল্পনা চলবে না, কারেন্ট যে পরিকল্পনা সেটাকে কোনক্রমে টিকিয়ে রাখা যায় কিনা সেটা দেখা। আর বঞ্চিত ত্রিপুরা রাজ্যের কোনদিন যোগাযোগ ব্যবস্থার উন্নতি হল না। সেই ত্রিপুরা রাজ্যের যেখানে যোগাযোগের কোন সুবিধা নেই তার জন্য যদি আবার নতুন করে সার্ভে করতে হয় তাহলে টাকার সংস্থানের একটা প্রশ্ন রয়ে গেছে। তাই বলছি যে সার্ভে হয়েছে সেই সার্ভে রিপোর্টকে ভিত্তি করে এখন কেন্দ্রীয় সরকার ইচ্ছা করলে নির্মান-কার্য্য শুরু করতে পারেন। কমলপুর, খোয়াই, আগরতলা পর্যন্ত যে রাস্তা সেই রাস্তার সার্ভে কমপ্লিট, যে সার্ভের ভিত্তিতে আমাদের এখনই নির্মান কার্য শুরু করা যায়, সেটা সুনির্দিষ্ট তখনই বুঝতে পারব সুনির্দিষ্ট এই বৎসরে যে আর্থিক বাজেট যেটা পেশ করা হবে পার্লামেন্টে। এই বাজেটেই নির্দিষ্ট পরিমাণ টাকা বরাদ্দ করা হোক। আমি বিশ্বাস করি এইটা কোন কংগ্রেস, কমিউনিষ্ট প্রশ্ন নয়, সারা ত্রিপুরা রাজ্যের সাধারণ মানুষের প্রশ্ন। এইটা রাজনৈতিক স্বার্থে তারাই দেখবেন যারা নাকি কায়দা করে, সুন্দর করে

শ্লোগান তুলে দিয়ে তারপরে পেছনে হটলেন, তারপর সরে গেলেন। সঠিকভাবে, সুনির্দিষ্টভাবে বললেন না এই সময়ে এই টাকা আমি চাই। কেবল মাত্র ত্বরান্বিত করা হোক, যথাশীঘ্র সম্ভব করা হোক এইসব ভেক্ কথাবার্তা ত নয়। সুনির্দিষ্টভাবে সকলে মিলে যে ১৯৯২-৯৩ সনে যে আর্থিক বাজেট সেই বাজেটে কেন্দ্রীয় সরকারের সামনে যে বাজেট আসছে, সেই বাজেটের মধ্যে ত্রিপুরার জন্য, রেলের জন্য, রেল নির্মান শুরু করার জন্য অবিলম্বে বরাদ্দ ঘোষনা করুন। এইটাই হচ্ছে আমার সংশোধনী প্রস্তাব।

মিঃ স্পীকার ঃ— মাননীয় সদস্য শ্রীমতিলাল সরকার।

শ্রীমতিলাল সরকার (কমলাসাগর) :— মাননীয় স্পীকার স্যার, মাননীয় সদস্য শ্রীঅমল মল্লিক রেল লাইন সম্প্রসারণের জন্য যে দাবী উত্থাপন করেছেন এবং তার উপর মাননীয় সদস্য এবং আমাদের বামফ্রন্টের চীফ্ হুইপ সমর চৌধুরী মহোদয় যে সংশোধনী এনেছেন সংশোধনীসহ প্রস্তাবটি আমি সমর্থন করছি। মাননীয় সদস্য অমল মল্লিক প্রস্তাবটি উত্থাপন করতে গিয়ে এখানে যা বললেন আমি বুঝলামনা, আসলে উনি কেন এনেছেন জানিনা। কেবলমাত্র বামফ্রন্ট কোথায় কি করল, একটু বিরক্তিভাবে, একটু ব্যাঙ্গোক্তি। কিন্তু এই প্রস্তাবেরা পেছনে জনগণের যে মূল সমস্যা রয়ে গেছে সেই দিক থেকে কোন রেখাপাত করেননি। কারণ দাবীটা হচ্ছে আমাদের। রেল লাইনের দাবী ত্রিপুরা রাজ্যের মানুষ জানে আমরা দীর্ঘদিন ধরে করে আসছি। এই দাবীতে অনেকবার আন্দোলন হয়েছে, আমরা আইন অমান্য করেছি। দাবীতে আন্দোলনে বামফ্রন্ট হচ্ছে চ্যাম্পিয়ান। শেষ দিকে কংগ্রেস এসে আমাদের সাথে সুর মিলিয়েছে। আপনাদের ৪ বছর ত হয়ে গেল, আর সামনে মাত্র ১ বছর, মানুষের কাছে গিয়ে কি বলা যায়, তাই এটা একটা নির্বাচনী টুপ। আন্তরিকতা আছে কিনা এই বিষয়ে যথেষ্ট সংশয় আছে। তা না হলে এই সংশোধনীকে সমর্থন করতে কোনরকম দ্বিমত থাকত না। স্যার, ত্রিপুরা রাজ্যে পরিবহনের অব্যবস্থার ২টি দিক। ১টি দিক হচ্ছে সবদিক দিয়ে রাজ্যটি ভারতবর্ষের মূল ভূখণ্ড থেকে বিচ্ছিন্ন। কাজেই পরিবহনের জন্য যোগাযোগ ব্যবস্থা একটা সমস্যা। আর একটি সমস্যা হচ্ছে ভিতরে পরিবহনের একটা সমস্যা। সব মিলিয়ে আমাদের রাজ্যে পরিবহনের সঙ্কট একটা বিরাট সমস্যা। সেই দিক দিয়ে রেল লাইন সম্প্রসারণের দাবীকে বিচার করতে হবে। আমাদের এখানে খাদ্য, নিত্য প্রয়োজনীয় জিনিস বাইরে থেকে আনতে হয়। কি করে ? আমাদের রাজ্যে সরু একটা গলি দিয়ে একটা রেল লাইন এসেছে। সেটা দিয়ে কিছু আসে। তারপর বিভিন্ন স্থানে যাচ্ছে ট্রাকে, জীপে, বিভিন্ন ভাবে যাচ্ছে। তাতে করে জিনিস-পত্রের দাম এমনিতেই বাড়ছে, তার উপর আমাদের রাজ্যে এসে সেটা চরম হয়ে যাচ্ছে। মানুষের নাভিশ্বাস হয়ে পড়ছে,

জিনিসপত্রের দাম এই ভাবে বাড়ছে। যার জন্য এই পরিবহনের একটা সমস্যার জন্য জিনিস-পত্রের দাম অর্ধেক বাড়িয়ে দিয়েছে। স্যার, এর আগে দেখেছি রেলের কথা বলা হলে বলা হত শিল্প নেই। সুতরাং রেল এই রাজ্যে ভায়েবল্ না। আর শিল্পের কথা বলা হলে বলা হত শিল্পোজাত জন্য বাইরে যেতে পারবে না। সুতরাং শিল্প এখানে ভায়েবল্ না। শিল্পের কথা বলা হলে ভায়েবল্ না রেল নেই বলে আর রেলের কথা বললে রেল ভায়েবল্ না শিল্প নেই বলে। ত্রিপুরা রাজ্যের এই সমস্যাকে জিইয়ে রেখেছেন কেন্দ্রীয় সরকার। আর একটা প্রশ্ন তুলেছেন। এই রাজ্যে রেল সম্প্রসারিত হলে এইটা লাভজনক হবে না। স্যার, আমি এখানে একটা কথা বলতে চাই, একটা সরকার ব্যবসায়ী ভূমিকা নিতে পারেননা।

একটা রাজ্যের উন্নয়নের ক্ষেত্রে রেল সম্প্রসারণ হচ্ছে প্রাথমিক চিকিৎসা। এই রাজ্যে প্রচুর গ্যাস আছে, অন্যান্য শিল্পেরও কাঁচামাল আছে। কিন্তু এইগুলি দিয়ে এখানে যে শিল্প গড়ে তোলা যেত তার জন্য তো এখানে রেল নেই, কি করে শিল্প গড়ে উঠবে? মাননীয় কৃষিমন্ত্রী বলেছেন যে, আমরা কৃষির ক্ষেত্রে স্বয়ং সম্পূর্ণ হব। আমি জানি না কি করে ওনারা রেল ছাড়া কৃষি ক্ষেত্রে স্বয়ং সম্পূর্ণ হবেন। এখানে পাট হচ্ছে, কিন্তু বাইরে যেতে পারছে না। বিমানে করে পাট বাইরে নিয়ে বিক্রী করে কোন লাভ হবে না। আমাদের ভাবতে আশ্চর্য লাগে আজকে ৪৪ বছর হয়েছে দেশ স্বাধীন হয়েছে এখন পর্য্যন্ত রাজ্যের রাজধানী আগরতলা থেকে দিল্লীর সঙ্গে যোগাযোগ ব্যবস্থা স্থাপন করা গেল না রেলের মাধ্যমে। আর এদিকে খুব বলছেন যে রাজ্যের উন্নতি হচ্ছে। যাই হোক সেই দিক থেকে সুনির্দ্দিষ্ট ভাবে আমাদের বলতে হবে এখানে যে রেল বাজেট এসেছে তাতে আগরতলা পর্য্যন্ত রেল সম্প্রসারণের দাবী আমরা দেখতে চাই। এই দাবীকে আপনারা সবাই সমর্থন করবেন এবং বাজেটে রাখবেন এই আশা রেখে এবং এই দাবী রেখে মাননীয় সদস্যের সংশোধনী-সহ প্রস্তাবটিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার :—মাননীয় মন্ত্রী শ্রীরসিকলাল রায়।

শ্রীরসিকলাল রায় (মন্ত্রী) :— মাননীয় স্পীকার স্যার, আজকে মাননীয় সদস্য শ্রীঅমল মল্লিক মহাশয় উপযুক্ত সময়ে রেলের যে প্রস্তাব এখানে এনেছেন আমি তাকে সমর্থন জানাই। ত্রিপুরা-বাসীর স্বার্থে এই রেলের প্রয়োজন যে আছে সেটার জন্য মাননীয় সদস্য কেন্দ্রের কাছে যে আবেদন তার সমর্থন জানিয়ে আমি আমার ভাষণ রাখছি। এখানে বিরোধী বেঞ্চ থেকে এই প্রস্তাবের উপর একটা সংশোধনী এসেছে। কিন্তু সংশোধনীটা যদি কোন উদ্দেশ্যমূলক হয়,

যেমন ইন্টারফেয়ার করা, মানে এখানে যে কথাটা বলা হয়েছে যে, অতি সত্বর, বলে, এইটার মধ্যে যেহেতু আমাদের সদস্য অমল মল্লিকের এই প্রস্তাবটাকে ত্রিপুরার ২৪ লক্ষ জনগণ সমর্থন করবেন সেইহেতু এইটার উপর একটা ইন্টারফেয়ার করেছেন অতি সত্বর বলে। উদ্দেশ্য মহৎ নয়। উদ্দেশ্য যদি মহৎ থাকতো তাহলে এই ত্রিপুরা রাজ্যে উনারা দশ বছর থাকাকালীন রেল লাইন এসে যেত। কিন্তু সেটা আসেনি! রেল লাইন চাই বলে আপনারা কখন চিৎকার করেন? তখন চিৎকার করেন যখন কেন্দ্রের শাসন ক্ষমতায় শ্রীমতী ইন্দিরা গান্ধী ছিলেন, যখন রাজীব গান্ধী ছিলেন। তখন আপনারা রেল লাইনের দাবীতে আন্দোলন করেছেন, পায়ে হেঁটে দিল্লী গিয়েছিলেন—কেন? আপনারা তো রেল লাইনে জন্য মোরারজি দেশাই-এর আমলে চিৎকার করেননি, কেন্দ্রে যখন ভি পি সিং সরকার ছিল—আপনাদের বন্ধু সরকার তখন তো আপনারা রেল লাইনের জন্য আন্দোলন করেননি বা দাবী করেননি—কেন? মাননীয় স্পীকার স্যার, কংগ্রেস আমলেই রেল লাইনের পরিকল্পনা নেওয়া হয়েছিল ত্রিপুরার জন্য—ধর্মনগর থেকে পেচারথল পর্যন্ত এসেছে। কিন্তু এইটাতো উনাদের কোন বন্ধু সরকারের আমলে হয়নি। এই পেঁচারথল পর্যন্ত রেল লাইনের কাজ সম্পূর্ণ হবার পরে সেটা কুমারঘাট পর্যন্ত সম্প্রসারিত হয়েছে। আপনারা যখন ক্ষমতায় ছিলেন তখন তো কোটি কোটি টাকা বাজেটে ধরা হয়েছিল রেল লাইন করার জন্য। কিন্তু আপনারাতো তখন সেটা করতে দেননি, জমি কেনার নাম করে টাকা এনে সেই জমি না কিনে সম্পূর্ণ টাকা আত্মসাৎ করেছিলেন, তারপর আপনাদের বন্ধু সরকার যখন কেন্দ্রের শাসন ক্ষমতায় ছিলেন তখন আপনারা তাদের বলেছিলেন, বন্ধ করে দাও কাজ। আর কেন্দ্রে যখন কংগ্রেস শাসন ক্ষমতায় ছিল তখন আপনারা বলেছিলেন যে, সেই সরকার কোন কাজ করছে না। কাজেই আপনারা দ্বিমুখী নীতি ছেড়ে দিন। এই হাউসেই কিছুক্ষণ আগে আপনাদের আমার কয়েকজন বন্ধু এ, টি, টি, এফ, বলে আখ্যায়িত করেছেন। তিনি ঠিকই বলেছেন। আমার বন্ধু শ্রীমাখনলাল চক্রবর্তী এই প্রস্তাবের ইন্টারফেয়ার করছেন— উনাকে সঠিকভাবে জবাব দেওয়া হয়েছে। কাজেই আপনাদের বক্তব্য সম্পূর্ণভাবে খণ্ডন করুন নতুবা আমার সরকার কখনো আপনাদের ক্ষমা করবেন না। স্যার, রেল লাইনের বিশেষ প্রয়োজন। আমাদের এই ত্রিপুরা রাজ্যের উন্নয়নের জন্য আপনারা আমাদের জোট সরকারকে সহযোগিতা করুন। এখানে বিরোধী বলে কেবল বিরোধিতা করবেন না। তাহলে মানুষ আপনাদের ক্ষমা করবে না। আমিও বিরোধী আসনে ছিলাম— তখন আপনারা আমার প্রতি খড়গ-হস্ত হয়ে উঠতেন, কিন্তু আমরা আপনাদের প্রতি সে-রকম খড়গ হস্ত হব না। আমি যখন বিরোধী আসনে ছিলাম তখন আমি আপনাদের বলেছিলাম, ত্রিপুরার জনগণ আপনাদের সরকারে থাকতে দেবেন

না, আপনাদের বিরোধী আসনে নিয়ে বসাবেন ঠিক তাই হয়েছে, জনগণ তাদের কথা রেখেছেন। তারা আপনাদের বিরোধী আসনে বসিয়েছেন আর আমাদের এই সরকারে বসিয়েছেন। কাজেই আমি আবার আপনাদের সাবধান করে দিচ্ছি যদি আপনারা এখনো সঠিক পথে না চলেন তা হলে জনগণ আপনাদের কোথায় নিয়ে ফেলবে সেটা বলতে পারছিনা। কাজেই, আমাদের সরকারের সঙ্গে তাঁর গঠনমূলক কাজে আপনারা সহযোগিতা করুন। বিরোধী আসনে বসেছেন কিন্তু তার অর্থ এই নয় যে উস্কানি দিয়ে মানুষের গলা কেটে নেবেন। এটা ঠিক নয়। কেন্দ্রে তো আপনাদেরই দু'জন ত্রিপুরার প্রতিনিধি এম. পি, হয়েছিলেন দীর্ঘদিন। কিন্তু কোনদিন তো শুনিনি যে উনারা ত্রিপুরার ইণ্ডাস্ট্রিজের জন্য কিছু সংসদে বলেছেন। কিন্তু এইবার আমাদের দুইজন সদস্য সংসদে প্রতিনিধি হয়ে গেছেন। এইবার দেখুন ত্রিপুরায় ইণ্ডাস্ট্রিজ কত ডেভেলাপ হচ্ছে। আজকে ত্রিপুরায় শিল্প কল কারখানা হচ্ছে। আর ত্রিপুরায় কুমারঘাট থেকে সাব্রুম পর্য্যন্ত ভায়া আগরতলা রেল লাইন নিশ্চয়ই সম্প্রসারিত হবে। কাজেই সেন্ট্রাল গভার্ণমেন্ট যাতে অতি সত্বর এইটা করেন তারজন্য এই প্রস্তাব এনেছেন মাননীয় সদস্য শ্রীঅমল মল্লিক মহাশয়। কাজেই আমি আপনাদের কাছে অনুরোধ রাখছি ত্রিপুরার জনগণের জন্য ত্রিপুরার উন্নয়নের জন্য আপনারা এই প্রস্তাবকে সমর্থন করুন। এই কথা বলে এবং মাননীয় সদস্য শ্রীঅমল মল্লিক মহাশয় কর্তৃক উত্থাপিত প্রস্তাবটিকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

মিঃ স্পীকার :— মাননীয় সদস্য শ্রীরতনলাল ঘোষ।

শ্রীরতনলাল ঘোষ (খয়েরপুর) :— স্যার, মাননীয় সদস্য শ্রীঅমল মল্লিক মহোদয় আজকে এখানে যে প্রাইভেট মেম্বার যে রিজলিউশানটি এনেছেন সেটাকে আমি পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। পাশাপাশি মাননীয় বিরোধী দলের সদস্য তথা বিরোধী দলের চীপ হুইপ সমরবাবু এই রিজলিউশানটির উপর যে সংশোধনী এনেছেন তাতে আমি আশ্চর্য হয়েছি। কারণ এই প্রস্তাবটিতে রাজ্যের শুভ কামনা করা হয়েছে। এতে আবার সংশোধনী কন? কাজেই এই ধরনের কোন এমেণ্ডমেণ্ট আনার কোন প্রয়োজন ছিল বলে আমি মনে করি না। আবার একটু এগিয়ে গিয়ে বলতে হয় যে, এটাই সি. পি, এমের মন্ত্র। শ্লোগান দিয়ে মানুষ ডেকে এনে এই ধরনের বক্তব্য রাখেন উনারা যে, কেবল মাত্র রেল লাইন সম্প্রসারণের জন্য চেষ্টা এবং আন্দোলন উনারাই চালিয়ে যাচ্ছেন। আবার একই জিনিষের উপর এখানে আপনারা কি করছেন? আপনারা তো শেষ পর্যায়ে এসে গিয়েছেন। অন্যান্য জায়গার

মত আপনারাও দেখে যেতে পারবেন এরাজ্যের সি, পি, এম, নিভে গিয়েছে। কয়তবা ইতিহাসের পাতায় লেখা থাকবে। আপনাদের জীবিতকালে সেটা আপনারা দেখে যেতে পারবেন। এই বিধানসভার ফ্লোরে আমরা চার বছর আগেও একই কথা বলেছিলাম। আমরা এই রাজ্যে দেখতে পেয়েছি বিগত বামফ্রন্ট সরকার ১০ বছরের শাসনকালে কোথাও চলেছে অনাহার, কোথাও চলেছে টি, এন. ভির অত্যাচার দাঙ্গা, আইনশৃংখলার অবনতি, দুর্নীতি তখনই মানুষের মন অন্য দিকে ঘুরিয়ে দেওয়ার জন্য আপনারা কেন্দ্রের বিরুদ্ধে রেল লাইনের নাম-এর শ্লোগান দিয়ে ত্রিপুরা রাজ্য মাতিয়ে রেখেছিলেন। রেল চাই, রেল চাই, হতে হবে ইত্যাদি বলে। আজকে আমরাও চাচ্ছি সেই রেল লাইন যেন কুমারঘাট থেকে আগরতলা হয়ে সাব্রুম পর্য্যন্ত আনা হয়। কাজেই আমি অনুরোধ করব অমলবাবু যে প্রস্তাবটি আজ এখানে এনেছেন সেটাকে আপনারাও সমর্থন জানাবেন। ত্রিপুরার লক্ষ লক্ষ মানুষের স্বার্থে এই রেল আমাদের দরকার স্যার, মাননীয় সদস্য এখানে যে প্রস্তাবটি এনেছেন সেটাকে আমি পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রীচেয়ার পার্সন (শ্রীবুদ্ধ দেববর্মা) :— মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীসমীর রঞ্জন বর্মণ মহোদয়।

শ্রীসমীররঞ্জন বর্মণ (মুখ্যমন্ত্রী) : — স্যার, এখানে কুমারঘাট থেকে আগরতলা হয়ে সব্রুম পর্য্যন্ত রেল সম্প্রসারণ করার জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক অতিসত্বর প্রয়োজনীয় ব্যবস্থা করার ব্যাপারে যে প্রাইভেট মেম্বার রেজলিউশানটি আনা হয়েছে সেটাকে সমর্থন করেই আমি আমার বক্তব্য রাখছি। বিরোধী দলের সদস্যদের বলব উনারাও যেন সেটা সমর্থন করে নেন। আমি আশা করব, প্রকৃত তথ্যটা জানার পর তারাও আমাদের সংগে হাত মিলিয়ে এটাকে সমর্থন করবেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আগরতলা পর্য্যন্ত রেল লাইন সম্প্রসারণ করার প্রস্তাব বহু বার রেল মন্ত্রক যোজনা আয়োগ, উত্তর-পূর্বাঞ্চল পর্ষদের কাছে প্রস্তাব পেশ করা হয়েছে। কিছু দিন আগে রেল মন্ত্রক আগরতলা পর্য্যন্ত রেল লাইন নির্মান করার জন্য জরীপ করেছেন। এবং তাদের মতে আগরতলা পর্য্যন্ত রেল লাইন সম্প্রসারণ করার আর্থিক দিক দিয়ে সম্ভব নয়। এতে রেলওয়ে মন্ত্রক স্থান নির্বাচন সম্পর্কিত জরীপ করার কাজ যাহা ৯০-৯১ ইং সনে কিছু অগ্রসর হয়েছিল তা স্থগিত রাখার জন্য আদেশ দেন। রেল মন্ত্রকের এই একতরফা সিদ্ধান্ত ত্রিপুরা সরকারের পক্ষে গ্রহণযোগ্য না হওয়ায় বর্তমান সরকার সর্বস্তরে প্রচণ্ড ভাবে প্রচেষ্টা চালান, যাতে এই পরিকল্পনায় চালু করা যায়। এই প্রচেষ্টার জন্য কেন্দ্রীয় রেল মন্ত্রী কুমারঘাট হইতে আগরতলা পর্য্যন্ত স্থান নির্বাচনের জরীপের কাজ পুনরায় চালু

করার জন্য সম্মত হন। এই কাজ এখন অগ্রগতির পথে। এই কাজ আরো ত্বরান্বিত করার জন্য উত্তর-পূর্ব রেলওয়ের একজন পদস্থ অফিসারকে কয়েকদিনের মধ্যেই আগরতলায় পাঠানো হচ্ছে। উত্তর এবং পশ্চিম জেলার জেলা শাসকগণ, মুখ্য বন সংরক্ষণ আধিকারিক, ভূমি রাজস্ব আধিকারিককে ইতিমধ্যে নির্দেশ দেওয়া হয়েছে। রেলওয়ে কর্তৃপক্ষকে সব রকমের সাহায্য সহায়তা করার জন্য যাতে এই জরীপের কাজ কিছু দিনের মধ্যে সম্পন্ন হয়। বর্তমান সরকার অবশ্য রেলওয়ে চেয়ারম্যানের সাথে যোগাযোগ করেছেন যাতে করে এই জরীপের কাজ বর্ষা আরম্ভ হওয়ার আগে শেষ করা যায়। কাজেই এই পরিপ্রেক্ষিতে শুধু রেল লাইন, রেল লাইন বলে সস্তা চিৎকার করে বাহাবা পাওয়ার জন্য জনসাধারণকে বিভ্রান্ত করে, যেখানে জরীপের কাজ আরম্ভ হয়ে গেছে এবং সরকার চাইছে যে জরীপের কাজ আগামী বর্ষার আগে শেষ হউক। সেখানে আশা করি মাননীয় বিরোধী সদস্যরা আমাদের সঙ্গে হাতে হাত মিলিয়ে জনসাধারণকে অন্যদিকে নজর নেওয়ার জন্য আপনারা সেই চেষ্টা করবেন না। আমরা প্রতিজ্ঞাবদ্ধ যে, ত্রিপুরায় আমরা রেল লাইন আনব। কিন্তু রেল লাইন করতে গেলে কতগুলি লাইন ফেলে দিলে চলবে না। জরীপ করতে হবে কোন দিক দিয়ে আনলে জনসাধারণের সুবিধা হবে সেগুলি দেখতে হবে। আমরা আশা করছি জরীপের কাজ বর্ষার আগেই শেষ হবে। তারপর পরবর্তী অধ্যায়ে যা করা সে কাজ আমরা হাতে নেব। এই পরিপ্রেক্ষিতে আমাদের যে, প্রাইভেট মেম্বার রেজলেশন আনা হয়েছে তাকে আমি আবার অনুরোধ করছি বিরোধী দলের সদস্য সহ, সবাই আমরা এঁকে সমর্থন করি।

মিঃ স্পীকার :—এখন মাননীয় সদস্য শ্রীসমর চৌধুরী মহোদয় কর্তৃক রিজিউলিউশানটির উপর আনীত সংশোধনী প্রস্তাবটি ভোটে দিচ্ছি। সংশোধনী প্রস্তাবটি হলো :— "ইনক্লুডেড দি ওয়ার্ডস ১৯৯২-৯৩ ইং আর্থিক বাজেটে নির্মাণ কাজের জন্য প্রয়োজনীয় বরাদ্দ মঞ্জুর করুন" আফটার দি ওয়ার্ডস কেন্দ্রীয় সরকার বাই ডিলেটিং দি ওয়ার্ডস কর্তৃক অতি সত্বর প্রয়োজনীয় ব্যবস্থা করা হোক।" যারা এই সংশোধনী প্রস্তাবের পক্ষে আছেন, তাঁরা 'হ্যাঁ' বলবেন, যারা এই সংশোধনী প্রস্তাবের বিপক্ষে আছেন, তাঁরা 'না' বলবেন, আমি মনে করি যারা 'না' বলেছেন, তাঁরাই সংখ্যা-গরিষ্ঠ। অতএব, (সংশোধনী প্রস্তাবটি সভা কর্তৃক বাতিল হয়।)

মিঃ স্পীকার :—এখন আমি মূল রিজিউলিউশানটি ভোটে দিচ্ছি। রিজিউলিউশানটি হলো :— "ত্রিপুরা বিধানসভা প্রস্তাব করছে যে, কুমারঘাট থেকে আগরতলা হয়ে সাব্রুম পর্যন্ত রেল লাইন সম্প্রসারণ করার জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক অতিসত্বর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হউক।"

যারা এই প্রস্তাবের পক্ষে আছেন তাঁরা 'হ্যাঁ' বলবেন, যারা এই প্রস্তাবের বিপক্ষে আছেন তাঁরা 'না' বলবেন. আমি মনে করি যারা 'হ্যাঁ' বলেছেন, তাঁরাই সংখ্যাগরিষ্ঠ, অতএব, রিজিউলিউশানটি সভা কর্তৃক গৃহীত হয়।

মিঃ স্পীকার :—এখন আমি মাননীয় সদস্য শ্রীনকুল দাস মহোদয়কে উনার রিজিউলিউশানটি সভায় উত্থাপন করার জন্য অনুরোধ করছি।

শ্রীনকুল দাস :—স্যার, আমার প্রস্তাবটি হচ্ছে, "ত্রিপুরা বিধানসভা কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করছে যে, রাজ্যের বর্তমান জনসংখ্যার ভিত্তিতে রাজ্যে লোকসভা আসন বৃদ্ধি করা হোক এবং তফশিলী জাতির জন্য তাঁদের জনসংখ্যার ভিত্তিতে একটি আসন সংরক্ষিত করা হোক এবং রাজ্য বিধানসভার তফশিলী জাতির বর্তমান জনসংখ্যা অনুযায়ী তাদের প্রাপ্য বিধানসভা আসন বাড়ানো ও সংরক্ষণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ ও ব্যবস্থা গ্রহণ করা হোক।"

মিঃ স্পীকার স্যার, আজকে আমার প্রস্তাবটি হচ্ছে একটি ঐতিহাসিক প্রস্তাব। এবং রাজ্যের ক্ষেত্রেও এটি একটি ঐতিহাসিক বিষয়। সারা দেশের মধ্যে তফশিলী জাতির ও উপজাতির জন্য আসন সংরক্ষণ করা, এটার অর্থ হল তফশিলী জাতি ও তফশিলী উপজাতি অংশের মানুষকে তাদের মূল যে রাজনৈতিক ক্ষমতা, সেই ক্ষমতার অংশ দেওয়া অর্থাৎ শেয়ার দেওয়া, পলিটিকেল পাওয়া শেয়ার দেওয়া যাতে তারা সেই শেয়ার থেকে বঞ্চিত না হয়, এটাই হচ্ছে তার মূল উদ্দেশ্য। সেই উদ্দেশ্য নিয়েই এই সংরক্ষণ চালু করা। কিন্তু আমরা আমাদের অভিজ্ঞতার মধ্যে যা দেখেছি, আমাদের দেশে যেটুকু সংরক্ষণ ব্যবস্থা চালু করা হয়েছে সেটুকু যথাযথভাবে পালন করা হয়নি। আর যেখানে সরক্ষণ নেই সেখানে তো তাদের রাজনৈতিক অধিকার পাওয়ার প্রশ্নই নেই। তার সবচেয়ে বড় উদাহরণ হচ্ছে আমাদের পার্লামেন্ট, যেখানে তফশিলী জাতি এবং তফশিলী উপজাতিদের জন্য সংরক্ষণ ব্যবস্থা আছে, যেখানে ৮০ থেকে ৮৫ জন এম, পি, আছেন সিডিউল্ড-কাষ্ট এবং সিডিউল্ড ট্রাইবদের মধ্যে কিন্তু রাজ্যসভার মধ্যে যেখানে সংরক্ষণের কোন ব্যবস্থাই নেই। আমরা দেখলাম টোট্যাল রাজ্যসভার যে ইতিহাস তার মধ্যে এখন পর্যন্ত মাত্র ৩ জন সিডিউল্ডকাষ্ট এবং সিডিউল্ড ট্রাইব লোক রাজ্যসভায় গিয়েছেন। তা হলে বিষয়টা কি হচ্ছে, পার্লামেন্টে যেখানে এস, সি, এবং এস টি ১০৭ জনের মত আছে। কিন্তু রাজ্যসভায় তার আর্ধেকের মত আসন সেখানে যাচ্ছে মাত্র ২ থেকে ৩ জন। আবার সব বৎসর থাকেওনা সেখানে। তা হলে অবস্থাটা কি হচ্ছে। তফশিলী জাতি ও তফশিলী উপজাতিদের জন্য এই সংরক্ষণ যদি না থাকে তা হলে

তাদের পলিটিকেল পাওয়ারের কি কোন গ্যারান্টি আছে ? কোন গ্যারান্টি নেই। যেমন মন্ত্রিসভার ক্ষেত্রে এখানে তাদের মন্ত্রী থাকতে হবে এমন কোন সংবিধানিক নিয়ম নেই। যার জন্য কি হচ্ছে সারা ভারতবর্ষের চেহারা। তাদের যা খুশি করছে। তাদের ইচ্ছা হলে এক দুই জনকে মন্ত্রিসভায় নিচ্ছে। আবার ইচ্ছা না হলে নিচ্ছেনা। যেমন আমরা ত্রিপুরা রাজ্যের ক্ষেত্রে কি দেখলাম দীর্ঘ দিনের একটা ট্রেডিসান ছিল যে, অন্তত পক্ষে একজন এস, সি, কে মন্ত্রী করা হতো। কিন্তু আমাদের সামনে একটা সাজানো মন্ত্রিসভা বসে আছে ইনলিগেল মন্ত্রিসভা সেখানে কি দেখলাম সেখানে কোন সিড়ুল্ডকাষ্টদের কোন মন্ত্রী নেওয়া হয়নি। এর আগে একজনকে নিলেও তাকে অর্দ্ধ করে রাখা হলো। অনেক আন্দোলন করার পরেও তাকে পূর্ণমন্ত্রী করা হলো না। এই সংরক্ষণ ব্যবস্থা থাকার ফলে পার্লামেন্টে কিছু কিছু এস, সি, আছে। কিন্তু রাজ্য-সভাতেই তার ব্যতিক্রম। অনেক রাজ্যে এই সংরক্ষণ নেই। তাই সেখান থেকে আমাদের মূল পলিসিটাকে ঠিক করতে হবে এবং এস,সি, ও এস,টি-এর সামগ্রিক কাজকর্ম ঠিকভাবে হবে কি হবে না চাকুরীর ব্যবস্থা হবেকি হবেনা তার সামাজিক আপলিপমেন হবে কি হবেনা এই সমস্ত দেখার যেখানে মূল রাজনীতি সেই রাজনীতির ক্ষেত্রেই যদি এই গ্যারান্টি না থাকে তা হলে সেটা অর্থহীন হয়ে দাঁড়ায়। এবং আমরা সারা দেশের মধ্যে এটাই দেখেছি। এই যে বর্তমানে যে রাজনৈতিক ব্যবস্থা ডঃ বি, আর, আম্বেদকর যে দাবী তাঁর জাতিকে আলাদা করে সুযোগ দেওয়ার জন্য। গান্ধী-জির প্রাণ রক্ষার্থে লেবুজল খেয়ে সেটি পাল্টাতে হয়েছিল। কিন্তু আজকে ভারতবর্ষে এটাই প্রমাণ করে যে ডঃ আম্বেদকরের দাবী সঠিক ছিল। সারা দেশে আজকে বাবাসাহী ডঃ আম্বেদকরের ভারতরত্ন দেওয়া হচ্ছে, সেন্টিনারী গ্রহণ করা হচ্ছে। কিন্তু আজকে এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে এস টি. ও এস্, সি. সম্প্রদায়ের লোকেরা যখন তাদের মৌলিক অধিকার ও রাজনৈতিক অধিকার দাবী উথাপন করে তখন সেই ডিমাণ্ডকে হৃদয় দিয়ে অনুভব না করে সেখানে আখ্যায়িত দেওয়া হয় সাম্প্রদায়িক হিসাবে। হ্যাঁ যা খুশী তাই করতে পারেন। কিন্তু until unless there demand is being fullfill the could not be satisfied. এবং এই যে আনসেটিস্-ফেকশান, এই আনসেটিস্ফেকশান'ই হচ্ছে আজকের ডিস্টারভেশানের মূল কারণ। কাজেই জিনিসটাকে আজকে হৃদয় দিয়ে অনুভব করা দরকার। যার জন্যই আমি আজকে এই প্রস্তাবটি এখানে এনেছি। আজকে কি হচ্ছে বিভিন্ন দল থেকে তারা ইলেক্‌টেড হচ্ছে, কি বিধানসভা কি পার্লামেন্ট কার কথা বলতে হচ্ছে তাদের দলের কথাই বলতে হচ্ছে, নিজের কথা বলতে পারেন না। তারপর তাকে যে কদিন প্রয়োজন ব্যবহার করা. মুরগী যখন বুড়ো হয়ে ডিম না দেয় তখন সেই মুরগীকে কেটে খেতে হয়। কাজেই তাকে ডাসবিনে ছুরে ফেলে দাও। এই অবস্থাই

চলছে। কাজেই এটাকে আজকে হৃদয়-অঙ্গম হিসাবে মেনে নিতে হবে। যদি তা হয় তাহলে পরে দেশের ঐক্য সংহতি রক্ষা করা যাবে না। এটাই হচ্ছে আজকের বড় সমস্যা। এই জাগার মধ্যে দাঁড়িয়ে আজকে আমাদের এই ত্রিপুরা রাজ্যের ক্ষেত্রে স্থির করে ফেলতে হবে। আর একটা সমস্যা কি-জনসংখ্যা কতজন দেখানো হবে-১৯৮১ সনের জনসংখ্যা এখানে দেখানো হল, এই জনসংখ্যার পারসেন্টেইজ হচ্ছে ১৫ শতাংশ। সেই জনসংখ্যার অনুপাতে তারা এই বিধানসভার আসন পাবে ৯টি আজকে একটির কথাও বলা হল না। তারপরে ও সেখানে জনসংখ্যা দেখতে রয়েছে তিন লক্ষ দশ হাজার সামথিং, সেখানে পঞ্চায়েতের রেজিস্ট্রেশান অনুযায়ী জনসংখ্যা হচ্ছে চার লক্ষ ৫ হাজার সামথিং।

যে সেন্সাস তারা করে, সঠিক ভাবে তা করে না। ঠিক একই অবস্থা, আমাদের এই রাজ্যে হচ্ছে। ১৯৯১ সালে সেন্সাস হয়ে গেল, এখনো ত্রিপুরা রাজ্যের সঠিক লোক সংখ্যা কত, তার মধ্যে এস, সির লোক সংখ্যা কত অথবা এস, টির লোক সংখ্যা কত, তার কিছুই সরকারী অথবা বে-সরকারী ভাবে জানা গেল না, তবে অনুমান করা হচ্ছে যে ত্রিপুরা রাজ্যের মোট জনসংখ্যার শতকরা ২০ ভাগ এস, সি হতে পারে এবং তা যদি হয়, তাহলে তারজন্য অবশ্যই সংরক্ষণ এর ব্যবস্থা করতে হবে। এই প্রশ্ন সাড়া দেশের সংগে তুলনা করা যাবে না, কেন না ৬ থেকে ৭ লক্ষ এস, সি পপুলেশান থাকা সত্ত্বেও পার্লামেন্টে ত্রিপুরার জন্য এস, সির জন্য সংরক্ষিত কোন সীট নেই। এই হেন লোক সংখ্যা কোন মতেই পার্লামেন্টে আনরিপ্রেজেন্টেড থাকতে পারে না। কাজেই, জনসংখ্যার তথ্য অনুযায়ী, সেই জনসংখ্যাকে রি-প্রেজেন্ট করার জন্যই ত্রিপুরা রাজ্যের এস, সি, পপুলেশানের রিপ্রেজেন্ট করার জন্যই পার্লামেন্টে একটি সীট সংরক্ষিত করতে হবে এবং সেই সংগে রাজ্য বিধান সভায়ও এস, সি পপুলেশানের সংখ্যানুযায়ী আরও দুইটি সীট সংরক্ষিত করতে হবে। বর্ত্তমানে যে ৭টি সীট আছে, সেটাকে বাড়িয়ে ৯টি করতে হবে এবং এটা করার জন্য প্রয়োজনে ডেলিমিটেশান কমিশন যেটা আছে, তার কাছে এই বিধানসভা থেকে সর্ব সম্মতিক্রমে প্রস্তাব পাশ করে পাঠাতে হবে। কাজেই, আমি আশা করছি এই হাউসের সামনে আমার যে রিজলিউশানটি আছে, তা এই হাউস সর্ব সম্মতিক্রমে গ্রহণ করবেন এবং এই আশা রেখেই আমার বক্তব্য এখানেই শেষ করছি।

শ্রীরসিকলাল রায় (মন্ত্রী) :— মিঃ স্পীকার, স্যার, মাননীয় সদস্য নকুলবাবু এই হাউসের সামনে ত্রিপুরা রাজ্যের জনসংখ্যার ভিত্তিতে লোকসভায় এবং বিধানসভায় এস, সি সম্প্রদায়ের জন্য আসন সংখ্যা বাড়ানোর জন্য যে রিজলিউশান এনেছেন, তা খুবই ভাল কথা, কারণ, আমরাও

এটা চাই। কিন্তু মাননীয় সদস্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানিয়ে যে রিজলিউশানটা এনেছেন, তার মধ্যে যে টেকনিক্যাল ডিফেক্ট রয়েছে, তারজন্য আমি এটাকে সমর্থন করতে পারছি না। কারণ, এটা কেন্দ্রীয় সরকার অথবা রাজ্য সরকারের বিবেচনা করার বিষয়বস্তু নয়। এটা সম্পূর্ণভাবে ডেলিমিটেশান কমিশনের বিচার্য্য বিষয়। কাজেই এখানে কেন্দ্রীয় সরকারকে এড্রেস না করে যদি ডেলিমিটেশান কমিশনকে এড্রেস করা হত, তাহলেই এটাকে সমর্থন করা যেত। তাই যেহেতু উনি যথাযথ অথরিটিকে এড্রেস করেন নি। সেহেতু আমি এই বিষয়ে আর কিছু বলতে চাই না। তাছাড়া শুধুমাত্র জনসংখ্যার বিচারেই লোকসভায় বা বিধানসভায় কার কত আসন হবে, তা নির্ধারিত হয় না। যেমন আমাদের এই রাজ্য অথবা এমন অনেক রাজ্য আছে লোকসভার কোন কেন্দ্রের ভোটার সংখ্যা মাত্র ২ থেকে ৫ লক্ষ, আবার এমন অনেক রাজ্য আছে সেখানকার লোকসভার কোন কেন্দ্রের ভোটার সংখ্যা ১৫ থেকে ২০ লক্ষ, আর তেমনি বিধানসভার কোন কোন কেন্দ্রের ক্ষেত্রেও তাই। কাজেই, এটা ঠিক করার একমাত্র অধিকারী হচ্ছে ডেলিমিটেশান কমিশনই। তাই, যেহেতু উনার রিজলিউশানের এড্রেসের ক্ষেত্রে টেকনিক্যাল ডিফেক্ট রয়েছে, সেহেতু আমি আর এই বিষয়ে কিছু বলতে চাই না।

শ্রীঅনিল সরকার :— মাননীয় স্পীকার, স্যার, দয়া করে আমাকে একটু সময় দেবেন। কারণ, ট্রেজারী বেন্চ আজকে অনেকটা হতাশাগ্রস্ত। স্যার, মাননীয় সদস্য নকুল দাস যে রিজলিউশানটি এনেছেন ত্রিপুরা বিধানসভার কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করছে যে রাজ্যের বর্ত্তমান জনসংখ্যার ভিত্তিতে রাজ্যে লোকসভার আসন বৃদ্ধি করা হউক এবং তফশিলী জাতির জন্য তাদের জনসংখ্যার ভিত্তিতে একটি আসন সংরক্ষিত করা হউক এবং রাজ্য বিধানসভায় তফশিলী জাতির বর্ত্তমান জনসংখ্যা অনুযায়ী তাদের প্রাপ্য বিধানসভার আসন বাড়ানো ও সংরক্ষনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ ও ব্যবস্থা গ্রহণ করা হউক, এটাকে আমি সমর্থন করি। স্যার, প্রসঙ্গতঃ আমি বলছি যে ভারতীয় জনসংখ্যার প্রাপ্ত অধিকারের হার হল—

	জনগোষ্ঠি	জনসংখ্যা	রাজনীতি	চাকুরী	ব্যবসা	জমি
ব্রাহ্মণ	৩'৫%	৬'৫%	৪১%	৬২%	১০%	৫%
ক্ষত্রিয়		৫'৬%	১৭%	১২%	২৪%	৮০%
বৈশ্য		৬%	১০%	১৩%	৬০%	৭%

ভারতে তফশিলী জাতি এবং আদিবাসী জনসংখ্যার হার শতকরা ২২'৫ শতাংশ। চাকুরীতে তাদের কোটা পূরণ হয়েছে ৫ শতাংশ, ব্যবসাতে তাদের কোটা পূরণ হয়েছে ০'২ শতাংশ। আর জমিতে তাদের অধিকার আছে মাত্র ১ শতাংশ। কিন্তু যেহেতু রাজনীতিতে তাদের

জন্য রিজার্ভেশান আছে, তাই জনসংখ্যার হিসেবে তাদের অধিকার হচ্ছে ২২'৫ শতাংশ। ত্রিপুরায় যে জনসংখ্যা, তার মধ্য সিডিউলড কাস্ট রয়েছে ১৫'৫ শতাংশ। এবং এটা অনুসারে এখানে তাদের জন্য ৯টি আসন হতে পারে। কাজেই, তাদের জন্য আসন বাড়ানোর দরকার। এছাড়া মাননীয় বিধায়ক ১৯৮১ সালের সেন্সাসের পরিপ্রেক্ষিতে ত্রিপুরাতে সিডিউলড্ কাস্টের জনসংখ্যার যে কথা বলেছেন, তাতে দেখা যায় যে, তাদের সংখ্যা হল ৩ লক্ষ ১০ হাজার। অবশ্য পঞ্চায়েত মন্ত্রী তাঁর পঞ্চায়েতের রিপোর্ট সম্পর্কে বলতে গিয়ে বলেছিলেন যে তাদের সংখ্যা ৪ লক্ষ ৫৬ হাজার। কাজেই, জনসংখ্যা অনুসারেই এটা চাই। আর জনসংখ্যা অনুসারে যদি রাজনৈতিক কর্তৃত্ব না পায়, তাহলে তাদের ইকোনমি এবং অন্যান্য ক্ষেত্রেও এটাকে বাড়ানো যাবে না। যেহেতু ভারতের সমাজটা হল ব্রাহ্মণ্যবাদ সূত্র থেকে, সেই দিক থেকে বলতে গেলে বলা যায় যে ভারতের সমাজ সৌধ তার এক একটা ইট হল এক একটা জাতি এবং স্বর্ণ চূড়ায় বসে আছেন পুরোহিতরা। আমি এটাকে কোন একটা বিশেষ জাতি হিসেবে দেখছি না। কিন্তু এটাকে একটা ইকোনমি, সোসিয়েল এবং পলিটিকাল ষ্ট্রাকচার হিসেবেই দেখছি। ঋক্ বেদের একটা শ্লোকে আছে ব্রাহ্মণনোহস মুখাসীদ্বাহুত রাজন্য কৃতমং। উবু তদস্য যদ্বেশ্যঃ পাদভ্যাং শুদ্র অজায়ত। অর্থাৎ এই ট্রাকচারের মধ্যে ব্রাহ্মণ তার মস্তিষেক বসে আছেন, বাহুতে বসে আছেন, ক্ষত্রিয় আর উবু থেকে বৈশ্যদের জন্ম, আর শ্রমজীবি মানুষ যাদের জনসংখ্যা ভারতের জনসংখ্যার শতকরা ৮৫ ভাগ, তারা এসেছে পদতল থেকে। কাজেই, একটা ধর্ম দিয়ে তাদের সোসিয়েল পজিশানটাকে টার্ণ করে নিয়ে গিয়েছে। যারফলে দেখতে পাচ্ছি যে ব্রাহ্মণেরা ভারতের জনসংখ্যার শতকরা ১৫ ভাগ হয়েও রাজনীতিতে তারা দখল নিয়েছে ৬৬ ভাগ, চাকুরীতে ৮৭ ভাগ, ব্যবসাতে ৫৪ ভাগ, জমিতে ৯২ ভাগ। আর এই রাজ্যের রাজনীতিতে মাত্র ২/৩ জন রয়েছেন বিধায়ক সহ। তাদের কোট বা মর্য্যাদা নেই। এখানে কয়েকজন উচ্চ বর্ণের কোটারী যেমন চীফ সেক্রেটারী, তিনি শ্যামসুন্দর শর্মা, তিনি উচ্চ বর্ণের। হেলথের সেক্রেটারী এ, কে, রায়, প্রাকতন মুখ্যমন্ত্রীর অফীস সেক্রেটারী এবং তারপরে গুরুদয়াল সিং, তিনি রেসিডেনশিয়েল কমিশনার। আরেক জন সিং তিনি ক্ষৈত্রিয় হতে পারেন। এদেরকে দিয়ে সুধীরবাবু জয়েন্ট এন্টাসের মেডিকেল সীট বিক্রী করে দিলেন। উত্তমকুমার দাস তফশিলী উপজাতি গ্রুপের, ওয়েটিং লিসটে তার নাম ছিল দ্বার ভাংগা মেডিকেল কলেজে কিন্তু সেই সীটটা গীতা বণিককে টাকার বিনিময়ে দিয়ে দেওয়া হল। সে জয়েন্ট এন্ট্রাসে বসে নাই। সেটা মুখ্যমন্ত্রীর অফিস সেক্রেটারী অমল রায় এবং গুরুদয়াল সিংহের মাধ্যমে বিক্রী হয়ে গেল। এই ভাবে এস,সি এবং এস,টির মেডিকেল সীট বিক্রী হয়ে যায়।

শ্রীসমীররঞ্জন বর্মণ (মুখ্যমন্ত্রী) :— মাননীয় স্পীকার স্যার, পয়েন্ট অব অর্ডার স্যার, তিনি যা বলছেন এটার কোন রিলেভেনসি নেই।

(গণ্ডগোল)

শ্রীরসিকলাল রায় (মন্ত্রী) :— স্যার, আমি বলছি পয়েন্ট অব অর্ডার। স্যার, মাননীয় সদস্য অনিলবাবু অনেক উদাহরণ দিয়েছেন। আমি একটি কথা অনিলবাবুকে বলছি। এস, সিদের দরদের কথা এখানে ত অনেক বললেন। কিন্তু আপনাদের আমলে এস, সিদের ফাঁকি দিয়ে জেনা-রেলকে কে চাকুরী দিয়েছিল।

শ্রীবুদ্ধ দেববর্মা (চেয়ারপার্সন) :— এটা পয়েন্ট অব অর্ডার হয় না।

শ্রীঅনিল সরকার (প্রতাপগড়) :—আজকে এই এস, সিদের বঞ্চনার জন্য রিপোর্ট দেওয়ার পরিপ্রেক্ষিতে জেলা মেজিষ্ট্রেট প্রদীপ সরকার এবং তাঁর পরিবারের লোকেরা আজকে বিপন্ন। তাদের নিরাপত্তা বিপন্ন। আজকে এরা মেডিক্যাল সীট বিক্রী করে দিচ্ছেন টেলেন্টেডদের বঞ্চিত করে। কাজেই, আপনাদেরকে ছাড়া যায় না। স্যার, জয়েন্ট এন্ট্রাস পরীক্ষা দেয়নি এমন সব লোককে সীট বিক্রী করা হয়েছে দিল্লীতে বসে। এটা একটু দেখুন। আমার কথা অ্যাকসপাঙস করুন কোন আপত্তি নেই। কিন্তু ব্যাপারগুলি দেখুন। এই করে ত সুধীর মজুমদারের পতন হয়েছে। আমার বন্ধু সমীরবাবুকে একটু দেখবেন।

শ্রীবুদ্ধ দেববর্মা (চেয়ারপার্সন) :— শ্রীমাখনলাল চক্রবর্তী।

শ্রীমাখনলাল চক্রবর্তী (কল্যাণপুর) :— মিঃ স্পীকার স্যার, মাননীয় সদস্য নকুল দাস এখানে যে প্রস্তাব এনেছেন এস, সিদের জন্য জনসংখ্যার ভিত্তিতে একটি আসন সংরক্ষণ করার জন্য এটা সমর্থন করে আমি ২/১টি কথা বলছি। সংবিধান প্রণেতা আম্বেদকরের সংবিধানের শপথ নিয়ে এই ভারতবর্ষের গণতান্ত্রিক সরকার, এই ভারতবর্ষের জাতি-উপজাতি সহ সমস্ত অংশের মানুষের অধিকার সুরক্ষিত করার জন্য শপথ নিয়েছেন। কিন্তু আজকে এখানে এই আলোচনা ঐতিহাসিক। আমাদের স্বাধীনতার ৪৫ বছর পর আজকে আমাদের এই ধরনের আলোচনা এখানে করতে হচ্ছে এটা খুবই পরিতাপের বিষয়। আজকে এই নিপীড়িত জাতি তাদের অধিকার থেকে বঞ্চিত হচ্ছে। এই প্রস্তাব আনতে গিয়ে অনিলবাবু এখানে যে সব তথ্য দিলেন এটা খুবই মর্মান্তিক, এবং সাথে সাথে ঐতিহাসিক। সেটার বিরোধিতা করার প্রশ্নই উঠে না। বরঞ্চ, এই জাতি

গোষ্ঠীর মানুষের অধিকার সুরক্ষিত করার জন্য আমাদের এগিয়ে আসা দরকার। আমি খুব বেশী বক্তব্য রাখব না। এখানে এই প্রসঙ্গে অনেকে অনেক কিছু বলেছেন। আজকে সেই অধিকার নিয়ে আমি ২/১টি কথা বলতে চাই। শিক্ষা ক্ষেত্রে তাদের যে সাংবিধানিক অধিকার ছিল, এই রাজ্যে দুর্বলতর শ্রেণীর লোকদের শিক্ষা দীক্ষায় তাদেরকে উন্নত করার জন্য যে ব্যবস্থা ছিল সেই ব্যবস্থা আজকে কোথায় গিয়ে পৌঁছেছে সেটা আর বলবার নয়। স্যার, গত ২৬-১২-৯১ ইং তারিখে মাননীয় সদস্য শ্রীসুনীল দাস মহোদয়ের সভাপতিত্বে বিধানসভার এস, সি কমিটি আমরা কমলপুর এবং কৈলাশহর মহকুমার এস, সি এবং এস. টি বোর্ডিং হাউস পরিদর্শনে গিয়েছিলাম মাননীয় মন্ত্রী বীরজিৎ সিন্‌হা মহোদয়ের কনষ্টিটিউন্সী কৈলাশহরে সেখানে দ্বাদশ স্কুলে বালিকা বোর্ডিং হাউসটি পরিদর্শন করে আমরা আশ্চর্য্য হয়ে গেলাম। সেটাকে একটা নরককুণ্ড বললেও ভুল হবে না এটা দেখে কমিটির মাননীয় চেয়ারম্যান নিজে বলছেন যে আমরা আমাদের ছেলেমেয়েদেরকে বনবাসে পাঠাচ্ছি। আমরা সরকারকে বলব এখানে বসবাসরত ছাত্রীদেরকে উঠিয়ে নেওয়া হোক। আমরা এস. সি কমিটি থেকে গভর্ণমেন্টের কাছে রিপোর্ট করছি। আমরা রাত্রি ১০ টার সময় গিয়ে দেখলাম সেখানে ছাত্রছাত্রীদের রান্না করার লোক নেই, চতুর্দিকে নর্দমা। তাদের স্নানাগার নেই, পায়খানা ঘর নেই একটা অসহনীয় অবস্থার মধ্যে তারা বাস করছে। আমরা সেখানে অফিসারদের নিয়ে ৪ টা মিটিং করেছি। সেখানে মাননীয় চেয়ারম্যান মন্তব্য করেছিলেন প্রশাসন কি কাজ করছে? আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করব এই জিনিষটা দেখার জন্য। প্রতিটি হোষ্টেলে ছাত্রছাত্রীরা কান্নাকাটি করছে। তাদের লেখাপড়া করার জন্য বাধ নেই, কোচিং ক্লাশ করা হয় না। আজকে সংবিধান মোতাবেক তফশিলী ছাত্রীদের যে শিক্ষার অধিকার পাওয়ার কথা, রাজনৈতিক ক্ষেত্রে অগ্রাধিকার পাওয়ার কথা সেটাকে সুরক্ষিত করার জন্য মাননীয় সদস্য নকুল দাস মহোদয় বিধানসভায় সর্বসম্মত এই প্রস্তাব এনেছেন। তপশীলি জাতির জন্য তাদের জনসংখ্যার ভিত্তিতে একটি আসন সংরক্ষিত করা হোক এবং নিপীড়িত মানুষের যে অধিকার সেটাকে সুরক্ষিত করা হোক। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার :— মাননীয় সদস্য শ্রীদিবাচন্দ্র রাংখল।

শ্রীদিবাচন্দ্র রাংখল (কুলাই) :— মিঃ স্পীকার স্যার, মাননীয় সদস্য শ্রীনকুল দাস মহোদয় এই হাউসে একটি প্রাইভেট মেম্বারস রিজলিউশান এনেছে। আমি আশ্চর্য হয়ে গেলাম, উনি অত্যন্ত দক্ষতার সঙ্গে কয়েক বার বিধানসভার নির্বাচিত হয়েছেন। কিন্তু আজকে উনি যে ধরণের প্রস্তাব এখানে এনেছেন এটা আমার মনে হয় সম্পূর্ণ আইনতঃ বিপরীত। অতএব এটা আলোচনা যোগ্য

বলে আমি মনে করছি না। তবুও আমি এখানে কয়েকটি কথা বলতে চাই। সিডিউলড্ কাষ্ট সিডিউল্ড ট্রাইবস এবং জেনারেলদের জন্য এসেম্বলী কনস্টিটুন্সী বা পার্লামেন্টরী কনস্টিটুনন্সী তৈরী হয় জনসংখ্যার ভিত্তিতে। যে দিক থেকেই এটা তৈরী হোক না কেন এটা সম্পর্কে রাজ্য সরকারের দেখার কিছু নেই। কেন্দ্রীয় সরকারেরও দেখার কিছু নেই। এটা সম্পূর্ণ ভাবে ডিলিমিটেশান কমিটি এবং ইলেকশান কমিশনের উপর নির্ভর করেছে। কাজেই, মাননীয় সদস্য মহোদয় এখানে যে প্রস্তাব এনেছেন এটা অত্যন্ত দুঃখজনক। কাজেই, এই প্রস্তাবটিকে প্রত্যাহার করে নিয়ে, আইন কানুন শিখে পুনরায় নূতন করে প্রস্তাব আনার জন্য আমি উনাকে অনুরোধ করছি। বর্ত্তমান প্রস্তাবটিকে আলোচনার যোগ্য বলে আমি মনে করছি না। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার :— মাননীয় চীফ্ মিনিষ্টার শ্রীসমীররঞ্জন বর্মন।

শ্রীসমীররঞ্জন বর্মন (মুখ্যমন্ত্রী) **:—** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীনকুল দাস যে প্রাইভেট মেম্বারস্ রিজলিউশান এনেছেন এটা আইন মোতাবেক আনা হয়নি। কাজেই, এটাকে সমর্থন করার প্রশ্ন উঠে না। কারণ, মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভারতীয় সংবিধান অনুযায়ী লোকসভা এবং বিধানসভার আসন সংখ্যা ব্যাপারটা ডিলিমিটেশান কমিটি কর্ত্তৃক ঠিক করা হয়। এতে কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকারের করার কিছু নেই। এমন কি ডিলিমিটেশান কমিটির উপর কিছু করার হাইকোর্ট বা কোর্টের কোন এক্তিয়ার নেই। এরই পরিপেক্ষিতে এই কাজ কবে নাগাদ করা হবে এই সম্পর্কে কোন নির্দ্দেশ এখন পর্য্যন্ত আসেনি। যদি এই রকম কোন নির্দ্দেশ ভবিষ্যতে রাজ্য সরকারের কাছে আসে তাহলে বিষয়টির উপর যথাযথ গুরুত্ব দিয়ে আলোচনা করা হবে। কংগ্রেস (আই) চায় পিছিয়ে পড়া জনগোষ্ঠি যারা আছেন তাঁরা এগিয়ে আসুন। তারই পরিপ্রেক্ষিতে গত বিধানসভার নির্ব্বাচনে আমরা আমাদের মন্ত্রী কাশীরাম রিয়াংকে সাধারণ আসন থেকে নির্ব্বাচন করে জিতিয়ে এনেছি, আইনের জন্য অপেক্ষা করিনি। দিলীপ সরকারকে একজন সি. পি, এমের, ব্রাহ্মন প্রার্থীর অ্যাগেনষ্টে দাড় করিয়ে আমরা জিতিয়ে এনেছি। কিন্তু ওদের সময় একটা উদাহরণ ১০ বছরে ওরা দেখাতে পারবেন কি? কংগ্রেসের আদর্শ হলো এটা। গৌরীশঙ্কর রিয়াংকে আমরা সাধারণ আসনের প্রার্থী করে জিতিয়ে এনেছি, আইনের জন্য আমরা অপেক্ষা করিনি। মহারাণীকেও আমরা সাধারণ সীট থেকে জিতিয়ে এনেছি। কাজেই, এই সমস্ত লম্বা লম্বা বুলি দিয়ে লাভ নেই। আমি অনুরোধ করব মাননীয় সদস্য শ্রীনকুল দাসকে উনি যে লেখাপড়া জানেন না তা নয়, উনি লেখাপড়া জানেন কাজেই, ভারতীয় সংবিধান মোতাবেক সেইভাবে আইন মোতাবেক প্রাইভেট মেম্বারস রিজিলিউশান

জানেন নিশ্চয়ই আমরা সেটা দেখব গ্রহণযোগ্য হলে সংবিধান মোতাবেক যদি উনি আনেন। মাননীয় সদস্য যে ভাবে রিজলিউশ্যানটি এনেছেন তাতে রাজ্য সরকারের করার কিছুই নেই, সেটা করবে ডিলিমিটেশ্যান কমিটি। কাজেই, এই পরিপেক্ষিতে আমি বলব মাননীয় সদস্যকে এই প্রাইভেট মেম্বারস রিজলিউশ্যানটি তুলে নেবার জন্য। শ্রীবাদল চৌধুরী পয়েন্ট অব্ অর্ডার স্যার, এখানে মাননীয় একজন সদস্য প্রাইভেট মেম্বারস রিজলিউশ্যান করেছেন আলোচনার জন্য এবং আপনি সেটা গ্রহণও করেছেন আলোচনার জন্য। কিন্তু সভার নেতা নিজে বলেছেন এটা বে-আইনী, আমরা কোথায় আছি ?

শ্রীসমীররঞ্জন বর্মন (মুখ্যমন্ত্রী) :— মাননীয় সদস্য আমি এটার উত্তর দিচ্ছি। মাননীয় সদস্য শ্রীনকুল দাস রিজলিউশ্যান আনলেন যে বিশালগড়ের অমুক জায়গায় চুরি হয়েছে কিন্তু দেখা গেল সেখানে খুন হয়েছে তাহলে সেটা আমি বলব বে-আইনী ভাবে এনেছেন, এটা আমি বলতে পারি।

শ্রীসমর চৌধুরী :— এখানে ডিলিমিটেশানের কথা বলা হয়েছে। এইটাকে বলা হয়েছে বে-আইনী। এই রাজ্যে কি কোন সরকার আছে ? মুখ্যমন্ত্রী যদি এই কথা বলেন ডিলিমিটেশান হচ্ছে স্বাধীন।

(গণ্ডগোল)

মিঃ স্পীকার :— উনি বলেছেন বেআইনী জিনিস আইনের কায়দায় এনেছেন। আইনের কায়দায় উপস্থাপিত করেছেন।

(গণ্ডগোল)

শ্রীসমীররঞ্জন বর্মন (মুখ্যমন্ত্রী) :— স্যার, আমি মাননীয় স্পীকারের সিদ্ধান্ত বেআইনী বলিনি। এইটাতে রাজ্য সরকারের বা কেন্দ্রীয় সরকারের কোন এক্তিয়ার নেই।

(গণ্ডগোল)

মিঃ স্পীকার :— এখন আমি মাননীয় সদস্য শ্রীনকুল দাস মহোদয় কর্তৃক উত্থাপিত রিজলিউশ্যানটি ভোটে দিচ্ছি। রিজলিউশ্যানটি হলো, "ত্রিপুরা বিধানসভা কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করছে যে, রাজ্যের বর্তমান জনসংখ্যার ভিত্তিতে রাজ্যে লোকসভার আসন বৃদ্ধি করা হউক

এবং তফসিলী জাতির জন্য তাদের জনসংখ্যার ভিত্তিতে একটি আসন সংরক্ষিত করা হউক এবং রাজ্য বিধানসভায় তফসিলী জাতির বর্তমান জনসংখ্যা অনুযায়ী তাদের প্রাপ্য বিধানসভা আসন বাড়ানো ও সংরক্ষণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ ও ব্যবস্থা গ্রহণ করা হউক।"

(ভোট দেওয়ার পর)

মিঃ স্পীকার :— রিজলিউশানটি বাতিল হলো।

শ্রীবাদল চৌধুরী :— স্যার, আমরা ডিভিশান চাই।

(গণ্ডগোল)

শ্রীসমীররঞ্জন বর্মণ (মুখ্যমন্ত্রী) **:—** স্যার, রুলিং-এর পর কিসের ডিভিশান ?

মিঃ স্পীকার :— এখন আমি মাননীয় সদস্য শ্রীকেশব মজুমদার মহোদয়কে অনুরোধ করছি উনার রিজলিউশানটি সভায় উত্থাপন করার জন্য।

শ্রীকেশব মজুমদার (কাকড়াবন) **:—** স্যার, আমার রিজলিউশানটি হলো "বর্তমানে ছামনু, কাঞ্চনপুর, গণ্ডাছড়া, সাতচাঁন্দ ব্লক সহ রাজ্যের বিভিন্ন অঞ্চলে বিশেষত: উপজাতি অধ্যুষিত এলাকায় ব্যাপক অনাহার চিকিৎসাহীনতা ও পানীয় জলের অভাব চলছে। এই অসহনীয় অবস্থায় প্রতিকারে অবিলম্বে অনাহার ক্লিষ্ট এলাকায় ফেমিন কোড্ চালু করে দুর্ভিক্ষ অঞ্চল ঘোষণা করে ব্যাপক হারে রিলিফ কাজ ও খাদ্য, পানীয় জল ও চিকিৎসার ব্যবস্থা করা হোক এবং সমস্ত রকমের দাদন ও মহাজনী ঋণ মুকুব করা হউক।"

মিঃ স্পীকার :— এখন মাননীয় সদস্য কেশব মজুমদার মহোদয় আলোচনা আরম্ভ করবেন।

শ্রীকেশব মজুমদার :— মাননীয় স্পীকার স্যার, আমি এই প্রস্তাবে শুধু কয়েকটা ব্লকের নাম উল্লেখ করেছি। কিন্তু এই অবস্থা গোটা ত্রিপুরা রাজ্যের বিভিন্ন অঞ্চলে একটা ভয়াবহ আকার ধারন করেছে। এর মধ্যে বিভিন্ন পত্র পত্রিকায় উঠতে শুরু করেছে অনাহারে মারা যাচ্ছে, গ্রামে গঞ্জে কাজ পাওয়া যাচ্ছেনা, কাজের অভাব। কাজের অভাবে মানুষ এক জায়গা থেকে অন্য জায়গা চলে যাচ্ছে। আমাদের রাজ্য থেকে অন্য রাজ্যে চলে যাচ্ছে। এমনকি ভিন্ন দেশ বাংলাদেশে আশ্রয় নিতে বাধ্য হয়েছে, একটু খাবার আশায় পত্রিকাতে নিশ্চয়ই দেখেছেন, সকলেই দেখেছেন, ট্রেজারী ব্যাঞ্চের সদস্যরাও দেখেছেন, অভাব কোন স্তরে গিয়ে পৌঁছেছে,

প্রাণের চেয়েও যে প্রিয়তর সন্তান তাকেও বিক্রী করছে মা, বাড়ী ঘর ছেড়ে চলে যাচ্ছে মানুষ, তাদের যতটুকু অস্থাবর সম্পত্তি ছিল সেটুকু পর্য্যন্ত বিক্রী করে দিয়েছে, সোনা গয়নাতো গিয়ে জড়ো হয়েছে যাদের হাতে পয়সা আছে তাদের কাছে। মানুষ অভাবের তাড়নায় এমন কি যে অতীতে কখনোও আমরা ত্রিপুরা রাজ্যে শুনিনি, উপজাতি মা বোনদের পরার যে পাছরা সেটা পর্য্যন্ত বন্ধক চলে যাচ্ছে চেয়ারম্যানদের কাছে। যাদের আয় কম, যারা বেশী দরে বাজার থেকে খাবার সংগ্রহ করতে পারে না, তাদের জন্য রেশনিং সিষ্টেম আছে রেশনের ব্যবস্থা আছে, তার জন্য রেশন কার্ডও দেওয়া হয়েছে সেই রেশন কার্ড বিক্রী করে দিচ্ছে, বন্ধক দিচ্ছে, বন্ধক দিয়ে রেশন সংগ্রহের জন্য দুই টাকা তিন টাকা সংগ্রহ করছি। আর একটা জিনিষ করছে রেশন কার্ড দিয়ে শেয়ারের ব্যবস্থা করা হচ্ছে। দশ কেজি চাউল যেখানে পাওয়া যাবে সেখানে যেহেতু পয়সা দিতে পারছে না তাই দুই কেজি চাউলের বিনিময়ে রেশন কার্ড সেখানে দিয়ে চলে আসছে, এই অবস্থা চলছে বিভিন্ন জায়গায় এবং এখানেইতো শেষ না, পেটের ক্ষিধার জ্বালাতো আছে। এরজন্য সন্তান বিক্রী করতে পারে সব কিছু করতে পারে, এর পরেও আমরা যারা উন্নত শ্রেণীর মানুষ আছি, যারা নিজেদের সমাজের সভ্য মানুষ হিসেবে পরিচয় দেয়, যারা বিত্তবান হিসেবে এই সমাজের সমস্ত ক্ষমতা ভোগ করেন, তারা ওত পেতে থাকেন কখন গ্রাম থেকে ভেসে আসবে অভাবি মানুষের কান্না তার অপেক্ষায়। আর তারই সুযোগে সামান্যতম পয়সার বিনিময়ে সেখানে গিয়ে তার জমিটাকে হাতিয়ে নেয়, তার ঘরের সমস্ত সম্পত্তি হাতিয়ে নেয়। এই ঘরে যে মহাজনি কারবার চলছে, যারা শহরে থাকেন যারা সভ্য মানুষ হিসেবে নিজেদের পরিচয় দেন, যারা সমাজের উচ্চতর আসনে আছেন, রাজনৈতিক মর্য্যাদায় যারা সচেষ্ট রয়েছেন তাদের কাছে কত মানুষের জমি এইভাবে চলে গেছে, কত মানুষের বাড়ী ঘর চলে যাচ্ছে। কিভাবে সমস্ত কিছু চলে যাচ্ছে আমি তার শুধু তাই একটা উদাহরণ দিচ্ছি এখানে। এখন আর এখানে কি বলব, আগের সরকারটা থাকলে তবু হত। এখন আমার সামনে যারা বসে আছেন তারাতো নয়াসাহির নয়া সাকেন শা, তাদেরকে ভগবানের নামে যারা দিয়েছেন তাদের কারও কাছে কোন দায়িত্ব নেই। কার কাছে কি আশা করব, না করব তা জানি না। তবু এই বিধানসভায় এইটুকু রাখছি এইজন্য যে, এই বিধানসভা এমন একটা জায়গা যেখানে মানুষের আত্ম কান্না প্রতিধ্বনিত হবে, যেখানে মানুষের জন্য সিদ্ধান্ত নেওয়া হবে, যেখানে মানুষের অভাব অভিযোগের সম্পর্কে আলাপ আলোচনা করা হবে, তারই জন্য আমি আলোচনা উত্থাপন করছি। জানি না তাদের কাছে এইটা পৌঁছাবে কি না। এর মধ্যে ছামনু ব্লকে ২২ টা গাঁও পঞ্চায়েতের মধ্যে যে পরিস্থিতি চলছে, এখানে ওখানকার প্রতিনিধিরাও আছেন, মন্ত্রীরাও সকলেই

আছেন, আমি কয়েকটা উদাহরণ এখানে দিচ্ছি, আপনারা জানেন কি না জানি না, পত্র পত্রিকায় উঠেছে, শতালী চাকমা, দুই বছর বয়স, তাকে বাঁচানোর জন্য তার বাবা মা অনেক চেষ্টা করেছেন,। কিন্তু সমস্ত কিছু দিয়েও তাকে রক্ষা করা যায় নি। ক্ষিধার জ্বালা তাকে ছিনিয়ে নিয়েছে। খেত্রধীছড়া তার বাড়ী। বসন্ত দেববর্মা—সাত বছর বয়স, সিন্ধুকুমার পাড়াতেই তার বাড়ী। অনাহারে মৃত্যুর কোলে সে ঝরে পড়েছে। যুদ্ধকুমার ত্রিপুরা—সিন্ধুকুমার পাড়াতেই তার বাড়ী, বয়স ছয় বছর সেও অনাহারে মৃত্যুর কোলে ঝরে পড়েছে। এইখানে দুই বছরের শিশু থেকে শুরু করে বৃদ্ধ-বৃদ্ধারা তারা সবাই ক্ষুধার করাল গ্রাস থেকে বাদ যায়নি। রুদ্রমোহন রিয়াং ৫০ বছর তার বয়স, উদয়রাম রিয়াং, ৩০ বছর বয়স, হরিবল মুথশুদ্ধি, ৪৮ বছর বয়স, বিদ্যাকুমার ত্রিপুরা ২০ বছর বয়স, রয়নজিৎ ত্রিপুরা ৩০ বছর বয়স রইস্যাবাড়ী বোয়ালখালি অঞ্চলে তাদের বসবাস— এরা অনাহারে মৃত্যু বরণ করেন। এই অঞ্চলে আরো সাতজন তাদের অবস্থা অত্যন্ত খারাপ। তারা বোয়ালখালি থেকে রইস্যাবাড়ীতে এসেছিল সরকারের কাছে খাদ্যের জন্য আবেদন জানাতে সেখানকার তহসীল অফিসে। কিন্তু একটু খাবারও তাদের জুটেনি—তারা অনেক চেষ্টা করেছে। এবং এইখানে থাকতে থাকতেই না খেয়ে তারা পরে গেছে সাতজন লোক। তারপর আমরা যখন খবর পাই তখন আমরা একটা টীম নিয়ে সেখানে গিয়েছিলাম। সেখানে গিয়ে আমরা জানতে পারলাম যে, সেখানে যে পঞ্চায়েত প্রধান—আমরা জানি না সেখানকার কি সেই উন্নয়ন কমিটির যার কোন অস্তিত্ব আছে কি না—প্রাক্তন মুখ্যমন্ত্রী সুধীররঞ্জন মজুমদার তিনি স্বীকার করেছিলেন যে এই ধরনের কোন কোন উন্নয়ন কমিটির অস্তিত্ব নেই। অথচ আমরা গ্রামে গঞ্জে দেখতে পাই যে, এই উন্নয়ন কমিটির একটা চেয়ারম্যানের বা একজন মেম্বারের মাধ্যমে কাজ হবে আর না হলে কোন কাজই সেখানে হবে না। কাজেই দেখা গেল সেখানকার উন্নয়ন কমিটির চেয়ারম্যান তাদের কাছে গিয়ে প্রতি পরিবার পিছু ২০০ টাকা করে দিয়ে তাদের বাড়ীতে পাঠিয়ে দেওয়া হল। কিন্তু এই টাকা কোথা থেকে এলো—কার টাকা দেওয়া হবে—এইটা যদি সরকারী টাকা হয়ে থাকে তাহলে এই বেআইনী উন্নয়ন কমিটির চেয়ারম্যানের মাধ্যমে সে টাকা কেন বিলি বন্টন করা হলো? এইভাবে সর্বত্র বেআইনী উন্নয়ন কমিটির চেয়ারম্যানদের কাছেই সরকারী টাকা প্রথমে এবং তারাই সে টাকা বিলিবন্টন করে। কাজেই স্যার, এই অনাহারে মৃত্যু শুধু এইখানে নয় সারা ত্রিপুরা রাজ্যেই সেটা চলছে—এবং এখন পর্যান্ত প্রায় ২০০ এর বেশী লোক অনাহারে মৃত্যু বরণ করেছে। ৩০০ এর বেশী পরিবার শিলাছড়ি থেকে বাংলাদেশে গিয়ে আশ্রয় নিয়েছে। এবং সেটা শুরু হয়েছে সমস্ত উত্তর ত্রিপুরা থেকে দক্ষিণ ত্রিপুরা পর্য্যন্ত সর্বত্র। এবং এরা শুধু যে বাংলাদেশে যাচ্ছে তা নয় আমাদের পার্শ্ববর্তী রাজ্য আসাম, মিজোরাম এই সব রাজ্যে চলে যাচ্ছে খাদ্যের সন্ধানে। এই অবস্থা এখন চলছে সারা ত্রিপুরা রাজ্যের পাহাড় অঞ্চলে।

মিঃ স্পীকার :— অনারেবল মেম্বার আপনাদের বিশ মিনিট করে সময় দেওয়া হয়েছিল। তিন জন, ২০ মিনিট।

শ্রীসমর চৌধুরী :— স্যার, একটা কথা বলব ?

মিঃ স্পীকার :— বলুন।

শ্রীসমর চৌধুরী :— এখনওতো এক ঘণ্টা পাঁচ মিনিটের উপর সময় রয়ে গিয়েছে।

মিঃ স্পীকার :—সময় থাকুক। দুই ঘণ্টা তিন ঘণ্টা থাকুক। দ্যাট ইজ নট ইউর বিজনেস্। হয়াট দি টাইম আই এলটেড্ আমি এর বেশী সময় দেব না। আপনারা যদি বলেন সময় আছে এবং ইউ কেন কন্টিনিউ। নট। ইট উইল নট কন্টিনিউ একর্ডিং টু ইউর ডিমাণ্ড।

শ্রীকেশব মজুমদার :—স্যার, আমাকে দুটু মিনিট সময় দিন। দুই মিনিটের মধ্যে শেষ করে দেব। আশা করি আমার এই প্রস্তাবটা সরকার পক্ষের সদস্যরাও সমর্থন জানাবেন। আমরা চাই উপজাতি দুর্ভিক্ষ অঞ্চলগুলিতে সরকারীভাবে দুর্ভিক্ষ অঞ্চল হিসাবে ঘোষণা করা হউক। প্রত্যন্ত দুর্ভিক্ষ কবলিত অঞ্চলসমূহে ডবল রেশনিং প্রথা পুনরায় চালু করা হউক। পানীয় জলের সমস্যা মেটানোর জন্য পানীয় জলের ব্যবস্থা করা। অভাবক্লীষ্ট পরিবারগুলিকে রক্ষা করার জন্য প্রত্যেককে ২০০ শত টাকা করে দেওয়ার ব্যবস্থা করা। যারা ইতিমধ্যে অভাবের তাড়নায় তাদের রেশন কার্ডগুলি হাতছাড়া করেছেন, তাদের রেশন কার্ডগুলি ফিরিয়ে দেওয়ার ব্যবস্থা করা। অনাহারে যে সমস্ত মানুষ রোগাক্রান্ত হয়েছেন তাদের চিকিৎসার জন্য মেডিক্যাল টিম পাঠানোর ব্যবস্থা করা। খাদ্য-শষ্য সেখানে পাঠানোর ব্যবস্থা করা। গো-ডাউনগুলিতে খাদ্য-শষ্যের মজুত ভাণ্ডার গড়ে তুলতে হবে। যে সমস্ত মহাজনদের কাছ থেকে ঋণ নিয়েছে এবং অস্থাবর সমস্ত সম্পত্তি মহাজনদের কাছে হস্তান্তর করেছে সেগুলি থেকে সরকারী তরফে অনাহারক্লীষ্ট মানুষদের উদ্ধার করা হউক। এস, আর, ই, পি এবং আর, এল, ই, জি, পি মাধ্যমে কাজের ব্যবস্থা করা হউক। রেশন কার্ডগুলিকে দুর্নীতিমুক্ত করে সস্তায় যাতে জিনিস পাওয়া যায় তার ব্যবস্থা করা। এই সমস্ত কাজগুলি জরুরী ভিত্তিতে করার জন্য আমি সরকারের কাছে অনুরোধ রাখছি। না হলে তাদেরকে বাঁচানো খুব কঠিন হবে। এমনিতেই ২০০ এর উপর মারা গিয়েছে। ৩০০ এর উপর পরিবার দেশ ছেড়ে চলে গিয়েছে। কাজেই এই আবেদন আমি রাখছি সরকার পক্ষে যারা আছেন তাদের কাছে। এই বলেই আমি শেষ করছি।

মিঃ স্পীকার : মাননীয় সদস্য শ্রীদীনেশ দেববর্মা। সময়ের প্রতি লক্ষ্য রাখার জন্য অনুরোধ করছি।

শ্রীদীনেশ দেববর্মা (সালেমা) :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য কেশব মজুমদার আজ এখানে যে প্রাইভেট মেম্বার্স রেজিলিউশানটি এনেছেন, পানীয় জল দুর্ভিক্ষ ইত্যাদি বিষয়ে সেটাকে আমি পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য রাখছি। কারণ মুখে বলা যত সহজ বাস্তব অবস্থা উপলব্ধি করে এটার প্রতিকার করা খুবই কঠিন ব্যাপার। কারণ আমরা দেখেছি এই জোট সরকার ক্ষমতায় আসার পর থেকে যে ভাবে উপজাতি অঞ্চলে কাজ ও খাদ্যের ব্যবস্থা তুলে দেওয়া হয়েছে তাতে একটা মাত্র জুম, এটা মাননীয় রাজ্যপালের রিপোর্টের মাধ্যমে উল্লেখ করেছে যে প্রাকৃতিক দুর্যোগের জন্য জুমের ফসল নষ্ট হয়ে গিয়েছে। এটা হয়েছে গত বছর। আবার এটা ভয়াবহ আকার ধারণ করেছে। কাজেই, যেখানে স্বীকার করা হয়েছে এটা হয়েছে গত বছরে। কাজেই এইবার এটা আরো ভয়াবহ আকার ধারণ করেছে। এখানে ছামনু, কাঞ্চনপুর, গণ্ডাছড়া এবং সাতচাঁন্দ ব্লক বিভিন্ন অঞ্চলের যে সমস্ত কথা উল্লেখ করেছেন তার সঙ্গে আমাদের আরোও কয়েকটি যোগ করতে চাই। একটি হচ্ছে জগবন্ধু পাড়া, গণ্ডাছড়া তারপরে গঙ্গানগর যে সমস্ত জায়গাতে খাদ্যের ভয়াবহ অবস্থা। কাজেই এর জন্যই আমি প্রথম দাবী করছি যে, এই সমস্ত অঞ্চলে অতিসত্বর সেখানে ডাবল রেশনের ব্যবস্থা করা দরকার এবং বিনা পয়সায় তাদেরকে চাউল বিলির ব্যবস্থা করা দরকার। বামফ্রন্টের আমলে সেখানে আমরা বিশেষ করে এ, ডি, সি, এলাকার জনগণের জন্য বাকীতে রেশন দিয়েছি। এখন এইগুলি সমস্ত বন্ধ। কাজেই এই সমস্ত এলাকাকে ফেমিনকোড অনুসারে এটাকে দুর্ভিক্ষ এলাকা ঘোষনা করে সেখানে যাতে রিলিফের ব্যবস্থা করা হউক। কাজের ব্যবস্থা ব্যাপকভাবে দেওয়ার জন্য এখানে প্রস্তাব রাখা হয়েছে। দুই নাম্বার চিকিৎসা যেখানে শাসক দলের লোকেরাও গেছেন, আমরা গেছি। আগরতলার জি, বি, ও ভি, এম, হাসপাতালের মত জায়গাতে, সেখানে কি অবস্থা ? আমি পাহাড় অঞ্চলের অবস্থা বলব না। কিন্তু এখানে কি চলছে ? কাজেই ঔষধ পাওয়া যায় না, রোগী গেলে ডাক্তার লিখে দেন রোগীকে রক্ষা করার জন্য। কিন্তু ডাক্তার জানেন রোগীর গার্জিয়ান হিসাবে যিনি যান তার আর্থিক অবস্থা কি ? ডাক্তারের দরকার তার রোগীকে ভালো করার জন্য প্রেপক্রিপশন করা। কাজেই এই ক্ষেত্রে রোগীর আর্থিক সংহতি নেই, অনেকে ঔষুধ কিনে খাওয়াতে পারেন না। জি, বি, এবং ভি. এম, হাসপাতালে রোগীরা কোন ঔষুধ পায় না। ঔষুধগুলি কোথায় যাচ্ছে, এগুলির কোন প্রতিকার হবে না ? যাই হোক অতীতে যে ঘটনা ঘটে থাকুক না কেন, এখন এই সরকার এটার কোন প্রতিকার করবেন কিনা ? তারপরে পানীয় জলের মত এত প্রয়োজন, যার কারণে বিভিন্নভাবে রোগাগ্রস্ত হয়ে মানুষ চিকিৎসার জন্য দৌড়ঝাঁপ

করেন। বিশুদ্ধ পানীয় জলের কথা আমি বাদ দিলাম কিন্তু টিউবওয়েলের জল রিং-অয়েল বা অন্যান্য কোন জল পাওয়ার কোন ব্যবস্থা নেই। ঐ ঢেপের জল, কাঁচা কুয়োর জল খেয়ে মানুষ আন্ত্রিকে, কলেরায় মারা গিয়েছে। আমার সৌভাগ্য হয়েছিল যখন আগরতলায় মিঃ জেকব সাহেব এসে-ছিলেন তখন আমরা বামফ্রন্টের পক্ষ থেকে ডেপুটেশন দিয়েছিলাম। তিনি স্বীকার করেছেন যে, পানীয় জল সেখানে না থাকার ফলে, বিশেষ করে কলেরার কথা এখানে উল্লেখ করেছেন। তিনি নিজে বলেছেন এখানে পানীয় জলের কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি। এটা আমার কথা নয়, মিঃ জেকবের কথা। কাজেই এর জন্য আমি বলেছি যে, আজকে এই যে অবস্থা কি পাহাড়ে কি গ্রামে বিশেষ করে পাহাড় অঞ্চলে যে অবস্থা এটা তাড়াতাড়ি রাজনৈতিক ভেদাভেদ না রেখে উপজাতিদের রক্ষা করার জন্য ঐ জায়গাতে প্রচুর কাজ দিয়ে, খাদ্য দিয়ে রক্ষা করা দরকার। তিন নাম্বার হচ্ছে, আপনারা অফিসার পাঠিয়ে যারা যারা রেশন দোকানের মালিক (ডিলার) তাদেরকে বলবেন তাদের কাজ থেকে সমস্ত রেশন কার্ড সীজ করে, যারা রেশন কার্ডের মালিক তাদের কাছে যাতে রেশন কার্ডটা ফেরত দেওয়া হয়। ঐসমস্ত রেশন কার্ডগুলি বন্ধক দেওয়া হয়েছে তারা জীবনে রেশন কার্ড পাবেন না ফলে তাদের অনাহারে দিন কাটাতে হচ্ছে। আর যারা রেশন ডিলার করেন তারা দিনের পর দিন চাউল চোরা বাজারে পাঠিয়ে মুনাফা লুটছে। এটা কি কোন তৈরী করা কথা? আপনারা আশ্বাস দেন, সরকার যদি আশ্বাস দেন আমিও সঙ্গে থাকতে রাজী আছি, যেখানে পাহাড় অঞ্চলে যেখানে রেশনের ডিলাররা সেই কাঞ্চনপুর বলুন, ছামনু বলুন এবং গণ্ডাছড়া বলুন ও সাতচাঁন্দ বলুন একই অবস্থা।

মিঃ স্পীকার :— সংক্ষেপ করুন, সংক্ষেপ করুন।

শ্রীদীনেশ দেববর্মা :— কাজেই আমি অনুরোধ করব থ্রো দি অনারেবল স্পীকার যে এখানে অফিসার পাঠিয়ে ঐ রেশন কার্ডগুলি উদ্ধার করে যারা কোন কাজের মালিক তাদের হাতে ওনারাই সমজিয়ে দেবেন এবং তারা যাতে রীতিমত রেশন নিয়ে নিজের ছেলে সন্তানকে রক্ষা করতে পারে তারজন্য তাদের কাজ রিলিফ ইত্যাদি দিয়ে তাদেরকে রক্ষা করা হোক এই দাবীগুলি রেখে আমার বক্তব্য এখানেই শেষ করছি, ধন্যবাদ।

মিঃ স্পীকার : মাননীয় সদস্য শ্রীসুকুমার বর্মন।

শ্রীসুকুমার বর্মন :— স্যার, মাননীয় সদস্য শ্রীকেশব মজুমদার যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন প্রাইভেট মেম্বার রিজলিউশান যে, বর্তমানে ছামনু, কাঞ্চনপুর, গণ্ডাছড়া, সাতচাঁন্দ

ব্লক সহ বিভিন্ন রাজ্যের যে অঞ্চলকে বিশেষত উপজাতি অধ্যুষিত এলাকায় ব্যাপক অনাহার চিকিৎসাহীনতা ও পানীয় জলের অভাব আছে, এই অসহনীয় অবস্থার প্রতিবাদে অবিলম্বে অনাহারীক এলাকায় "ফেমিন কোর্ড" চালু করে দুর্ভিক্ষ অঞ্চল ঘোষণা করে ব্যাপকহারে রিলিফ কাজ ও খাদ্য পানিয় জল ও চিকিৎসা ব্যবস্থা করা হোক এবং সমস্ত রকমের দাদন ও খাদ্য ঋন মকুব করা হউক। এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তৃতা শুরু করছি। স্যার, এটা অতি বাস্তব আজকে রাজ্যে যে খাদ্য সংকট সৃষ্টি হয়েছে এখানে গতকালকেও আমরা দেখেছি মাননীয় মুখ্যমন্ত্রী সমীররঞ্জন বর্মন ওনার যে টি, ভি'তে ভাষন, ওনিও স্বীকার করেছেন যে ত্রিপুরা রাজ্যের মধ্যে খাদ্য সংকট চলছে, গ্রাম পাহাড়ী এলাকাগুলির মধ্যে মানুষ অনাহারে ধুকছে, এ কথাগুলি ওনি নিজেও স্বীকার করেছেন, কিন্তু সেই অবস্থার মধ্যে আজকে সারা রাজ্যের মধ্য এখানে উল্লেখ করা হয়েছে কাঞ্চনপুর, গণ্ডাছড়া ছামনু। এই সমস্ত এলাগুলির মধ্যে মানুষ আজকে অনাহারে মৃত্যুর কোলে ঢলে পড়ছে। বিনা চিকিৎসায় মানুষ সেখানে মরছে। বিশেষ করে সবাই তো আমরা পত্রপত্রিকা পড়ি, দৈনিক সংবাদ এ বিশেষ করে আমরা তার কার্টুনগুলি দেখছি। সেখানে চিত্রগুলি কি ভাবে তুলে ধরছে তা দেখেই আমরা ত্রিপুরার অবস্থা কি উপলব্ধি করতে পারি। আমরা পত্রিকায় দেখলাম, আগের যিনি ২ নম্বর মন্ত্রী বর্তমানেও যিনি ২ নম্বর মন্ত্রী আছেন নগেন্দ্র জমাতিয়া ওনি এক সময় পত্রিকাতে আবেদন করেছিলেন বেসরকারী সাহায্যের জন্য। যে গ্রাম পাহাড়ে এলাকাগুলির মধ্যে আজকে মানুষ অনাহারে মরছে, মানুষ সেখানে চিকিৎসার সুযোগ পাচ্ছেনা। এই অবস্থার মধ্যে মানুষ যাতে এগিয়ে আসে এবং অনাহারক্লিষ্ট মানুষগুলিকে যাতে বাঁচানো যায় তারজন্য তিনি আবেদন করেছেন এবং ওনাদের যে সভাপতি শ্যামাচরণ ত্রিপুরা ওনিও স্বীকার করেছেন যে পাহাড়ী ছামনু এলাকাগুলির মধ্যে আজকে সেখানে মানুষ খেতে পারছেনা, মানুষ পড়তে পারছে না, মানুষ সেখানে অনাহারে মরছে। অথচ নগেন্দ্রবাবু সেই সরকারের অংশীদার, আজকে আমরা অবাক হয়ে যাই মন্ত্রী সভায় যিনি আজকে ২ নম্বর মন্ত্রী আছেন, এই বেসরকারী ত্রানের জন্য যেখানে তিনি আবেদন করেছেন অথচ সরকারের কোষাগার থেকে ২ পয়সাও কি তাদের জন্য বরাদ্ধ করতে পারেন না? আজকে সাধারণ মানুষের কাছে আবেদন করতে হয়। তা হলে সরকারে বসে থাকার কি অর্থ আছে? আজকে মানুষ রাজ্যান্তরী হয়ে যাচ্ছে। যিনি প্রস্তাব উত্থাপন করেছেন তিনি উল্লেখ করেছেন যে তিনশর উপরে মানুষ রাজ্যান্তরী হয়ে গেছেন। দুইশর উপরে মানুষ সেখানে অনাহারে মরছে চিকিৎসা বলতে সেখানে কিছু নেই। স্যার গত অক্টোবর মাসে আমরা সিডিউলড কাষ্ট কমিটির পক্ষ থেকে গণ্ডাছড়া এলাকায় গিয়েছিলাম। সেখানে এস,সি. দের যে সমস্যা আছে সেই সমস্যাগুলি নিয়ে আলোচনা করার জন্য। আমাদের চেয়ারম্যান

বিধায়ক শ্রীসুনীল দাস এবং ট্রেজারী বেঞ্চে মাননীয় সদস্য শ্রীদীপক রায় উনারাও আমাদের সঙ্গে ছিলেন। আমরা এখন সেই গণ্ডাছড়া ডাকবাংলায় উপস্থিত হয়, তখন আমরা কি দেখেছি, দুই শতেও বেশী পিটিশান আমাদের হাতে তুলে দিয়েছেন। সেখানে অনাহার ক্লিষ্ট মানুষ কোন রকম সাহায্য পাচ্ছে না। এবং সুনীলবাবু তাদের আশ্বাস দিয়েছেন যে, এই পিটিশানগুলি আমরা আমাদের ডিপার্টম্যান্টে পাঠিয়ে দেব এবং কি ব্যবস্থা নেওয়া হয় সেগুলি আপনাদেরকে জানাব। আজকে কি ব্যবস্থা নেওয়া হয়েছে আমরা কিছুই জানি না। সেখানের লোকেরা খাদ্যাভাবে বাজারে এসে আশ্রয় নিচ্ছে। আমরা বুঝতে পারছি না, এই রাজ্যে সরকার আছে না কি আছে, এত অরাজকতা চলছে। পাহাড় অঞ্চলে চিকিৎসা বলতে কিছুই নেই। আমাদের শহরের হাসপাতালে পর্য্যন্ত চিকিৎসার কোন সুব্যবস্থা নেই। বিভিন্ন মহকুমার হাসপাতালে এবং জি, বি, ও ভি, এম-এর মত হাসপাতালেও তুলা কিনে দিতে হয়। যেখানে খেতে পাচ্ছে না সেখানে সমস্ত ঔষধ রোগীদেরকে কিনতে হচ্ছে। এই হচ্ছে আমাদের ত্রিপুরা রাজ্যের চিকিৎসার ব্যবস্থা। তাহলে সহজেই অনুমান করা যেতে পারে রাজ্যের মধ্যে কি চলছে। গ্রাম পাহাড়ে চিকিৎসার ব্যবস্থা একেবারে ভেঙ্গে পরেছে। পানীয় জলের কোন ব্যবস্থা নেই। সমস্ত রিং ওয়েল, ডিপ ওয়েল নষ্ট হয়ে গেছে। রিপিয়ারের কোন ব্যবস্থা নেই। সেখানের মানুষ পচাগোলা জল খেয়ে বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে। আমরা অনেক সময় ব্লকে গিয়ে বললেও আমাদেরকে বলে দেয় যে, এই সমস্ত ব্যাপারে কোন বাজেট নেই। কিন্তু এখানে রাজ্যপালের ভাষণে বলেছেন এই সবগুলির সুব্যবস্থা করার জন্য। সেইদিক থেকে আমি ব্যক্তিগত ভাবে এইটুকু বলতে চাই যে, মাননীয় সদস্য শ্রীকেশব মজুমদার যে প্রস্তাবটি এখানে উত্থাপন করেছেন তাকে পূর্ণ সমর্থন জানাইয়া অনুরোধ করব ট্রেজারী ব্যাঞ্চে সদস্যবৃন্দও যাহাতে সমর্থন করে, এই বলে আমি আমার বক্তব্য এখানেই শেষ করছি।

মিঃ স্পীকার :— মাননীয় মন্ত্রী শ্রীরবীন্দ্র দেববর্মা।

শ্রীরবীন্দ্র দেববর্মা (মন্ত্রী) :— মিঃ স্পীকার স্যার, মাননীয় সদস্য শ্রীকেশব মজুমদার প্রস্তাবটি এনেছেন দুর্ভিক্ষ এলাকা ঘোষণ করার বিরোধিতা করে আমি আমার বক্তব্য আরম্ভ করছি। এবার জুমের ফসল নষ্ট হয়ে গেছে, রাজ্যপালও তার ভাষণে উল্লেখ করেছেন। পাহাড়ে জুমিয়াদের ফসল নষ্ট হয়ে যাওয়ায় এবার তাদের ঘরে ফসল নেই। ৭০ শতাংশ জমির ধানই নষ্ট হয়ে গেছে। সেই কারণেই আমি ব্যক্তিগত ভাবে অনেক জায়গায় পরিদর্শন করেছি। তাদের ঘরে খাবার নাই। সরকার এই কথা মনে রেখে, আমরা যারা সরকারে আছি বা প্রতিনিধিত্ব করছি

বা জনসাধারণের প্রতিনিধি হয়ে এসেছি, তারা সবাই এই বিষয়ে চিন্তা ভাবনা করবেন। স্যার, আসলে এইবার জুমের ফসল প্রায় ৭০ ভাগই নষ্ট হয়ে গিয়েছে, ৩০ ভাগও টিকে আছে কিনা সন্দেহ। এই পরিস্থিতিকে সামনে রেখে সরকার এগিয়েছিল তাদেরকে সাহায্য করার জন্য। কিন্তু দুর্ভাগ্য যে সরকার সেখানে কোন সাহায্যেই দিতে পারে নি। কারণ সেখানে বিরোধী পক্ষের চক্রান্তে বাঁধা এসেছে যে, ঐ অনাহার এবং অর্ধাহার মানুষ গুলিকে সাহায্য করা যাবে না। সেখানে ছিয়াত্তরের মনান্তরের মতো করতে হবে। কাজেই এর মধ্যে রাজনীতির গন্ধ ছাড়া আর কিছুই নেই, এটা রইস্যাবাড়ী এলাকার কথা। সেখানে এস, আর, ই, পি'তে কাজ দেওয়ার কথা, সেখানে ধনঞ্জয়রায় ত্রিপুরাকে ২১-১-১২ ইং তারিখে এ. টি, টি, এফ হত্যা করেছে। কাজেই ত্রিপুরা রাজ্যের জনমনে এই নিয়ে একটা প্রশ্ন রয়েছে। আমরা তো বলেছি যে, আপনারা বন্দুক ছেড়ে দিয়ে কাজ করুন এবং আমরা আপনাদের কাজ দেব। স্যার, কিন্তু এভাবে যদি কাউকে কাজ করতে বাধা দেওয়া হয় বা বাধার সৃষ্টি করা হয়, তাহলে কি করে এর মোকাবিলা করা হবে? আজকে পানীয় জলের কথা বলছেন, একটা মার্ক-টু টিউব-ওয়েল করতে হলে, ২৫/৩০ হাজার টাকা খরচ হয়, আর সেখানে কম লেভেলে জল পাওয়া যাবে, সেখানেও যদি মার্ক-টু টিউওবলে করতে হয়, তাহলেও কম করে ১৪ হাজার টাকা খরচ হবে, এর নীচে কোন মতেই সম্ভব নয়। টেণ্ডার কল করে কনট্রাকটারকে সেই কাজ দেওয়া হলে, সে যখন সাইডে কাজ করতে যাবে, তখন তার কাছে ৪০ হাজার টাকার চাঁদা চাওয়া হবে, তাহলে সেখানে কনট্রাকটার কি ভাবে কাজ করবে? এভাবে প্রতিটি জায়গাতে এ, টি, টি, এফ, কাজ করতে গেলেই বাধা দেবে। আপনারা যখন সরকারে ছিলেন, তখন টি, এন, ভি উপজাতি এলাকায় কোন কাজ করতে দেয় নি বলে তাই আপনারা উপজাতি এলাকায় কাজ করতে পারেন নি বলে বলেছিলেন। সেই রকম এখন এ, টি, টি, এফ পাহাড়ী রাজ্যের বিভিন্ন এলাকায় কাজ করতে না দিয়ে একটা ক্রাইসিস সৃষ্টি করে চলেছে। যেমন আপনাদের পার্থী ত্রিপুরার এস, ডি; ওকে একটা লিষ্টি দিয়ে বলেছেন যে এই লিষ্টে যাদের নাম আছে, তারা তাদের রেশন কার্ড মহাজনদের কাছে বিক্রি করে দিতে বাধ্য হয়েছে, সেই লিষ্টের মধ্যে গণ্ডাছড়ার নিত্যরায় ত্রিপুরার নামও ছিল, এস, ডি, ও, যখন বিষয়টা ইনকোয়েরী করতে গেলেন, তখন নিতারায় নিজেই বললেন না আমি তো রেশন কার্ড বন্ধক দেই নি। অথচ এই ধরণের ভুয়া অভিযোগ আপনারা অনেক করে চলেছেন। কেন না এই লিষ্টটাও আপনাদের তৈরী। আর এসব করে আপনারা শুধু সমস্যার সৃষ্টি করে চলেছেন। তাই, আমি আপনাদের আহ্বান করছি যে আপনারা এসব ছেড়ে দিয়ে আমাদেরকে সহযোগীতা করুন। যেহেতু ত্রিপুরার জনসাধারণ আপনাদেরকেও নির্বাচিত প্রতিনিধি করে পাঠিয়েছেন। এছাড়া, একলা সরকারের পক্ষে এই অবস্থার মোকাবিলা

করা সম্ভব নয়। স্যার, আমি শেষ করছি, আর এক মিনিট। সারা ত্রিপুরায় ১১টি গাঁওসভার জন্য ৪ কোটি টাকা ডিস্ট্রিকট কাউন্সিলের কাছে দেওয়া হয়েছে। কিন্তু তারা খরচ করতে পারছে না। কারণ শুধু গণ্ডাছড়াতেই ২৫ জন টি, ইউ, জে, এস, কর্মী খুন হয়েছে। কাজ করতে পারছে না। এই ভাবে বিভিন্ন জায়গায় ওরা যুব সমিতির কর্মীদের খুন করছে। পত্রিকায় ওরা বিবৃতি দিয়েছে যে যুব সমিতি যদি সি, পি, আই (এম) এর সঙ্গে যোগ দেয় তাহলে এ, টি, টি, এফের এই সমস্ত খুন সন্ত্রাস বন্ধ হয়ে যাবে। এর অর্থ কি? ওরাই এ, টি, টি, এফের সৃষ্টি করেছে। আমরা অনুরোধ করব আপনারা এটা বন্ধ করুন ত্রিপুরার গরীব মানুষের স্বার্থে।

মিঃ স্পীকার :— মাননীয় মন্ত্রী শ্রীনগেন্দ্র জমাতিয়া।

শ্রীনগেন্দ্র জমাতিয়া (মন্ত্রী) :— মাননীয় স্পীকার স্যার, মাননীয় বিরোধী দলের সদস্য শ্রীকেশব মজুমদার যে প্রস্তাব এখানে এনেছেন তার সঙ্গে সব ব্যাপারে আমি এক মত হতে পারি না। এখানে আমি স্বীকার করছি যে গত বছর পোকার আক্রমণে জুম ফসলের প্রচণ্ড ক্ষতি হয়েছিল। প্রায় ৭০/৮০ ভাগ জুম ফসল নষ্ট হয়ে গেছে। এতে জুমিয়াদের জীবনে একটা প্রচণ্ড সংকট নেমে আসে। এটা আমরা সরকারীভাবে বলেছি। এখানে হার্ট কোর্ট জুমিয়া প্রায় ২২ হাজার পরিবার আছে। এর মধ্যে ৭০ ভাগ লোকেরই দুই তিন মাসের খোরাক হয়। আর বাদ বাকীদের ৯/১০ মাসের খোরাক হয়। এরজন্য শুধু সরকার দায়ী নয়। আরও অন্য পরিবেশ দায়ী। যদি কাজ এই সরকার না দিত, অর্থ বরাদ্দ না করতো, ডাবল রেশন না দিত, এবং সাবসিডি না দিত তাহলে অন্য কথা ছিল। মাননীয় মন্ত্রী মহোদয় ঠিকই বলেছেন যে, চার কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল এবং গোবিন্দ বাড়ী, দলপতী পাড়াতে এস, আর, ই, পি, ইত্যাদিতে কাজও দেওয়া হয়েছে। তাছাড়া, এস, আর, ই, পি, এর কাজ চালু করেছি। মাননীয় সদস্যরা স্বীকার করেছেন। আমরা তারপরেও বলেছি. কেহ যদি বে-সরকারীভাবে ত্রাণ সামগ্রী আমাদের দেন, তাহলে আমরা খুশী হব। ব্যক্তিগতভাবে অথবা সরকারী ভাবে সাহায্য চেয়েছি। অনেকে দিয়েছেন। অতএব সরকারকে এইখানে দোষী বলা যায় না। হয়ত, কিছু কিছু দোষ ত্রুটি থাকতে পারে এই যা মাত্র। তারপরে ব্যাপক আন্ত্রিক ছড়িয়েছে। কিছু কিছু লোক মারা গেছে। কিন্তু মাননীয় সদস্যরা সবাই, জানেন, রাজ্য সরকারের তরফ থেকে অনেক কাজ করা হয়েছে। আমি নিজে সরকারী বে-সরকারী ত্রাণ সামগ্রী, বিভিন্ন ঔষধ পত্র এমন কি এর বাইরে ব্লক এবং এ, ডি, সি, থেকে ব্যবস্থা করে ৩৭ মাইল, ছামনু, গোবিন্দবাড়ী, নাতিন মনু ইত্যাদি জায়গায় নিয়ে গেছি। আমি বিস্তৃত বলছি না। এইখানে মাননীয় সদস্য বলেছেন, নানা ক্রাইসিসের কথা।

আমি এখানে বলতে চাই, হয়ত এতটা ক্রাইসিস হত না, যদি না সেখানে রাজনীতির ষড়যন্ত্র বা রাজনৈতিক চক্র সেখানে রাজনৈতিক ফায়দা লুটার জন্য স্বক্রিয় না হত। গোবিন্দবাড়ী, ছামনু এলাকায় আমি নিজে গেছি। আমাকে তারা বলল, আমাদের জুম আছে কিন্তু কাটতে পারছি না। এ, টি, টি, এফ, জুম খেতে আসতে দিচ্ছে না। যারা গিয়েছিল তার মধ্যে ৩/৪ জন আর ফেরে নি। এই হচ্ছে সেখানকার অবস্থা। এ, টি, টি, এফ, কারা করছে বললে, জানায় সি, পি, এম,। এর পরে আমি প্রশাসনিক স্তরে নির্দেশ দিয়েছি, চামনু এলাকায় অস্ত্র সহ যাকেই পাওয়া যাবে তাকে সঙ্গে সঙ্গে এরেষ্ট করতে। এই হচ্ছে, পরিস্থিতি। এখন আমাদের দেখতে হবে যে, এই সমস্ত সমস্যা কি আজকের? এই জুম চাষে কিছুটা পদ্ধতিগত দোষ আছে। দোষ আছে পারিপার্শ্বিকগত। কোন সরকারী আমলেই এর আগে জুমিয়ারা কোন সুযোগ পায় নি। জুমিয়াদের জন্য কোন কর্মসূচী কোন সরকারই এর আগে কি কৃষি দপ্তরে, কি বন দপ্তরে কিংবা অন্যান্য কর্ম্ম সূচীতে নেওয়া হয় নি। এরা কর্মচ্যুত, সমাজচ্যুত, গৃহচ্যুত পত্রের ন্যায় পরিচিত ছিল। আমাদের সরকার আজকে তাদের দিকে দৃষ্টি দিয়েছে। আমরা এখনই জুম চাষ বন্ধ করে দিতে চাই না। যতদিন পর্য্যন্ত বিকল্প ব্যবস্থা করা না যাবে, ততদিন জুম থাকবে। জুম বন্ধ হবে না। জুমের উৎপাদন আজকে যে পদ্ধতিতে হচ্ছে তাতে এটা কোন ভাবেই কমার্শিয়াল হবে না। এই চাষ দ্বারা জীবন ধারণ পর্যাপ্তভাবে করা সম্ভব নয়। অতএব আমাদের দেখতে হবে, কি করে উৎপাদন বৃদ্ধি করা যায়। এর প্রয়োজনবোধে শ্রমশক্তি নিয়োগ করতে হবে। আমি যখন সেখানে শ্রমশক্তি নিয়োগ করছি তখন সেখানে কেন ফসল উৎপাদন হবে না? তাদেরকে খাওয়ার দেওয়ার দায়িত্ব আমাদের। আমরা এই বছর কেন্দ্রীয় সরকারের নিকট সাবমিট করেছি যে, পাহাড়ী অঞ্চলে যখন জুম চাষ হচ্ছে সেখানে উৎপাদন বৃদ্ধির জন্য কর্মসূচী নেওয়া হোক। প্রায় সাড়ে তিন কোটি টাকা এই প্ল্যানে তারা দেবেন বলেছেন। এই বছরে অর্থাৎ ১৯৯২-৯৩ ইং সালে ৩৫ লক্ষ টাকা তারা আমাদের দেবেন। মিঃ স্পীকার স্যার, আমি অতীতের কথা বলছি যদিও আপনারা ভুলে গিয়ে থাকবেন তখন ১৯৮২ ইং সাল। ছেছুয়া, অম্পি এলাকায় শুধু ম্যালেরিয়া এবং আন্ত্রিক রোগে শিশু মৃত্যুর সংখ্যা ১০০-এর মত। কোন মিনিষ্টার সেখানে তখন যান নি। আমি নিজে ডাক্তারের জন্য অনেক দরবার করেছি। তখন স্বাস্থ্য মন্ত্রী ছিলেন শ্রীখগেন দাস মহোদয়। ওনাকে আমি বারবার অনুরোধ করেছি। উনি বললেন ইনসিকিউরড-এর জন্য সেখানে কেউ যেতে চাইছে না। ওনাকে আমি বললাম, আমি আগে মরব, ভয় নেই, তবুও আপনি ডাক্তার পাঠান। যদি সিকিউরিটি দিয়ে পাঠান তাহলে ভাল হয়। উনি বললেন সিকিউরিটি দিতে পারবেন না। আমাকে বললেন, আপনি যদি দায়িত্ব

নেন তাহলে আমি পাঠাতে পারি। আমি উনাকে বললাম, আমি দায়িত্ব নিলাম তবুও আপনি ডাক্তার পাঠান। সেখানে ৭ দিন ক্যাম্প করার পর সিচুয়েশান কনট্রোলে আসে। এটা একমাত্র কনষ্টিটিউন্সী। এখানে যা হয়েছে, সংখ্যা আরও বাড়ানো হয়েছে এ, টি, টি, এফ, প্রবলেম তৈরী করে। এমন অবস্থা যে, পেটে ভাত নেই অথচ হাতে অস্ত্র। এ রকম একটা সিচুয়েশান তৈরী করা হয়েছে। রেশন কার্ড বিক্রীর খবর আমি পেয়েছি। আমি নিজে গিয়ে রইস্যাবাড়ীতে তদন্ত করেছি। ২/১টা ক্ষেত্রে হয়েছে। তবুও আমি এ, ডি, ও'কে বলেছি ২/১টা ক্ষেত্রেও ফেরৎ দিতে হবে, কোন মাপ নেই। যদি কারও রেশন কার্ড রেশন ডিলার বা মহাজনের হাতে বিক্রী করে দেওয়া হয় সেগুলি উদ্ধার করার দায়িত্ব সরকারের। আমরা উদ্ধার করব। কিন্তু এমন ঘটনা আমাদের নজরে আসে নি। যদি আপনাদের জানা থাকে তাহলে সংশ্লিষ্ট এস, ডি, ও'র নিকট পেশ করুন। (শ্রীসমর চৌধুরী, আমি ১১০ মতো রেশন কার্ড এস, ডি, ও'র কাছে জমা দিয়েছি।) মাননীয় মন্ত্রীমহোদয় এ ব্যাপারে আপনাকে উত্তর দিয়েছেন। অতএব এই ভাবে না গিয়ে প্রকৃত বাস্তব যেটা সেটা বলুন, এস, ডি, ও'র তরফ থেকে ব্যবস্থা নেওয়া হবে। এ ছাড়া আরেক ব্যাপারে আমি এখানে বলছি এ, টি, টি, এফ সম্পর্কে আগামী ২৬ তারিখে সর্ব দলীয় বৈঠক ডাকা হচ্ছে। সেখানেই এ সম্পর্কে আপনাদের মনোভাব আমরা দেখব। এবার সমস্ত এলাকাতে এস, আর, ই, পির কাজ স্পেশ্যাল ভাবে চালু করার জন্য আমরা গত মন্ত্র সভার বৈঠকে সিদ্ধান্ত নিয়েছিলাম। যাতে এ, টি, টি, এফকে প্রতিরোধ করা যায়, যাতে কর্মচারী, অফিসাররা সেখানে গিয়ে কাজ করতে পারেন তার জন্য সিকিউরিটি মেজার নেওয়া হচ্ছে। এর মধ্যে প্রায় ১০০ জন নিহত হয়েছেন এ, টি, টি, এফ এর হাতে। আপনারা পরিস্থিতি যে ভীতিজনক সেটা বলবেন না। আপনারা বলুন আমাদের চেয়ারম্যানদের মারবেন না, এস, আর, ই, পি অফিসারদের মারবেন না। যে ভাবেই হোক আমরা সমস্ত এমপ্লয়মেন্ট প্রগ্রাম ব্যাপক ভাবে চালু করব, রেশন ব্যবস্থা যাতে অটুট থাকে তার জন্য সমস্ত ব্যবস্থা নেওয়া হবে।

মিঃ স্পীকার :— আমি এখন মাননীয় সদস্য শ্রীকেশব মজুমদার মহাশয় কর্ত্তৃক উত্থাপিত রিজলিউশানটি ভোটে দিচ্ছি।

শ্রীসমর চৌধুরী :— স্যার, মাননীয় কেশব মজুমদারের রিপ্লাই রয়ে গেছে। উনার রাইট আছে রিপ্লাই দেবার।

শ্রীরসিকলাল রায় (মন্ত্রী) :— মাননীয় সদস্য তো দুইবার বক্তব্য রেখেছেন।

শ্রীবাদল চৌধুরী :— মিঃ স্পীকার স্যার, যিনি প্রস্তাব এনেছেন উনার যদি বলার থাকে তাহলে উনি বলতে পারেন।

মিঃ স্পীকার :— যাই হোক সময় শেষ হয়ে গেছে এখন আর নয়।

শ্রীসমর চৌধুরী :— স্যার, আরো সময় আছে এখন মাত্র সাড়ে ৪টা বেজেছে।

মিঃ স্পীকার :— তাহলে মাননীয় সদস্য এই ব্যাপারে সংক্ষিপ্ত ভাষণ দেবেন।

শ্রীকেশব মজুমদার :— আমি যে প্রস্তাব এখানে উত্থাপন করেছি এই প্রস্তাবের উপর এখানে মাননীয় দুজন মন্ত্রী (কোন দপ্তরের বলতে পারব না) বক্তব্য রেখেছেন, সে সম্পর্কে আমি দ্বি-মত পোষণ করতে পারি না। কিন্তু বিভিন্ন এলাকায় যেভাবে ওরা এই সমস্যা বিভিন্ন খাতে বইয়ে দিতে চাইছেন এটা খুব অবাক লাগে। আমি একটু পরিষ্কার ভাবে বলতে পারি এই এ, টি, টি, এফ, কমিনিষ্ট, কংগ্রেস, উপজাতি যুব সমিতি যে দলেরই হোক সেটা মোকাবিলা করার দায়িত্ব হচ্ছে সরকারের। এর জন্য আমাদের গরীব মানুষ খেতে পারবে না এটা হতে দেওয়া ঠিক নয়। মাননীয় মন্ত্রীরা এই সমস্যার কথা স্বীকার করছেন। সুতরাং এই সমস্যাকে আমি সমর্থন করতে পারছি না। এই যে গরীব মানুষের খাবার কেড়ে নেওয়া হচ্ছে এটার দায়িত্ব কার ? গরীব মানুষের হাতে খাবার পৌছে দিতে পারবেন না এটা যুক্তি যুক্তিসঙ্গত নয়। সুতরাং যার জন্য আমি এই কথা বলব যে সমস্যা এখানে সৃষ্টি হয়েছে সেই সমস্যাকে সমাধান করার জন্য অন্য কোন রাস্তা নেই। এই রাস্তাতেই যেতে হবে। যদি উগ্রপন্থা থেকে থাকে তাকে দমন করতে হবে। সে সি, পি, এমেরই হোক, কংগ্রেসেই হোক, আর টি, ইউ, জে, এসেরই হোক। তার জন্য আমার গরীব মানুষ মরতে পারবে না। গরীব মানুষকে রক্ষা করতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। যেটা সত্যি আমি আবেদন রাখব এই সমস্যা যেহেতু মন্ত্রীরাও স্বীকার করেছেন তাদের খাবার পৌছে দিতে হবে এটা যেমন ঠিক, তার জন্য সমস্ত অংশের গণতান্ত্রিক চেতনাসম্পন্ন মানুষকে এই সমস্যাকে মোকাবিলা করার জন্য এই হাউসে এই যা প্রস্তাবগুলি রাখলাম এইগুলিকে সমর্থন করে অন্ততঃ মানুষের কাছে মানুকে রক্ষা করার জন্য ব্যবস্থা গ্রহণ করুণ এই আবেদন আমি ট্রেজারী বেন্‌চের কাছে রাখছি।

মিঃ স্পীকার :— এখন আমি মাননীয় সদস্য শ্রীকেশব মজুমদার মহোদয় কর্তৃক উত্থাপিত রিজলিউশানটি ভোটে দিচ্ছি। রিজলিউশানটি হলো :— "বর্তমানে ছামনু, কাঞ্চনপুর, গণ্ডাছড়া,

সান্তচাঁন্দ ব্লক সহ রাজ্যের বিভিন্ন অঞ্চলে বিশেষত উপজাতি অধ্যুষিত এলাকায় ব্যাপক অনাহার চিকিৎসাহীনতা ও পানীয় জলের অভাব চলছে। এই অসহনীয় অবস্থার প্রতিকারে অবিলম্বে অনাহারক্লিষ্ট এলাকায় 'ফেমিন কোর্ড' চালু করে 'দুর্ভিক্ষ অঞ্চল ঘোষণা করে' ব্যাপক হারে রিলিফ কাজ ও খাদ্য পানীয় জল ও চিকিৎসার ব্যবস্থা করা হোক এবং সমস্ত রকমে দাদন ও মহাজনী ঋণ মকুব করা হোক।"

(ভোটে দেওয়ার পর)

মিঃ স্পীকার : - হলো।

মিঃ স্পীকার :— এই সভা আগামী ২৪শে ফেব্রুয়ারী সোমবার ১৯৯২ইং বেলা ১১ ঘটিকা পর্য্যন্ত মুলতুবী রইল।

ANNEXURE "A"

Admitted Starred Question No.—3.

Name of the member :—Shri Ratan Lal Ghosh.

Will the Hon'ble Minister-in-charge of the Social Education Department be pleased to State.

Minister-in-charge, Social Education Department,

Question :	Answer :
১। বর্ত্তমানে Social Education Department-এ সর্বমোট কতজন কর্মচারী আছেন এবং।	১। সর্বমোট ৩৫৯৭ জন কর্মচারী আছেন।
২। ঐ সমস্ত কর্মচারীদের মধ্যে কতজন Fixed pay, কতজন Contingent কতজন মাষ্টার রোলে চাকুরী করেন, এবং।	২। ২০০ জন Fixed pay এবং ৫৬ জন Contingent কর্মচারী আছেন। মাষ্টার রোলের অন্তর্গত কোন কর্মী এই দপ্তরে নেই।
৩। বর্ত্তমান আর্থিক বছরে ঐ সমস্ত কর্মচারীদের Regular করার কোন সিদ্ধান্ত রাজ্য সরকারের আছে কিনা ?	৩। হ্যাঁ।

Admitted starred question No. 10.
Name of M. L. A.—Shri Subodh Das.

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :—

১। চলতি আর্থিক বছরে ধর্ম্মনগর বিভাগের রৌয়া হাই স্কুলের জন্য পাকা দালান বাড়ী নির্মাণ করার কোন পরিকল্পনা আছে কিনা ;

২। বর্তমানে ঐ হাই স্কুলে পাঠরত মোট ছাত্রছাত্রীর সংখ্যা কত (শ্রেণী ভিত্তিক হিসাব) ; এবং

৩। উক্ত হাই স্কুলে মোট কতজন শিক্ষক নিযুক্ত আছেন ?

Answer

Minister-in-charge ;— Sri Rabindra Debbarma.

১। না।

২। বর্তমানে ঐ হাই স্কুলে মোট ৪১২ জন ছাত্রছাত্রী আছে। প্রথম শ্রেণীতে ৮৪ জন, দ্বিতীয় শ্রেণীতে ৫৮ জন, তৃতীয় শ্রেণীতে ৭০ জন, চতুর্থ শ্রেণীতে ৩৪ জন, পঞ্চম শ্রেণীতে ২৪ জন, ষষ্ঠ শ্রেণীতে ৪২ জন, সপ্তম শ্রেণীতে ৩৪ জন, অষ্টম শ্রেণীতে ২৩ জন, নবম শ্রেণীতে ২৫ জন এবং দশম শ্রেণীতে ১৮ জন।

৩। ঐ হাই স্কুলে প্রাথমিক স্তরে ৬ জন এবং মাধ্যমিক হাইস্তরে ১১ জন শিক্ষক আছেন।

Subject :—Admitted Starred Question No.—11.
Name of M. L. A. :— Sri Subodh Das.

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to State :—

১। ধর্মনগর সরকারী মহাবিদ্যালয়ের কোন শ্রেণীতে (বর্ষ ভিত্তিক) কতজন ছাত্রছাত্রী পড়াশুনা করছেন,

২। তার মধ্যে বাণিজ্য ও কলা বিভাগে কত জন, এবং

৩। চলতি আর্থিক বছরে ধর্মনগর সরকারী মহাবিদ্যালয়ে বিজ্ঞান বিভাগ চালু করার সম্ভাবনা আছে কি ?

Answer

Minister-in-charge :— Shri Rabindra Debbarma

১। বি, এ প্রথম বর্ষ কলা বিভাগ ছাত্রছাত্রী-২৪০ (দুইশত চল্লিশ) জন।
বি, এ ২-য় বর্ষ কলা বিভাগ ১৬৮ (একশত আটষট্টি) জন।
বি, এ ৩-য় বর্ষ কলা বিভাগ ৩৭ (সাঁইত্রিশ) জন।
বি, কম ১ম বর্ষ ৩৫ (পঁয়ত্রিশ) জন।
বি, কম ২য় বর্ষ ৩৫ (পঁয়ত্রিশ) জন।

২। বাণিজ্য বিভাগে মোট ৭০ (সত্তর) জন। কলা বিভাগে ৪৪৫ (চারশত পঁয়তাল্লিশ) জন।

৩। চলতি আর্থিক বছরে বিজ্ঞান বিভাগ খোলার সম্ভাবনা নাই।

Admitted Starred Question No. 20.

Name of M. L. A.—Makhan Lal Chakraborty.

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :—

১। বর্তমানে রাজ্যে কতটি মাধ্যমিক ও দ্বাদশ শ্রেণীর পরীক্ষা কেন্দ্র আছে।

২। ১৯৯১ শিক্ষাবৎসরে পরীক্ষার্থীর সংখ্যা কত এবং পাশের হার কত (মাধ্যমিক ও দ্বাদশ শ্রেণীর পৃথক পৃথক হিসাব)

৩। খোয়াই বিভাগের কল্যাণপুরে দ্বাদশ শ্রেণীর পরীক্ষাকেন্দ্র খোলার ব্যবস্থা গ্রহণ করা হবে কিনা;

Answer

Minister-tn-charge :— Sri Rabindra Debbarma.

১। ১৯৯১ সালে ৫৮টি মাধ্যমিক এবং ২৩টি দ্বাদশ শ্রেণী পরীক্ষা কেন্দ্র ছিল।

২। ১৯৯০-১৯৯১ শিক্ষাবর্ষে মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা ছল ৩৫৩৪১ জন, এবং গড় পাশের হার শতকরা ২৬'৪০, উচ্চমাধ্যমিক (+2) পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১১০২২ এবং গড় পাশের হার শতকরা ৩৮'২৫।

৩। না (এইরূপ পরিকল্পনা আপতত নাই)

Admitted Starred Question No. 26.

Name of M. L. A. :— Shri Subodh Ch. Das.

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :—

১। পানিসাগর দ্বাদশমান বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্য্যন্ত কতজন ছাত্রছাত্রী পড়াশুনা করছেন এবং

২। এই গুরুত্বপূর্ণ ব্লক হেড কোয়ার্টারে অবস্থিত দ্বাদশমান বিদ্যালয়ের দ্বাদশ শ্রেণী পর্য্যন্ত বিজ্ঞাণ বিভাগ চালু করার কোন পরিকল্পনা আছে কিনা।

Answer

Minister-in-charge :— Sri Rabindra Debbarma.

১। মোট ৬১৬ (ছয়শত ষো'ল) জন

২। আপাত্তত নাই

Admitted Starred Question No. 62

Name of Member ;— Shri Amal Mallik.

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :—

১। ইহা কি সত্য B. K. I.-এর SC/ST ছাত্রাবাসটি ৫০ বৎসর ধরে একই নমুনায় আছে ;

২। সত্য হইলে ঐ ছাত্রাবাসটির জন্য পাক্কা বাড়ী নির্মান করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

Answer

Minister-in-charge : Shri Rabindra Debbarma.

১। দীর্ঘ্যদিনের পুরাতন B. K. I. এর SC/ST ছাত্রাবাসটি বিভিন্ন সময়ে প্রয়োজন অনুযায়ী মেরামত করা হইতেছে।

২। ছাত্রাবাসটির জন্য পাকাবাড়ী নির্মানের বিষয় বিবেচনাধীন আছে।

Admitted Starred Question No. 65

Name of M. L. A. :—Shri Amal Mallik.

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :

Question

১। ইহা কি সত্য যে Overage এবং জবফর্মে যারা চাকুরী পেয়েছেন তাদিগকে সহসায় নিয়মিত করা হবে ?

২। যদি সত্য হয়ে থাকে তাহলে কবে থেকে নিয়মিত করা হবে ?

Answer

Minister-in-charge – Shri Rabindra Debbarma.

১। নিয়মিত করার বিষয়টি সক্রিয় বিবেচনাধীন আছে।

২। আগামী আর্থিক বৎসরে অর্থসংস্থান সাপেক্ষে বিষয়টি বিবেচনা করা হবে বলে আশা করা যায়।

Starred Question No. 127

Admitted Starred Questions No. 79

Name of M. L. A. :—Shri Samar Choudhury.

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to State ;

(প্রশ্ন)

১। ছাত্র ছাত্রীদের শিক্ষা স্টাইপেণ্ডের হার বৃদ্ধি করার জন্য সরকার কোন বিবেচনা করেছেন কি,

২। বর্ত্তমান মূল্য বৃদ্ধিজনিত পরিস্থিতিতে এবং টাকার অবমূল্যায়নের ফলে গরীব ছাত্র ছাত্রীদের শিক্ষার সুযোগ দানে কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন।

Answer

Minister-in-charge ;—Sri Rabindra Debbarma.

(উত্তর)

১। বিষয়টি বিবেচনাধীন আছে।

২। গরীব ছাত্র ছাত্রীদের শিক্ষার সুযোগদানে সরকার বিভিন্ন প্রকার স্টাইপেণ্ড দেবার ব্যবস্থা রেখেছেন। স্টাইপেণ্ডের হার বৃদ্ধি করিয়া এই পরিস্থিতিতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা যায় কিনা সরকার পরীক্ষা করিয়া দেখিতেছেন।

ইহা ছাড়া তফশীলি জাতি ও উপজাতি ছাত্র ছাত্রীদের জন্য মোট ৮৫টি বোডিং হাউস বর্তমানে চালু আছে এবং ৩২টি নুতন ছাত্রবাস চালু করার পরিকল্পনা সরকারের রয়েছে।

Admitted Starred Question No. 88

Name of M, L. A. :—Sri Badal Choudhury.

Will be the Hon'ble Minister-in-charge of the Education Departmenr be pleased to State.

১। রাজ্যের প্রাথমিক বিদ্যালয়গুলিতে কোন কোন শ্রেণীর জন্য সরকারী নির্দ্ধারিত মূল্যে পাঠ্য বই সরবরাহ করা হয়।

২। ১৯৯১-৯২ শিক্ষাবর্ষে পঞ্চম শ্রেণী পর্য্যন্ত সরকার নির্দ্ধারিত মূল্যের বইগুলি সমস্ত বিদ্যালয়ে সরবরাহ করা সম্ভব হয়েছে কি ?

৩। ১৯৯১-৯২ আর্থিক বছরে সরকার নির্দ্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে বই বিক্রী করেছে এখন কতটি প্রকাশনের বিরুদ্ধে সরকার ব্যবস্থা গ্রহণ করেছেন ?

Answer

Minister-in-charge :—

১। প্রথম হইতে পঞ্চম শ্রেণী পর্য্যন্ত।

২। হ্যাঁ

৩। ৫টি

প্রাসঙ্গিক তথ্য

১। সরকার নির্দ্ধারিত মূল্যে প্রাথমিকস্তরে।

ক) প্রথম শ্রেণীর অংক ও বাংলা মোট ২ (দুই) টি বই।

খ) দ্বিতীয় শ্রেণীর অংক ও বাংলা মোট ২ (দুই) টি বই।

গ) তৃতীয় শ্রেণীর অংক, বাংলা, বিজ্ঞান, সমাজবিদ্যা ও ইংরেজী মোট ৫ (পাঁচ) টি বই।

ঘ) ৪র্থ শ্রেণীর অংক, বাংলা, বিজ্ঞান, সমাজবিদ্যা ও ইংরেজী মোট ৫ (পাঁচ) টি বই।

ঙ) ৫ম শ্রেণীর অংক, বাংলা, বিজ্ঞান, সমাজবিদ্যা ও ইংরেজী মোট ৫ (পাঁচ) টি বই।

এ ছাড়া প্রথম শ্রেণী হইতে পঞ্চম শ্রেণী পর্য্যন্ত মোট ১৮ টি কক-বরক ও প্রথম এবং দ্বিতীয় শ্রেণী পর্য্যন্ত মোট ৪টি লুসাই বই বিনা মূল্যে সরকার কর্তৃক সরবরাহ করা হয়।

২। ১৯৯১-৯২ শিক্ষা বর্ষে মোট ৩৯ টি জাতীয় কৃত পাঠ্য বই এর মধ্যে ২৭ টি বই বিদ্যালয় পরিদর্শক এবং বিদ্যালয় কর্তৃপক্ষের মাধ্যমে সরাসরি বিদ্যালয়ে পৌঁছাইয়া দেওয়া হইয়াছিল। বাকি ১২ টি বই টেণ্ডারের মাধ্যমে ছাপাইয়া বই এর দোকানের মাধ্যমে বিক্রির ব্যবস্থা করা হইয়া ছিল। ১৯৯০-৯২ শিক্ষাবর্ষে প্রকাশক ইম্প্রিন্ট, আগরতলাকে সরকার নির্দ্ধারিত মূল্যে ৪ টি বই ছাপা এবং বিক্রির জন্য অনুমোদন দেওয়া হইয়া ছিল। কিন্তু ইম্প্রিন্ট, আগরতলা সরকার নির্দ্ধারিত মূল্যের অধিক মূল্যে বই বিক্রি করে এবং সরকারের প্রাপ্য রয়েলটি না দেওয়ায় বর্তমান আর্থিক বছরে (১৯৯১-৯২) উক্ত সংস্থার বিরুদ্ধে শিক্ষা বিভাগ হইতে Sub-Judge কোর্টে মামলা দায়ের করা হয় এবং ২৪-২-১৯৯২ ইং শুনানীর দিন ধার্য্য হইয়াছে। উপরন্তু চারটি সংস্থার বিরুদ্ধে পুলিশী ব্যবস্থা নেওয়া হইয়াছে যথা : (ক) Jhana Bask Agency, খ) Sriram Prakashani গ) আগরতলা এবং কলিকাতার কি প্রকাশকছু সংস্থা এবং ঘ) বানী বিতান।

Admitted Starred Question No. 92
Name of M. L. A. .— Badal Choudhury.

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to State :—

১। রাজ্যের কোন কোন কলেজে Pure Science Subject চালু আছে।

২। আরও কোন কোন কলেজে Pure Science বিভাগ খোলার পরিকল্পনা আছে।

Answer

Minister-in-charge ;— Sri Rabindra Deb Barma

১। (১) এম, বি, বি, কলেজ, আগরতলা।

(২) রামকৃষ্ণ মহাবিদ্যালয়, কৈলাশহর।

(৩) রামঠাকুর কলেজ আগরতলা।

(৪) গভর্ণমেণ্ট ডিগ্রি কলেজ, খোয়াই।

২। বর্তমানে নেই।

Admitted Starred Question No. 93

Name of M. L. A. :— Sri Brajamohan Jamatia.

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :—

১। দক্ষিণ ত্রিপুরার নবোদয় স্কুলটি কবে নাগাদ এবং কোথায় চালু করা হচ্ছে,

২। ইহা কি সত্যি তাক্‌মাছড়াতে (বীরচন্দ্র মনু) এই বিদ্যালয় চালু করার জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহ করা হয়েছে,

৩। যদি সত্যি হয়ে থাকে তাহলে সেখানে চালু না করে অন্যত্র সরিয়ে নেবার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

Answer :

Minister-in-charge :— Sri Rabindra Deb Barma.

১। দক্ষিণ ত্রিপুরা জেলার নবোদয় বিদ্যালয় গত ২৮/১/১৯৯২ ইং তারিখ হতে উদয়পুরের মহারাণীতে অস্থায়ীভাবে চালু করা হইয়াছে।

২। সত্য নহে।

৩। প্রশ্নই উঠে না।

Admitted Starred Question No. 99

Name of M. L. A. :— Sri Dinesh Deb Barma.

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :—

১। রাজ্যের উপজাতি স্ব-শাসিত জেলা পরিষদ এলাকায় মোট প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত,

২। ঐ সকল বিদ্যালয়ের জন্য কতটিতে স্কুল ঘর আছে এবং কতটিতে স্কুল ঘর ভেঙ্গে পড়ে আছে।

৩। ঐ সব বিদ্যালয়ের মধ্যে কতটিতে আসবাব পত্র আছে, কতটিতে নেই এবং কতটিতে আসবাব পত্রের অভাব আছে ?

Answer ;

Minister-in-charge :— Sri Rabindra Deb Barma.

১। তথ্য সংগৃহিত হচ্ছে।
২। তথ্য সংগৃহিত হচ্ছে।
৩। তথ্য সংগৃহিত হচ্ছে।

Admitted starred question No.—100

Name of Member :— Shri Dinesh Deb Barma.

Will the Hon'ble Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to state.

প্রশ্ন	উত্তর
১। ইহা কি সত্য যে ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ ত্রিপুরা ভূমি রাজস্ব ও ভূমি সংস্কার আইন সংশোধন করে জেলা পরিষদ এলাকায় ভূমি বন্টনের ক্ষমতা জেলা পরিষদের হাতে অর্পন করার জন্য সর্ব	১। হ্যাঁ, প্রস্তাব করেছেন।

প্রশ্ন	উত্তর
সম্মত প্রস্তাব গ্রহণ করেছেন এবং ঐ প্রস্তাব মত ত্রিপুরা ভূমি রাজস্ব ও ভূমি সংস্কার আইন সংশোধন করার জন্য রাজ্য সরকারকে অনুরোধ করেছেন ? এবং	
২। যদি সত্য হয় তবে এই ব্যাপারে রাজ্য সরকার কি পদক্ষেপ গ্রহণ করেছেন ?	২। উক্ত আইন সংশোধনের জন্য রাজ্য সরকার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছেন।

Admitted starred question No.—102
Name of Member :—Shri Nakul Das.

Will the Hon'ble Minister-in-charge of the Schedule Caste Welfare be pleased to state ;—

প্রশ্ন	উত্তর
১। রাজ্যে যে সকল গ্রামে ৫০ এর বেশী তফশীল জাতির লোক বসবাস করে সেই সকল গ্রামগুলিকে তফশীল জাতি ঘনবসতি গ্রাম বা Seheduled Caste Compact Village রূপে চিহ্নিত করে ব্যাপক কর্ম্মসূচী বাস্তবায়নের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা,	১। রাজ্যে যে সকল গ্রামে মাত্র ৫০ জন তফশীল জাতির লোক বসবাস করে সেই সকল গ্রামগুলিকে তফশীলি জাতি ঘনবসতি গ্রাম বা Scheduled Caste Compact Village রূপে চিহ্নিত করা সম্ভব নহে। রাজ্য সরকার তফশীলি জাতি ও তফশীলি উপজাতি কল্যাণ বিভাগের ২০/৪/৮৩ ইং সালের মেমোর মাধ্যমে ১৮৫ টি রাজস্ব মৌজাকে স্পেশ্যাল কম্পোনেণ্ট এলাকা হিসাবে চিহ্নিত করেছেন। এই রাজস্ব মৌজাগুলির তফশীলি জনসংখ্যার শতকরা হার ২০ বা তার উর্দ্ধে।
২। থাকলে কবে পর্য্যন্ত তা কার্যাকর হবে বলে আশা করা যায় ; এবং	২। ১নং প্রশ্নের উত্তরের পরিপেক্ষিতে প্রশ্ন উঠে না।

প্রশ্ন	উত্তর
৩। না থাকিলে তাহার কারণ কি ?	৩। কারণ, যে সকল গ্রামে মাত্র ৫০ এর বেশী তফশীল জাতির লোক বসবাস করেন ঐ সকল গ্রামগুলিকে তফশীলি জাতি ঘনবসতি গ্রাম হিসাবে চিহ্নিত করিলে এই প্রকার গ্রামের সংখ্যা অত্যধিক হইয়া যাইবে এবং তফশীলি জাতির লোকেদের উন্নয়নের লক্ষ্যে সুষ্ঠ প্রকল্প রূপায়ণ, বাস্তবায়ণ ও তদারকি সম্ভব হইবে না।

Admitted starred question No.—104

Name of Member :—Shri Khagendra Jamatia.

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :—

১। ইহা কি সত্য গণ্ডাছড়া মহকুমায় গঙ্গানগর এস, বি, স্কুলে উপজাতি ছাত্রদের জন্য আবাসিক ছাত্রাবাস নির্মানের পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে ?

২। যদি সত্য হয় তাহলে উক্ত আবাসিক আসনের সংখ্যা কত ?

Answer :

Minister-in-charge : Shri Rabindra Debbarma

১। হ্যাঁ।

২। আসন সংখ্যা ১০০।

Admitted starred question No.—123

Name of M. L. A. :—Sri Nakul Das
Sri Tarani Deb Barma.

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :—

১। ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদের অন্তর্গত এলাকায় মোট প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত।

২। ঐ সমস্ত বিদ্যালয়ে কতটিতে ১ (এক) জন করে এবং কতটিতে একাধিক শিক্ষক নিযুক্ত আছেন,

৩। এর মধ্যে কতটি বিদ্যালয়ে শিক্ষকের অভাব আছে, এবং

৪। বর্তমানে শিক্ষকের অভাবে কতটি বিদ্যালয় একেবারে বন্ধ হয়ে আছে ?

Answer

Minister-in-charge :— Sri Rabindra Debbarma.

১। তথ্য সংগৃহীত হচ্ছে।

২। তথ্য সংগৃহীত হচ্ছে।

৩। তথ্য সংগৃহীত হচ্ছে।

৪। তথ্য সংগৃহীত হচ্ছে।

Admitted starred question No.--133

Name of Member :—Shri Buddha Debbarma.

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :—

১। জম্পুইজলা টাকারজলা সাব ব্লকের অধীনে মোহনপুর গাঁওসভার অন্তর্গত পেকুয়ারজলা হাই স্কুলের উপজাতি ছাত্রদের জন্য ছাত্রাবাস স্থাপনের কোন রকম পরিকল্পনা সরকারের আছে কি ?

১। যদি থাকে তবে কবে নাগাদ তাহা বাস্তবায়িত করা হবে বলে আশা করা যায় এবং

৩। যদি না থাকে তবে তাহার কারণ ?

Answer :

Minister-in-charge :— Shri Rabindra Debbarma..

১। বর্তমানে নাই।

২। প্রশ্ন উঠে না।

৩। অর্থ-নৈতিক প্রতিকূল অবস্থার জন্য এই স্কুলের জন্য ছাত্রাবাস স্থাপনের কোন পরিকল্পনা নেওয়া সম্ভব হয় নাই।

Admitted starred question No —134

Name of M. L. A.; Shri Buddha Deb Barma.

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :—

১। সদর মহকুমার লক্ষ্মীছড়া রামকৃষ্ণ উচ্চ বিদ্যালয়কে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে উন্নতি করার কোন রকম পরিকল্পনা আছে কি.

২। যদি থাকে তবে কবে নাগাদ হইতে পারে.

৩। আর যদি না হয় তবে তাহার কারণ কি ?

Answer

Minister-in-charge : Sri Rabindra Debbarma.

১। আপাতত নাই ;

২। প্রশ্ন উঠে না ;

৩। অনতিদূরে আমতলী দ্বাদশ শ্রেণী বিদ্যালয় অবস্থিত থাকার কারণে ।

Admitted starred question No.—150

Name of M. L. A : Shri Samar Choudhury.

Education (Sports & Youth Programme) Department be pleased to state :—

Question

১। আগরতলা বাধার ঘাটে দ্বিতীয়বার স্টেডিয়ামের শিলান্যাসের করার কারণ কি ?

২। কেন্দ্রীয় সরকার থেকে স্টেডিয়াম তৈরীর জন্য মূল প্রকল্প কি কি ব্যবস্থা এবং কত টাকা মঞ্জুর করা হয়েছিল ।

৩। বর্তমানে মূল প্রকল্প থেকে কি কি পরিবর্তন সাধন করা হয়েছে এবং বরাদ্দ কত বেড়েছে ?

Answer

১। আগরতলা বাধারঘাটে দ্বিতীয়বার স্টেডিয়ামের শিলান্যাস হয়নি।

২। ১৯৮৫ ইং সনে বাধার ঘাটে স্টেডিয়াম নির্মানের জন্য ৬৩ লক্ষ ৭৩ হাজার টাকার এষ্টিমেটে গ্রাণ্ড স্টেণ্ড এবং গ্যালারি নির্মানের ব্যবস্থা ছিল। কেন্দ্রীয় সরকার ঐ প্রকল্পের জন্য ১২ লক্ষ ৫০ হাজার টাকার অনুমোদন ক্রমে ৭ লক্ষ ৫০ হাজার টাকার মঞ্জুরী প্রদান করিয়াছেন।

৩। বর্তমানে বাধারঘাটে একটি State Capital Sports Complex গড়ে তোলার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে যার মধ্যে একটি স্টেডিয়াম, একটি সুইমিং পুল ও একটি ইনডোর স্টেডিয়াম অন্তর্ভুক্ত হইবে। স্টেডিয়ামের জন্য ৭ কোটি ৪৩ লক্ষ টাকার এস্টিমেটস ইতিমধ্যে তৈরী হইয়াছে। সুইমিং পুল ও ইনডোর স্টেডিয়ামের এস্টিমেটস তৈরীর কাজ ও চলিতেছে। এই Sports Complex এর জন্য কেন্দ্রীয় সরকার হইতে ৪ কোটি টাকার অনুদান আশা করা যায়।

ANNEXURE—"B"

Admitted un-starred question No. 1

Name of M. L. A. : Sri Subodh Das

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :—

১। ধর্মনগরের পূর্ব পদ্মবিল জে, বি, স্কুল, মধ্য বিলথৈ জে, বি, স্কুল ও দক্ষিণ পানিসাগর জে, বি, স্কুলকে চলতি আর্থিক বছরে এস, বি, স্কুলে উন্নিত করার কোন পরিকল্পনা আছে কিনা

এবং

২। ঐ বিদ্যালয়গুলিতে পাঠরত ছাত্রছাত্রী কোন শ্রেণীতে কতজন রয়েছেন ?
(বিদ্যালয় ভিত্তিক হিসাব)

Answer

Education Minister : Sri Rabindra Debbarma

১। না।

২। বিদ্যালয়গুলির শ্রেণী ভিত্তিক পড়ুয়া সংখ্যা নিম্নরূপ :—

	১ম শ্রেণী	২য় শ্রে:	৩য় শ্রে:	৪র্থ শ্রে:	৫ম শ্রে:	মোট
ক) পর্ব পদ্মবিল জে, বি,	৯২	৮৬	৭৯	৫৭	৪৩	৩৫৭
খ) বিলথৈ জে, বি	১৩০	৬৮	৬১	৬৮	৪৮	৩৬৫
৩। দক্ষিণ পানিসাগর জে, বি	৫৬	৪৭	৫৭	৩৪	১৫	১১৯

Admitted unstarred question No 12

Name of the Member :— Shri Subodh Das.

Will the Hon'ble Minister-in-charge of the Social Education Department be please to stated :—

Minister-in-charge Social Education Department state Minister Smti Biba Nath.

Question	Answer
১। বর্তমানে রাজ্যের কোন্ ব্লকে কতটি বালোয়ারী কেন্দ্র চালু রয়েছে,	১। মোট রাজ্যে ১২২২টি কেন্দ্র আছে। এতদ সঙ্গে বিভিন্ন ব্লক ভিত্তিক হিসাব জুড়ে দেওয়া হল।
২। তার মধ্যে কতটি কেন্দ্রের ঘর আছে এবং কতটি কেন্দ্রের ঘর নাই, এবং	২। ৯৩১ টি কেন্দ্রে ঘর আছে এবং ২৯১ টি কেন্দ্রে ঘর করার প্রস্তাব আছে।
৩। ১৯৯১-৯২ ইং সনের আর্থিক বৎসরে ১লা এপ্রিল থেকে নভেম্বর মাস পর্যান্ত কতটি কেন্দ্রের ভাঙ্গা ঘর মেরামত ও নূতন ঘর নির্মান করা হয়েছে ?	৩। বর্তমান বৎসরে নভেম্বর পর্য্যান্ত ১৫৩ টি ভাঙ্গা ঘর মেরামত করা হয়েছে এবং ৮টি নূতন ঘর নির্মান করা হয়েছে।

Block-wise Balwadi Centres (Renamed as S. E. C.) in Tripura as on September, 1991. (Functioning Cantres.)

a) Jirania Block 38 Nos.

b) Mohanpur ,, 76 ,,

c)	Bishalgarh	,,	119	Nos.
d)	Teliamura	,,	19	,,
e)	Khowai	,,	30	,,
f)	Melaghar	,,	49	,,
	West District		331	,,
g)	Matarbari Block		97	Nos.
h)	Amarpur	,,	7	,,
i)	Bagafa	,,	34	,,
j)	Rajnagar	,,	45	,,
k)	Satchand	,,	35	,,
	South District		218	,,
l)	Salema Block		84	Nos.
m)	Kumarghat	,,	91	,,
n)	Panisagar	,,	111	,,
	North District		286	Nos.
	Tripura		835	Nos.
a)	T.T.A.A.D.C. (West)		148	Nos.
b)	T.T.A.A.D.C. (South)		118	,,
c)	T.T.A.A.D.C. (North)		121	,,
			387	,,
	All Tripura—		1,222	Nos.

Admitted un-starred Question No. 19
Name of Members :—Shri Badal Choudhury.
Shri Nakul Das.
Date of reply :—21-2-1992.

Will the Hon'ble Minister-in-charge of the Schedule Caste Welfare Department be pleased to State ;—

প্রশ্ন	উত্তর
১। মণ্ডল কমিশনের সুপারিশ সমূহ কার্য্যকরী করার জন্য সরকার কি কি উদ্যোগ গ্রহণ করেছেন,	১। কেন্দ্রীয় সরকার থেকে সুনির্দিষ্ট নির্দেশ পাওয়া গেলে রাজ্য সরকার এ বিষয়ে যথাযথ উদ্যোগ গ্রহণ করবেন। তবে রাজ্য সরকার স্ব-উদ্যোগে ত্রিপুরা রাজ্যে বসবাসরত সামাজিক ও শিক্ষাগতভাবে পশ্চাৎপদ সম্প্রদায়গুলিকে চিহ্নিত করণ এবং তাদের সামাজিক ও শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে সুপারিশ করার জন্য ১২ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করেছেন।
২। শ্রীশ্যামাচরণ ত্রিপুরার নেতৃত্বে রাজ্য সরকার কর্তৃক গঠিত কমিটি মণ্ডল কমিশনের সুপারিশ সমূহ কার্যাকরী করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণের কথা বলেছেন, এবং	২। ত্রিপুরা রাজ্যে বসবাসরত সামাজিক ও শিক্ষাগত ভাবে পশ্চাৎপদ সম্প্রদায়গুলিকে চিহ্নিত করণ এবং তাদের সামাজিক শিক্ষা ও অর্থ-নৈতিক মান উন্নয়নের বিষয়ে বিস্তারিত সুপারিশ শ্রীশ্যামাচরণ ত্রিপুরার নেতৃত্বে গঠিত কমিটি রাজ্য সরকারের নিকট পেশ করেছেন।
৩। রাজ্য সরকার সেগুলিকে কার্য্যকর করার জন্য কি কি ব্যবস্থা নিয়েছেন ?	৩ কমিটি কর্তৃক পেশ করা রিপোর্টটি সরকার বিশদভাবে খতিয়ে দেখছেন। রিপোর্টটি খতিয়ে দেখার পরই এ সম্পর্কে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

Admitted un-starred Question No.—31.

Name of Member :— Sri Samar Choudhury

Will the Hon'ble Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to State :—

প্রশ্ন	উত্তর
১। সংবিধানের ষষ্ঠ তফশীল মোতাবেক এ, ডি, সি, এলাকায় রাজ্য সরকারের কোন কোন দপ্তরের কি কি প্রশাসনিক ক্ষমতা ও অধিকার এবং আইন সঙ্গত কোন কোন প্রতিষ্ঠান সমূহকে এ, ডি, সি, প্রশাসনের হাতে হস্তান্তর করা হয়েছে ? এবং	১। জেলা পরিষদ এলাকাতে রাজ্য সরকারের প্রাথমিক স্কুলগুলি, সমাজ শিক্ষা কেন্দ্রগুলি, গ্রামীন শিল্প শিক্ষা কেন্দ্র সমূহ, গ্রামীন রাস্তা সমূহ জেলা পরিষদের কাছে হস্তান্তর করেছেন এবং জেলা পরিষদ কর্তৃপক্ষ এই সংস্থাগুলি পরিচালনা করে আসছেন। রাজ্য সরকার এ ছাডা জেলা পরিষদ এলাকাভূক্ত বাজারগুলি জেলা পরিষদ কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করেছিলেন। কিন্তু জেলা পরিষদের কর্তৃপক্ষের কাছে বাজারগুলি পরিচালনা করার জন্য গ্রামপঞ্চায়েতের মত কোন সংস্থা না থাকায় ঐ গুলি সমষ্টি উন্নয়নের কর্তৃপক্ষের কাছে সাময়িক ভাবে প্রত্যার্পন করা হয়েছে।
২। ইহা কি সত্য যে এ, ডি, সি, কর্তৃপক্ষ সংবিধান সম্মত ও অধিকার না পাওয়ার ফলে রাজ্য সরকারের নিকট আজও দাবী করে যাচ্ছে ?	২। সত্য।

Admitted un-starred question No. 32.

Name of Member—Shri Samar Choudhury

Will the Hon'ble Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to state :—

প্রশ্ন	উত্তর
১। ১৯৮৭ ইং শেষে রাজ্য সরকারের ১ম, ২য়, ৩য়, ও ৪র্থ শ্রেণীর কত শিক্ষক কর্মচারী এ, ডি, সিতে ডেপুটেশনে কর্মরত ছিলেন ?	১। বিগত ১৯৮৭ ইং সনের শেষে নিযুক্ত ডেপুটেশনে সরকারী শিক্ষক কর্মচারীর শ্রেণী-ভিত্তিক সংখ্যা নিম্নে প্রদত্ত হইল। ১ম শ্রেণী — ৫ জন। ২য় শ্রেণী — ৩৩ জন। ৩য় শ্রেণী — ৪১২০ জন। ৪র্থ শ্রেণী — ৩৮১ জন। মোট — ৪৫৩৯ জন।
২। ১৯৯১ বৎসরে এ. ডি, সিতে বিভিন্ন শ্রেণী ভিত্তিক ডেপুটেশনে নিযুক্ত কর্মচারীর সংখ্যা কত ?	২। ১৯৯১ ইং সনে এ, ডি, সিতে বিভিন্ন শ্রেণী ভিত্তিক ডেপুটেশনে সরকারী কর্মচারীর সংখ্যা নিম্নে প্রদত্ত হইল। ১ম শ্রেণী — ৫ জন। ২য় শ্রেণী — ৩৯ জন। ৩য় শ্রেণী — ৪১৪০ জন। ৪র্থ শ্রেণী — ৩৮১ জন। মোট — ৪৫৬৫ জন।

Admitted un-starred Question No. –33.

Name of Member :—Shri Samar Choudhury

Will the Hon'ble Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to State.

প্রশ্ন	উত্তর
১। ষষ্ঠ তফশীলি এ, ডি, সি, গঠনের পর থেকে ১৯৯১-৯২ ইং বৎসরের ৩১ শে ডিসেম্বর পর্যন্ত কোন কোন অর্থবর্ষে রাজ্য সরকারের কত অর্থ বরাদ্দ হয়েছিল এবং কত টাকা এ, ডি, সিকে দেয়া হয়েছে ?	
২। পরিকল্পনা খাতে ১৯৮৮-৮৯ ইং এবং পরবর্তী বৎসরগুলিতে কোন বৎসর কত টাকা রাজ্য পরিকল্পনা থেকে এ, ডি, সিকে দেওয়া হয়েছে ?	তথ্য সংগ্রাধীন আছে ।
৩। এই বৎসরগুলিতে এ, ডি, সিতে প্রাপ্যরূপে কত বরাদ্দ ধরা হয়েছিল এবং মোট পরিকল্পনা বরাদ্দের কত অংশ ?	

Admitted un-starred Question No. 34.

Name of Member :— Shri Samar Choudhury

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :—

১। রাজ্যের কোন্ স্তরের শিক্ষা ব্যবস্থায় কত সংখ্যক বোর্ডিংয়ে কত সংখ্যায় ছাত্র-ছাত্রীদের আবাসিক হওয়ার সুযোগ রয়েছে।

২। বোর্ডিংগুলিতে ছাত্র-ছাত্রীদের বর্তমান সংখ্যা কত এবং

৩। ১৯৮৮ থেকে বর্তমান সময় পর্য্যন্ত বোর্ডিংগুলির উন্নয়নের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

Answer

Minister-in-charge ;— Sri Rabindra Debbarma.

১। রাজ্যে প্রাথমিক স্তর হইতে মাধ্যমিক স্তর পর্য্যন্ত মোট ৮৪টি বোর্ডিং হাউস আছে। উক্ত বোর্ডিং হাউসগুলিতে ৩২৪৩ জন ছাত্রছাত্রী আবাসিক হওয়ার সুযোগ রয়েছে। এছাড়া উচ্চ মাধ্যমিক স্তরে ১টি বোর্ডিং হাউসে মোট ২০ জন ছাত্রের আবাসিক হওয়ার সুযোগ রয়েছে।

২। বোর্ডিং হাউসগুলিতে বর্তমান ছাত্র-ছাত্রীর সংখ্যা ২৬০৭ জন।

৩। বোর্ডিংগুলির উন্নয়নের জন্য প্রয়োজনীয় অর্থ-বরাদ্দ করা হয়েছে। বেসরকারী বিদ্যালয় সংলগ্ন বোর্ডিংগুলির জন্য অনুদান দেওয়া হয়েছে। নূতন আরও ৩২টি বোর্ডিংহাউস খোলার জন্য পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে।

Admitted Un-Starred Question No. 35

Name of Member :—Sri Samar Choudhury.

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to State.

১। Middle Stage School, High School এবং Higher Secondary School গুলির জন্য শিক্ষা বিভাগের বর্তমানে normes অনুযায়ী মোট কত সংখ্যক শিক্ষকের আবশ্যকতা রয়েছে।

২। বর্তমানে কোন Stepe এর স্কুল সমূহে কত সংখ্যক শিক্ষক নিযুক্ত আছেন এবং কত ঘাটতি রয়েছে, এবং

৩। এই ঘাটতি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

Answer

Minister-in-charge : Shri Rabindra Debbarma.

১। তথ্য সংগৃহিত হচ্ছে।

২। আপাততঃ প্রশ্ন উঠে না।

৩। আপাততঃ প্রশ্ন উঠে না।

Admitted Un-Starred Question No. 36

Name of M· L. A. :—Shri Samar Choudhury.

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :

১। Mid-day-Meal ছাত্র-ছাত্রীদের দেওয়ার ব্যবস্থা কি বন্ধ করে দেওয়া হয়েছে ;

২। যদি বন্ধ করে দেওয়া না হয় তবে রাজ্যের কোন মহকুমায় কত সংখ্যক Primary স্কুল সমূহে বর্তমানে Mid-day-Meal ছাত্রদের দেওয়া হয়।

৩। ছাত্র-ছাত্রীদের মাথাপিছু Mid-day-Meal এর জন্য কত বরাদ্দকৃত পরিমান কত এবং কি নিয়মে এই বরাদ্দ থেকে ব্যয় করা হয় ?

Answer

Minister-in-charge ;—Sri Rabindra Debbarma.

তথ্য সংগৃহীত হচ্ছে ।

Admitted Un-starred Question No. 37

Name of M.L A. :— Shri Samar Choudhury

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :—

১। রাজ্যে বর্তমানে মক্তব ও মাদ্রাসার সংখ্যা কত ?

২। কোন মহকুমায় কত সংখ্যক মক্তব ও মাদ্রাসাকে গ্র্যান্ট দেওয়া হয় ?

৩। এই গ্র্যান্টের বিধি কি ? এবং কি পরিমাণ গ্র্যান্ট দেওয়া হয় এবং

৪। ১৯৮৭ ইং বৎসরে গ্র্যান্ট প্রাপ্তদের সংখ্যক তুলনায় বর্তমানে তা কত সংখ্যক বেড়েছে এবং গ্র্যান্টের অর্থের পরিমাণ কত বাড়ানো হয়েছে।

Answer

Minister-in-charge :— Sri Rabindra Debbarma.

১। বর্তমানে এই রাজ্য সরকারী অনুদান প্রাপ্ত মক্তব ও মাদ্রাসার সংখ্যা—৩৯টি ।

২। কৈলাশহর মহকুমায় ২২টি, ধর্মনগর মহকুমায় ১২টি, সদর মহকুমায় ১টি, কমলপুর মহকুমায় ১টি ও সোনামুড়া মহকুমায়—৩টি।

৩। এই গ্র্যান্টের বিধি হল "দি ত্রিপুরা স্পেসাল ইনষ্টিটিউসানস্ (মক্তব মাদ্রাসা) রিকগ-নেসান এ্যাণ্ড গ্র্যান্ট-ইন-এইড রুলস-১৯৮৩। ঐ বিধি অনুসারে উপরোক্ত মক্তব ও মাদ্রাসা সমূহে বৎসরে মোট ১৩,৩৪.৩৯৬ অনুদান দেওয়া হয়ে থাকে।

৪। ১৯৮৭ ইং বৎসরে গ্র্যান্ট প্রাপ্তদের তুলনায় বর্তমানে মক্তব ও মাদ্রাসার সংখ্যা ৭টি বেড়েছে এবং সেই কারণে অনুদানের পরিমাণ বার্ষিক ১,৩৩.৫৬০ টাকা বেড়েছে।

Admitted un-starred Question No. 38.

Name of M. L. A. :— Shri Samar Choudhury.

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :—

১। রাজ্যে ১৯৮৭-৮৮ বৎসর শেষে Primary Stage (১ম—৫ম শ্রেণী) স্কুলের সংখ্যা কত ছিল এবং ১৯৯১-৯২ বৎসর শেষে কত সংখ্যা হয়েছে,

২। ১৯৮৭-৮৮বৎসরে ছাত্র enrolment কত ছিল এবং ১৯৯১-৯২ বৎসরে ছাত্র enrolment এর সংখ্যা কত,

৩। এবং তাদের মধ্যে উপজাতি ছাত্র-ছাত্রীর সংখ্যা কত?

Answer

Minister-in-charge :— Sri Rabindra Debbarma.

১। ১৯৮৭-৮৮ ইং সনে প্রাথমিক/বুনিয়াদী বিদ্যালয়ের সংখ্যা ছিল ১৯৮৯ টি এবং সংলগ্ন প্রাথমিক বিভাগগুলির সংখ্যা ছিল ৬২৫ টি। ১৯৯১-৯২ ইং সনে প্রাথমিক / নিম্নবুনিয়াদী বিদ্যালয়গুলির সংখ্যা দাঁড়ায় ২,০৬৩ টিতে এবং সংলগ্ন প্রাথমিক বিভাগগুলির সংখ্যা দাঁড়ায় ৬৫৯ টিতে।

২। ১৯৮৭-৮৮ সনে প্রাথমিক শ্রেণীগুলিতে ৩,৭২,৭২১ জন ছাত্র ছিল এবং ১৯৯১-৯২ ইং সনে মোট ৩.৯৪.৯৩১ জন।

৩। এবং তাহাদের মধ্যে ১৯৮৭-৮৮ ইং ও ১৯৯১-৯২ ইং সনের মোট তপশীলি উপজাতির মোট ছাত্র সংখ্যা ছিল ১,১৬,২৭৯ ও ১,১৭,০১০ জন।

Admitted Un-starred Question No. 41

Name of M. L A. :— Shri Samar Choudhury.

Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to State :—

প্রশ্ন ১। ১৯৯১ ইং ডিসেম্বর ফ্যাক্টরী এ্যাক্ট অনুযায়ী রাজ্যে রেজেষ্ট্রিকৃত কোন মহকুমায় কোন কোন শিল্পে কত সংখ্যক শ্রমিক স্থায়ীভাবে কর্মে নিযুক্ত ছিলেন ?

প্রশ্ন ২। এই সকল শিল্পের কোন্ কোনটিতে কত সংখ্যক অস্থায়ী (Temporary) এবং সাময়িক (casual) ভাবে শ্রমিক নিযুক্ত ছিলেন ?

উত্তর ১ :— তথ্য সংগ্রহাধীন।

উত্তর ২ :— তথ্য সংগ্রহাধীন।

Admitted Un-starred question No.—55

Name of Member :—Shri Samar Choudhury.

Will the Hon'ble Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to state ;—

প্রশ্ন

১। রাজ্যে বর্তমানে কোন মহকুমায় কত সংখ্যক উপজাতি জুমিয়া পরিবার আছে ?

উত্তর

১। রাজ্যে বর্তমানে কোন মহকুমায় কতজন উপজাতি জুমিয়া পরিবার আছে তার হিসাব নিম্নরূপ :—

মহকুমার নাম	জুমিয়ার সংখ্যা (সম্পূর্ণ)	জুমিয়া সংখ্যা (আংশিক)
১। ধর্মনগর	৪৬৩৩	৪৩৪৭
২। কৈলাশহর	৬৪৮	৪৫৯৫
৩। কমলপুর	২৫৮৫	৪১২৬
৪। খোয়াই	২০৬৭	২৩০৬

প্রশ্ন   উত্তর

মহকুমার নাম	জুমিয়ার সংখ্যা (সম্পূর্ণ)	জুমিয়া সংখ্যা (আংশিক)
৫। সদর	৫৯৯	২৮০৬
৬। সোনামুড়া	৫৫	৭৮৯
৭। উদয়পুর	৮৬০	২৫৩৯
৮। অমরপুর	২৬৯৯	৬২২২
৯। বিলোনীয়া	৩২৭৫	২৪৭৮
১০। সাব্রুম	১১৯৬	৩১৬৪
মোট :-	২১,৬৬৭	৩৩,৩৭২

২। এ, ডি, সি, এলাকায় তাদের অর্থ-নৈতিক পুনর্বাসনের জন্য কত টাকা বরাদ্দের কি কি স্কীম বর্তমানে চালু আছে ?

২। এ, ডি, সি, এলাকায় তাদের অর্থ-নৈতিক পুনর্বাসনের জন্য পরিবার পিছু ২৫ হাজার টাকা হিসাবে পুনর্বাসন দেওয়া হয়। যে সব প্রকল্পের মাধ্যমে পুনর্বাসন দেওয়া হয় সেইগুলি হল,

(১) সেগুন গাছ লাগিয়ে বা তৎসঙ্গে অন্যান্য ইত্যাদিতে,

(২) রাবার বনায়ন এবং তৎসঙ্গীয় প্রকল্প ইত্যাদিতে।

(৩) ফলের চারা রোপন এবং তৎসঙ্গীয় প্রকল্প ইত্যাদিতে।

Admitted Uu-starred question No.—59

Name of Member :— Shri Dinesh Deb Barma.

Will the Hon'ble Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to state.

প্রশ্ন   উত্তর

১। ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ এলাকায় জমি বন্দোবস্তের জন্য কত সংখ্যক আবেদন পত্র বিভিন্ন মহকুমাশাসকের নিকট বর্তমানে মঞ্জুরের অপেক্ষায় আছে এবং কত আবেদন মঞ্জুর করা হয়েছে (বিভাগ ভিত্তিক হিসাব) এবং

১। তথ্য সংগ্রহাধীন আছে।

প্রশ্ন	উত্তর
২। ঐ সব আবেদনের মধ্যে তফশীলি জাতি উপজাতির সংখ্যা কত ?	২। তথ্য সংগ্রাধীন আছে।

Admitted un-starred Question No. 61

Name of M. L. A's :— Sri Subodh Ch. Das.
Sri Samar Choudhury

Will the Hon'ble Minister-in-charge of the Scheduled Caste Welfare Department be pleased to state :—

প্রশ্ন	উত্তর
১। ত্রিপুরায় মোট কতটি জনগোষ্টিকে ও, বি, সি, (O.B.C.) ভুক্ত জনগোষ্টি হিসাবে চিহ্নিত করা হয়েছে,	১। রাজ্য সরকার ত্রিপুরা রাজ্যে বসবাসরত সামাজিক ও শিক্ষাগতভাবে পশ্চাৎপদ সম্প্রদায়-গুলিকে চিহ্নিত করণ এবং তাদের সামাজিক ও শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে সুপারিশ করার জন্য যে কমিটি গঠণ করেছেন সেই কমিটি তার সুপারিশ রাজ্য সরকারের নিকট পেশ করেছেন। পেশ করা রিপোর্টটি সরকার বিশেষ ভাবে খতিয়ে দেখছেন।
২। তন্মধ্যে কোন্ কোন্ জনগোষ্টিকে ও, বি, সি, ভুক্ত বলে সরকার স্বীকৃতি দিয়েছেন, এবং	২। ১নং প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে প্রশ্ন উঠে না।
৩। বর্ত্তমানে ও, বি, সি, ভুক্ত জনগোষ্টির আর্থিক উন্নয়নের জন্য কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?	৩। ১নং প্রশ্নের উত্তরে বার্নিত কমিটির পেশ করা রিপোর্ট খতিয়ে দেখার পর ত্রিপুরায় বসবাসরত পশ্চাৎপদ সম্প্রদায়গুলির সামাজিক ও শিক্ষাগত মান উন্নয়নের লক্ষ্যে পরিকল্পনা সমূহ যথাযথ বিবেচনা করা হবে।

Admitted Un-starred Question No. 62

Name of M. L. A. :— Sri Badal Choudhury.

Will the Hon'ble Minister-in-charge of the Forest Department be pleased to state :—

প্রশ্ন

১। ১৯৯১ ইং সালে বনদপ্তরে ফরেষ্ট বেআইনী কাঠপাচারের অভিযোগে কতটা মামলায় কতজনকে গ্রেপ্তার করা হয়েছে।

২। ১৯৯১ সালে বিভিন্ন কাঠ চোরাই মিল (স মিল) থেকে কত ফুট বেআইনি কাঠ উদ্ধার করা হয়েছে।

৩। ১৯৮৯ ইং ১লা জানুয়ারী থেকে ১৯৯১ ইং ৩১ শে ডিসেম্বর পর্যান্ত বেআইনি কাঠ পাচার করতে গিয়ে দুষ্কৃতিকারীদের বন ধ্বংস করার কাজে বাধা দিতে গিয়ে বন দপ্তরের কত জন অফিসার ও কর্মচারী কতটি ঘটনায় কতজন খুন ও আক্রান্ত হয়েছেন ?

Minister-in-charge of Forest Department : -- Sri Drao Kumar Reang.

উত্তর

১। ১ম প্রশ্নের উত্তর :- তথ্য সংগ্রহ করা হইতেছে।

২। ২য় প্রশ্নের উত্তর :- তথ্য সংগ্রহ করা হইতেছে।

৩। ৩য় প্রশ্নের উত্তর :- তথ্য সংগ্রহ করা হইতেছে।

অতিরিক্ত

প্রশ্নের নোটিশ ৭-২-৯২ ইং তারিখে বনদপ্তরে পাওয়া গিয়াছে। এই অল্পসময়ের মধ্যে ত্রিপুরায় অবস্থিত বিভিন্ন ফরেষ্ট অফিস হইতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা সম্ভব হয় নাই।

Admitted Un-starred Question No. 63.

Name of Member—Shri Dinesh Debbarma

Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state :—

প্রশ্ন

১। নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্যসূচী গত ১৯৮৮ সাল থেকে ১৯৯১ সালের ৩১শে ডিসেম্বর পর্য্যন্ত প্রতি বছর কত পয়েন্ট বেড়েছে ? (বছর ভিত্তিক হিসাব)

উত্তর

১। নিত্য প্রয়োজনীয় দ্রব্য মূল্যসূচীর বছর ভিত্তিক হিসাব নিম্নে উল্লেখ করা হইল :—

৩১শে ডিসেম্বর ১৯৮৭ এর C.P.I. No. ছিল ৬৬০ | বর্দ্ধিত মূল্যবৃদ্ধি

৩১শে ডিসেম্বর ১৯৮৮—৭৫২	—	৯২
৩১শে ডিসেম্বর ১৯৮৯—৮২৬	—	৭৪
৩১শে ডিসেম্বর ১৯৯০—৯০০	—	৭৪
৩০শে নভেম্বর ১৯৯১—১০২৩	—	১২৩

এখানে উল্লেখ থাকে যে ১৯৯১ সনের ৩১শে ডিসেম্বর এর C.P.I. No. এখন পর্য্যন্ত কেন্দ্রীয় সরকার থেকে পাওয়া যায় নাই।

প্রশ্ন

২। এই বর্দ্ধিত মূল্যসূচী অনুসারে কৃষিমজুর, দিন মজুর, ফলের বাগান ও রাবার বাগান শ্রমিকদের কি পরিমান মজুরী বৃদ্ধি হবার কথা এবং কি পরিমান বৃদ্ধি করা হয়েছে।

উত্তর

২। ক) ১৯৮৯ সনের নভেম্বর মাসের দ্রব্য মূল্যসূচী ৮৩৫ কে ভিত্তি করে, ১৯৯০ সালের ১লা অক্টোবর থেকে কৃষি এবং ফলের বাগান শ্রমিকদের জন্য বর্তমান নিম্নতম মজুরী ১৭.৮০ নির্দ্ধারণ করা হইয়াছিল।

খ) ১৯৯০ সনের আগষ্ট মাসের দ্রব্যমুল্য সূচী ৮৬৫ কে ভিত্তি করে, ১৯৯০ সনের ১৫ই ডিসেম্বর থেকে রাবার বাগান শ্রমিকদের জন্য বর্তমান নিম্নতম মজুরী ফিল্ড ওয়ারকারের জন্য ১৮/- এবং Tapper ও Processing শ্রমিকদের জন্য ২০/- নির্দ্ধারণ করা হইয়াছে।

বর্তমান মূল্যসূচী অনুযায়ী কৃষি, ফলের বাগান এবং রাবার বাগানের শ্রমিকদের নিম্নতম মজুরী বৃদ্ধির প্রস্তাব সরকারের সক্রিয় বিবেচনাধীন আছে।

Admitted Un-starred Question No.—64

Name of Member :—Shri Nakul Das.

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :—

১। রাজ্যে বর্তমানে তপশীলি জাতি উপজাতি ছাত্র ছাত্রীদের জন্য মোট কয়টি ছাত্রাবাস ও ছাত্রীনিবাস আছে, (তপশীলি জাতি ও তপশীলি উপজাতি এবং উভয় অংশের ছাত্র-ছাত্রীদের পৃথক পৃথক হিসাব)

২। ঐ সকল ছাত্রবাস ও ছাত্রীনিবাসে কয়টিতে পাচক নেই, কয়টিতে তত্ত্বাবধায়ক নেই এবং কয়টিতে আসবাব পত্রের অভাব আছে ?

Answer

Minister-in-charge - Shri Rabindra Debbarma.

১। রাজ্যে বর্তমানে তপশীলি জাতি উপজাতি ছাত্রছাত্রীদের জন্য মোট ৮৫টি ছাত্রাবাস আছে, শুধুমাত্র উপজাতি ছাত্রদের জন্য ৩৪টি, ছাত্রীদের জন্য ৪টি, এবং তপশীলি জাতি ছাত্রীদের জন্য ৩টি ছাত্রীনিবাস আছে। উভয় সম্প্রদায়ের ছাত্রদের জন্য মোট ৩২টি ছাত্রাবাস এবং ছাত্রীদের জন্য ৭টি ছাত্রীনিবাস আছে। তপশীলভুক্ত জাতি উপজাতি ছেলে এবং মেয়ে উভয়ের জন্য মোট ৫টি ছাত্রাবাস রয়েছে।

২। ঐ সকল ছাত্রাবাসের ২টিতে পাচক নেই। ৬৮টি ছাত্রাবাসে তত্ত্বাবধায়ক নেই। কোন ছাত্রাবাসে আসবাব পত্রের অভাব আছে এমন তথ্য সরকারের জানা নেই।

Admitted Un-starred Question No 66

Name of Member :— Shri Makhanlal Chakraborty

Will the Hon'ble Minister-in-charge of the Forest Department be pleased to state :—

প্রশ্ন

১। জোট সরকার ক্ষমতায় আসার পর এখন পর্যান্ত কতজন বেআইনী কাঠ পাচারকারীকে গ্রেপ্তার করেছেন বা কতজন শাস্তি পেয়েছে।

২। তার মধ্যে কত জন গরীব, ক্ষেত জুমিয়া মজুর ভূমিহীন আছেন এবং কত জন চোরা কারবারী আছেন (আলাদা হিসাব)।

৩। ইহা কি সত্য যে গত কিছু দিন পূর্ব্বে খোয়াই হইতে বেআইনী কাঠ পাচার কালে পুলিশ ১১টি (এগার) ট্রাক ভর্ত্তী কাঠ আটক করেছে।

৪। সত্য হইলে, ঐ কাঠের মালিকের নাম কি এবং এই ব্যাপারে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

উত্তর

Minister-in-charge of Forest Department :-- Sri Drao Kumar Reang.

১। ১নং প্রশ্নের উত্তর :- তথ্য সংগ্রহ করা হইতেছে।

২। ২নং প্রশ্নের উত্তর :- তথ্য সংগ্রহ করা হইতেছে।

৩। ৩ নং প্রশ্নের উত্তর :- হ্যাঁ ইহা সত্য।

৪। ৪ নং প্রশ্নের উত্তর :- ঐ কাঠের মালিকের নাম শ্রীসুনিল চৌধুরী পিতা মৃত চন্দ্রকান্ত চৌধুরী পশ্চিম সিঙ্গীছড়া পশ্চিম ত্রিপুরা। যে ১১টা ট্রাক করিয়া কাঠগুলি আনা হইতে ছিল সেই ট্রাকগুলি সহ সমস্ত কাঠ সিজ করা হয় এবং এই বিষয়ে সিধাই পুলিশ থানা চীফ জুডিসিয়েল মেজিস্ট্রেটের আদালতে মামলা দায়ের করে। গাড়ীর মালিকগণ পশ্চিম ত্রিপুরা ডিষ্ট্রিক এবং সেসন জজের আদালতে গাড়ী এবং কাঠগুলি জামিনের উদেশ্য আবেদন করেন। ডিষ্ট্রিক এবং সেসন জজ্ পশ্চিম ত্রিপুরা এই কাঠ এবং গাড়ীগুলি জামিনে ছাড়িয়া দেবার আদেশ দেন। সেই অনুসারে সিধাই পুলিশ থানার ভার প্রাপ্ত কার্য্য কারক ঐ ট্রাক ও কাঠগুলি ছাড়িয়া দেয়। ট্রাকগুলি সঙ্গে সঙ্গে স্থান ত্যাগ করিয়া চলিয়া যায় ঐ ট্রাকগুলি পুনরায় ফরেষ্ট অফিসার দ্বারা ভারতীয় বন আইনের ধারা মতে সিজ করা হয়। ইহার মধ্যে কিছু কাঠ দুইটি ট্রাকে করিয়া আগরতলার দিকে আসার সময় ঐ দুইটি ট্রাক ও ট্রাকের কাঠ ভারতীয় বন আইনের ধারা মতে সিজ করা হয় সিজ করা কাঠে জন্য অপরাধীর বিরুদ্ধে চীফ জুডিসিয়েল মেজিসটেটের আদালতে মামলা রুজু করা হইয়াছে। যে ১১ টি ট্রাক ডিষ্ট্রিক এবং সেসন জজের আদেশ মত জিম্মায় চলিয়া গিয়াছে সেই ট্রাক গুলির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হইতেছে।

অতিরিক্ত

যে সব গাড়ী সিজ করা হয়েছিল তাহার নাম্বারও মালিকের নাম নিয়ে দেওয়া হইল।

ক্রমিক নং	ট্রাক মালিকের নাম ও ঠিকানা	ট্রাকের নম্বর টি, আর, এল
১।	শ্রীননীগোপাল গুপ্ত, পিতা মৃত নলিনীরঞ্জন গুপ্ত, গ্রাম. খোয়াই, পশ্চিম ত্রিপুরা।	১৭৯৭
	শ্রীশংকর চন্দ্র সাহা. পিতা শ্রীজানকীমোহন সাহা, ধলেশ্বর, আগরতলা।	৩৩৫১
৩।	শ্রীসাধন চক্রবর্ত্তী, পিতা মৃত. পরেশ চক্রবর্ত্তী, বড়দোয়ালী, অরুন্ধুতীনগর, পশ্চিম ত্রিপুরা।	৩৩২৩
৪।	শ্রীকালীপদ পাল, পিতা শ্রীকামীনীমোহন পাল, খোয়াই, পশ্চিম ত্রিপুরা।	১৭৯২
৫।	শ্রীস্বপনকুমার পাল. পিতা শ্রীরাজেন্দ্রকুমার পাল. নলগড়িয়া. রানীর বাজার, পশ্চিম ত্রিপুরা।	৩৯৫৯
৬।	শ্রীমতি গীতারানী পাল, স্বামী বীরেন্দ্রচন্দ্র পাল, স্বকন্তুলা রোড, আগরতলা।	২০৫১
৭।	শ্রীপ্রদীপ সাহা, পিতা শ্রীজীতেন্দ্র সাহা আশারামবাড়ী, খোয়াই, পশ্চিম ত্রিপুরা।	৪০৬৩
৮।	শ্রীমতি অনিতা দেববর্মা, স্বামী শ্রীনীরচন্দ্র দেববর্মা, কেরাচৌমুহনী, আগরতলা, পশ্চিম ত্রিপুরা।	১৩২৯
৯।	শ্রীরনজিৎ ঘোষ, পিতা শ্রীউপেন্দ্রচন্দ্র ঘোষ, খয়েরপুর, পশ্চিম ত্রিপুরা।	১০৪০
১০।	শ্রীসুখেন্দ্র চক্রবর্ত্তী, পিতা শ্রীসুরেশ চক্রবর্ত্তী, এ, ডি, নগর, আগরতলা, পশ্চিম ত্রিপুরা।	৪০১৭
১১।	শ্রীচন্দ্র কুমার বল, পিতা সুকুমার বল, মহারাজগঞ্জ বাজার, আগরতলা, পশ্চিম ত্রিপুরা।	২৩৩৯

Admitted Un-starred Question No.—67

Name of M. L. A. :—Shri Makhanlal Chakraborty

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :—

১। রাজ্যে গার্লস বর্ডিংয়ের সংখ্যা মোট কত।

২। তার মধ্যে কতটিতে পাকা বাউণ্ডারী ওয়াল আছে। (বিভাগ ভিত্তিক আলাদা হিসাব)।

৩। ঐ বর্ডিংগুলির কতটিতে সুপারইন্‌টেনডেণ্ড কোয়ার্টার আছে (বিভাগ ভিত্তিক হিসাব)।

৪। ইহা কি সত্য যে কৈলাশহর টাউন দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ের বর্ডিং সুপারইন্‌টেনডেণ্ড কোয়ার্টারটি অর্দ্ধ নির্মিত অবস্থায় পড়ে আছে ; এবং

৫। সত্য হইলে তার কারন কি ?

Answer :

Minister-in-charge :—Shri Rabindra Debbarma.

১। তথ্য সংগৃহীত হচ্ছে ।

২। তথ্য সংগৃহীত হচ্ছে ।

৩। তথ্য সংগৃহীত হচ্ছে ।

৪। তথ্য সংগৃহীত হচ্ছে ।

৫। তথ্য সংগৃহীত হচ্ছে ।

Admitted Un-starred Question No.—68

Name of Member :—Shri Makhanlal Chakraborty

Will the Hon'ble Minister-in-charge of the Forest Department be pleased to state :—

প্রশ্ন

১। রাজ্যে বনদপ্তরে ফরেষ্ট বীট অফিস ও রেঞ্জার অফিসের সংখ্যা কত ?

২। এর মধ্যে কত অফিস বর্তমানে বন্ধ আছে (বিভাগ ভিত্তিক হিসাব ও অফিসের স্থানের নাম)।

৩। ইহা কি সত্য যে বর্তমানে খোয়াই বিভাগের অধিকাংশ বন দপ্তরের কর্মি বিভাগ ছেড়ে চলে এসেছে ?

৪। তা সত্য হলে তার কারন ?

উত্তর

Minister-in-charge of the Forest Department :- Shri Drao Kumar Reang.

১। প্রথম প্রশ্নের উত্তর :— রাজ্যে বনদপ্তরের ফরেষ্ট (বীট) অফিসের সংখ্যা নিম্নরূপ :—

ক) ফরেষ্ট রেঞ্জ অফিস ৬৭টি (সাতষট্টি)

খ) ফরেষ্ট বীট অফিস ২০৮টি (দুইশত আট)

গ) ওয়াইড লাইফ বিট ১৮টি (আঠার)

ঘ) সামাজিক বনায়ন সেন্টার ৫৪টি (চুয়ান্ন)

২। ২য় প্রশ্নের উত্তর :— ১ম প্রশ্নের উত্তরে বর্নিত কোন অফিসই বন্ধ হয় নাই। বর্তমানে ঐগুলি চালু আছে। তবে ১টি রেঞ্জ ও ৮টি বিট অফিসে কোন বনকর্মচারী না থাকার ফলে সেখানে কাজকর্ম আপাততঃ বন্ধ রহিয়াছে।

৩। ৩য় প্রশ্নের উত্তর :— হ্যাঁ ইহা সত্য।

৪। ৪র্থ প্রশ্নের উত্তর :- নিরাপত্তার অভাব বোধে বনকর্মীরা খোয়াই ফরেষ্ট রেঞ্জ এলাকা থেকে চলে এসেছে।

অতিরিক্ত

১। ২য় প্রশ্নের উত্তরে বর্নিত ১টি রেঞ্জ অফিস ও ৮টি বিট অফিসের নাম তথাকার কর্মচারীর নাম সহ নিম্নে প্রদত্ত হইল :—

রেঞ্জ অফিসের নাম	বিট অফিসের নাম	কর্মচারীর নাম ও পদ
খোয়াই রেঞ্জ,		১। শ্রীজীবনকৃষ্ণ চক্রবর্তী, সিনিয়র ফরেষ্ট রেঞ্জার
		২। শ্রীসিদ্ধার্থ বণিক, ফরেষ্টার
		৩। শ্রীমানিকলাল রায়, ফরেষ্টার
		৪। শ্রীমনোরঞ্জন সরকার, ফরেষ্ট গার্ড
		৫। শ্রীবঙ্ক নাথ, ফরেষ্ট গার্ড
		৬। শ্রীনারায়ণ দেববর্মা, সি, সি, এ, সি, সি,
		৭। শ্রীরাধাবল্লভ দেবনাথ, ফরেষ্ট গার্ড
	এস্, এফ, পি, পি, খোয়াই	১। শ্রীপঙ্কজকান্তি ভৌমিক, ফরেষ্টার
		২। শ্রীপরিমল চক্রবর্ত্তী, ফরেষ্ট গার্ড

রেঞ্জ অফিসের নাম	বিট অফিসের নাম	কর্মচারীর নাম ও পদ
খোয়াই রেঞ্জ	দুচারাইবাড়ী বিট	১। শ্রীব্রজেশ্বর গোপ, ফরেষ্টার
		২। শ্রীকৃষ্ণকান্ত ভৌমিক, ফরেষ্ট গার্ড
		৩। শ্রীচিকন দেববর্মা ,, ,,
		৪। শ্রীযুধিষ্টির মজুমদার. এম, সি, ডব্লিউ,
	আশারামবাড়ী বিট	১। শ্রীসুশীল দেবনাথ, ফরেষ্টার
		২। শ্রীমোহনলাল ভাট্টাচার্য্য, ফরেষ্ট গার্ড
	বেহালাবাড়ী বিট	১। শ্রীনবদ্বীপ দেববর্মা, ফরেষ্টার
		২। শ্রীমানিকলাল চক্রবর্ত্তী, এইচ, এফ, জি,
		৩। শ্রীতপন দেববর্মা, ফরেষ্ট গার্ড
	বাচাইবাড়ী বিট	১। শ্রীগৌরমোহন সিং, এইচ এফ, জি,
		২। শ্রীনারায়ন দেব, এম, সি, ডব্লিউ,
	গোপালনগর বিট	১। শ্রীমনোরঞ্জন দেববর্মা, এইচ, এফ, জি,
		২। রবীন্দ্র দেববর্মা. এম, সি, ডব্লিউ,
		৩। শ্রীপ্রদীপ ধর, ,, ,,
	বেলছড়া বিট	১ শ্রীপ্রদ্যুৎ সরকার, ফরেষ্টার
		২। শ্রীমুকুন্দ দেববর্মা, ফরেষ্ট গার্ড
		৩। শ্রীহারুন মিঞা, এম, সি, ডব্লিউ
	রামচন্দ্রঘাট বিট	১। শ্রীজামাল উদ্দিন, ফরেষ্টার
		২। শ্রীদিখ্যা দেববর্মা, ফরেষ্টার
		৩। শ্রীমৃত্যুঞ্জয় ঘোষ, এইচ, এফ, জি,
		৪। শ্রীপুরনজয় দেববর্মা, ফরেষ্ট গার্ড
		৫। শ্রীবুধরাই দেববর্মা ,, ,,
		৬। শ্রীকেশব মজুমদার, ,, ,,

Admitted Un-starred Question No.—72

Name of M. L. A.: Shri Samar Choudhury.

Will the Hon'ble Minister-in-charge of the Education (Sports & Youth Programme) Department be pleased to state : -

Question

১। ১৯৮৮ ফেব্রুয়ারী থেকে ১৯৯২ জানুয়ারীর মধ্যে রাজ্যের কোথায় কোথায় কয়টি খেলার মাঠ নুতন করে গড়া হয়েছে এবং পুরানো খেলার মাঠ উন্নত করা হয়েছে,

২। এর জন্য এই সময়ে কত টাকা খরচ করা হয়েছে,

৩। এই সময়কালের মধ্যে মোট কত টাকা ক্রীড়া খাতে খরচ করা হয়েছে, (বছর ভিত্তিক হিসাব)।

৪। এই সময়কালের মধ্যে গ্রামীন ক্রীড়ার উন্নয়নে কোন কোন খেলায় রাজ্যে মোট কতজন নুতন ক্রীড়াবিদ তৈরী হয়েছেন, এবং তাদের ক্রীড়ার মান ?

Answer

১। ১৯৮৮ থেকে ১৯৯২ সাল পর্যন্ত সময়ে. একটি পুর্ণাঙ্গ নূতন মাঠ কৈলাশহরে গড়া হইয়াছে, এবং উক্ত সময়ের মধ্যে মোট ৫০টি পুরানো খেলার মাঠ উন্নত করা হইয়াছে। সেগুলি যথাক্রমে কমলপুর, কৈলাশহর, ধর্মনগর, গণ্ডাছড়া, বিলোনীয়া, আগরতলা, খোয়াই ও উদয়পুর মহকুমাতে অবস্থিত ।

২। এর জন্য এই সময়ে মোট ৫ লক্ষ ৪৫ হাজার টাকা খরচ করা হইয়াছে ।

৩। এই সময়কালের মধ্যে ক্রীড়াখাতে খরচের মোট পরিমান—৯২,৮৯,৪০০/-

বছর ভিত্তিক হিসাব নিম্নরূপ :—

ক) ফেব্রুয়ারী এবং মার্চ ১৯৮৮ ইং—১,৯৪,৯০০/-

খ) ১৯৮৮-৮৯ ইং সালে —১৬,৫৯,৭০০/-

গ) ১৯৮৯-৯০ ইং সালে —১৯,২৪,৬০০/-

ঘ) ১৯৯০-৯১ ইং সালে —৩০,৩৩,০০০/-

ঙ) ১৯৯১ হইতে ৯২ জানুয়ারী পর্যান্ত—২৪,৭৭,২০০/-

৪। এই সময়কালের মধ্যে গ্রামীণ ক্রীড়ার উন্নয়নে সাঁতার, ভলিবল, খো- খো, কাবাডি, ফুটবল ও এথলেটিক্স সর্বমোট ৯৯ জন নূতন ক্রীড়াবিদ তৈরী হয়েছেন। তার খেলা ভিত্তিক হিসাব নিম্নরূপ :—

সাঁতার—১৫ জন	(ছেলে ও মেয়ে)
ভলিবলে—১১ জন	(ছেলে ও মেয়ে)
খো-খো—১৭ জন	(ছেলে ও মেয়ে)
কাবাডি—১৮ জন	(ছেলে ও মেয়ে)
ফুটবল—১৫ জন	(ছেলে)
এথলেটিক্স—২৩ জন	(ছেলে ও মেয়ে)

মান :— জাতীয় ক্রীড়ায় সাঁতারে তৃতীয় স্থান (গ্রামীণ)

,,	,,	ভলিবলে	৮ম স্থান	,,
,,	,,	খো-খোতে	৭ম স্থান	,,
,,	,,	কাবাডিতে	৫ম স্থান	,,
,,	,,	ফুটবলে	৮ম স্থান	,,
,,	,,	এথলেটিক্স	৫ম স্থান	,,

Admitted Un-starred Question No. 78

Name of M. L. A. : Shri Khagendra Jamatia

Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state :—

১। ইহা কি সত্য ছাত্রছাত্রীরা উচ্চ শিক্ষার জন্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা দিতে হচ্ছে ?

২। সত্য হলে কি পদ্ধতিতে পরীক্ষা নেওয়া হচ্ছে ?

৩। জোট সরকার ক্ষমতায় আসার পর মোট কতজন ছাত্রছাত্রী উচ্চ শিক্ষার জন্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় বসেছিল ? (বৎসর ভিত্তিক হিসাব)

Answer

Minister-in-charge : Shri Rabindra Debbarma.

১। হ্যাঁ।

২। ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্ত্তির জন্য চারটি বিষয়ে পরীক্ষার জন্য বসতে হয়। যথা :—ইংরাজী, পাদার্থ বিদ্যা, রসায়ন বিদ্যা এবং অংক এবং ডাক্তারী, কৃষি এবং পশুপালন কোর্সের জন্য ইংরাজী, পদার্থ বিদ্যা রসায়ন বিদ্যা এবং জীব বিজ্ঞান বিষয়ে পরীক্ষার জন্য বসতে হয়।

৩। ১৯৮৯ সালে ১০১৬ জন।

১৯৯০ সালে ১৩২৫ জন। এবং

১৯৯১ সালে ১৩৭৯ জন ছাত্রছাত্রী উচ্চ শিক্ষার জন্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় বসেছিল।

Admitted Un-starred Question No. 81

Name of Member :—Shri Makhanlal Chakraborty

Will the Hon'ble Minister-in-charge of the Social Education Department be pleased to State ;—

Minister-in-charge Social Education Department State Minister.

Question	Answer
১। বর্তমানে রাজ্যে অনাথ আশ্রমের সংখ্যা কত, বালক, বালিকা, বৃদ্ধ বৃদ্ধা বিভাগ ভিত্তিক আলাদা আলাদা হিসাব।	১। ২৬ টি, বালকদের জন্য ৭টি, বালিকাদের জন্য ৩টি, সম্মিলিত ছোট বালক ও বালিকাদের জন্য ১৫টি এবং বৃদ্ধ ও বৃদ্ধাদের জন্য ১টি অনাথ আশ্রম আছে।
২। তার মধ্যে কতটি এস, টি, ও এস, সির জন্য সংরক্ষিত ;	২। এস, টির জন্য ১টি এবং এস, সির জন্য এখনও কোন আশ্রম সংরক্ষিত নেই।
৩। তাহাদের রক্ষণা বেক্ষনের জন্য সরকার কি কি নিয়ম নীতি কার্য্যকর করে থাকেন এবং মাসিক ভাতা বর্তমানে কত ;	৩। সব আশ্রমেই আবাসিকের জন্য বাঁশের বেড়া বা প্রাচীর ঘেরা বাসস্থান আছে। তবে সব আশ্রমের প্রাচীর এখন পর্য্যন্ত পাকা করা যায় নি। কেন্দ্রীয় সরকারের অনুদান পেলে অনুদান প্রাপ্ত আশ্রমগুলির পরিচালক মণ্ডলী

ক্রমান্বয়ে পাকা প্রাচীর নির্মাণের কাজ হাতে নিতে পারে। সরকার দ্বারা পরিচালিত আশ্রমগুলিতে প্রাচীরের কাজ ক্রমান্বয়ে হাতে নেওয়া হচ্ছে। এ ছাড়া আবাসিকদের দেখা-শুনা করার জন্য সরকার পরিচালিত আশ্রম-গুলিতে নিয়মিত বেতনভুক্ত সুপারিনটেনডেন্ট রয়েছে ও রাতে Night guard প্রহরায় থাকে। এবং অনুদানপ্রাপ্ত স্বেচ্ছাসেবী সংস্থা, নোটি-ফায়েড এরিয়া অথরিটি ও আগরতলা মিউনি-সিপ্যাল দ্বারা পরিচালিত আশ্রমগুলিতে একজন করে সুপারভাইজার, দুই জন করে হাউস মাদার নিয়োজিত আছে। তাদের মাসিক ভাতা ৩৫০ টাকা। আবাসিকদের সর্বাঙ্গীন উন্নতির জন্য দৈনিক কর্মসূচী রয়েছে।

৪। ইহা কি সত্য যে কোন কোন বালিকা আশ্রমগুলিতে প্রয়োজনীয় ব্যবস্থা না থাকায় সমাজদ্রোহীদের দ্বারা আশ্রমবাসীরা লাঞ্ছিত হচ্ছেন ;

৪। না, এরূপ তথ্য জানা নেই।

৫। সত্য হলে তা প্রতিকারের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

৫। প্রশ্নই উঠে না

Admitted Un-starred Question No. 82

Name of M.L.A :— Shri Makhanlal Chakrabory

প্রশ্ন

১। বর্তমান আর্থিক বছরে এস, টি, এস, সি, কর্পোরেশান কতজন উপজাতি ও তফশিলী জাতির লোকদের সাহায্যের জন্য পরিকল্পনা গ্রহণ করেছেন, [ব্লক ভিত্তিক হিসাব]।

উত্তর

১। বর্তমান আর্থিক বৎসরে কর্পোরেশান্ তফশিলী জাতি ও উপজাতির জন্য মোট ১১৬৬ এবং ২৪০০ পরিবারকে ঋণ দেওয়ার জন্য ধার্য্য করা হয়েছে। ব্লক ভিত্তিক হিসাব পরিশিষ্ট '.'এ দেওয়া হল।

২। ইহা কি সত্য যে গত আর্থিক বৎসরে ব্লক গুলিতে যে সব ঋণ মঞ্জুর করে বেনী-ফিসারী ঠিক করা হয়েছিল তাহার অধিকাংশই ব্যাংক-গুলির অনীহার দরুন কার্যাকরী হয় নাই,

২। ইহা সত্য নয়। গত বৎসর তপশিলী জাতি ও তপশিলী উপজাতির জন্য যথাক্রমে ১১০০ এবং ২০৭৫ পরিবারকে সাহায্যের জন্য ধার্য্য করা হয়েছিল এবং সেই বৎসর তপশিলী জাতি ১৯২৪ ও তপশিলী উপজাতি ১৬৩৬ জনকে সম্পূর্নভাবে এবং যথাক্রমে ২০৬ এবং ৪৪৬ জনকে ব্যাংকের সহায়তায় কর্পোরেশান হতে আংশিকভাবে ঋণ দেওয়া হয়েছে।

৩। ইহাও কি সত্য যে অধিকাংশ বেনী-ফিসারীর পূর্ব ঋণ থাকায় তাহারা এই সুযোগ থেকে বঞ্চিত.

৩। পূর্ব ঋণ এর সুযোগ গ্রহণ করিয়াছেন বা ঋণ ফেরৎ দেন নাই এমন ব্যক্তিকে বেনী-ফিসারী হিসাবে নতুন ভাবে নির্ব্বাচন করা হয় না। অতএব, ইহা সম্পূর্ণ সত্য নহে।

৪। সত্য হইলে সরকার প্রস্তাবিত ১০ হাজার টাকা পর্য্যন্ত গরীব মানুষের ব্যাংক ঋণ মকুবের প্রস্তাব কার্য্যকরী করিবেন কি ?

৪। এগ্রিক্যালচার ডেব্ট রিলিপ স্কীম ৯০,- এর আওতায় কো-অপারেটিভ ব্যাংক সহ অন্যান্য ব্যাংক মকুবের টাকা আর. বি, আই. হইতে পেয়েছে কিনা, তাহা একমাত্র সংশ্লিষ্ট ব্যাংকই বলতে পারে।

আগরতলা মিউনিসিপ্যাল্টি ব্লকের নাম	এস, সি, বেনী ফিসারী	এস, টি বেনী ফিসারী
১। আগরতলা মিউনিসিপ্যাল্টি	৩৮	২৭
২। বিশালগড় ব্লক	১৪১	১৫১
৩। জম্পুইজলা-টাকারজলা সাব-ব্লক	৮	৭৫
৪। মোহনপুর ব্লক	৯৫	১৪৯
৫। জিরানীয়া ব্লক	৫২	১৯২
৬। ক) মেলাঘর ব্লক	৯৯	৬৩
খ) সোনামুড়া এন, এ,	৪	—

আগরতলা মিউনিসিপ্যালিটি ব্লকের নাম	এস, সি, বেনী-কিসারী	এস, টি, বেনী-কিসারী
৭। ক) খোয়াই ব্লক	৬৭	১২৬
খ) খোয়াই এন, এ,	৩	—
৮। ক) তেলিয়ামুড়া ব্লক	৮৮	২০৯
খ) তেলিয়ামুড়া এন, এ,	৩	—
৯। ক) মাতাবাড়ী ব্লক	৯৪	১৪৯
খ) উদয়পুর এন, এ,	৮	—
১০। ক) অমরপুর ব্লক	৩৯	২০৯
খ) অমরপুর এন, এ,	৬	—
১১। ডুম্বুরনগর ব্লক	৮	৮৩
১২। বগাফা ব্লক	৩৯	১৪৭
১৩। ক) রাজনগর ব্লক	৪৯	৫৪
খ) বিলোনীয়া এন, এ,	৫	—
১৪। ক) সাতচান্দ ব্লক	৩৮	১৪৭
খ) সাব্রুম এন, এ,	২	—
১৫। কাঞ্চনপুর ব্লক	১৪	১৬৯
১৬। ক) পানিসাগর ব্লক	৫০	৩১
খ) ধর্মনগর এন, এ,	৪	—
১৭। ক) কুমারঘাট ব্লক	৬২	৮০
খ) কৈলাশহর এন, এ,	৫	—
১৮। ক) সালেমা ব্লক	৮৯	১৬৫
খ) কমলপুর এন, এ,	১	—
১৯। ছামনু ব্লক	১৯	১৭৪

Admitted Un-Starred Question No. 83

Name of M. L. A. :—Shri Samar Choudhury.

Will the Hon'ble Minister-in-charge of the Forest Department be pleased to state :

প্রশ্ন

১। রাজ্যের কোন ব্লক এলাকায় কত পরিমাণ জমি আর. এফ, পি, আর, এফ, ও পি, এফ, এর মধ্যে ১৯৮৭ বৎসরে unauthorised possession ছিল পৃথক ভাবে হিসাব,

২। ১৯৯১ বৎসর শেষে পৃথক ভাবে এই সকল unauthorised possession এর সংখ্যা এবং জমির পরিমাণ ?

উত্তর

১। তথ্য সংগ্রহ করা হইতেছে।

২। তথ্য সংগ্রহ করা হইতেছে।

অতিরিক্ত

প্রশ্নের নোটিশ ১১-২-৯২ ইং তারিখে বন দপ্তরে পাওয়া গিয়াছে এই অল্প সময়ের মধ্যে ত্রিপুরায় অবস্থিত বিভিন্ন ফরেষ্ট অফিস হইতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা সম্ভব হয় নাই।

Admitted Un-Starred Question No. 85

Name of Member :—Sri Samar Choudhury.

Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to State. :—

প্রশ্ন

১। রাজ্যের চা বাগানে বর্তমানে মোট রেগুলার ও পার্মানেন্ট শ্রমিকের সংখ্যা কত,

২। বেকার চা শ্রমিক যাদের ক্যাজুয়েল লেবার হিসাবে নিয়োগ করা হয়েছিল, তাদের সংখ্যা কত,

৩। চা শ্রমিকের বর্ত্তমান মজুরি কোন Price index ভিত্তিতে কত টাকা কোন তারিখে নির্দ্দিষ্ট করা হয়েছিল। এবং

৪। বেকার চা শ্রমিকদের কাজ এবং মজুরি বৃদ্ধি সম্পর্কে সরকার কোন বিবেচনা করেছেন কিনা ?

উত্তর

১। রাজ্যের চা বাগানে বর্ত্তমানে মোট রেগুলার ও পার্মানেন্ট শ্রমিকের সংখ্যা ৮,৭২৯ জন।

২। বেকার চা শ্রমিক যাদের ক্যাজুয়েল লেবার হিসাবে নিয়োগ করা হয়েছিল তাদের মোট সংখ্যা ৭০০৫ জন।

৩। ১৯৯০ সনের আগষ্ট মাসে দ্রব্যমূল্য সূচী ৮৬৫কে ভিত্তি করে ১৯৯০ সনের ১৫ই ডিসেম্বর থেকে চা শ্রমিকদের জন্য বর্ত্তমানে নিম্নতম মজুরি ১১ টাকা ৮০ পয়সা নির্দ্ধারন করা হয়েছিল।

৪। কাজের পরিমান অনুযায়ী শ্রমিক নিয়োগ করার সম্পূর্ণ অধিকার মালিকগণের। তবে যে সমস্ত শ্রমিক শ্রম আইন অনুযায়ী ২৪০ দিন কাজ করে থাকেন, তাদেরকে স্থায়ীকরণের জন্য শ্রমদপ্তর থেকে আইনত ব্যবস্থা নেওয়া হয়ে থাকে। বেকার চা শ্রমিকদের মজুরি বৃদ্ধির প্রশ্নই উঠে না।

—x—





Printed by— Ph. 22-5981

Tripura Press Owner's Association

Agartala, Tripura. (W).

Pin - 799001